স্থানীয় সরকার বিভাগ আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	স্থানীয় সরকার বিভাগ	২০	১৮	০২	-	০৭	১০	৩৭.০৫ %	০	০

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ২০টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;

(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;

(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;

(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;

(ঙ)প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয় ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

(চ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্য দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

(ছ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;

(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;

(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;

(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;

(ঙ) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি,টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

(চ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

(ছ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

(জ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পের যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

(ঝ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না।	৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা প্রয়োজন;
৩.২ ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারা;	৩.২ কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন;
৩.৩ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.৩ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন;
৩.৪ কাজের গুণগতমান সংক্রান্ত	৩.৪.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষৎতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.৪.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অবশ্যক।
৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত	৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৬ প্রকল্পের যানবাহন সংক্রান্ত	৩.৬ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আব্যশ্যক।
৩.৭ প্রকল্পের পরিচালক সংক্রান্ত	৩.৭.১ প্রকল্প সুষ্ঠ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে। ৩.৭.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষৎতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোদী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৮ সম্ভাব্যতা সমীক্ষা	৩.৮ যথাযথভাবে মাঠ পর্যায়ে সমীক্ষা না করে অপরিকল্পিতভাবে প্রকল্প গ্রহণের কারণে কখনো প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে। তাই প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দিয়ে বাস্তবসম্মত সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন।
৩.৯ ভূমি অধিগ্রহণে বিলম্ব	৩.৯ প্রকল্প অনুমোদনের শুরু থেকেই ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা বাঞ্চনীয়।
৩.১০ পিসিআর প্রেরণে বিলম্ব	৩.১০ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

বৃহত্তর ফরিদপুর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (৩য় সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত : ডিসেম্বর, ১৯)

০১. প্রকল্পের নাম : বৃহত্তর ফরিদপুর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্প ।

০২. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

০৩.বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ।

০৪.প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

লক্ষ টাকায়

ডিপিপি		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপির চেয়ে %)	অতিক্রান্ত সময় (মূল ডিপির চেয়ে %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৫৩২২.৫০	১৭০৯৫৩.০০	১৭০৭৬৯.০০	২০০৯-১০ হতে ২০১১-১২	২০০৯-১০ হতে ডিসেম্বর'২০১৯	২০০৯-১০ হতে ডিসেম্বর'২০১৯	২০৯.০১ %	২৩৩.৩৩ %

০৫. প্রকল্পের পটভূমি :

বাংলাদেশ বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ দেশ এবং জনসংখ্যার বিস্তৃত অংশ গ্রামীণ অঞ্চলে বাস করে। দেশে দারিদ্র্য বিস্তৃত এবং এরকম আরও অনেক কিছু গ্রামাঞ্চলে। জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিমি ৮৩০। জনসংখ্যার ৭৬% এরও বেশি গ্রামাঞ্চলে বাস করে। এটি অনুমান করা হয় প্রায় ২৮% জনগণ দারিদ্র্যসীমার নিচে বাস করে। গ্রামীণ দারিদ্র্য হ'ল ভূমিহীনতা, কৃষিতে অত্যধিক ভিড় এবং গ্রামীণ বেসরকারী ক্ষেত্রের বিকাশ, প্রচুর বেকারত্ব, স্বল্প সঞ্চয় এবং সুবিধার তীব্র ঘাটতি বর্তমানে প্রায় ৪৫% জাতীয় শ্রমশক্তি কৃষি খাতে নিয়োজিত রয়েছে। এই পরিস্থিতিতে দেশের সার্বিক উন্নয়ন গ্রামীণ দরিদ্রদের জীবনের বিকাশের উপর নির্ভরশীল এইভাবে অর্থনৈতিক উন্নয়নের জন্য উচ্চ অগ্রাধিকার অর্জন করেছে।

বাংলাদেশ সরকার সম্প্রতি সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুমোদন করেছে। ৭ মাস পরিকল্পনাটি বাংলাদেশের পরিবহন অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের বিষয়টি তুলে ধরেছে। গ্রামীণ অবকাঠামোগত ক্ষেত্রে, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার নির্দিষ্ট লক্ষ্য রয়েছে: যেমন Rural গ্রামীণ অবকাঠামোগত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;Rural গ্রামীণ অবকাঠামোগত উন্নতি ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র ও নিঃস্ব মহিলাদের জন্য সরাসরি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;Road সড়ক পরিবহন, বাণিজ্য ও অন্যান্য কৃষি ও বেসরকারী খাতে পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ তৈরি করুন; Health স্বাস্থ্য এবং শিক্ষা সেবার ব্যবহারের উন্নতি/সুযোগ – সুবিধা সৃষ্টি করা; Work উন্নয়নমূলক কাজে সম্প্রদায়ের লোকদের অংশগ্রহণ সহজতর করা এবং সু-স্থানীয় প্রশাসনের প্রচার ও Poverty স্থানীয় পর্যায়ে দারিদ্র্য হ্রাসে অবদান রাখা ইত্যাদি;

০৬. প্রকল্পের উদ্দেশ্য:

প্রকল্পের প্রধান উদ্দেশ্য নিম্নরুপঃ

- উপজেলা ও ইউনিয়ন সড়কসহ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড ও সার্বিক যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করা ।
- সরাসরি কর্মসংস্থানের সৃষ্টির মাধ্যমে অতি দরিদ্রপীড়িত প্রকল্প এলাকা জনগণের দারিদ্র হ্রাসে সহায়তা করা ।
- উপজেলা ও ইউনিয়ন সড়কে সড়ক নিরাপত্তা ব্যবস্থা উন্নতি করা ।

০৭. প্রকল্পের প্রধান কার্যসমূহ ঃ

ক্রমিক নং	কাজের নাম	পরিমান	অর্জন
১.	উপজেলা সড়ক উন্নয়ন (বিসি)	৩২৫.৪৯ কিঃমিঃ	৩২৫.৪৯ কিঃমিঃ
২.	উপজেলা সড়ক উন্নয়ন (এইচবিবি)	১১৪.০৪ কিঃমিঃ	১১৪.০৪ কিঃমিঃ
৩.	উপজেলা সড়কে ব্রিজ নির্মাণ	৩৭৫০.৫০ মিঃ	৩৭৫০.৫০ মিঃ
৪.	উপজেলা সড়কে কালভার্ট নির্মাণ	৯২৮.৫০ মিঃ	৯২৮.৫০ মিঃ
৫.	ইউনিয়ন সড়ক উন্নয়ন (বিসি)	৮৭৩.১৮ কিঃমিঃ	৮৭৩.১৮ কিঃমিঃ
৬.	ইউনিয়ন সড়ক উন্নয়ন (এইচবিবি)	৪৪২.৯১ কিঃমিঃ	৪৪২.৯১ কিঃমিঃ
৭.	ইউনিয়ন সড়কে ব্রিজ নির্মাণ	৭৬৯৯.১৩ মিঃ	৭৬৯৯.১৩ মিঃ
৮.	ইউনিয়ন সড়কে কালভার্ট নির্মাণ	১৩৯২.২৫ মিঃ	১৩৯২.২৫ মিঃ
৯.	**রোড সেফটি**	**থোক**	**থোক**
১০.	**সড়ক রক্ষণাবেক্ষণ**	**৫১২.০৮ কিঃমিঃ**	**৫১২.০৮ কিঃমিঃ**
১১.	সম্পদ সংগ্রহ	**থোক**	**থোক**
১২.	জমি অধিগ্রহণ	**১০ হেক্টর**	**১০ হেক্টর**
১৩.	মেরামত ও রক্ষণাবেক্ষণ (যানবাহন, কম্পিউটার ও অফিস সরঞ্জাম)	**থোক**	**থোক**
১৪.	সরবরাহ ও সেবা (টেলিফোন, টেলিগ্রাম,জ্বালানী , পেট্রোল, লুব্রিকেন্ট, প্রিন্টিং, প্রচার বিজ্ঞাপন, ষ্টেশনারী,সার্ভে, কনসালটেন্সী ও অন্যান্য)	**থোক**	**থোক**
১৫.	জনবল	**থোক**	**থোক**

০৮. মূল্যায়ন পদ্ধতিঃ(Methodology)ঃ

- ডিপিপি পর্যালোচন;
- পিসিআর পর্যালোচনা;
- তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- জেলা/উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং সংশ্লিষ্ট প্রকৌশলী ও প্রকল্প পরিচালকের নিকট সংরক্ষিত রেকর্ডপত্র।

০৯.প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন :

স্থানীয় সরকার বিভাগ থেকে প্রেরিত পিসিআর অনুসারে প্রকল্পের অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নিম্নরুপ-

(লক্ষ টাকায়)

ক্র.নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		বিচ্যুতির কারন
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
১.	উপজেলা সড়ক উন্নয়ন (বিসি)	কিঃমিঃ	৩২৫.৪৯	**১৯৯৫০.৩৩**	৩২৫.৪৯	**১৯৯৫০.৩৩**	-
২.	উপজেলা সড়ক উন্নয়ন (এইচবিবি)	কিঃমিঃ	১১৪.০৪	**৫১৫৩.৩৬**	১১৪.০৪	**৫১৫৩.৩৬**	-
৩.	উপজেলা সড়কে ব্রিজ নির্মাণ	মিঃ	৩৭৫০.৫০	**২২৪৬১.১৩**	৩৭৫০.৫০	**২২৩৩১.১৩**	পরিমাপ অনুযায়ী প্রকৃত খরচ
৪.	উপজেলা সড়কে কালভার্ট নির্মাণ	মিঃ	৯২৮.৫০	**২২৭৭.৫৬**	৯২৮.৫০	**২২৭৭.৫৬**	-
৫.	ইউনিয়ন সড়ক উন্নয়ন (বিসি)	কিঃমিঃ	৮৭৩.১৮	**৫০৭৮১.২০**	৮৭৩.১৮	**৫০৭৮১.২০**	-
৬.	ইউনিয়ন সড়ক উন্নয়ন (এইচবিবি)	কিঃমিঃ	৪৪২.৯১	**১৭০২৫.৬৪**	৪৪২.৯১	**১৭০২৫.৬৪**	-
৭.	ইউনিয়ন সড়কে ব্রিজ নির্মাণ	মিঃ	৭৬৯৯.১৩	**৩৪৭৫৪.৮৭**	৭৬৯৯.১৩	**৩৪৭৫৪.৮৭**	-
৮.	ইউনিয়ন সড়কে কালভার্ট নির্মাণ	মিঃ	১৩৯২.২৫	**৩৪১৫.৬৫**	১৩৯২.২৫	**৩৪১৫.৬৫**	-
৯.	**রোড সেফটি**	**থোক**	**থোক**	**৭৫.০০**	**থোক**	**৭৫.০০**	-
১০.	**সড়ক রক্ষণাবেক্ষণ**	কিঃমিঃ	**৫১২.০৮**	**১২৫০০.০০**	**৫১২.০৮**	**১২৫০০.০০**	-
১১.	সম্পদ সংগ্রহ		**থোক**	**৮১.৯০**	**থোক**	**৮১.৯০**	-
১২.	জমি অধিগ্রহণ	**হেক্টর**	**১০**	**৫৯০.০০**	**১০**	**৫৯০.০০**	-
১৩.	মেরামত ও রক্ষণাবেক্ষণ (যানবাহন, কম্পিউটার ও অফিস সরঞ্জাম)	**থোক**	**থোক**	১৬৩.২৩	**থোক**	১৬৩.২৩	-
১৪.	সরবরাহ ও সেবা (টেলিফোন, টেলিগ্রাম,জ্বালানী , পেট্রোল, লুব্রিকেন্ট, প্রিন্টিং, প্রচার বিজ্ঞাপন, ষ্টেশনারী,সার্ভে, কনসালটেন্সী ও অন্যান্য)	**থোক**	**থোক**	১০৬৩.৭০	**থোক**	১০৬৩.৭০	
১৫.	জনবল		**থোক**	৬৫৯.৩৮	**থোক**	৬০৫.৩৮	প্রকৃত খরচ
	মোট			**১৭০৯৫৩.০০**		**১৭০৭৬৯.০০**	

১০.প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	দায়িত্বের ধরণ	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
এ কে এম শাহাদত হোসেন প্রকল্প পরিচালক	পূর্ণকাল	১৪-০৯-২০০৯	২৩-০৩-২০১৫
আব্দুল কুদ্দুস মন্ডল প্রকল্প পরিচালক	পূর্ণকাল	২৪-০৩-২০১৫	১৬-০৪-২০১৭
আবু মোঃ সাহরিয়ার প্রকল্প পরিচালক	পূর্ণকাল	১৭-০৪-২০১৭	৩১-১২-২০১৯

১১. ক্রয় প্রক্রিয়া পর্যালোচনাঃ

ফরিদপুর জেলার ভাংগা উপজেলার ভাংগা জিসি হইতে পিরের চর জিসি (চন্ডিদাসদী-পিরের চর জিসি) সড়কের ৫৪০.০০মিঃ চেইনেজে ৭৪.৫০ মিটার লম্বা RCC Bridge নির্মাণ Road ID- No- 329102003, প্যাকেজ নং- GFRIDP/F/15-16/UZ-SR/57: নথিপত্র পর্যালোচনায় দেখা যায় প্যাকেজটির দরপত্র আহবান করা হয় ১৬.১১.২০১৫ তারিখ, ই-জিপি এর মাধ্যমে উন্মুক্ত পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়। ০৩ জন দরপত্রে অংশগ্রহণ করেন। NOA জারী করা হয় ৩০.১২.২০১৫ তারিখ। চুক্তি করা হয় ২০.০১.২০১৬ তারিখ। প্রাক্কলিত মূল্য ধরা ছিল ৩,৬৪,৯৮,৭০১ টাকা। সংশোধিত চুক্তিমূল্য করা হয় ৪,১৩,৬৯,৭০৪ টাকা। কাজ সমাপ্ত করা হয় ১৬.১১.২০১৭ তারিখ। নথিপত্র পর্যালোচনা করে দেখা যায়, আরডিপিপি'র নির্দেশনা মোতাবেক পিপিআর-২০০৮ এর বিধিবিধান অবলম্বন করে ক্রয় প্রক্রিয়া স্মপাদন করা হয়েছে।

১২. সংশোধিত অনুমোদিত ডিপিপি-তে সংস্থান , এডিপি বরাদ্দ , অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকা)

অর্থ বছর	আরডিপিপি অনুযায়ী সংস্থান	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	মন্তব্য
২০০৯-১০	৫৭০০.০০	২৫০০.০০	৫৭০০.০০	৫৬৫৫.৫৪	-
২০১০-১১	১৩০০০.০০	৮০০০.০০	১৩০০০.০০	১২৯৫১.৯৩	-
২০১১-১২	৮৫০০.০০	৮১৬৯.০০	৮৫০০.০০	৮৪৯৯.৯৯	-
২০১২-১৩	৬৫০০.০০	৩৮০০.০০	৬৫০০.০০	৬৪৯৭.৬০	-
২০১৩-১৪	১৪০০০.০০	৮৫০০.০০	১৪০০০.০০	১৩৯৯৯.৮৭	-
২০১৪-১৫	১৩২০০.০০	৮৫০০.০০	১৩২০০.০০	১৩১৯৯.২৩	-
২০১৫-১৬	২৩৫০০.০০	১৭৫০০.০০	২৩৫০০.০০	২৩৫০০.০০	
২০১৬-১৭	৩০৫০০.০০	২৫০০০.০০	৩০৫০০.০০	৩০৪৯৯.৭৯	
২০১৭-১৮	৩২৪৯৫.০০	৩০০০০.০০	৩২৪৯৫.০০	৩২৩৩৪.০৭	
২০১৮-১৯	২১২৬১.০০	২৫০০০.০০	২১২৬১.০০	২১২৬০.৯৫	
২০১৮-১৯ (ডিসেম্বর/২০১৯)	২৩৭০.০০	২৫৫৬.০০	২৩৭০.০০	২৩৭০.০০	
মোট টাকা	**১৭১০২৬.০০**	**১৩৯৫২৫.০০**	**১৭১০২৬.০০**	**১৭০৭৬৯.০০**	-

১৩. প্রকল্পের অনুমোদন ও সংশোধন :

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয় (লক্ষ টাকা)
মূল অনুমোদন	একনেক কর্তৃক ২১/০৭/২০০৯ তারিখ অনুমোদন দেয়া হয়।	২০০৯-১০ হতে ২০১১-১২	৫৫৩২২.৫০
সর্বশেষ সংশোধিত	প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ১৫/০৪/২০১৮ তারিখ অনুমোদন দেওয়া হয়	২০০৯-১০ হতে ডিসেম্বর'২০১৯	১৭০৯৫৩.০০

অনুমোদনঃ ডিপিপি পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটি ২১/০৭/২০০৯ তারিখে একনেক কর্তৃক ৫৫৩২২.৫০ লক্ষ টাকা অনুমোদিত হয় । বাস্তবায়নকাল অক্টোবর ২০০৯ হতে জুন ২০১৯ । সর্বশেষ প্রকল্পটি ১৫.০৪.২০১৮ তারিখে ৩য় বারের মত সংশোধন করা করা হয়।

সংশোধনঃ - প্রকল্পটি তিনবার সংশোধন করা হয়।

১৪. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ: সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রায় সকল কাজ সম্পন্ন করা হয়েছে।

১৫. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
• উপজেলা ও ইউনিয়ন সড়কসহ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড ও সার্বিক যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করা । • সরাসরি কর্মসংস্থানের সৃষ্টির মাধ্যমে অতি দরিদ্রপীড়িত প্রকল্প এলাকা জনগণের দারিদ্র হ্রাসে সহায়তা করা । • উপজেলা ও ইউনিয়ন সড়কে সড়ক নিরাপত্তা ব্যবস্থা উন্নতি করা ।	প্রকল্পের আওতায় যে সকল, উপজেলা, ইউনিয়ন বা গ্রামীণ রাস্তা ও ব্রীজ/কালভার্ট তৈরী করা হয়েছে যা জাতীয় পরিবহন নেটওয়ার্কের সাথে সংযোগকারী একটি বিস্তৃত গ্রামীণ সড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা করেছে এবং এর মাধ্যমে গ্রামীণ অঞ্চলে সমস্ত আবহাওয়ার প্রবেশাধিকার, শিক্ষা ও স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থাগুলি অ্যাক্সেস, কৃষি সম্প্রসারণ পরিষেবা এবং সেখানে পারিবারিক আয় ও জীবনযাত্রার উন্নতি হয়েছে। প্রকল্পটি নির্মাণ কার্যক্রম বাস্তবায়নের সময় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছিল। এছাড়াও প্রকল্পের এলাকায় পরিবহন চাহিদা বৃদ্ধি এবং অন্যান্য বাণিজ্যিক কর্মকান্ডের ফলে দীর্ঘমেয়াদী কর্মসংস্থানের সুযোগও তৈরি হয়েছে মর্মে পরিদর্শনে বুঝা গেল।

১৬. অডিট সংক্রান্ত :

অডিট সময়কাল	অডিট রিপোর্ট দাখিল	অডিট নিষ্পত্তি	অডিট আপত্তি নিষ্পত্তিকরণের অবস্থা
-		সকল অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে।	

১৭. প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পের বৃহত্তর ফরিদপুর জেলার কার্যক্রম বিগত ২০-২১ আগস্ট/২০২০ তারিখ পর্যন্ত আইএমইডি'র পরিচালক, জনাব খলিল আহমেদ কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের পরিচালক এবং মাদারীপুর, ফরিদপুর, শরিয়তপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী জেলার নির্বাহী প্রকৌশলীগণসহ প্রকল্প সংশ্লিষ্ট প্রকৌশলী ও কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহযোগিতা প্রদান করেন।

১৮. প্রকল্প পর্যবেক্ষণঃ

১৮.১ প্রকল্পটির কার্যক্রম শুরু হয় ২০০৯ সালে এবং প্রকল্প সমাপ্ত হয় জুন/২০১৯। অর্থাৎ প্রকল্পটি বাস্তবায়ন করতে প্রায় ১০ বৎসর সময় অতিবাহিত হয়েছে। এই ধরনের দীর্ঘসুত্রীতার কারণে Cost over-run ৩০৯% এবং Time Over-run ২৩৩.৩৩%। এই ধরণের অবকাঠামো প্রকল্প Project Management এর Methodology, Tools technique অবলম্বন করে ০৩ বৎসরের মধ্যেই সমাপ্ত করা প্রয়োজন।

প্রকল্পটি বৃহত্তর ফরিদপুর জেলার ০৫ টি জেলায় বাস্তবায়ন করা হয়।

১৮.২ মাদারীপুর জেলাঃ
মাদারীপুর জেলায় প্রকল্পের অধীন উপজেলা রোড নির্মাণ করা হয় ১২৫.০৭১ কিঃমিঃ, ইউনিয়ন রোড নির্মাণ করা হয় ২৪০.৭৫১ কিঃমিঃ এবং গ্রামীণ সড়ক নির্মাণ করা হয় ৮৬.২০ কিঃমিঃ। তাছাড়া সড়ক রক্ষণাবেক্ষণ করা হয় ১০৬.২৫৮ কিঃমিঃ। প্রকল্পের বরাদ্দের বিপরীতে এখানে ব্যয় করা হয় ৬১৪৪২.৩৪ লক্ষ টাকা।

১৮.২.১ শিবচর ইউপি অফিস (ডাবল ব্রীজ) হতে বন্দরখোলা বাজার ভায়া বাবনতোলা বাজার সড়কে ৩১৩৪ মিটার চেইনেজে ৫১ মিঃ দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজঃ প্যাকেজটির রোড আইডি- ৩৫৪৮৭৩৩০০১। সরেজমিনে গজ ফিতা দ্বারা ব্রীজটি পরিমাপ করে ব্রীজটি ৫১ মিটার পাওয়া গেছে। তাছাড়া ব্রীজের ক্যারিয়েজ ওয়ে ৫.৫ মিটার এবং প্রস্থ ৭.৩৩ মিটার পাওয়া গেছে যাহা আরডিপিপি'র টেন্ডার স্পেসিফিকেশনের সাথে মিলিয়ে সঠিক পাওয়া গেছে। ব্রীজটি অত্যন্ত নান্দনিক হয়েছে।

১৮.২.২ শিবচর হেডকোয়ার্টার হতে গোপালপুর ভায়া চান্দের চর জিসি সড়কঃ রাস্তাটির প্যাকেজ আইডি-৩৫৪৮৭২০০১। আশপাশের লোকজনকে জিজ্ঞাসাবাদে জানা যায় রাস্তাটি ২০১৮ সালে জানুয়ারী মাসে সমাপ্ত করা হয়। রাস্তার দৈর্ঘ প্রস্থ মিলিয়ে আরডিপিপি'র সাথে মিলিয়ে সঠিক পাওয়া গেলেও রাস্তাটির মধ্যে Power Tiller চলার কারণে রাস্তার বিটুমিনে দাগ পড়ে গেছে। হাটবাজার সংলগ্ন এলাকায় বিটুমিনে উপর পানি জমে আছে। পর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থা পরিলক্ষিত হয়নি। হাটবাজার এলাকায় বিসি রোডের পরিবর্তে আরসিসি ঢালাই দেয়া হলে রাস্তাটি আরো টেকসই হতো। ভবিষ্যতে আরসিসি ঢালাই কম্পোনেন্টটি লগফ্রেমে সংযোজন করা প্রয়োজন।

১৮.৩ শরীয়তপুর জেলাঃ সরেজমিন পরিদর্শন ও নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় এই জেলায় প্রকল্পের অধীন উপজেলা রোড নির্মাণ করা হয় ১৭.৭০৬ কিঃমিঃ, ইউনিয়ন রোড নির্মাণ করা হয় ১৬৪.০১৫ কিঃমিঃ এবং গ্রামীণ সড়ক নির্মাণ করা হয় ৩৭.৮৯১ কিঃমিঃ। তাছাড়া সড়ক রক্ষণাবেক্ষণ করা হয় ৩৭.৮৯১ কিঃমিঃ এবং ব্রীজ করা হয় ২৬৪১.৪ মিটার। প্রকল্পের বরাদ্দের বিপরীতে জেলায় ব্যয় করা হয় ২১১২০.৪০ লক্ষ টাকা।

১৮.৩.১ জাজিরা উপজেলাধীন কাজিরহাট-দূর্গারহাট সড়কে ০.০০ মিটার চেইনেজে ৯০ মিটার পিসি গার্ডার ব্রীজ নির্মাণঃ প্যাকেজটির রোড আই.ডি নং- ৩৮৬৯৪৩০০৫। গজ ফিতা দ্বারা পরিমাপ করে ব্রীজটির দৈর্ঘ্য ৯০ মিটার প্রস্থ ৭.৩২ মিটার এবং ক্যারিয়েজ ওয়ে ৫.৫ মিটার পাওয়া গেছে। ব্রীজটির প্যারাবলিক স্লোপ ৩% এর স্থলে ৪% এর কাছাকাছি পাওয়া গেছে। ব্রীজটি টেন্ডার স্পেসিফিকেশনের সাথে মিলিয়ে সঠিক পাওয়া গেছে তবে Navigation Height আরডিপিপি সাথে সংযুক্ত না থাকার কারণে মিলিয়ে দেখা গেল না। এপ্রোস রোডের দু'পাশে প্রায় ১৫ মিটার রাস্তা এখনও ইটের সলিং রয়ে গেছে। সলিং রাস্তাটি কার্পেটিং করা প্রয়োজন।

১৮.৪ঃ গোপালগঞ্জ জেলাঃ

সরেজমিন পরিদর্শন ও নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় এই জেলায় প্রকল্পের অধীন উপজেলা রোড নির্মাণ করা হয় ২০০.২১২ কিঃমিঃ, ইউনিয়ন রোড নির্মাণ করা হয় ২৩৭.০৬৪ কিঃমিঃ এবং গ্রামীণ সড়ক নির্মাণ করা হয় ৪৯.৯১৬ কিঃমিঃ। তাছাড়া সড়ক রক্ষণাবেক্ষণ করা হয় ৮৬.১২৩ কিঃমিঃ এবং ব্রীজ/কালভার্ট নির্মাণ করা হয় ৩৪০০.২৬ মিটার। তাছাড়া এলসিএস মহিলা দ্বারা সড়ক রক্ষণাবেক্ষণ খাতে ৩৩০.৯৯ লক্ষ টাকা ব্যয় করা হয়। প্রকল্পের বরাদ্দের বিপরীতে জেলায় ব্যয় করা হয় ৩৩৬৮৪.০৯ লক্ষ টাকা।

১৮.৪.১ কোটালীপাড়া উপজেলাধীন বঙ্গালক্ষী বাজার-রামশীল ইউপি অফিস সড়কের ৭১০০ মিটার চেইনেজে ৯৯.১০ মিটার গার্ডার ব্রীজঃ নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় ব্রীজটির আই.ডি নং -৩৩৫৫১৩০০৫। গজ ফিতা দ্বারা সরেজমিন পরিমাপ করে ব্রীজটির দৈর্ঘ্য ৯৯.২০ মিটার পাওয়া গেছে। ব্রীজটি অত্যন্ত নান্দনিক হয়েছে। ব্রীজটির গোড়ায় রামশীল কলেজ। এলাকাবাসী জানান যে, ব্রীজটি করার কারণে কলেজের ছাত্রছাত্রীরা দারুণভাবে উপকৃত হয়েছেন। তবে ব্রীজের দু'পার্শ্বের প্রায় ২০ মিটার এপ্রোচ রোড এখনও ইটের সলিং রয়ে গেছে। এগুলো বিটুমিন কার্পেটিং করা প্রয়োজন। ব্রীজের এপ্রোচের wave protection Block এর নীচের বালু সরে যাবার কারণে একটু ডেবে (Settlement) গেছে। এগুলো মেরামত প্রয়োজন।

১৮.৫ঃ ফরিদপুর জেলাঃ

সরেজমিন পরিদর্শন ও নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় এই জেলায় প্রকল্পের অধীন উপজেলা রোড নির্মাণ করা হয় ১০৬.৯২৯ কিঃমিঃ, ইউনিয়ন রোড নির্মাণ করা হয় ২২৮.৩৫৫ কিঃমিঃ এবং গ্রামীণ সড়ক নির্মাণ করা হয় ১০৩.৩৫৫ কিঃমিঃ। তাছাড়া সড়ক রক্ষণাবেক্ষণ করা হয় ১৯০.৬৯ কিঃমিঃ এবং ব্রীজ/কালভার্ট নির্মাণ করা হয় ২৫৪৫ মিটার। প্রকল্পের বরাদ্দের বিপরীতে জেলায় ব্যয় করা হয় ৩৬০৯৩.১৫ লক্ষ টাকা।

১৮.৫.১ ফরিদপুর জেলার ভাংগা উপজেলায় ভাংগা জিসি হইতে পিরেরচর জিসি (চন্ডিদাসদী-পীরেরচর জিসি) সড়কের ৫৪০ মিঃ চেইনেজে ৭৪.৫০ মিটার লম্বা আরসিসি ব্রীজঃ সরেজমিন পরিদর্শন করে দেখা যায় এর আইডি নং-৩২৯১০২০০৩ এবং এর প্যাকেজ নং- GFRIDP/F/15-16/UZ-SR/57। আশপাশের লোকজনকে জিজ্ঞাসাবাদের জানা যায় ব্রীজটি ২০১৭ সালে নির্মাণ করা হয়েছে। এর পাশেই এখনও একটি পুরনো ব্রীজ রয়ে গেছে। ব্রীজটি উপজেলার জন্য অন্যন্ত গুরুত্বপূর্ণ। ৪১৩.৭০ লক্ষ টাকায় ব্রীজটি নির্মাণ করা হয়। গজ ফিতা দ্বারা পরিমাপ করে ব্রীজটির দৈর্ঘ্য ৭৪.৫ মিটার, ক্যারিয়েজ ওয়ে ৫.৫ মিটার এবং প্রস্থ ৭.৩৩ মিটার পাওয়া গেছে। ক্যারিয়েজ ওয়ে হাল্কা ঢেউ খেলানো মত হয়েছে।

১৮.৬ঃ রাজবাড়ী জেলাঃ

সরেজমিন পরিদর্শন ও নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় এই জেলায় প্রকল্পের অধীন উপজেলা রোড নির্মাণ করা হয় ৬৩.০৩৬ কিঃমিঃ, ইউনিয়ন রোড নির্মাণ করা হয় ১৮৬.৫০ কিঃমিঃ এবং গ্রামীণ সড়ক নির্মাণ করা হয় ৩১.৮১ কিঃমিঃ। তাছাড়া সড়ক রক্ষণাবেক্ষণ করা হয় ৫৩.৩৬ কিঃমিঃ এবং ব্রীজ/কালভার্ট নির্মাণ করা হয় ৩৫০.৪০ মিটার। প্রকল্পের বরাদ্দের বিপরীতে এই জেলায় ব্যয় করা হয় ১৫৮৭০.১৫ লক্ষ টাকা।

১৮.৫.২ কালুখালী উপজেলায় বোয়ালিয়া-কালিকাপড় বাজার সড়কঃ রাস্তাটি পরিমাপ করে ২.১ কিঃমিঃ পাওয়া গেছে। রাস্তার ক্রস সেকশন করে বিটুমিন স্তর, ডব্লিউবিএম, সাবগ্রেড, আইএসজি পরীক্ষা করে আরডিপিপি'র ডিজাইনের সাথে মিলিয়ে সঠিক পাওয়া গেছে। রাস্তায় প্রচুর পাওয়ার ট্রিলার চলাচল করে বিধায় বিটুমিন কার্পেটিং এ দাগ ফেলে দিচ্ছে। এতে রাস্তার life span কমে যাচ্ছে। চাকায় রাবার টায়ারের বেল্ট পরানো উচিত। রাস্তাগোর দুপার্শ্বে প্রচুর ছায়াযুক্ত গাছ লাগানো হয়েছে। বিটুমিন একটি পানিগ্রাসী পদার্থ। সামান্য বৃষ্টিতে গাছের আদ্র- ছায়া বিটুমিনের ক্ষতি করছে। বড় বড় ছায়াযুক্ত গাছ রাস্তার দু'পাশ থেকে অপসারণ করে অশাখ ও নেপিয়ার. প্যারা, জার্মান ঘাস লাগানোর প্রচেষ্ঠা চালানো দরকার। রাস্তার পাশে জার্মান, নেপিয়ার, প্যারা ঘাস লাগালে রাস্তার শোল্ডার ভাংগবে না, রেইন কার্ট সৃষ্টি হবে না। ঘাসের শিকড় মাটি ধরে রাখবে। এলাকায় বর্তমানে প্রান্তিক কৃষকেরা উন্নতজাতের গরু পালন করেন।

এসকল ঘাস গরুর খাদ্য হিসাবে ব্যবহৃত হতে পারে। জার্মান, নেপিয়ার, প্যারা ঘাস গরু ছাগলের উৎকৃষ্ঠ খাবার হিসাবে পরিচিত। এ ঘাস দৈর্ঘে সর্বোচ্চ ১ মিটার হয় তাই কৃষকের জমিতে ছায়া সৃষ্টি করে না।

১৯. সুপারিশঃ

১৯.১ প্রকল্পটি ২০০৯ সালে শুরু হয়ে জুন/২০১৯ সালে শেষ হয় অর্থাৎ প্রকল্পটি বাস্তবায়ন করতে প্রায় ১০ বৎসর সময় লেগেছে। এই ধরনের দীর্ঘসুত্রীতার কারণে অনেক জটিলতার সৃষ্টি হয়। অন্য প্রকল্পের intervention ঘটে। তাছাড়া এই ধরনের দীর্ঘসুত্রীতার কারণে Cost over-run ২০৯% এবং Time Over-run ২৩৩.৩৩% হয়েছে। ভবিষ্যতে এই ধরণের অবকাঠামো প্রকল্প Project Management এর Methodology, Tools technique , WBS (Work Breakdown structure), Risk matrix assessment করতঃ ০৩-০৪ বৎসরের মধ্যেই সমাপ্ত করতে হবে (অনুঃ ১৮.১);

১৯.২ যে সকল আরসিসি গার্ডার ব্রীজ বা পিসি গার্ডার ব্রীজের এপ্রোজ রোডের কিয়দংশ এইচবিবি রয়ে গেছে। এই সকল ব্রীজের নান্দনিক সৌন্দর্য বৃদ্ধি করার জন্য এবং প্রকল্পের outcomes সৃষ্টির লক্ষ্যে সেগুলো জরুরী ভিত্তিতে বিটুমিন- কার্পেটিং করে দিতে হবে (অনুঃ ১৮.৩.১);

১৯.৩ অনেক ক্ষেত্রে দেখা গেছে ঢেউয়ের কারণে ব্রীজের Wave Protection Block এর নীচ থেকে বালু সরে গেছে। যার কারণে ব্লক (Settlement) হয়ে গেছে। দীর্ঘমেয়াদী ব্রীজের ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য ব্লকগুলোর ফাকে পর্যাপ্ত বালু সিমেন্ট দিয়ে মেরামত করে দিতে হবে (অনুঃ ১৮.৪.১);

১৯.৪ রাস্তায় প্রচুর পাওয়ার ট্রিলার চলাচল করে বিধায় বিটুমিন কার্পেটিং এ দাগ ফেলে দিচ্ছে। এতে রাস্তার life span কমে যাচ্ছে। চাকায় রাবার টায়ারের বেল্ট পরানোর জন্য সচেতনতা বৃদ্দি করতে হবে (অনুঃ ১৮.২.২); এবং

১৯.৫ প্রকল্পের তৈরী রাস্তাগোর দুপার্শ্বে প্রচুর ছায়াযুক্ত গাছ রয়েছে। বিটুমিন একটি পানিগ্রাসী পদার্থ। সামান্য বৃষ্টিতে গাছের আদ্র- ছায়া বিটুমিনের ক্ষতি করছে। রাস্তার পাশে জার্মান, নেপিয়ার, প্যারা ঘাস লাগালে রাস্তার শোল্ডার ভাংগবে না, রেইন কার্ট সৃষ্টি হবে না। ঘাসের শিকড় মাটি ধরে রাখবে। এলাকায় বর্তমানে প্রান্তিক কৃষকেরা উন্নতজাতের গরু পালন করেন। এসকল ঘাস গরুর খাদ্য হিসাবে ব্যবহৃত হতে পারে। জার্মান, নেপিয়ার, প্যারা ঘাস গরু ছাগলের উৎকৃষ্ঠ খাবার হিসাবে পরিচিত। এ ঘাস দৈর্ঘে সর্বোচ্চ ১ মিটার হয় তাই কৃষকের জমিতে ছায়া সৃষ্টি করে না। তাই বিটুমিন-কাপেৃটিং রাস্তাকে টেকসই করতে রাস্তার দু'পার্শ্বে ছায়াযুক্ত বৃক্ষ বাদ দিয়ে ভবিষ্যতে এই ধরণের প্রকল্প নেবার সময় অশাখ গাছ (যেমনঃ তাল, খেজুর, নারিকেল ইত্যাদি) ও Podder crops (যেমনঃ নেপিয়ার. প্যারা, জার্মান ঘাস ইত্যদি) লাগাতে হবে (অনুঃ ১৮.৫.২)।

২০. প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্রঃ



শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন কাজিরহাট-দূর্গারহাট সড়কে ০.০০ মিটার চেইনেজে ৯০ মিটার পিসি গার্ডার ব্রীজ ।



জাজিরা উপজেলাধীন কাজিরহাট-দূর্গারহাট সড়কের নির্মিত ব্রীজ পরিমাপ করে আরডিপিপি'র সাথে মিলানো হচ্ছে।



শিবচর ইউপি অফিস (ডাবল ব্রীজ) হতে বন্দরখোলা বাজার ভায়া বাবনতোলা বাজার সড়কের কার্যক্রম দেখা হচ্ছে।



শিবচর হেডকোয়ার্টার হতে গোপালপুর ভায়া চান্দের চর জিসি সড়ক যাহা প্রকল্পের টাকায় নির্মিত হয়েছে।



জাজিরা উপজেলাধীন কাজিরহাট-দূর্গারহাট সড়কে ৯০ মিটার পিসি গার্ডার ব্রীজ যাহা প্রকল্পের টাকায় নির্মিত হয়েছে।



প্রকল্পের টাকায় নির্মিত গার্ডার ব্রীজ



গার্ডার ব্রীজের দৈর্ঘ্য প্রস্থ পরিমাপ করে আরডিপিপির সাথে মিলানো হচ্ছে।



মাদারীপুর জেলার প্রকল্প পরিদর্শন।



কোটালীপাড়া উপজেলাধীন বঙ্গলক্ষী বাজার-রামশীল সড়কের ব্রীজ যার ব্লক ডেপে গেছে।



প্রকল্পের টাকায় নির্মিত ব্রীজ যাহা সরেজমিন পরিদর্শন আরডিপিপি'র সাথে মিলানো হচ্ছে।



রামশীল ডিগ্রী কলেজের সামনের ব্রীজ যাহা প্রকল্পের টাকায় নির্মিত।



ফরিদপুর জেলার ভাংগা উপজেলার ভাংগা জিসি হইতে পিরেরচর জিসি ৭৪.৫ মিটার ব্রীজ যাহা প্রকল্পের টাকায় নির্মিত।

মুন্সীগঞ্জ জেলার সদর এবং গজারিয়া উপজেলায় গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়ন শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

১। **প্রকল্পের নাম:** "মুন্সীগঞ্জ জেলার সদর এবং গজারিয়া উপজেলায় গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প।

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ :** স্থানীয় সরকার বিভাগ ।

(খ) বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৩। **প্রকল্পের অর্থায়ন:** জিওবি

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২০৩৮.২০	৪৯০৬.০০	৪৩৫৩.৪৩	জুলাই ২০১৬ হতে জুন ২০১৮	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	জুলাই ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯	১৪০%	১৮ মাস (৭৫%)

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্রমিক	অনুমোদিত অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	সরবরাহ ও সেবা	থোক	১২.৭৫	থোক	১২.৩৫	থোক
২	রক্ষণাবেক্ষণ	থোক	২.৬৫	থোক	২.৬৫	থোক
৩	কম্পিউটার সামগ্রী	থোক	১.৫০	থোক	১.৪৯	থোক
	উপ মোট ঃ		১৬.৯১		১৬.৪৯	থোক
৪	নির্মাণ ও পুর্ত	কি:মি:				
i	উপজেলা সড়ক বিসি দ্বারা নির্মাণ	কি:মি	২১০.৮৯	২.৮৪	১৩৪.৩৯	২.৮৪
ii	ইউনিয়ন সড়ক বিসি দ্বারা উন্নয়ন	কি:মি	২৯৫.২৪	৪.০০	১৯৬.৫০	৩.০০
iii	গ্রাম সড়ক (টাইপ-এ) বিসি দ্বারা উন্নয়ন	কি:মি	১৫৬৬.০৪	২১.২২	১৩৫৫.৭৮	১৯.২৫৯

ক্রমিক	অনুমোদিত অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
iv	গ্রাম সড়ক (টাইপ-বি) বিসি দ্বারা উন্নয়ন	কি:মি	৭৭৫.৬৩	১০.৫১	৬২৯.৫২	৮.৯৮৩
v	ব্রিজ/কালভার্ট নির্মাণ	মি:	২০৪১.৩০	২৯৮.০০	২০২০.৭৫	২৯৫.০০
	উপ-মোট(মূলধন)		৪৯০৬.০০		৪৩৫৩.৪৩	

তথ্যসূত্র: পিসিআর

৬। **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	মুন্সীগঞ্জ	মুন্সীগঞ্জ সদর ও গজারিয়া

৭। **<u>কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:</u>** পিসিআর এর তথ্যমতে, অনুমোদিত অংগসমূহের বিপরীতে নিম্নোক্ত অংগসমূহের শতভাগ বাস্তবায়ন সম্ভব হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অর্থ যথাসময়ে প্রদান না করায় কয়েকটি অংগের বাস্তব কাজ শতভাগ অর্জনে কিছুটা বিঘ্ন ঘটেছে, যা নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্র. নং	অনুমোদিত অঙ্গের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	উপজেলা সড়ক বিসি দ্বারা নির্মাণ	২.৮৪ কি:মি	২১০.৮৯	১.১৭০ (৪১.১৯%)	৭৬.৬৯ (৩৬.৩৬%)
২	ইউনিয়ন সড়ক বিসি দ্বারা নির্মাণ	৪.০০ কি:মি	২৯৫.২৪	৩.০০ (৭৫%)	১৯৬.৫০ (৬৬.৫৫%)
৩	গ্রাম সড়ক বিসি দ্বারা উন্নয়ন (ভিআর-এ)	২১.২২ কি:মি:	১৫৬৬.০৪	১৯.২৫৯ (৯০.৭৫%)	১৩৫৫.৭৮ (৮৬.৫৭%)
৪	গ্রাম সড়ক বিসি দ্বারা উন্নয়ন (ভিআর-বি)	১০.৫১ কি:মি:	৭৭৫.৬৩	৮.৯৮৩ (৮৫.৪৭%)	৬২৯.৫২ (৮১.১৬%)
৫	ব্রিজ/ কালভার্ট নির্মাণ	২৯৮ মি:	২০৪১.৩০	২৯৫.০০ (৯৮.৯৯%)	২০২০.৭৫ (৯৮.৯৯%)
৬	সরবরাহ ও সেবা	থোক	১২.৭৫	থোক	১২.৩৫(৯৬.৩৫%)

- **বর্ণিত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়- প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৮৮.৭৩% এবং বাস্তব অগ্রগতি ৮৪%। অন্যদিকে, প্রকল্পটির ব্যয় বৃদ্ধি পেয়েছে ১৪০% এবং মেয়াদকাল বৃদ্ধি পেয়েছে ৭৫%।**

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:** বাংলাদেশ সরকার-এর সহযোগিতায় ৪৯০৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৬ হতে জুন ২০১৮ মেয়াদে মুন্সিগন্জ জেলার সদর ও গজারিয়া উপজেলায় গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে উপজেলা, ইউনিয়ন ও গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালনই প্রকল্পটির সার্বিক উদ্দেশ্য। গ্রামীণ জনগণের জন্য গ্রাম, হাট বাজার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানে যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে জীবন-যাত্রার মান উন্নয়ন এবং স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য সাধন করার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ **প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

ক) মুন্সিগঞ্জ জেলার সদর ও গজারিয়া উপজেলার উপজেলা, ইউনিয়ন ও গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালন;

খ) গ্রামীণ জনগণের জন্য গ্রাম, বাজার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা-প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানে যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে জীবন যাত্রার মানোন্নয়ন; এবং

গ) স্বল্প ও দীর্ঘ মেয়াদি কর্মসংস্থান সৃষ্টি।

৮.৩ **প্রকল্পের প্রধান কার্যক্রম:**

(১)	উপজেলা সড়ক উন্নয়ন (বিসি)	২.৮৪ কিঃ মিঃ
(২)	ইউনিয়ন সড়ক উন্নয়ন (বিসি)	৪.০০ কিঃ মিঃ
(৩)	গ্রাম সড়ক উন্নয়ন টাইপ-এ (বিসি)	২১.২২ কিঃ মিঃ
(৪)	গ্রাম সড়ক উন্নয়ন টাইপ-বি (বিসি)	১০.৫১ কিঃ মিঃ
(৪)	ব্রিজ নির্মাণ	২৯৮.০০ মিঃ

৯। **প্রকল্পের অনুমোদন অবস্থা:** মূল প্রকল্পটি ২০৩৮.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৬ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৫.০৯.২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। বাস্তবতার নিরিখে গত ১৫.১১.২০১৭ তারিখের 'পিইসি' সভার সুপারিশক্রমে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৩.০১.২০১৮ তারিখে প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। সংশোধিত প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৯০৬.০০ লক্ষ টাকা এবং মেয়াদকাল জুলাই ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৯ এ সমাপ্তির জন্য নির্ধারণ করা হয়।

১০। **প্রকল্পটির ক্রয় পরিকল্পনা (পণ্য/কার্য্য/সেবা):** প্রকল্পটির আরডিপিপিতে ৭টি প্যাকেজে পণ্য ক্রয় বাবদ ১৫.৪০ লক্ষ টাকা এবং ৫টি প্যাকেজে পূর্তকাজ বাবদ ৪৮৮৯.১০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরবর্তীতে বাস্তবায়ন পর্যায়ে ৫টি প্যাকেজ কে ৫০টি লটে ভেংগে বাস্তবায়ন করা হয়।

১১। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
(খ) পিসিআর পর্যালোচনা;
(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং
(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২। **প্রকল্প পরিদর্শন:** প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মো: আজগর আলী গত ০৪-০১-২০২১ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন। পরিদর্শন বর্ণনা ও পর্যবেক্ষণ নিম্নরূপ:

১২.১ **উপজেলা সড়ক বিসি দ্বারা নির্মাণ:** প্রকল্পটির আওতায় বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে সুকুবাসপুর আরএন্ডএইচডি সড়ক (চেনেইজ ০+০০০-১+৬৭০ কি.মি., ID. ৩৫৯৫৬২০০৯) ১.৬৭ কি.মি. এবং বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে কালির আটপাড়া আরএন্ডএইচডি (চেনেইজ ৪০০-১৪৭০. মি., ID. ৩৫৯৫৬২০১২) ১.১৭ কি.মি. সড়ক উন্নয়নের লক্ষ্যে আরডিপিপিতে ২১০.৮৯ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। আরডিপিপি, পিসিআর ও অগ্রগতির তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়- বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে কালির আটপাড়া আরএন্ডএইচডি (চেনেইজ ৪০০-১৪৭০. মি., ID. ৩৫৯৫৬২০১২) ১.১৭ কি.মি.সড়ক উন্নয়ন করা হয়েছে। **অন্যদিকে**, বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে সুকুবাসপুর আরএন্ডএইচডি সড়ক (চেনেইজ ০+০০০-১+৬৭০ কি.মি., ID. ৩৫৯৫৬২০০৯) ১.৬৭ কি.মি. সড়ক শুধু মেরামত করা হয়েছে। বর্ণিত সড়ক ২টির তথ্যাদি নিম্নরূপ:

(১) বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে কালির আটপাড়া আরএন্ডএইচডি (চেনেইজ ৪০০-১৪৭০. মি., ID. ৩৫৯৫৬২০১২) ১.১৭ কি.মি.সড়ক উন্নয়ন:



চিত্র: উপজেলা সড়ক যার ক্যারিজওয়ে ৩.০ মিটার পাওয়া গেছে।

সড়কটি উন্নয়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ৭৭.৬০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ৭৬.৭০ লক্ষ টাকা চুক্তিমূল্যে ২৭/০৪/২০১৭ তারিখ Notification of Award প্রদান করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, সড়কটি বিটুমিনাস কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। সড়কের ক্যারিজওয়ে ৩.০ মিটার পাওয়া গেছে যা ইউনিয়ন সড়কের ডিজাইনের সাথে সামঞ্জস্যপূর্ণ অথচ প্রকল্পে এটি উপজেলা সড়ক হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। সড়কের একপাশে খাল থাকায় কিছু স্থানে শোল্ডার নাজুক দেখা গেছে। এছাড়া বর্তমানে সড়কের পাশে নতুনভাবে নির্মাণাধীন বসত বাড়ী ভিটা উঁচু করায় সড়কে জলাবদ্ধতা সৃষ্টি হতে পারে। **অন্যদিকে,** সড়কটির শুরুতে পুকুর/ডোবা ৩/৪টি স্থানে প্রতিরোধক কাজ না করা হলে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। সড়কটির কার্পেটিং এর মান সন্তোষজনক অবস্থায় দেখা গেছে।

(২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন বহির্ভূত "বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে সুকুবাসপুর আরএন্ডএইচডি ১.৬৭ কি.মি.: সড়ক মেরামত" কাজ বাস্তবায়ন করা:

	
চিত্র: মেরামতকৃত উপজেলা সড়ক।	চিত্র: মেরামতকৃত সড়কে ক্র্যাক সৃষ্টি।

প্রকল্পের আওতায় বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে সুকুবাসপুর আরএন্ডএইচডি সড়ক ১.৬৭ কি.মি উন্নয়নের সংস্থান থাকলেও বাস্তবায়ন পর্যায়ে দেখা যায় রাস্তাটি অন্য একটি প্রকল্প থেকে নির্মাণ করা হয়েছে। পরবর্তীতে রাস্তাটি ১৯.০২ লক্ষ টাকা ব্যয়ে শুধু মেরামত করা হয়েছে। পরিদর্শনে সড়কটির ক্যারিজওয়ে মেপে ৩.৭ মিটার পাওয়া গেছে। স্থায়ীত্ব আনয়নে সড়কের দু'পাশের শোল্ডার টার্ফিং করা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, উন্নয়নকৃত সড়কটির বিভিন্ন অংশে ক্র্যাক সৃষ্ট হয়েছে। কার্য সমাপ্তির ২৪ মাসে সড়কে ক্র্যাক সৃষ্টি হওয়া অনভিপ্রেত। সড়কের ৮০০ মিটার চেইনেজে বড় রেইনকাট দেখা গেছে। উক্ত স্থানটি অনতিবিলম্বে মেরামত না করলে সড়কটি ক্ষতিগ্রস্ত হতে পারে।

নোট: "বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে সুকুবাসপুর আরএন্ডএইচডি এবং বজ্রযোগিনি জিসি (বটতলা) হতে কালির আটপাড়া আরএন্ডএইচডি ২.৮৪ কিলোমিটার উপজেলা সড়ক উন্নয়ন বাবদ ২১০.৮৯ লক্ষ টাকার সংস্থান থাকলেও বাস্তবায়ন পর্যায়ে ২টি প্যাকেজের ক্রয়চুক্তি করা হয় ৯৫.৭২ লক্ষ টাকা। প্যাকেজ ২টির কার্য সম্পাদন ও বিল পরিশোধ সংক্রান্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়-অনুমোদিত সংস্থান ২১০.৮৯ লক্ষ টাকার বিপরীতে ব্যয় হয়েছে ৯৫.৪৩ লক্ষ টাকা। এ ব্যয় ব্যতিরেকে অর্থ অবশিষ্ট থাকে ১১৫.৪৭ লক্ষ টাকা। কিন্তু পিসিআর-এর তথ্যানুযায়ী অবশিষ্ট থাকে ৭৬.৫০ লক্ষ টাকা। এ বৈষম্যের কারণে প্রকৃত ব্যয় নিরুপণ করা সম্ভব হয়নি।

১২.২ **ইউনিয়ন সড়ক বিসি দ্বারা নির্মাণ** :

প্রকল্পটির আওতায় ৪ কি.মি. ইউনিয়ন সড়ক উন্নয়নে আরডিপিপিতে ২৯৫.২৪৯ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। এর বিপরীতে ১৯৬.৫০ লক্ষ টাকা ব্যয়ে ৩ কি.মি. সড়ক নির্মাণ করা হয়েছে। এক্ষেত্রে সংস্থানকৃত অর্থের বিপরীতে পিসিআর-৯৮.৭৪ লক্ষ টাকা অব্যয়িত দেখানো হয়েছে।

ক) রমজানবাগ হতে চর মুসুরা সড়ক উন্নয়ন ২ কি:মি: (ID-৩৫৯৫৬৩০০৮):



চিত্র: নির্মিত ২ কি:মি দৈর্ঘ্যের রাস্তা।

রমজানবাগ হতে চর মুসুরা সড়ক উন্নয়ন ২.০ কি.মি. সড়ক উন্নয়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ১৩১.০৭ লক্ষ টাকা এবং এর বিপরীতে ১৩৬.৯৪ লক্ষ টাকা চুক্তি মূল্যে ২৭/০৪/২০১৭ তারিখ Notification of Award প্রদান করা হয়। সড়কটির নির্মাণ কাজ সমাপ্ত হয় ১৭.০৮.২০১৮ তারিখে। পরিদর্শনকালে দেখা যায় যে, সড়কটি বিটুমিনাস কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। সড়কের ক্যারিজওয়ে ৩.০ মিটার পাওয়া গেছে যা ইউনিয়ন সড়কের ডিজাইনের সাথে সামঞ্জস্যপূর্ণ। সড়কের একপাশে খাল থাকায় কিছু স্থানে শোল্ডার নাজুক দেখা গেছে। এছাড়া বর্তমানে সড়কের পাশে নতুনভাবে নির্মাণাধীন বসত বাড়ী ভিটা উঁচু করায় সড়কে জলাবদ্ধতা সৃষ্টি হতে পারে। সড়কটির কার্পেটিংসহ সিলকোর্ট করা হয়েছে যার মান সন্তোষজনক দেখা গেছে।

১২.৩ গ্রাম সড়ক বিসি দ্বারা উন্নয়ন (ভিআর-এ):

প্রকল্পটির আওতায় ২১.২২ কি.মি. ইউনিয়ন সড়ক উন্নয়নে আরডিপিপিতে ১৫৬৬.০৪ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। এর বিপরীতে ১৩৫৫.৭৮ লক্ষ টাকা ব্যয়ে ১৯.২৫৯ কি.মি. সড়ক নির্মাণ করা হয়েছে। এক্ষেত্রে সংস্থানকৃত অর্থের বিপরীতে পিসিআর- ২১০.২৬ লক্ষ টাকা অব্যয়িত দেখানো হয়েছে।

১২.৪ গ্রাম সড়ক বিসি দ্বারা উন্নয়ন (ভিআর- বি):

প্রকল্পটির আওতায় ১০.৫১ কি.মি. ইউনিয়ন সড়ক উন্নয়নে আরডিপিপিতে ৭৭৫.৬৩ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। এ সংস্থানের বিপরীতে ৬২৯.৫২ লক্ষ টাকা ব্যয়ে ৮.৯৮৩ কি.মি. সড়ক নির্মাণ করা হয়েছে। এক্ষেত্রে সংস্থানকৃত অর্থের বিপরীতে পিসিআর- ১৪৬.১১ লক্ষ টাকা অব্যয়িত দেখানো হয়েছে।

১২.৫ ব্রিজ নির্মাণ:

প্রকল্পটির আওতায় মূল ডিপিপিতে ২৯৫মি. ব্রিজ নির্মাণ বাবদ ৮৮৫ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। ১ম সংশোধনীতে ব্রিজের দৈর্ঘ্য ৩ মিটার বৃদ্ধি করে ২৯৮ মিটার করা হয়। **অন্যদিকে**, ব্রিজের নির্মাণ ব্যয় ৮৮৫ লক্ষ টাকা হতে বৃদ্ধি পেয়ে হয় ২০৪১.৩০ লক্ষ টাকা। বাস্তবায়ন পর্যায়ে দেখা যায়- মোট ব্রিজ নির্মাণ করা হয়েছে ২৯৫ মিটার। এর বিপরীতে ব্যয় হয়েছে ২০২০.৭৫ লক্ষ টাকা।

ক) **রমজানবাগ হতে চরমুসুরা সড়কের ৬২০০ মিটার চেইনেজে ৭৫ মিটার পিসি গার্ডার ব্রিজ নির্মাণ:**



চিত্র: প্রকল্পের আওতায় নির্মিত ৭৫ মিটার পিসি গার্ডার ব্রিজ।

প্রকল্পটির আওতায় রমজানবাগ হতে চরমুসুরা সড়কের **৬২০০** মিটার চেইনেজে ৭৫ মিটার গার্ডার ব্রিজ নির্মাণ আরডিপিপিতে ৪৪৮.৭৯ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। এর বিপরীতে ৩৯১.৫০ লক্ষ টাকা চুক্তি মূল্যে ১১.০৬.১৭ তারিখ Notification of Award প্রদান করা হয়। ব্রিজটির নির্মাণ কাজ শেষ হয় ২৯.১১.২০১৮ তারিখে। বর্ণিত ব্রিজটি ২৫ মিটার করে ৩টি স্প্যানের মোট ৭৫ মিটার দৈর্ঘ্যের ব্রিজটি নির্মাণ করা হয়েছে। ব্রিজটি ৪টি গার্ডারের উপর নির্মিত। ব্রিজের দৈর্ঘ্য ফিতা দিয়ে মেপে ৭৫ মিটার পাওয়া গেছে। ব্রিজের ক্যারিজওয়ের প্রশস্ততা মেপে ৫.৫ মিটার পাওয়া গেছে। দু'পাশে ০.৯ মিটার ফুটপাত সহ ব্রীজের প্রশস্ততা ৭.৩ মিটার পাওয়া গেছে। যা প্রাক্কলনের সাথে মিল পাওয়া যায়। ব্রিজটির সাটারিং ভাল দেখা গেছে। ব্রিজ পেভমেন্টের পানি নিষ্কাশনের জন্য ছিদ্র রাখা হয়েছে।

খ) রমজানবাগ হতে চরমুসুরা সড়কের ৫৫৪০ মিটার চেইনেজে ২০ মিটার আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ:



চিত্র: প্রকল্পের আওতায় নির্মিত ২০ মিটার আরসিসি গার্ডার ব্রিজ।

প্রকল্পটির আওতায় রমজানবাগ হতে চরমুসুরা সড়কের ৫৫৪০ মিটার চেইনেজে ২০ মিটার আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণে আরডিপিপিতে ১৩৯.৭২ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। এর বিপরীতে ১৪৭.৭৯ লক্ষ টাকা চুক্তি মূল্যে ১১.০৮.১৭ তারিখ Notification of Award প্রদান করা হয়। ব্রিজটির নির্মাণ কাজ শেষ হয় ৩০.০৫.২০১৯ তারিখে। ব্রিজের দৈর্ঘ্য ফিতা দিয়ে মেপে ২০ মিটার পাওয়া গেছে। ব্রিজের ক্যারিজওয়ের প্রশস্ততা মেপে ৫.৫

মিটার পাওয়া গেছে। দু'পাশে ০.৯ মিটার ফুটপাতসহ ব্রিজের প্রশস্ততা ৭.৩ মিটার পাওয়া গেছে। যা প্রাক্কলনের সাথে মিল পাওয়া যায়। ব্রিজটির সাটারিং ভাল দেখা গেছে। ব্রিজ পেভমেন্টের পানি নিষ্কাশনের জন্য ছিদ্র রাখা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, প্রতিরোধক হিসেবে যে ব্লক ব্যবহার করা হয়েছে তার সারি সারির মাঝে ফাক থাকার কারণে বর্ষা মৌসুমে তা ভেংগে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

গ) মুন্সিরহাট আরএন্ডএইচডি চৌধুলিয়া জিসি হতে ভাবেরচর সড়কের ১৫৩৩ মিটার চেইনেজে ২২ মিটার আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ:



চিত্র: নির্মিত ২২ মিটার আরসিসি গার্ডার ব্রিজ।



চিত্র: ব্রিজের এ্যপ্রোচে নিম্ন মানের ব্লক ব্যবহার।

প্রকল্পটির আওতায় মুন্সিরহাট আরএন্ডএইচডি চৌধুলিয়া জিসি হতে ভাবেরচর সড়কের ১৫৩৩ মিটার চেইনেজে ২২.০০ মিটার আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণে আরডিপিপিতে ১৪১.৩৮ লক্ষ টাকা সংস্থান রাখা হয়। এর বিপরীতে ১৫৫.৩২ লক্ষ টাকা চুক্তিমূল্যে (৯% বৃদ্ধি) ২৩.০৫.২০১৮ তারিখ Notification of Award প্রদান করা হয়। ব্রিজটির নির্মাণ কাজ শেষ হয় ১৯.০৬.২০১৯ তারিখে। ব্রিজের দৈর্ঘ্য ফিতা দিয়ে মেপে ২২.০০ মিটার পাওয়া গেছে। ব্রিজের ক্যারিজওয়ের প্রশস্ততা মেপে ৫.৫ মিটার পাওয়া গেছে। দু'পাশে ০.৯ মিটার ফুটপাত সহ ব্রিজের প্রশস্ততা ৭.৩ মিটার পাওয়া গেছে। যা প্রাক্কলনের সাথে মিল পাওয়া যায়। ব্রিজটির সাটারিং ভাল দেখা গেছে। ব্রিজ পেইভমেন্টের পানি নিষ্কাশনের জন্য ছিদ্র রাখা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, প্রতিরোধক হিসেবে ব্রিজের দক্ষিণ পার্শ্বে যে ব্লক ব্যবহার করা হয়েছে তার সারি সারির মাঝে ফাক থাকার কারণে বর্ষা মৌসুমে তা ভেংগে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

ঘ) **চরপাতলিয়া জিপিএস পাইকারপাড় মুন্সিবান রোড (চেইনেজ ০০-২৫০ মিটার) উন্নয়ন:** বর্ণিত প্রকল্পের আওতায় MUN/GAZ/2018/VRB/RD-24 নং প্যাকেজটি ১৭.৭৯ লক্ষ টাকায় চুক্তিমূল্যে ১৭-০৫-২০১৮ইং তারিখে কার্যাদেশ দেওয়া হয়। কিন্তু অনুমোদিত এই অংঙ্গের কাজ একই সংস্থার অন্য প্রকল্প হতে বাস্তবায়ন করা হলেও আলোচ্য প্রকল্প হতে ক্রয়চুক্তির পর তা বাতিল করা হয়েছে ।

১৩. **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:** প্রকল্পটি ৩টি অর্থ-বছরে Internal অডিট করা হয়েছে, যার আপত্তি না থাকলেও প্রকল্প সমাপ্তির পূর্বে External অডিট করা হয়নি।

১৪. **যানবাহন ক্রয় ও জনবল সংক্রান্ত তথ্য:**

প্রকল্পের আওতায় যানবাহন বাবদ কোন ক্রয় সংক্রান্ত সংস্থান ছিলো না। তবে পেট্রোল ও লুব্রিকেট বাবদ ৫.০০ (পাঁচ লক্ষ) টাকা সংস্থান ছিলো। এ প্রকল্পের আওতায় অতিরিক্ত কোন জনবলের সংস্থান নেই।

১৫। **বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদি:**

(লক্ষ টাকায়)

অর্থ-বছর	আরডিপিপি'র সংস্থান			সংশোধিত এডিপি বরাদ্দ			অর্থছাড় (জিওবি)	ব্যয়			সমর্পণকৃত অর্থ (জিওবি)
	মোট	টাকা	প্র:সা:	মোট	টাকা	প্র:সা:		মোট	টাকা	প্র:সা:	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)
২০১৬-২০১৭	২০০.০০	২০০.০০	-	২০০.০০	২০০.০	-	২০০.০	২০০.০	২০০.০	-	
২০১৭-২০১৮	২৩৫৫.৩	২৩৫৫.৩		১৮৩৮.০	১৮৩৮.	-	১৮৩৮.০০	১৮৩৭.৯৯	১৮৩৭.৯৯	-	
২০১৮-২০১৯	২৩৫০.৭	২৩৫০.৭		২৫১০.০	২১১০.০	-	২৫১০.০০	২০৭৫.০০	২০৭৫.০০	-	
২০১৯-২০	০০.০	০০.০		২৮২.২৮	২৮২.২	-	২৮২.২৮	২৪০.৪৪	২৪০.৪৪	-	
মোট:	**৪৯০৬.০**	**৪৯০৬.০**		**৪৮৩০.২**	**৪৮৩০.**		**৪৮৩০.২৮**	**৪৩৫৩.৪৩**	**৪৩৫৩.৪৩**		

তথ্যসূত্র: পিসিআর

১৬। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
আমিনুর রশীদ চৌধুরী	নির্বাহী প্রকৌশলী এলজিইডি, সদর দপ্তর ঢাকা।	জুলাই ২০১৬ হতে জুন, ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।	নিয়মিত	না	-

১৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল
(ক)	মুন্সিগঞ্জ জেলার সদর ও গজারিয়া উপজেলার উপজেলা, ইউনিয়ন ও গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালন;	সদর ও গজারিয়া উপজেলার সড়ক যোগাযোগ ব্যবস্থার এবং কৃষি উৎপাদন বৃদ্ধি সহায়তা প্রদান, পরিবহন ব্যয় ও সময় হ্রাস, কৃষি এবং অ-কৃষি পণ্য বাজারজাতকরণ ব্যবস্থা সহজীকরণ, স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্প এলাকার অবকাঠামোগত সেবা সুবিধাদির উন্নয়নসহ পরিবেশের টেকসই উন্নতি
(খ)	গ্রামীণ জনগণেরর জন্য গ্রাম, বাজার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা-প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানে যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে জীবন	

	যাত্রার মানোন্নয়ন; এবং	সাধিত হয়েছে। তবে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তব কাজ শতভাগ না হওয়ায় প্রকল্পের উদ্দেশ্য অর্জন কিছুটা ব্যাহত হয়েছে।
(গ)	স্বল্প ও দীর্ঘ মেয়াদি কর্মসংস্থান সৃষ্টি।	

১৮। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** অনুমোদিত অংগসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে **উপজেলা সড়ক** ১.৬৩ কি:মি: ইউনিয়ন সড়ক ১.০০ কিলোমিটার ও গ্রামীণ সড়ক ৩.৪৮ কিলোমিটার এবং ব্রিজ ৩.০০ মিটার কম বাস্তবায়ন (১৬%) করায় প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

১৯। **সুপারিশ:**

ক) সরেজমিনে পরিদর্শনকালে প্রাপ্ত আর্থিক অগ্রগতির সাথে পিসিআর-এ ব্যয় সংক্রান্ত তথ্যের অসামঞ্জস্যতা থাকা, ক্রয়বিধি অনুসরণ না করে অনুমোদিত সংস্থানের অতিরিক্ত মূল্যে ক্রয়চুক্তি সম্পন্ন ও অর্থ ব্যয় করা, প্রকল্পটি External অডিট সম্পন্ন না করা, ত্রুটিপূর্ণ পিসিআর প্রেরণ করা হয়েছে। এসকল বিষয়ে আরোও যত্নবান হতে হবে ;

খ) প্রকল্পের আওতায় ০৬টি অংগের কাজ শতভাগ বাস্তবায়ন না হওয়ায় অবশিষ্ট কাজসমূহের অন্য কোন প্রকল্প হতে বাস্তবায়ন না করা হলে তার সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করতে হবে এবং অন্য প্রকল্প হতে গ্রহণ করা হলে বর্তমান অবস্থাসহ বিস্তারিত তথ্যাদি আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে;

গ) পরিদর্শন পর্যবেক্ষণে সড়ক ও ব্রিজের যে সকল ত্রুটি-বিচ্যুতি উল্লেখ করা হয়েছে তা জরুরিভিত্তিতে মেরামতের ব্যবস্থা করতে হবে;

ঘ) ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে অস্বাভাবিক হারে Cost over-run এবং Time over-run না হয় সে বিষয়ে কার্যকরী পরিকল্পনা গ্রহণ করতে হবে;

ঙ) বাস্তবায়িত প্রকল্প এলাকায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বৃহদাকারের কয়েকটি প্রকল্পের কার্যক্রম চলমান থাকা অবস্থায় এ ধরনের ক্ষুদ্র পরিসরের প্রকল্প গ্রহণ করা সমীচীন হয়নি। এ বিষয়টি বিবেচনায় নিয়ে ভবিষ্যতে এ ধরনের ক্ষুদ্র পরিসরের প্রকল্প গ্রহণের বিষয়টি পরিহার করতে হবে; এবং

কোষ্টাল ক্লাইমেট রেজিলিয়েন্ট ইনফ্রাষ্ট্রাকচার প্রজেক্ট শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: **জুন, ২০২০)**

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১। প্রকল্পের নাম : কোষ্টাল ক্লাইমেট রেজিলিয়েন্ট ইনফ্রাষ্ট্রাকচার প্রজেক্ট।

২। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ।

৩। প্রকল্পের ধরন : বিনিয়োগ।

৪। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকার (জিওবি), এডিবি, ইফাদ ও কেএফডব্লিউ।

৫। প্রকল্প পরিচালকের নাম : এ.কে.এম লুৎফর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি।

৬। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা
ঢাকা, বরিশাল, খুলনা	বরিশাল, পটুয়াখালী, রবগুনা, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, খুলনা বাগেরহাট, সাতক্ষীরা, মাদারীপুর, শরীয়তপুর ও গোপালগঞ্জ জেলা।	ঢাকা, বরিশাল ও খুলনা বিভাগের অমর্ত্মগত বরিশাল, পটুয়াখালী, রবগুনা, ভোলা,পিরোজপুর, ঝালকাঠি, খুলনা বাগেরহাট, সাতক্ষীরা, মাদারীপুর, শরীয়তপুর ও গোপালগঞ্জ জেলার অমত্মর্গত সকল উপজেলা (৮৩টি উপজেলা)।

৭। প্রকল্প অনুমোদন:

ডিপিপি	অনুমোদনের তারিখ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
মূল	১৫ জানুয়ারী’ ২০১৩	মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সংশোধিত	১৯ নভেম্বর’২০১৮	

৮। প্রকল্পের ব্যয়:

(লক্ষ টাকা)

প্রাক্কালিত ব্যয়	মোট	টাকা	প্রকল্প সাহায্য	হ্রাস/বৃদ্ধির হার
মূল	১,২৩,০০০.০০	২৫৫৮৪.০০	৯৭৪১৬.০০	০.৭৬%
সংশোধিত	১২৯৮৮৪.৭৩	৩৯,৫২৪.০৯	৯০৩৬০.৬৪	৪০.৯৩%
প্রকৃত ব্যয়	১২৩৯৩২.৪২	৩৬,০৫৪.৬৯	৮৭,৮৭৭.৭৩	

তথ্য সূত্র: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

৯। বাস্তবায়নকাল:

ডিপিপি	বাস্তবায়নকাল	মেয়াদ হ্রাস/বৃদ্ধির হার
মূল	জানুয়ারি ২০১৩ হতে ৩১ ডিসেম্বর ২০১৮	+২৫%
সংশোধিত	জানুয়ারি ২০১৩ হতে ৩০ ডিসেম্বর ২০১৯	
প্রকৃত বাস্তবায়নকাল	জানুয়ারি ২০১৩ হতে ৩০ জুন ২০২০	

তথ্য সূত্র: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

১০। প্রকল্পের উদ্দেশ্য:

(ক) উপজেলা সড়ক , ইউনিয়ন সড়ক এবং গ্রামীণ সড়ক , নিষ্কাশন অবকাঠামো (ব্রিজ/কালভার্ট), গ্রোথ সেন্টার এবং গ্রামীণ হাট বাজার উন্নয়নের মাধ্যমে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং বাজার সুবিধা বৃদ্ধিকরণ, যাতে অবাধে প্রান্তিক উৎপাদনকারী এবং দরিদ্র জনগোষ্ঠি বাজার সুবিধা ব্যবহার করে তাদের আয় বৃদ্ধি করতে পারে;

(খ) বর্তমান এবং ভবিষ্যতের জলবায়ুর পরিবর্তন জনিত ক্ষতির প্রভাব বিবেচনায় নিয়ে জলবায়ু প্রভাব রোধক (Climate Resilient)মানে গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রাকৃতিক দূর্যোগকালে অবকঠামো সমূহের বর্ধিত নিরাপত্তা বিধান করা;

(গ) অবাধে যাতায়াতযোগ্য এবং পর্যাপ্ত সুবিধা সম্পন্ন বর্ধিত সংখ্যক আশ্রয়কেন্দ্র নির্মাণের মাধ্যমে দূর্যোগকালে জনসাধারণের নিরাপত্তা বিধান করে তাদের জলবায়ু প্রভাব মোকাবিলার সক্ষমতা বৃদ্ধি করা;

(ঘ) এলজিইডি, স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য অংশীদারদের বিভিন্ন প্রশিক্ষণ বিশেষ করে জলবায়ু সহনীয় গ্রামীণ অবকাঠামোর ডিজাইন প্রণয়ন , বাস্তবায়ন এবং রক্ষণাবেক্ষণের উপর যথাযথ প্রশিক্ষণ প্রদানসহ লব্দ জ্ঞানভান্ডার ব্যবস্থাপনার মাধ্যমে ঐ সকল প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;

(ঙ) প্রকল্পের বিভিন্ন অঙ্গের কর্মকান্ড বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধিকরণ;

১১। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
(খ) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন (পিসিআর) পর্যালোচনা;
(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;
(ঘ) সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে কাজের গুণগতমান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহ;
(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা;
(চ) প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং
(ছ) প্রকল্পের উপকারভোগীদের মতামত গ্রহণ।

১২। প্রকল্পের পটভূমি:

পল্লী অবকাঠামো উন্নয়নের ফলে গ্রামীণ অর্থনৈতিক অবস্থার উন্নয়ন ঘটে। কিন্তু দুর্যোগ প্রবণ উপকূলীয় অঞ্চলের অবকাঠামোগুলি সর্বদাই ঝুকির সম্মুখীন। এ প্রেক্ষিতে পল্লী জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন, দারিদ্র বিমোচন তথা অর্থনৈতিক সমৃদ্ধির জন্য গ্রামীণ অবকাঠামোগুলি দুর্যোগ সহনভাবে নির্মাণ করা আবশ্যক। দূর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ অবকাঠামো মেরামত/ পুনর্বাসন ব্যয় বহুল বিধায় বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের জন্য এ জাতীয় ব্যয় বহন করা কষ্টসাধ্য হয়। তাছাড়া, দুর্যোগের সময় জীবন ও সম্পদের নিরাপত্তা বৃদ্ধি কল্পে অবাধে যোগাযোগ উপযোগী এবং প্রয়োজনীয় সুযোগ সুবিধা সম্বলিত আশ্রয় কেন্দ্র নির্মাণ/ উন্নয়ন করার প্রয়োজনীয়তা রয়েছে। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে উন্নয়ন সহযোগী সংস্থা এডিবি এবং কেএফডব্লিউ এর সহায়তা প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা পরিচালিত হয়। সমীক্ষার প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে এশীয় উন্নয়ন ব্যাংক, Strategic Climate Fund (SCF) ইফাদ এবং কেএফডব্লিউ যৌথভাবে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের উপকূলবর্তী ১২টি জেলায় জলবায়ুসহন অবকাঠামো উন্নয়েনর লক্ষ্যে বিনিয়োগ সম্মত হয়। এ প্রেক্ষিতে “কোস্টাল ক্লাইমেট রেজিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে।

১৩। প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধির কারণ:

প্রকল্পের কিছু কাজের শেষ পর্যায়ের কার্পেটিং বাকী ছিলো। কিন্তু ঘূর্ণিঝড় বুলবুলের কারণে WBM মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে যা সংশোধন করে পুনরায় কার্পেটিং এর প্রস্তুতি গ্রহণ করতে এবং কিছু কিছু অসমাপ্ত ব্রিজের এ্যাপ্রোচ উক্ত ঘূর্ণিঝড়ে Wash Out হয়েছে যা পুন:নির্মাণ করতে বাড়তি সময়ের প্রয়োজন হয়। এছাড়া ২য় ও ৩য় কিস্তি জিওবি তহবিল ছাড়তে বিলম্ব হয়েছে বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়।

১৪। অর্থবছর ভিত্তিক প্রকল্প দলিল অনুযায়ী (ক) আর্থিক লক্ষ্যমাত্রা;(খ) এডিপি বরাদ্দ ও (গ) ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আর্থিক লক্ষ্যমাত্রা	এডিপি বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১২-২০১৩	১৬২.০০	১৬২.০০	১৫৮.৫৩
২০১৩-২০১৪	৪,৬৫০.০০	৪,৬৫০.০০	৩,৬৮৭.৮৪
২০১৪-২০১৫	১৩,৫০০.০০	১৩,৫০০.০০	১২,৮৮৮.১৩
২০১৫-২০১৬	২১,০০০.০০	২১,০০০.০০	২০,০৪৬.১৫
২০১৬-২০১৭	২৯,৫০০.০০	২৯,৫০০.০০	২৩,৩৫৭.৪৫
২০১৭-২০১৮	২৪,৪১৯.০০	২৪,৪১৯.০০	২৪,৬৪১.১৩
২০১৮-২০১৯	১৯,০৭৬.৬০	১৯,০০০.০০	২১,৭৫৩.১৭
২০১৯-২০২০	১৬,৭৬২.৪৩	১৫,৫৫৫.০০	১৭,২০২.৪৬
সর্বমোট-	১২৯,৮৮৪.৭৩	১২৭,৭৮৬.০০	১২৩,৮৩৪.৮৬

১৫। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহ ও বিবরণ:

ক) উপজেলা সড়ক উন্নয়ন : ১৫৯.১৭ কি.মি.
খ) উপজেলা সড়কে সেতু/ কালভার্ট নির্মাণ : ১৩৫১.২০ মি.
গ) ইউনিয়ন সড়ক উন্নয়ন : ১৭৮ কি.মি.
ঘ) গ্রামীণ সড়ক উন্নয়ন : ৩৭৩.৫৪ কি.মি.
ঙ) ইউনিয়ন ও গ্রাম সড়কে বড় সেতু নির্মাণ : ১৩৫ মি.
চ) কালভার্ট নির্মাণ : ৩৯৩৭.৯২ মি.
ছ) পানি নিষ্কাশন কাঠামো : ২৩.৭৩ কি.মি.
জ) ভূমি অধিগ্রহণ : ১২.১০ একর

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য

১৬। অঙ্গভিত্তিক অগ্রগতি:

ক্র: নং	কোড / সাব কোড বর্ণনা	অংগভিত্তিক কাজের বিবরণ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
				আর্থিক (লক্ষ টাকায়)	বাস্তব	আর্থিক (লক্ষ টাকায়)	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	৩১১১১০১	মূল বেতন (অফিসার)	ম্যান মাস	৫৮৯.০৭	২৪৪৮ ম্যান মাস	৫৪৪.১৬	২৪৪৮ ম্যান মাস
২	৩১১১২০১	মূল বেতন (কর্মচারী)	ম্যান মাস	৫৯৭.১৯	৮৬৪ ম্যান মাস	৫৫৩.১০	৮৬৪ ম্যান মাস
২৫.০ মতামত/সুপারিশ:

(ক) প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তির প্রতিবেদন (পিসিআর) প্রেরণের সুনির্দিষ্ট নিয়ম থাকলেও আলোচ্য প্রকল্পের সমাপ্তির প্রতিবেদন (পিসিআর) প্রকল্প সমাপ্তির প্রায় ২৪ মাস পর প্রেরণ করা হয়েছে। পিসিআর প্রেরণে নির্ধারিত নিয়মের ব্যাত্যয় করে এত দীর্ঘ বিলম্বের কারণ স্থানীয় সরকার বিভাগ খতিয়ে দেখে আগামী ১৫ নভেম্বর, ২০২২ এর মধ্যে আহএমইডিকে অবহিত করবে।

(খ) প্রকল্পের আওতায় অব্যয়িত ১.৫৩ কোটি টাকা প্রকল্প সমাপ্তির প্রায় দেড় বছর (১.৫ বছর) পর সরকারী কোষাগারে জমা দেয়া হয় যা আর্থিক শৃংখলার পরিপন্থী। বিষয়টি স্থানীয় সরকার বিভাগ খতিয়ে দেখে আইএমইডিকে অবহিত করবে।

(গ) প্রকল্পের প্রায় সকল কার্যক্রম সম্পন্ন হলেও প্রকল্পের L.A Case: 07/2016-17, Tender Package No. WR-19. শীর্ষক রাজশাহী নগরের বেলদারপাড়া হতে ঘোরহাংগা মসজিদ দিয়ে সেরিকালচার পর্যন্ত প্রাইমারী ড্রেইনেজের এক পাড়ে রেলিং ও সংযুক্ত সড়ক নির্মাণের কার্যক্রম যথাসময়ে প্রকল্পের বরাদ্দ অবমুক্ত না হওয়ায় বাস্তবায়ন করা সম্ভব হয়নি । এ প্রেক্ষিতে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় প্রকল্পের নির্ধারিত বরাদ্দের অর্থ যথাসময়ে অবমুক্তির জন্য মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) রাজশাহী নগরের জলাবদ্ধতা সম্পূর্ণভাবে দূরীকরণের জন্য বেলদারপাড়া হতে ঘোরহাংগা মসজিদ দিয়ে সেরিকালচার পর্যন্ত প্রাইমারী ড্রেইনেজের এক পাড়ে রেলিং ও সংযুক্ত সড়ক নির্মাণের কার্যক্রম গুরুত্বপূর্ণ বিধায় অসম্পূর্ণ এ কাজ রাসিকের (রাজশাহী সিটি কর্পোরেশন) রাজস্ব বাজেটের আওতায় নির্মাণ করা যেতে পারে।

(ঙ) প্রকল্পের আওতায় রাজশাহীর মাস্টার পাড়া মহল্লায় মজবুত টারসিয়ারী ডেইনেজ নির্মাণ করা হলেও ভরাট হয়ে যাওয়া একটি পুরোনো সেকেন্ডারী ড্রেইনেজের কারণে জলাবদ্ধতা পরিলক্ষিত হয়েছে। রাসিকের কনজার্ভেন্সী বিভাগ আরও তৎপর ও উদ্যোগী হলে সত্বর এ সমস্যার সমাধান করা যেতে পারে।

২৬.০ এ প্রতিবেদনের অনুচ্ছেদ ২৩.০ ও ২৫.০ এ বর্ণিত পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে গৃহীত পদক্ষেপ বিষয়ে আগামী ১৫ নভেম্বর, ২০২২ এর মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

রাজশাহী মহানগরীর রাজশাহী-নওগাঁ সড়ক হতে মোহনপুর রাজশাহী-নাটোর সড়ক পর্যন্ত পূর্ব-পশ্চিম সংযোগ সড়ক নির্মাণ (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০২০)

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১। প্রকল্পের নাম : রাজশাহী মহানগরীর রাজশাহী-নওগাঁ সড়ক হতে মোহনপুর রাজশাহী-নাটোর সড়ক পর্যন্ত পূর্ব-পশ্চিম সংযোগ সড়ক নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প।

২। বাস্তবায়নকারী সংস্থা : রাজশাহী সিটি কর্পোরেশন ।

৩। প্রকল্পের ধরন : বিনিয়োগ।

৪। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকার (জিওবি) এবং রাজশাহী সিটি কর্পোরেশন।

৫। উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়/ স্থানীয় সরকার বিভাগ।

৬। প্রকল্প পরিচালকের নাম : মুঃ গোলাম মুর্শেদ, নির্বাহী প্রকৌশলী।

৭। প্রকল্প এলাকা : রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা।

৮। প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদনকারী কর্তৃপক্ষ: (লক্ষ টাকায়)

ডিপিপি/আরডিপিপি	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়নকাল	অনুমোদনকারী কতৃপক্ষ ও তারিখ
	মোট	জিওবি	রাসিক নিজস্ব		
মূল	১২২৯১.২১	১১৭৯১.২১	৫০০.০০	জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৩	একনেক (২০-১২-২০১১)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	১২২৯১.২১	১১৭৯১.২১	৫০০.০০	জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৫	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য় বার)	১২২৯১.২১	১১৭৯১.২১	৫০০.০০	জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৭	-
১ম সংশোধিত	১৮২৬৮.১৯	১৭৩৫৯.১৯	৯০৯.০০	জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৮	একনেক (২৯-০৮-২০১৭)
২য় সংশোধিত	১৮৯৩৪.৫৯	১৭৯৯২.৪৮	৯৪২.১১	জানুয়ারি ২০১২ হতে জুন ২০২০	মাননীয় পরিকল্পনা মন্ত্রী (০৬-০২-২০২০)

৯। প্রকল্পের উদ্দেশ্য:

ক) ক্রমবর্ধিষ্ণু যাতায়াত ও যানবাহন পরিস্থিতির প্রেক্ষাপটে রাজশাহী মহানগর এলাকা শক্তিশালী ও কার্যকর যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা;

খ) জাতীয় ও আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থার সাথে রাজশাহী মহানগরীর যোগাযোগ ব্যবস্থার সহজতর সংযোগ স্থাপনের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নতিসাধনের পাশাপাশি রাজশাহী নগর-দারিদ্র বিমোচনে সহায়ক সুযোগ সৃষ্টি করা।

১০। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;

(খ) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন (পিসিআর) পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে কাজের গুণগতমান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহ;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা;

(চ) প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং

(ছ) প্রকল্পের উপকারভোগীদের মতামত গ্রহণ।

১১। প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধির কারণ :

১১.১ প্রকল্পের মূল ডিপিপি'র ১ম সংশোধনের কারণ :

(ক) ভূমি অধিগ্রহণে ভূমির প্রকৃত পরিমাণ ৪২.০৩ একরের পরিবর্তে ৪২.৪০২ একরে বৃদ্ধি এবং কাঠামোর পরিমাণ ২১৬৮১.৪৮ ব.মি. এর পরিবর্তে ১৪৩০৬.২৪ ব.মি.-এ হ্রাস পেয়েছে।

(খ) ভূমি অধিগ্রহণে অস্বাভাবিক বিলম্বের প্রেক্ষাপটে ভূমি অধিগ্রহণে ভূমির ক্ষতিপূরণ ব্যয় ৫৫০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৬৮৫২.৪৮ লক্ষ টাকায় বৃদ্ধি এবং কাঠামোর ক্ষতিপূরণ ব্যয় ২২০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ১৮০৬.১৬ লক্ষ টাকায় হ্রাস পেয়েছে।

(গ) ভৌত নির্মাণ কাজের দরপত্র আহবান করার সময় রেট সিডিউল অনুযায়ী প্রণীত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় ডিপিপি প্রণয়নকালীন সময়ে রেট সিডিউল অনুযায়ী প্রণীত প্রাক্কলনের তুলনায় ব্যয় বৃদ্ধি পেয়েছে। সে প্রেক্ষিতে ভৌত নির্মাণ অঙ্গসমূহে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় অনুমোদিত বরাদ্দের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

(ঘ) দরপত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের তুলনায় ঠিকাদারী প্রতিষ্ঠানের আর্থিক প্রস্তাব উর্দ্ধদর গৃহীত হয়েছে।

(ঙ) ফ্লাইওভার নির্মাণে ডিজাইন প্রণয়ন ও তদরকীতে ২৪ মাস ব্যাপী পরামর্শক সেবা অঙ্গ নতুন আইটেম হিসেবে অন্তর্ভূক্তকরণ।

(চ) ১০০০.০০ মিটার প্রতিরক্ষামূলক ওয়াল নির্মাণ অঙ্গ নতুন আইটেম হিসেবে অন্তর্ভূক্তকরণ।

(ছ) জটিল নির্মাণ হওয়ায় ফ্লাইওভার নির্মাণ কাজ বাস্তবায়নে অধিক সময়ের প্রয়োজন হবে। সে প্রেক্ষিতে ফ্লাইওভার নির্মাণসহ প্রকল্পের আওতায় অবাস্তবায়িত অঙ্গসমূহের উপযুক্ত বাস্তবায়নে মেয়াদ ৩য় বার ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বৃদ্ধিকরণ। উচ্চ আদালতে ভূমি অধিগ্রহণের বিরুদ্ধে মামলা জনিতকারণে ভূমি অধিগ্রহণে অস্বাভাবিক বিলম্ব হওয়ায় ইতিপূর্বে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ডিসেম্বর, ২০১৭ বৃদ্ধি করা হয়।

১১.২ ১ম সংশোধিত ডিপিপি ২য় বার সংশোধনের কারণ :

(ক) ভূমি অধিগ্রহণে ভূমির প্রকৃত পরিমাণ ০.২০৮১ একর বৃদ্ধি পেয়েছে।

(খ) বিভাগীয় হস্তান্তরতব্য ১.১৩১৯ একর ভূমি সংযোগ সড়ক নির্মাণার্থে কৃষি মন্ত্রণালয় হতে হস্তান্তরের অনুমতি পেতে অস্বাভাবিক বিলম্ব হয়েছে। বিধিমতে বিভাগীয় হস্তান্তরে বর্তমান রেজিষ্ট্রিমূল্য এবং সরকারের সর্বশেষ ক্ষতিপূরণ প্রদানের রেট অনুযায়ী ভূমি ও কাঠামোর ক্ষতিপূরণ ব্যয় নির্ধারণ করায় অধিগ্রহণ ব্যয় বৃদ্ধি পেয়েছে। আপিল মামলা গত ১৬.০৭.২০১৮ ইং তারিখে খারিজ হয়। কৃষি মন্ত্রণালয় হতে বিগত ২৭.০৬.২০১৯ ইং তারিখে বিভাগীয় হস্তান্তরতব্য ভূমি হস্তান্তরের অনাপত্তি প্রদান করা হয়।

(গ) ভৌত নির্মাণ অঙ্গের দরপত্রে ৭.১৯৮৬% উর্দ্বদর পাওয়ায় এবং কয়েকটি অঙ্গের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় ব্যয় বৃদ্ধি পাচ্ছে।

(ঘ) জনসাধারণের নিরাপদ চলাচলে সম্পূর্ণ সংযোগ সড়কের দুই পাশে ফুটপাত নির্মাণের প্রেক্ষিতে দৈর্ঘ্য ৬.৮২৬ কি:মি: এর পরিবর্তে ১৩.৫০৯ কি:মি: হচ্ছে। ফলে পরিমাণ ৬.৬৮৩ কি:মি: বৃদ্ধি পেয়েছে। পরিমাণ বৃদ্ধি পাওয়ায় ব্যয় ৪১৭.৬৩ লক্ষটাকা বৃদ্ধি পেয়েছে।

(ঙ) জাতীয় সঞ্চালন লাইনের ২টি টাওয়ার নতুনভাবে নির্মাণ, উঁচুকরণ ও সঞ্চালন লাইন স্থানান্তর ব্যয় বৃদ্ধি পাওয়ায় বৈদ্যুতিক পোল স্থানান্তর অঙ্গে ব্যয় ২০২.০০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে।

(চ) রাত্রিকালীন সময়ে জনসাধারণের নিরাপদে চলাচলে সম্পূর্ণ সড়কে বিদ্যুৎ সাশ্রয়ী আধুনিক এলইডি বাতি সংযোজনের প্রেক্ষিতে সড়ক আলোকায়ন অঙ্গে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

(ছ) বাস্তবতার পরিপ্রেক্ষিতে প্রকৃত পরিমাপ অনুযায়ী ভৌত নির্মাণ অঙ্গসমূহের পরিমাণ হ্রাস/বৃদ্ধি পেয়েছে।

(জ) প্রকল্পের সমূদয় অঙ্গের কাজ বর্তমানে মেয়াদে সম্পন্ন করা সম্ভবপর হবে না। সে প্রেক্ষিতে ফ্লাইওয়ার নির্মাণসহ প্রকল্পের আওতায় অবাস্তবায়িত অঙ্গসমূহের যথাপোযুক্তভাবে বাস্তবায়নে বর্তমান মেয়াদ জুন, ২০২০ পর্যন্ত বৃদ্ধিকরণ। প্রকল্পের সমূদয় অঙ্গের কাজ সম্পন্ন না হওয়ায় ইতিপূর্বে সংশোধিত মেয়াদ ৩য় বার ডিসেম্বর, ২০১৯ পর্যমন্ত বৃদ্ধি করা হয়।

১২। প্রকল্পের পটভূমি :

দেশের ৫.৯৩% হারে প্রবৃদ্ধির প্রেক্ষিতে ক্রমবিকাশমান ধারায় রাজশাহী নগরী বর্তমানে দেশের অন্যতম মহানগরী হিসাবে পরিগণিত হয়েছে -যার আয়তন প্রায় ৯৩.০০ বর্গ কিলোমিটার ও জনসংখ্যা প্রায় ০.৭৫ মিলিয়ন। সম্প্রতি জাতীয় উন্নয়ন নীতিমালা, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং যমুনা নদীতে বঙ্গবন্ধু সেতু চালু হওয়ার এতদাঞ্চলে যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তনের প্রেক্ষাপটে বিভাগীয়

শহর রাজশাহী'র গুরুত্ব বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। দ্রুত নগরায়ানের সাথে সাথে মহানগরীর জনসংখ্যার অস্বাভাবিক বৃদ্ধির ফলে অত্যাবশ্যকীয় চাহিদার বিপরীতে সম্পদ প্রবাহের ব্যাপক পার্থক্যের প্রেক্ষাপটে নগর সেবা প্রদান ও ব্যবস্থাপনায় দুঃসহ প্রকোপ বৃদ্ধি পেয়েছে। অপরদিকে অবকাঠামোগত নির্মাণ / উন্নয়ন না হওয়ায় এবং দক্ষ ব্যবস্থাপনা না থাকায় বর্তমানে বর্ধিত জনসংখ্যার নাগরিকগণের মাঝে নগর সেবা বিতরণ করা সম্ভবপর হচ্ছে না। বর্দ্ধিত জনসাধারণের চাহিদার প্রেক্ষিতে মহানগরীতে চলাচলের যানবাহনের সংখ্যা অনেকগুণ বৃদ্ধি পেয়েছে। বর্দ্ধিত যানবাহনের সংখ্যা বৃদ্ধির হার বিবেচনায় নগরীর সড়ক বিন্যাস ঢেলে সাজানো একান্ত প্রয়োজন। রাজশাহী মহানগরীর প্রবেশমুখী ৩টি জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং ২টি সংযোগ সড়ক ব্যতিত বিদ্যমান সড়কগুলো অত্যন্ত সরু। অপরদিকে, বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে কার্যকর সংযোগ সড়ক নির্মাণ ছাড়াই রাজশাহী মহানগরীর উত্তরাভিমুখী সম্প্রসারণ ঘটছে। এমতাবস্থায়, নগরীর উত্তর দিকে রাজশাহী-নওগাঁ সড়কের সাথে রাজশাহী-নাটোর সড়কের কার্যকর সংযোগের মাধ্যমে মহানগরীর সড়ক নেটওয়ার্ক উন্নয়নের পাশাপাশি সুদূর প্রসারী আর্থ-সামাজিক প্রবৃদ্ধির নিমিত্তে 'রাজশাহী মহানগরীর রাজশাহী-নওগাঁ প্রধান সড়ক হতে মোহনপুর রাজশাহী-নাটোর সড়ক পর্যন্ত পূর্ব-পশ্চিম সংযোগ সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

১৩। প্রকল্প বাস্তবায়নে পরিবেশের উপর প্রভাব : প্রকল্পটির আওতায় সংযোগ সড়ক নির্মাণের প্রেক্ষিতে পরিবেশের উপর কোন বিরুপ প্রভাব পরিলক্ষিত হয়নি। প্রকল্পটি বাস্তবায়নে পরিবেশ সংশ্লিষ্ট কোন কাঠামো ক্ষতিগ্রস্থ হয়নি। অপর দিকে ৪ লেন সংযোগ নির্মাণের প্রেক্ষিতে বিস্তৃর্ণ অঞ্চলের পরিবেশ উন্নয়ন হয়েছে।

১৪। অর্থ বছর ভিত্তিক প্রকল্প দলিল অনুযায়ী (ক) আর্থিক লক্ষ্য মাত্রা; (খ) এডিপি বরাদ্দ ও (গ) ব্যয় :

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আর্থিক লক্ষমাত্রা (প্রকল্প দলিল অনুযায়ী)		এডিপি বরাদ্দ		প্রকৃত ব্যয়	
	জিওবি	রাসিক	জিওবি	রাসিক	জিওবি	রাসিক
২০১১-২০১২	১.০০	৫.০০	১.০০	০.০০	০.০০	০.০০
২০১২-২০১৩	২২৫০.০০	৫.০০	২২৫০.০০	৩.০৫	২২৫১.০০	৩.০৫
২০১৩-২০১৪	৪০০০.০০	৫.০০	৪০০০.০০	–	০.৯৮৭৬৬	–
২০১৪-২০১৫	১৫০০.০০	৫.০০	১৫০০.০০	১৬৫.০০	৩৭৯০.৪৮৮২২	১৬৭.৬৪৫
২০১৫-২০১৬	২০০০.০০	৫.০০	২০০০.০০	৭.৬৪৫	২৩৭৯.০৩০৪৫	৫.০০
২০১৬-২০১৭	১৫০০.০০	১০০.০০	১৫০০.০০	৪০.০০	১১২১.৮৫৪৮৬	৩৫.০০
২০১৭-২০১৮	৩০০০.০০	৬১.৮৯	৩০০০.০০	–	১৪৩৩.৫৫৭৩৮	–
২০১৮-২০১৯	১৯৯৯.৯৭	৩০.০০	১৯৯৯.৯৭	০.৬৯৮১৯	২৯০২.০০৩৮২	০.৬৯৮১৯
২০১৯-২০২০	১৭৩৬.৪০	৭২৫.২২	১৭৩৬.৪০	২৮.৪৩০৫০	৪০৬৩.০৩৩৮৫	২৮.৪৩০৫১
সর্বমোট	১৭৯৮৭.৩৭	৯৪২.১১	১৭৯৮৭.৩৭	২৪৫.০০	১৭৯৪২.০০	২৪০.০০

১৫। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহ ও পরিমাপ :

ক্রমিক নং	অঙ্গের বিবরণ	একক	পরিমাপ
১.	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট ক্রয়	লিটার	৪৬০০.০০
২.	পিজোমিটারসহ টোটাল ষ্টেশন ক্রয়	সেট	১
৩.	ফ্লাইওভার নির্মাণে পরামর্শক সেবা	মাস	২৪
৪.	জিপ সরবরাহ	টি	১
৫.	ভূমির ক্ষতিপূরণ	একর	৪২.৬১০১
৬.	কাঠামোর ক্ষতিপূরণ	ব:মি: মি:	১৪৩০৬.২৪ ৩৮৮.০০
৭.	সড়ক ও মহাসড়ক (৪ লেন সড়ক নির্মাণ)	কি:মি:	৬.৭৮৪

ক্রমিক নং	অঙ্গের বিবরণ	একক	পরিমাপ
৮.	সেতু নির্মাণ	মি:	১০.০০
৯.	কালভার্ট নির্মাণ	মি:	২১.০৫
১০.	পানি সরবরাহ লাইন স্থানান্তর	কি:মি:	০.১০
১১.	বৈদ্যুতিক পোল স্থানান্তর	টি	৬৯
১২.	জাতীয় সঞ্চালন লাইনের টাউয়ার পোল স্থানান্তর ও উঁচুকরণ	টি.	২
১৩.	ভূমি উন্নয়ন	ঘ:মি:	৩৩০৬৬৭.৮০
১৪.	প্রতিরক্ষামূলক সেম্নাপ ও গার্ড পোষ্ট নির্মাণ	মি:	২১.০০
১৫.	ফুটপাথ নির্মাণ	কি:মি:	১৩.৫০৯
১৬.	প্রতিরোধমূলক ট্রাফিক কাঠামো নির্মাণ	কি:মি:	১.১৯
১৭.	রোড মার্কিং নির্মাণ	কি:মি:	৩৮.৭৩
১৮.	ট্রাফিক সাইন স্থাপন	টি	৪৬
১৯.	র‍্যামসহ ফ্লাইওভার নির্মাণ	মি:	৩২৪.৫০
২০.	সড়ক বিভক্তিকরণ নির্মাণ	কি:মি:	৬.১৪
২১.	কর্মসক্ষমতা প্রশিক্ষণ	জন	৬
২২.	প্রতিরক্ষামূলক ওয়াল নির্মাণ	মি:	৭৮০.০০
২৩.	টেলিফোনিক পোল স্থানান্তর	টি	৮
২৪.	ট্রাফিক সিগনাল স্থাপন	ক্রসিং	৩
২৫.	মহাসড়কে বাতি স্থাপন	কি:মি:	৬.৭৮

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

১৬। অঙ্গভিত্তিক অগ্রগতি

ক্র: নং	কোড / সাব কোড বর্ণনা	অংগভিত্তিক কাজের বিবরণ	একক	পরিকল্পিত লক্ষমাত্রা			প্রকৃত বাস্তবায়ন		
				আর্থিক		বাস্তব	আর্থিক		বাস্তব
				জিওবি	রাসিক		জিওবি	রাসিক	
১	৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট ক্রয়	লিটার	৩.৭৫	০.৫০	৪৬০০.০০	২.৭৪৬৬	–	৬৮৫০.০০
২	৩২৫৬১০১	পিজোমিটারসহ টোটাল ষ্টেশন ক্রয়	সেট	৮.১০	–	১	৮.১০	–	১
৩	৩২৫৭১০১	ফ্লাইওভার নির্মাণে পরামর্শক সেবা	মাস	৫০.২৬	২.৬৪	২৪	৪৮.০৭	২.৬৪৫	২৪
৪	৪১১২১০১	জিপ সরবরাহ	টি	৫৬.০০	৩.০৫	১	৫৬.০০	৩.০৫	১
	ভূমি অধিগ্রহণ								
৫		ভূমি বাবদ ক্ষতিপূরণ	একর	৬৪৮২.৬৬	৫২৫.৩৬	৪২.৬১০১	৬৪৭৮.০৯	১৪৮.৮২	৪২.৪০
৬		অবকাঠামোগত ক্ষতিপূরণ	ব.মি.	১৭১৫.৮৬	১৫১.৫০	১৪৩০৬.২৪ ব.মি. ৩৮৮.০০মি.	১৭১২.৭৪	৫৬.১৭	১৪৩০৬.২৪ ব.মি. ৩৮৮.০০মি.
	সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন								
৭	৪১১১৩০২	সড়ক ও মহাসড়ক (৪ লেন সড়ক নির্মাণ)	কি:মি:	৩১৬৭.০০	–	৬.৭৮৪	৩১৬৬.৯৯০০১	–	৬.৭৫৭
৮	৪১১১৩০৩	সেতু নির্মাণ	মি:	১০০.০০	–	১০.০০	৯৯.৯৯৯৬৮	–	১০.০০
৯	৪১১১৩০৪	কালভার্ট নির্মাণ	মি:	৩২১.০০	–	২১.০৫	৩২১.০১৯০৭	–	২২.৩০
১০	৪১১১৩০৯	পানি সরবরাহ লাইন স্থানান্তর	কি:মি:	১.০০	০.৫০	০.১০	–	–	–

ক্র: নং	কোড / সাব কোড বর্ণনা	অংগভিত্তিক কাজের বিবরণ	একক	পরিকল্পিত লক্ষমাত্রা			প্রকৃত বাস্তবায়ন		
				আর্থিক		বাস্তব	আর্থিক		বাস্তব
				জিওবি	রাসিক		জিওবি	রাসিক	
১১	৩১১১৩১৩	বৈদ্যুতিক পোল স্থানান্তর	টি	৯.৬০	০.৯০	৬৯	৯.৬০	–	৮০
১২	৩১১১৩১৩	জাতীয় সঞ্চালন লাইনের টাউয়ার পোল স্থানান্তর ও উঁচুকরণ	টি	১৯২.০০	১০.০০	২	১৮৫.৪২৬৬৫	–	–
১৩	৪১১১৩১৭	ভূমি উন্নয়ন	ঘ:মি:	১২৮২.০৮	৫.০০	৩৩০৬৬৭.৮০	১২৫৩.৫৭৪৫২	৩৩.৪৩০৫১	৩৩০৪২৭.৮০
১৪	৪১১১৩১৭	প্রতিরক্ষামূলক স্লোপ ও গার্ড পোষ্ট নির্মাণ	মি:	৯.৯৮	–	২১.০০	৯.৯৭৮২৬	–	২১.০০
১৫	৪১১১৩১৭	ফুটপাত নির্মাণ	কি:মি:	৯৫৭.৩৬	–	১৩.৫০৯	৯৫৬.৯২২৯০	–	১৩.৪০
১৬	৪১১১৩১৭	প্রতিরোধমূলক ট্রাফিক কাঠামো নির্মাণ	কি:মি:	৪৩.৫০	–	১.১৯	৪৩.৪৯৩৫৯	–	১.১৭৯
১৭	৪১১১৩১৭	রোড মার্কিং নির্মাণ	কি:মি:	৫২.২৯	–	৩৮.৭৩	৫২.২৮২৬২	–	৩৮.৭৩
১৮	৪১১১৩১৭	ট্রাফিক সাইন স্থাপন	টি	২৮.৬২	–	৪৬	২৮.৬২	–	৩৯
১৯	৪১১১৩১৭	র‍্যামসহ ফ্লাইওভার নির্মাণ	মি:	২৯৩০.০০	–	৩২৪.৫০	২৯২৮.৬০৭০২	–	৩২৪.৫০
২০	৪১১১৩১৭	সড়ক বিভক্তিকরণ নির্মাণ	কি:মি:	১৪৬.২২	–	৬.১৪	১৪৬.২২০২৮	–	৬.১৩৯
২১	৪১১১৩১৭	কর্মসক্ষমতা প্রশিক্ষণ	জন	২২.৮০	০.৭০	৬	২২.৮০	০.৬৯৮১৯	৬
২২	৪১১১৩১৭	প্রতিরক্ষামূলক ওয়াল নির্মাণ	মি:	১৮৫.৩০	–	৭৮০.০০	১৮৪.৯৩৮৫৩	–	৭৮০.০০
২৩	৪১১২২০৪	টেলিফোনিক পোল স্থানান্তর	টি	১.০০	০.৫০	৮	১.০০	–	১৫

ক্র: নং	কোড / সাব কোড বর্ণনা	অংগভিত্তিক কাজের বিবরণ	একক	পরিকল্পিত লক্ষমাত্রা			প্রকৃত বাস্তবায়ন		
				আর্থিক		বাস্তব	আর্থিক		বাস্তব
				জিওবি	রাসিক		জিওবি	রাসিক	
২৪	৪১১২৩০৩	ট্রাফিক সিগনাল স্থাপন	ক্রসিং	–	৭৫.০০	৩	–	–	–
২৫	৪১১২৩০৩	মহাসড়কে বাতি স্থাপন	কি:মি:	২২৫.৮১	১৬৬.৪৬	৬.৭৮	২২৪.৭৩৪৪৪	–	২.৩৪
সর্বমোট:				১৭৯৯২.১৯	৯৪২.১১		১৭৯৪১.৯৫৪২	২৪৪.৮১৪	

নোট: বাস্তবায়িত প্রকল্পটির মোট ব্যয় ছিলো ১৮৯৩৮.৫৯ লক্ষ টাকা এর মধ্যে জিওবি অংশ ১৭৯৯২.১৯ এবং আরসিসি অংশ ছিল ৯৪২.১১ লক্ষ টাকা। জিওবি অংশে ১৭৯৯২.১৯ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয় ১৭৯৪১.৯৫ লক্ষ টাকা এবং আরসিসি অংশে ৯৪২.১১ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয় ২৪৪.৮১৪ লক্ষ টাকা। উল্লেখ্য যে, জিওবি অংশে অব্যয়িত অর্থের পরিমান ৫০.৫৩ লক্ষ টাকা যার মধ্যে ৪৫.৪১ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে বাকী ৫.১২ লক্ষ টাকার হিসাব দেখানো হয়নি।

১৭। পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য :

ক্রমিক নং	ক্রয়ের বিবরণ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা)		দরপত্রের তথ্য		কাজ সমাপ্তির তারিখ	
		আরডিপিপি বরাদ্দ	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
WP_2	প্রস্তাবিত সংযোগ সড়ক বরাবরে ভূমি উন্নয়ন	৫.০৬৭৮ (সংশোধিত)	৫.০৬৭৭০৮৪ (সংশোধিত)	০৮.১০.২০১৫	৩১.১১.২০১৫	১৫.১০.২০১৭	২৯.০৯.২০১৭
WP_6 Lot-A	ফুটপাথ নির্মাণ	৪.৮৯৮৩	৪.৮৯৭৫৭১৭ (সংশোধিত)	১৮.১১.২০১৮	৩১.০১.২০১৯	১৯.০৬.২০২০ (সংশোধিত)	১৯.০৬.২০২০
Wp1	৪ লেনের রাস্তা নির্মাণ, রোড ডিভাইডার এবং ট্রাফিক স্ট্রাকচার	১৯৭৩.২৪	১৯৭৩.২৪৪৭৯ (সংশোধিত)	২৬.০৪.২০১৬	১৩.০৬.২০১৬	৩০.০৭.২০১৯ (সংশোধিত)	২৭.০৫.২০১৯
WP_3	৪ লেনের রাস্তা নির্মাণ, ভূমি উন্নয়ন কালভার্ট, রিটেইনিং ওয়াল, ট্রাফিক স্ট্রাকচার, রোড	২৬৭৮.৬৭	২৬৭২.৫৭ (সংশোধিত)	০৫.১১.২০১৭	১৮.০১.২০১৮	২৭.০৬.২০২০	২৭.০৬.২০২০

ক্রমিক নং	ক্রয়ের বিবরণ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা)		দরপত্রের তথ্য		কাজ সমাপ্তির তারিখ	
		আরডিপিপি বরাদ্দ	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
	ডিভাইডার, রোড মার্কিং, ট্রাফিক সাইন, ইলেকট্রনিক্যাল এন্ড টেলিফোন সাইন						
WP_4	ব্রিজ কালভার্ট নির্মাণ এবং স্লোপ প্রোটেকশন	১৯৮.৫৬	১৯৮.৫৫৩৫০ (সংশোধিত)	০৬.০৯.২০১৬	২৯.১১.২০১৬	২৯.০৩.২০১৮	১১.০৩.২০১৯
WP_5	ফ্লাইওভার নির্মাণ	২৯৩০.০০	২৯২৮.৭৬৪৬৯ (সংশোধিত)	০২.১০.২০১৭	১৮.০১.২০১৮	২৮.০৬.২০২০ (সংশোধিত)	২৮.০৬.২০২০
WP_6 Lot-A	ফুটপাত নির্মাণ	৪৮৯.৮৩	৪৮৯.৭৫৭১৭ (সংশোধিত)	১৮.১১.২০১৮	৩১.০১.২০১৯	১৯.০৬.২০২০ (সংশোধিত)	১৯.০৬.২০২০
WP_6 Lot-B	ফুটপাত নির্মাণ	৪৬৭.৫৩	৪৬৭.২৩০১৩ (সংশোধিত)	০১.০২.২০২০	১৩.০৫.২০২০	২৮.০৬.২০২০	২৬.০৬.২০২০
SW-01	ফ্লাইওভার নির্মাণের জন্য কনসাল্টিং সার্ভিস	৫২.৯০	৫২.৯০	০৭.০৫.২০১৫	১৬.০৯.২০১৫	৩০.০৬.২০২০	২৫.০৬.২০২০
$WP_{7,}$ WP_6 Lot-B	সাপ্লাইয়, ফিটিং, ফিক্সিং এন্ড ইন্সট্রলেশন এলইডি লাইট সেট এর সাথে জিআই পোল এবং ইসিসি ওয়ার	৩৯২.২৭	২২৫.৯০৫৩২	০৪.০২.২০২০	১৩.০৫.২০২০	৩০.০৬.২০২০	২৬.০৬.২০২০

তথ্যসূত্র: প্রকল্প সমাপ্তি পতিবেদন (পিসিআর)।

১৮। প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন সম্পর্কিত তথ্য :

প্রকল্পে পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত / অতিরিক্ত)
জনাব মুঃ গোলাম মুর্শেদ	নির্বাহী প্রকৌশলী	জুন, ২০১২ হতে জুন, ২০২০	অতিরিক্ত দায়িত্ব

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(ক) ক্রমবর্ধিষ্ণু যাতায়াত ও যানবাহন পরিস্থিতির প্রেক্ষাপটে রাজশাহী মহানগর এলাকায় শক্তিশালী ও কার্যকর যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা।	(ক) নওগাঁ ও নাটোর সড়কের মধ্যে সংযোগ স্থাপনের মাধ্যমে মহানগরীতে কার্যকর সড়ক নেটওর্য়াক প্রতিষ্ঠত হয়েছে এবং যানজট হ্রাস পেয়েছে।
(খ) জাতীয় ও আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থার সাথে রাজশাহী মহানগরীর যোগাযোগ ব্যবস্থার সহজতর সংযোগ স্থাপনের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নতিসাধনের পাশাপাশি রাজশাহীর নগর-দারিদ্র্য বিমোচনে সহায়ক সুযোগ সৃষ্টি করা।	(খ) দুইটি আঞ্চলিক মহাসড়ক সংযোগের মাধ্যমে রাজশাহী মহানগরীর চলাচল ব্যবস্থার অধিকতর উন্নতি হয়েছে। নির্মিত নতুন সড়ক বরাবরে অর্থনৈতিক কর্মকান্ড উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে ফলে উদ্দ্যেশের সাথে ফলাফল অর্জিত হয়েছে।

২০। ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ সংক্রান্ত হালনাগাদ তথ্য :

২০.১ প্রকল্পটির আওতায় ৪২.৬১০১ একর ভূমি অধিগ্রহণ বাবদ আরডিপিপি সংস্থান ছিল ৭০০৮.০২ লক্ষ টাকা। বাস্তবায়ন পর্যায়ে ৬৬২৬.৯১ লক্ষ টাকা ব্যয়ে ৪২.৪০২১ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে ভূমি অধিগ্রহণ অংগে ৩৮১.১১ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে, যার মধ্যে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ ৩৭৬.৫৩ লক্ষ টাকা এবং জিওবি অর্থ ৪.৫৭ লক্ষ টাকা।

২০.২ পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান, ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী সংযোগ সড়ক নির্মাণার্থে ক্ষতিগ্রস্থ-স্ব ভূমির মালিকগণকে ক্ষতিপূরণের অর্থ প্রদান করা হয়েছে। এছাড়া অধিগ্রহণকৃত ভূমিতে বেশকিছু পাকা বাড়ী, আধাপাকা বাড়ীসহ বিভিন্ন ধরণের অবকাঠামো ছিল। অধিগ্রহণকৃত ভূমিতে বৈদ্যুতিক পোল ও সরবরাহ লাইন ছাড়া কোনরূপ ইউটিলিটি সার্ভিস ছিল না। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ করে বৈদ্যুতিক পোল ও সরবরাহ লাইন স্থানান্তর করা হয়েছে। এ সকল অবকাঠামো এবং ইউটিলিটি সার্ভিস স্থানান্ত বাবদ আরডিপিপি সংস্থান ছিল ১৮৬৭.৩৬ লক্ষ টাকা যার বিপরীতে ব্যয় করা হয়েছে ১৭৬৮.৯২ লক্ষ টাকা।

২১। অডিট সম্পাদন, অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য :

ক) ইন্টার্নাল অডিট : ২০১১-১২ হতে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত গুরুত্বপূর্ণ কোন পর্যবেক্ষণ ও অডিট আপত্তি নেই।

খ) এক্সটার্নাল অডিট : প্রকল্পটির আওতায় ২০১২-২০১৩ অর্থবছরে একটি অডিট সম্পাদন হয় যেখানে কোন অডিট আপত্তি নেই মর্মে প্রকল্প পরিচালক জানান। এছাড়া আর কোন অর্থবছরে অডিট কার্য সম্পাদন হয়নি। যদিও পিসিআরে নয়টি (০৯) টি অর্থবছরে অডিট সম্পাদন হয়েছে এবং কোন অডিট আপত্তি নেই মর্মে উল্লেখ করা হয়েছে।

২২। পণ্য, কার্য ও সেবা ক্রয়ে প্রচলিত আইন ও বিধির অনুসরণ : পিপিআর- ২০০৮-এ বর্ণিত সকল বিধি বিধান অনুসরণ করে পণ্য, কাজ ও সেবা ক্রয়-এ দরপত্র আহবান, মূল্যায়ন ও ক্রয় আদেশ প্রদান করা হয়েছে।

২৩। গাড়ী ক্রয়: প্রকল্পটির আওতায় ১টি জিপ গাড়ী।

Type of transport	Number as per DPP	Procured with date	Transferred to Transport Pool with date	Transferred to O & M with date	Condemned /damaged with date	Remarks
Jeep Procured from Progoti Industries Limited	1	28.11.2012				

গ. প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণ

২৪। **স্কিমের নাম:** Construction of 4 Lane Road, Road Divider & Traffic Structure (Tender Package No.WP-01)

Tender Package No.WP-01 কাজটির অনুমোদিত সিডিউলভূক্ত বিভিন্নি আইটেমের পরিমাণ ও ব্যয় হ্রাস-বৃদ্ধি করা হয়েছে। ফলে মূল চুক্তি সংশোধিত হয়েছে। স্কিমটির সংশোধিত প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ১৯৭৩.২৪ লক্ষ টাকা। মূল চুক্তিবদ্ধ প্রাক্কলিত ব্যয় ছিল ১৯০৪.৯৯ লক্ষ টাকা। মূল প্রাক্কলন অপেক্ষা সংশোধিত প্রাক্কলন ৬৮.২৫ লক্ষ টাকা বেশি। স্কিমটির বিভিন্ন অংগের কাজ হ্রাস-বৃদ্ধি হওয়ায় সংশোধিত প্রাক্কলন অনুযায়ী কাজটি বাস্তবায়নে মূল Notification Award- এর শর্তাধীনে ও গৃহীত দর অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্কিমটি ২১-০৫-২০১৯ তারিখে ৪৬.১২.৫০৮১.০০৬.১৪.০০৩ প্রকল্প ১৮.৯৫৩ নং স্মারকে Variation করা হয়। স্কিমটির দ্বারা রাস্তা, রোড ডিভাইডার এ ট্রাফিক স্ট্রাকচার উন্নয়ন কাজ করা হয়।

২৪.১ **স্কিমের নাম:** 'Construction of Flyover with ramp at Railway Crossing' (Tender Package No: WP5)

Tender Package No: WP5) কাজটির বিন্যাস ও পরিধি পরিবর্তীত হওয়ায় অনুমোদিত সিডিউল ভুক্ত বিভিন্ন আইটেমে কাজের পরিমাণ হ্রাস-বৃদ্ধি হয়েছে। ফলে চুক্তিবদ্ধ প্রাক্কলন পুনর্গঠিত হয়েছে। পুনর্গঠিত প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ২৯২৮.৭৬ লক্ষ টাকা। চুক্তিবদ্ধ মূল প্রাক্কলিত ব্যয় ২৯৫৮.৭৭ লক্ষ টাকা যা পুনর্গঠিত প্রাক্কলিত ব্যয় মূল্য চুক্তিমূল্যের চেয়ে ৩০.০১ লক্ষ টাকা কম। স্কিমটির বিভিন্ন অংগের কাজ হ্রাস-বৃদ্ধি হওয়ায় সংশোধিত প্রাক্কলন অনুযায়ী কাজটি বাস্তবায়নে মূল Notification Award- এর শর্তাধীনে ও গৃহীত দর অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্কিমটি ১০-০৬-২০২০ইং তারিখে ৪৬.১২.৫০৮১.০০৬.১৪.০০২ প্রকল্প ১৮.৮৩২ নং স্মারকে Variation করা হয়। স্কিমটির দ্বারা প্রকল্পের বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হয়।

২৪.২ **চার (০৪) লেন বিশিষ্ট সড়ক নির্মাণ:** ৪ লেন বিশিষ্ট ৬.৭৮৪ কি.মি. সড়ক নির্মাণ বাবদ আরডিপিপি সংস্থান রাখা হয় ৩১৬৭.০০ লক্ষ টাকা এর বিপরীতে ৬.৭৫৭ কি.মি. সড়ক নির্মাণ বাবদ ব্যয় করা হয় ৩১৬৬.৯৯ লক্ষ টাকা।

২৪.৩ **ব্রিজ নির্মাণ:** ১০ মিটার ব্রিজ নির্মাণ বাবদ আরডিপিপি সংস্থান রাখা হয় ১০০.০০ লক্ষ টাকা। পরিদর্শনকালে ব্রিজটি নির্মাণ সম্পন্ন অবস্থায় দেখা গেছে।

২৪.৪ **কালভার্ট নির্মাণ:** ২১.০৫ মিটার কালভার্ট নির্মাণ বাবদ আরডিপিপি সংস্থান রাখা হয় ৩২১.০০ লক্ষ টাকা। পরিদর্শনকালে দেখা যায় ২২.৩০ মিটার কালভার্ট নির্মাণ করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, বাস্তবতার নিরিখে ১.২৫ মিটার কালভার্ট বেশি নির্মাণ করা হয়েছে।

২৪.৫ **মহাসড়কে সড়কবাতি স্থাপন:** আরডিপিপি সংস্থান অনুযায়ী ৬.৭৮ কি.মি. সড়কে সড়কবাতি স্থাপনের সংস্থান থাকলেও বাস্তবায়ন পর্যায়ে ২.৩৪ কি.মি. সড়কে সড়ক বাতি স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৪.৪৪ কি.মি. সড়কে সড়ক বাতি স্থাপন করা হয়নি। উল্লেখ্য যে, ৬.৭৮ কি.মি. সড়কে সড়ক বাতি স্থাপনের জন্য জিওবি ফান্ড হতে ২২৫.৮১ লক্ষ টাকা এবং রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব ফান্ড হতে ১৬৬.৪৬ লক্ষ টাকাসহ মোট সংস্থান ছিলো ৩৯২.২৭ লক্ষ টাকা, অন্যদিকে ২.৩৪ কি.মি.সড়ক বাতি স্থাপনের জন্য শুধুমাত্র জিওবি ফান্ডের ২২৪.৭৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এ অংগে ৪.৪৪ কি.মি. সড়কে সড়ক বাতি স্থাপন করা হয়নি।

২৫। **অন্যান্য পর্যবেক্ষণ :**

২৫.১ প্রকল্পটির আওতায় Shifting of Water Supply Line এবং Installation of Electronic traffic signals এই দুটি অংগের আরডিপিপি সংস্থান থাকলেও তা বাস্তবায়ন করা হয়নি। উল্লেখ্য যে দুটি অংগে মোট ১.৫০+৭৫= ৭৬.৫০ লক্ষ টাকার সংস্থান ছিল।

২৫.২ প্রকল্পটির আওতায় ২০১৩-২০১৪ অর্থবছরে জিওবি অংশে ৪০.০০ কোটি টাকা বরাদ্দ ছিলো এবং এ বরাদ্দের বিপরীতে পুরো টাকাই অর্থাৎ ৪০.০০ কোটি টাকা অবমুক্ত করা হয়। এই অবমুক্তকৃত ৪০.০০ কোটি টাকার মধ্যে অত্র অর্থবছরে মাত্র ৯৮ হাজার টাকা ব্যয় করা হয়। অব্যয়িত ৩৯.৯৯ কোটি টাকা সরকারী কোষাগারে জমা না করে প্রকল্প পরিচালকের ব্যাংক হিসাব জমা রাখা হয়েছে যা, আর্থিক শৃঙ্খলা এবং পিপিআর ২০০৮ এর পরিপন্থী। অনুরুপ ভাবে দেখা যায়, ২০১৭-২০১৮ অর্থবছরের জিওবি অংশে ৩০.০০ কোটি টাকার বিপরীতে ১৪.৩৩ কোটি টাকা ব্যয় করে অবশিষ্ট অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা না রেখে প্রকল্প পরিচালকের ব্যাংক হিসাবে জমা রাখা হয়েছিলো। উল্লেখ্য যে অর্থবছর ভিত্তিক ছাড়কৃত অর্থ ঐ অর্থবছরের জুন ৩০ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করার বিধান থাকলেও আলোচ্য প্রকল্পটির ক্ষেত্রে তা মানা হয়নি।

২৫.৩ বাস্তবায়িত প্রকল্পটির মোট ব্যয় ছিলো ১৮৯৩৮.৫৯ লক্ষ টাকা এর মধ্যে জিওবি অংশ ১৭৯৯২.১৯ এবং আরসিসি অংশ ৯৪২.১১ লক্ষ টাকা। জিওবি অংশে ১৭৯৯২.১৯ লক্ষ টাকার মধ্যে প্রকৃত ব্যয় হয় ১৭৯৪১.৯৫ লক্ষ টাকা এবং আরসিসি অংশে ব্যয় হয় ২৪৪.৮১ লক্ষ টাকা। অর্থাৎ জিওবি অংশে অব্যয়িত অর্থের পরিমান ৫০.৫৩ লক্ষ টাকা যার মধ্যে ৪৫.৪১ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। বাকী ৫.১২ লক্ষ টাকার হিসাব দেখানো হয়নি।

অন্যদিকে, আরসিসি অংশে মোট ৯৪২.১১ লক্ষ টাকার বিপরীতে ব্যয় করা হয়েছে ২৪৪.৮১৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। অর্থাৎ এক্ষেত্রে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন হতে ৬৯৭.২৯ লক্ষ টাকা ব্যয় করা হয়নি।

২৫.৪ পরিদর্শনকালে দেখা যায়, প্রকল্পের আওতায় নির্মিত ফুটপাতে অনেক জায়গায় টাইলস্ ভেংগে উঠে গেছে।

২৫.৫ প্রকল্পটির আওতায় এক (১)টি জিপ গাড়ি ক্রয় করা হয়েছে। উন্নয়ন প্রকল্পের পরিপত্র অনুয়ায়ি প্রকল্প সমাপ্তির ৩ মাস পূর্বে গাড়িটি সরকারি পরিবহন পুলে জমা প্রদানের বিধান থাকলেও গাড়িটি অদ্যাবধি জমা দেওয়া হয়নি। এমনকি গাড়িটির বর্তমান অবস্থা কি, সে বিষয়ে কোন তথ্য পিসিআরে উল্লেখ করা হয়নি।

২৫.৬ এক্সটার্নাল অডিট : প্রকল্পটির আওতায় ২০১২-২০১৩ অর্থবছরে একটি অডিট সম্পাদন হয় যেখানে কোন অডিট আপত্তি নেই মর্মে প্রকল্প পরিচালক জানান। এছাড়া আর কোন অর্থবছরে অডিট কার্য সম্পাদন হয়নি। যদিও পিসিআরে নয়টি (০৯) টি অর্থবছরে অডিট সম্পাদন হয়েছে এবং কোন অডিট আপত্তি নেই মর্মে উল্লেখ করা হয়েছে।

২৫.৭ প্রকল্পটির আওতায় ৪২.৬১০১ একর ভূমি অধিগ্রহণ বাবদ আরডিপিপি সংস্থান ছিল ৭০০৮.০২ লক্ষ টাকা। বাস্তবায়ন পর্যায়ে ৬৬২৬.৯১ লক্ষ টাকা ব্যয়ে ৪২.৪০২১ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে ভূমি অধিগ্রহণ অংগে ৩৮১.১১ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে, যার মধ্যে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ ৩৭৬.৫৩ লক্ষ টাকা এবং জিওবি অর্থ ৪.৫৭ লক্ষ টাকা।

২৫.৮ পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান, ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী সংযোগ সড়ক নির্মাণার্থে ক্ষতিগ্রস্থ-স্ব ভূমির মালিকগণকে ক্ষতিপূরণের অর্থ প্রদান করা হয়েছে। এছাড়া অধিগ্রহণকৃত ভূমিতে বেশকিছু পাকা বাড়ী, আধাপাকা বাড়ীসহ বিভিন্ন ধরণের অবকাঠামো ছিল। অধিগ্রহণকৃত ভূমিতে বৈদ্যুতিক পোল ও সরবরাহ লাইন ছাড়া কোনরূপ ইউটিলিটি সার্ভিস ছিল না। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ করে বৈদ্যুতিক পোল ও সরবরাহ লাইন স্থানান্তর করা হয়েছে। এ সকল অবকাঠামো এবং ইউটিলিটি সার্ভিস স্থানান্তর বাবদ আরডিপিপি সংস্থান ছিল ১৮৬৭.৩৬ লক্ষ টাকা যার বিপরীতে ব্যয় করা হয়েছে ১৭৬৮.৯২ লক্ষ টাকা।

২৫.৯ আলোচ্য প্রকল্পটির ক্ষেত্রে ত্রুটিপূর্ণ পরিকল্পনা প্রণয়ন, ফ্যিজিবিলিটি স্টাডি না করা, নির্ভুল প্রাক্কলন প্রস্তুত না করা এবং প্রকল্প ব্যাবস্থাপনার দুর্বলতার কারণে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৪০০% এবং ব্যয় বৃদ্ধি পেয়েছে ৫৪% যা অস্বাভাবিক মর্মে প্রতিয়মান হয়েছে;

২৬। প্রকল্প পরিদর্শনের সময় ধারনকৃত স্থির চিত্র:



















২৭। পরিদর্শনের আলোকে আইএমডির সুপারিশ / মতামতসমূহ :

ক) বাস্তবায়িত প্রকল্পটির জিওবি অংশে অব্যয়িত অর্থের পরিমান ৫০.৫৩ লক্ষ টাকা যার মধ্যে ৪৫.৪১ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। বাকী ৫.১২ লক্ষ টাকার হিসাব দেখানো হয়নি। এ বিষয়টি খতিয়ে দেখা যেতে পারে;

খ) প্রকল্পটির আওতায় Shifting of Water Supply Line এবং Installation of Electronic traffic signals এ দুটি অংগের কাজ বাস্তবায়ন করা হয়নি। আরডিপিপি সংস্থান ও অর্থ বরাদ্দ থাকলেও অংগ দুটির কাজ বাস্তবায়ন করা হয়নি এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সন্তোষজনক ব্যাখ্যা প্রয়োজন;

গ) আলোচ্য প্রকল্পটির ক্ষেত্রে ত্রুটিপূর্ণ পরিকল্পনা প্রণয়ন, ফ্যিজিবিলিটি স্টাডি না করা, নির্ভুল প্রাক্কলন প্রস্তুত না করা এবং প্রকল্প ব্যবস্থাপনার দূর্বলতার কারণে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৪০০% এবং ব্যয় বৃদ্ধি পেয়েছে ৫৪% যা অস্বাভাবিক মর্মে প্রতিয়মান হয়েছে। ভবিষ্যতে নির্মাণ কাজ বাস্তবায়নের ক্ষেত্রে সঠিকভাবে সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন এবং দক্ষ পরিচালক নিয়োগ প্রদান নিশ্চিত করার পাশাপাশি এ ধরনের ত্রুটিপূর্ণ প্রাক্কলন প্রস্তুত পরিহার করতে হবে;

ঘ) আলোচ্য প্রকল্পটির ক্ষেত্রে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নের সংস্থানের বিপরীতে কেন কম অর্থ ব্যয় করা হয়েছে এ বিষয়ে প্রকল্প পরিচালক কর্তৃক সন্তোষজনক ব্যাখ্যা প্রয়োজন;

ঙ) প্রকল্পটির আওতায় ২০১৩-২০১৪ অর্থবছরে জিওবি ফান্ডে ৪০.০০ কোটি টাকা অবমুক্ত হলেও ব্যয় করা হয় মাত্র ৯৮ হাজার টাকা, অনুরুপভাবে ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি ফান্ডের ৩০.০০ কোটি টাকার বিপরীতে ১৪.৩৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে। অবশিষ্ট অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা না রেখে প্রকল্প পরিচালকের ব্যাংক হিসাবে জমা রাখা হয়েছিলো যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। এ বিষয়ে প্রকল্প পরিচালক কর্তৃক যথাযথ ব্যাখ্যা প্রয়োজন;

চ) প্রকল্পটির আওতায় ২০১২-২০১৩ অর্থবছরে একটি (১) মাত্র অডিট সম্পাদন করা হলেও পিসিআরে নয়টি (০৯) টি অর্থবছরে অডিট সম্পাদন হয়েছে এবং কোন অডিট আপত্তি নেই মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক কর্তৃক যথাযথ ব্যাখ্যা প্রয়োজন;

ছ) ফুটপাতের ক্ষতিগ্রস্ত অংশ সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে অতি দ্রুত মেরামত করতে হবে; এবং

জ) এ প্রতিবেদনে বর্ণিত সুপারিশ/মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি কে লিখিতভাবে অবহিত করতে হবে।

গাজীপুর সিটি কর্পোরেশনের বিদ্যুৎ অপচয় রোধ ও সাশ্রয়ের জন্য সোলার প্যানেল এনার্জি সেইভার সড়ক বাতি স্থাপন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

১। প্রকল্পের নাম : গাজীপুর সিটি কর্পোরেশনের বিদ্যুৎ অপচয় রোধ ও সাশ্রয়ের জন্য সোলার প্যানেল এনার্জি সেইভার সড়ক বাতি স্থাপন করণ প্রকল্প |

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আমিনুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন, সেক্টর-৩।

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ২৮/০৭/২০২৩ ।

৪। প্রকল্পের অবস্থান : গাজীপুর সিটি কর্পোরেশন |

৫। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার বিভাগ ।

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন-কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২২৫০.০০	২২৫০.০০	২২৩৮.৩২৪৯০	জানুঃ-২০১৭ থেকে ডিসেম্বর-২০১৮	জানুঃ-২০১৭ থেকে ডিসেম্বর-২০১৯	জানুঃ-২০১৭ থেকে ডিসেম্বর-২০১৯	০ (০%)	১ বছর (৫০%)

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.12.2019)		হ্রাস/বৃদ্ধি +/(-)
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭	
ক)	**রাজস্ব ব্যয়**						
৪৮২৮	অফিস কন্টিনজেন্সি/স্টেসনারী	এল/এস	৫.০০	এল/এস	৪.৯৯ (৯৯.৮%)	এল/এস	০.০
খ)	**মূলধন ব্যয়**						
৬৮০৭	হাইড্রোলিক বীম লিফটার (১০-১২ মিঃ)	০১টি	৯৫.০০	০১টি	৯৫.০০ (১০০%)	০১টি	০.০০
৬৮০৭	স্কুটার ফর পোলিং লেডার	০৫টি	৩৫.০০	০৫টি	৩৫.০০ (১০০%)	০৫টি	০.০০
৬৮০৭	মটর বাইক (১৫০ সিসি)	০৫টি	১২.৫০	০৫টি	১২.৫০ (১০০%)	০৫টি	০.০০
৬৮১৫	ফটোকপিয়ার	০১ সেট	১.০০	০১ সেট	১.০০ (১০০%)	০১ সেট	০.০০
৬৮২৭	সোলার স্ট্রিট লাইটিং	২৪০টি	২৪৪.৯৫	২৪০টি	২৩৬.০৮৬২ (৯৬.৩৮%)	২৪০টি	০.০০
৬৮২৭	এনাজি সেভিং (এলইডি) স্ট্রিট লাইটিং	৪০০০টি	১৮৫৬.৫৫	৪০০০টি	১৮৫৩.৭৪৮৭০ (৯৯.৮৭%)	৪০০০টি	০.০০

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩1.12.2019)		হ্রাস/বৃদ্ধি +/(-)
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭	
	মোট মূলধন ব্যয়ঃ	-	২২৪৫.০০	-	২২৩৩.৩৩৪৯ (৯৯.৪৮%)	-	০.০০
	মোট ব্যয়ঃ (ক+খ)	-	**২২৫০.০০**	-	**২২৩৮.৩২৪৯ (৯৯.৪৮%)**	-	**০.০০**

প্রকল্পটি ২২৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল । পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর মেয়াদ বৃদ্ধি করে জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ মেয়াদে বাস্তবায়ন করা হয়। প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ২২৩৮.৩২৪৯ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৪৮%। বাস্তব অগ্রগতি ১০০%।

০৯। **প্রকল্পের পটভূমি:**

স্থানীয় সরকার প্রতিষ্ঠান বিশেষ করে গাজীপুর নতুন সিটি কর্পোরেশন হিসাবে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গাজীপুর সিটি কর্পোরেশনের বিদ্যুৎ অপচয় রোধ ও সাশ্রয়ের জন্য সোলার প্যানেল এনার্জি সেইভার সড়ক বাতি স্থাপন করণ শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটি ২০১৭ সালে শুরু হয়ে ডিসেম্বর ২০১৯ সালে বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে।

১০। প্রকল্প এলাকা: গাজীপুর সিটি কর্পোরেশন ।

১১। প্রকল্পের উদ্দেশ্যসমূহ:

- সোলার প্যানেল এবং এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করে বিদ্যুৎ খরচ কমিয়ে আনা;
- সোলার প্যানেল এবং এনার্জি সেভিং বাল্ব স্থাপনের মাধ্যমে নগরবাসীর জন্য উন্নত সেবা নিশ্চিত করা;
- গাজীপুর সিটি কর্পোরেশনে স্ট্রিট লাইট নেটওয়ারকিং খাতে ব্যয় কমানো।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	মূল/ পূর্ববর্তী আরডিপিপি'র সাপেক্ষে পরিবর্তন	
	মোট	জিওবি	wRw mwm	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২২৫০.০০	১৫৭৫.০০	৬৭৫.০০	-	জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০১৮	২৭/৭/২০১৭	০	১ বছর
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২২৫০.০০	১৫৭৫.০০	৬৭৫.০০	-	জানুয়ারি ২০১৮-ডিসেম্বর ২০১৯	১৬/৭/২০১৯	০.০০ (০%)	1 বছর (৫০%)

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধির হার (%): ০%

(গ) মূল মেয়াদের সাথে ক্রমপুঞ্জিভূত মেয়াদ বৃদ্ধির হার (%): ৫০%

১৩। **আর্থিক অগ্রগতি:** (লক্ষ টাকায়)

অর্থ বছর	প্রাক্কলিত ব্যয় ডিপিপি অনুমোদন ২৭/৭/২০১৭			জিওবি অর্থ ছাড়	ব্যয়			অব্যয়িত অর্থ (জিওবি)
	মোট	জিওবি ৭০%	জিসিসি 30%		মোট	জিওবি	জিসিসি	
১	২	৩	৪	৮	৯	১০	১১	১২
২০১৬-২০১৭	১৪৩.৫০	১০০.৪৫	৪৩.০৫	-	-	-	-	-
২০১৭-২০১৮	২১০১.৫০	১৪৭১.০৫	৬৩০.৪৫	১৫৭৫.০০	৪৭১.৫২৪৫০	৩৩০.০৬৭১৫	১৪১.৪৫৭৩৫	১২৪৪.৯৩২৮৫
২০১৮-২০১৯	৫.০০	৩.৫০	১.৫০	-	৩৫৮.৯১১৫০	২৫১.২৩৮০৫	১০৭.৬৭৩৪৫	৯৯৩.৬৯৪৮
২০১৯-২০২০	-	-	-	-	১৪০৭.৮৮৮৯	৯৮৫.৫২২২৩	৪২২.৩৬৬৬৭	৮.১৭২৫৭
মোট	**২২৫০.০০**	**১৫৭৫.০০**	**৬৭৫.০০**	**১৫৭৫.০০**	**২২৩৮.৩২৪৯০**	**১৫৬৬.৮২৭৪৩**	**৬৭১.৪৯৭৪৭**	**৮.১৭২৫৭**

অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা না দেয়া।

অনুমোদিত ডিপিপি অনুয়াযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২২৫০.০০ লক্ষ টাকার মধ্যে জিওবি ১৫৭৫.০০ লক্ষ টাকা এবং জিসিসির নিজস্ব অর্থ ৬৭৫.০০ লক্ষ টাকা। ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি অংশের সম্পূর্ণ টাকা ১৫৭৫.০০ লক্ষ টাকা ছাড় করা হয়। যা গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র এবং প্রধাণ নির্বাহী কর্মকর্তার যৌথ স্বাক্ষরে মাধ্যমে পরিচালিত ব্যাংক হিসাবে জমা করা হয়। প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত জিওবি টাকা ব্যয় হয়েছে ১৫৬৬.৮২৭৪৩ লক্ষ টাকা । এই খাতে অবশিষ্ট রয়েছে (১৫৭৫.০০ - ১৫৬৬.৮২৭৪৩) = ৮.১৭২৫৭ লক্ষ টাকা যা এখনো সরকারি কোষাগারে জমা দেয়া হয়নি।

১৪। **অংগভিত্তিক অগ্রগতির বিবরণ:**

অনুমোদিত ডিপিপিতে রাজস্ব খাতে ১টি অংগ এবং মূলধন খাতে ৬টি অংগ রয়েছে। মুলধন খাতের ৬টি অংগের মধ্যে হাইড্রোলিক বীমলিফটার (১০-১২মিঃ) ১টি, স্কুটার ফর পোলিং লেডার-০৫টি, মটর বাইক (১৫০ সিসি) ০৫টি, ফটোকপিয়ার ০১ সেট, সোলার স্ট্রিট লাইটিং ২৪০টি এবং এনার্জি সেভিং (এলইডি) স্ট্রিট লাইটিং ৪০০০টি অন্যতম। প্রকল্প বাস্তবায়ন কালীন সকল প্রকার যন্ত্রপাতি ও সোলার স্ট্রিট লাইট এবং এনার্জি সেভিং (এলইডি) লাইট সংগ্রহ করা হয়েছে। সোলার স্ট্রিট লাইট ও এনার্জি সেভিং (এলইডি) লাইটসমূহ গাজীপুর সিটি কর্পোরেশনের ৮টি অঞ্চলের ৫৭টি ওয়ার্ডে স্থাপন করা হয়েছে। ফলে জনসাধারণ রাত্রীকালীন যাতায়াত নিরবিচ্ছিন্নভাবে করতে পারছে। যানবাহন ও যন্ত্রপাতি দ্বারা সড়কবাতি রিপিয়ারিং ও মেইনটেনেন্স কাজ তদারকি করা হচ্ছে। নিম্নে অংগভিত্তিক অগ্রগতির বিস্তারিত বিবরণ তুলে ধরা হলোঃ

সোলার স্ট্রিট লাইট:

ডিপিপিতে ২৪০টি সোলার স্ট্রিট লাইটিং এর জন্য ২৪৪.৯৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল তন্মধ্যে ২৩৬.০৮৬২ লক্ষ টাকা ব্যয়ে ২৪০ টি সোলার স্ট্রিট লাইট সংগ্রহ করা হয়েছে এবং গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে উক্ত লাইটসমূহ স্থাপন করা হয়েছে।

এনর্জি সেভিং (এলইডি) স্ট্রিট লাইট:

ডিপিপিতে ৪০০০টি এনার্জি সেভিং স্ট্রিট লাইট ক্রয়ের জন্য ১৮৫৬.৫৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল তন্মধ্যে ১৮৫৩.৭৫ লক্ষ টাকা ব্যয়ে এনার্জি সেভিং (এলইডি) স্ট্রিট লাইট সংগ্রহ করা হয়েছে। লাইটসমূহ গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে উক্ত লাইটসমূহ স্থাপন করা হয়েছে।

অফিস কন্টিনজেন্সি/স্টেশনারী:

প্রকল্পের মাধ্যমে অফিস কন্টিনজেন্সি/স্টেশনারী খাতে ৫.০০ লক্ষ টাকা মধ্যে ৪.৯৯ লক্ষ টাকা ব্যয়ে ২টন এসি-৩টি, কোর-আই-৫ কম্পিউটার সেট-২টি, ৪০ রীম/প্যাকেট এ৪পেপার, ২টি হাতল ওয়ালা কাঠের চেয়ার এবং হাফ সেক্রেটারিয়েট কাঠের টেবিল-২টি ক্রয় করা হয়েছে।

হাইড্রোলিক বীম লিফটার(১০-১২মিঃ):

অনুমোদিত ডিপিপিতে ১টি হাইড্রোলিক বীম লিফটার (১০-১২ মিঃ) ক্রয়ের জন্য ৯৫.০০ লক্ষ টাকা ধরা ছিল সম্পূর্ণ টাকা ব্যয় করে ১টি হাইড্রোলিক বীম লিফটার সংগ্রহ করা হয়েছে। বীম লিফটারটি সিটি কর্পোরেশনের বৈদ্যুতিক বাতিসমূহ রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহার করা হচ্ছে।

স্কুটার ফর পোলিং লেডার:

ডিপিপিতে ৫টি স্কুটার ফর পোলিং লেডার ক্রয়ের জন্য ৩৫.০০ লক্ষ টাকা ব্যয় ধরা ছিল তন্মধ্যে সম্পূর্ণ অর্থ ব্যয়ের মাধ্যমে ৫টি স্কুদার ফর পোলিং লেডার ক্রয় করা হয়েছে। স্কুটারগুলি সিটি কর্পোরেশনের বৈদ্যুতিক বাতিসমূহ রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহার করা হচ্ছে।

মটর বাইক (১৫০সিসি) :

ডিপিপিতে ৫টি মটর বাইক (১৫০ সিসি) ক্রয়ের জন্য ১২.৫০ লক্ষ টাকা ধরা ছিল। সম্পূর্ণ টাকা ব্যয় করে ৫টি মটর বাইক ক্রয় করা হয়েছে। মটরবাইকগুলি ব্যবহার করে সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণ গাজীপুর সিটি কর্পোরেশনের বৈদ্যুতিক লাইটের প্রয়োজনীয় মেইনটেনেন্স কাজ করাসহ অফিসের অন্যান্য দাপ্তরিক কার্যাদি সম্পাদন করা হচ্ছে।

১৫। **প্রকল্পের প্রধান প্রধান ক্রয়/ কাজ সংক্রান্ত তথ্য (আরটিএপিপি'র তথ্যানুযায়ী):**
অনুমোদিত আরটিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ০৬ টি (পণ্য-৪টি, কার্য-২টি এবং সেবা-১টি)।

ক্রমিক	প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
		ডিপিপি / আরটিপিপি অনুযায়ী	প্রকৃত তাং	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
	পণ্য												
	প্যাকেজ G2 (6815) ফটোকপিয়ার ১টি	ডিপিপিতে তারিখ অনুল্লেখিত; ১.০০ লক্ষ	প্রত্যেকটি ক্রয় কাজের জন্য ডিপিএম পদ্ধতিতে বাজার দা যাচাই করে ২০/১১/১৮ তারিখে দরপত্র আহবান করা হয়েছে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	২৯/১১/২০১৮	১.০০ লক্ষ	১০/১২/২০১৮	১.০০ লক্ষ	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন
	G3 (6807), স্কুটার ফর পোলিং লেডার ৫টি	ডিপিপিতে তারিখ অনুল্লেখিত; 35.00 লক্ষ	প্রত্যেকটি ক্রয় কাজের জন্য ডিপিএম পদ্ধতিতে বাজার দা যাচাই করে ০৯/১২/১৭ তারিখে দরপত্র আহবান করা হয়েছে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	13/11/2017	35.00 লক্ষ	13/11/2017	35.00 লক্ষ	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন

ক্রমিক	প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
		ডিপিপি / আরটিপিপি অনুযায়ী	প্রকৃত তাং	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
	G3 (6807), মটর বাইক (১৫০ সিসি) ৫টি	ডিপিপিতে তারিখ অনুল্লেখিত; 12.50 লক্ষ	প্রত্যেকটি ক্রয় কাজের জন্য ডিপিএম পদ্ধতিতে বাজার দা যাচাই করে ০৯/১২/১৭ তারিখে দরপত্র আহবান করা হয়েছে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	13/11/2017	12.50 লক্ষ	13/11/2017	12.50 লক্ষ	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন

ক্রমিক	প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
		ডিপিপি / আরটিপিপি অনুযায়ী	প্রকৃত তাং	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
	G4 (6807) হাইড্রোলিক বীম লিফটার (১০-১২ মিঃ) ১টি	ডিপিপিতে তারিখ অনুল্লেখিত; 95.00 লক্ষ	প্রত্যেকটি ক্রয় কাজের জন্য ডিপিএম পদ্ধতিতে বাজার দা যাচাই করে ০৯/১২/১৭ তারিখে দরপত্র আহবান করা হয়েছে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	13/11/2017	95.00 লক্ষ	13/11/2017	95.00 লক্ষ	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন
	কার্য												

ক্রমিক	প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
		ডিপিপি / আরটিপিপি অনুযায়ী	প্রকৃত তাং	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
	W1 (6827) সোলার ষ্ট্রিট লাইটিং ২৪০টি	ডিপিপিতে তারিখ অনুল্লেখিত; 244.94620 লক্ষ	প্রত্যেকটি ক্রয় কাজের জন্য ডিপিএম পদ্ধতিতে বাজার দা যাচাই করে ০৯/১২/১৭ তারিখে দরপত্র আহবান করা হয়েছে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	13/11/2017	244.94620 লক্ষ	13/11/2017	244.94620 লক্ষ	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন
	W2(6827) এনাজিং সেভিং (এলইডি) ষ্ট্রিট লাইটিং ৪০০০টি	ডিপিপিতে তারিখ অনুল্লেখিত; 1856.31370 লক্ষ	প্রত্যেকটি ক্রয় কাজের জন্য ডিপিএম পদ্ধতিতে বাজার দা যাচাই করে ০৯/১২/১৭ তারিখে দরপত্র আহবান করা হয়েছে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং wRwmwmbMifeb	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং wRwmwmbMifeb	13/11/2017	1856.31370 লক্ষ	13/11/2017	1856.31370 লক্ষ	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন
	সেবা												

ক্রমিক	প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
		ডিপিপি / আরটিপিপি অনুযায়ী	প্রকৃত তাং	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ ও কারণ	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
১	প্যাকেজ G1 (4828) অফিস কন্টিজেন্সি/স্টসনারী	ডিপিপিতে তারিখ অনুল্লেখিত; ৫.০০ লক্ষ	প্রত্যেকটি ক্রয় কাজের জন্য ডিপিএম পদ্ধতিতে বাজার দও যাচাই করে ২০/১১/১৮ তারিখে দরপত্র আহবান করা হয়েছে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	ডিপিএম পদ্ধতিতে ক্রয় বিধি অনুসরণে	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	প্রকল্পের প্রধান কার্যালয় (পিএমইউ) এবং জিসিসি নগর ভবন	29/11/2018	4.99 লক্ষ	10/12/2018	4.99 লক্ষ	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন	করোনা মহামারী ও নতুন পরিষদের আগমন

** অনুমোদিত ডিপিপিতে পণ্য খাতে ৩ টি, কার্য খাতে ২টি এবং সেবা খাতে ১টি মোট ৬টি ক্রয় প্রক্রিয়ার কথা আলাদা ভাবে বলা থাকলেও প্রকল্প কর্তৃপক্ষ একটি টেন্টারের মাধ্যমে পণ্য খাতের ৩টি এবং কার্য খাতের ২টি প্যাকেজ একত্রে সরাসরি ক্রয় প্রক্রিয়া অনুসরণ করে নারায়নগঞ্জ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ কে কার্যাদেশ প্রদান করা হয়।

১৬। প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য:

যানবাহনের ধরন	ডিপিপি/ টিএপিপি অনুযায়ী সংখ্যা	ক্রয়ের তারিখ	সরকারী পরিবহন পুলে গাড়ী জমা প্রদানের তারিখ	ও এন্ড এম ভুক্তির তারিখ	অকেজো ঘোষণার তারিখ	মন্তব্য
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.
হাইড্রোলিক বীম লিফটার (১০-১২ মিঃ)	১টি	13/11/2017	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়িসমূহ গাজীপুর সিটি কর্পোরেশনের বৈদ্যুতিক নেটওয়ার্ক সচল রাখার কাজে ব্যবহার করা হচ্ছে।
স্কুটার ফর পোলিং লেডার	৫টি	13/11/2017	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	
মটর বাইক (১৫০ সিসি)	৫টি	13/11/2017	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	

১৭। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তর/ প্রকল্পের সমাপ্তিকরণের তারিখ
1.	জনাব মতিউর রহমান, নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ (চঃদাঃ), গাজীপুর সিটি কর্পোরেশন ।	পূর্ণকালীন	২৭/৭/২০১৭	(অবসর), ১৫/০৭/২০১৯
2.	জনাব মুহাঃ আরিফ আহম্মেদ, নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ (চঃদাঃ), গাজীপুর সিটি কর্পোরেশন ।	খন্ডকালীন (ভারপ্রাপ্ত)	16/7/২০19	৩১/১২/২০১৯

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ সোলার প্যানেল এবং এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করে বিদ্যুৎ খরচ কমিয়ে আনা; ➢ সোলার প্যানেল এবং এনার্জি সেভিং বাল্ব স্থাপনের মাধ্যমে নগরবাসীর জন্য উন্নত সেবা নিশ্চিত করা; ➢ গাজীপুর সিটি কর্পোরেশনে স্ট্রিট লাইট নেটওয়াকিং খাতে ব্যয় কমানো।	**এনর্জি সেভিং (এলইডি) স্ট্রিট লাইট** ৪০০০টি এনার্জি সেভিং স্ট্রিট লাইট ক্রয়ের জন্য ১৮৫৬.৫৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল তন্মধ্যে ১৮৫৩.৭৫ লক্ষ টাকা ব্যয়ে এনার্জি সেভিং (এলইডি) স্ট্রিট লাইট সংগ্রহ করা হয়েছে। সড়কবাতিসমূহ স্থাপনের ফলে একদিকে বিদ্যুৎ অপচয় রোথ হচ্ছে অন্যদিকে জনসাধারণ রাত্রীকালীন সময়ে নিভিগ্নে চলাচলে সুযোগ তৈরী হয়েছে। **অফিস কন্টিজেন্সি/স্টেশনারী** অফিস কন্টিজেন্সি/স্টেসনারী খাতে ৫.০০ লক্ষ টাকা মধ্যে ৪.৯৯ লক্ষ টাকা ব্যয়ে ২টন এসি-৩টি, কোর-আই-৫ কম্পিউটার সেট-২টি, ৪০ রীম/প্যাকেট এ৪পেপার, ২টি হাতল ওয়ালা কাঠের চেয়ার এবং হাফ সেক্রেটারিয়েট কাঠের টেবিল–২টি ক্রয় করা হয়েছে। অফিস সরঞ্জামাদি প্রকল্পের কাজে ব্যবহৃত হয়েছে **হাইড্রোলিক বীম লিফটার(১০-১২মিঃ)** ১টি হাইড্রোলিক বীম লিফটার (১০-১২ মিঃ) ক্রয়ের জন্য ৯৫.০০ লক্ষ টাকা ধরা ছিল সম্পূর্ণ টাকা ব্যয় করে ১টি হাইড্রোলিক বীম লিফটার সংগ্রহ করা হয়েছে। যা ব্যবহার করে গাজীপুর সিটি কর্পোরেশনের স্ট্রিট লাইট নেটওয়ার্ক সচল রাখা সম্ভব হচ্ছে। **স্কুটার ফর পোলিং লেডার** ডিপিপিতে ৫টি স্কুটার ফর পোলিং লেডার ক্রয়ের জন্য ৩৫.০০ লক্ষ টাকা ব্যয় ধরা ছিল তন্মধ্যে সম্পূর্ণ অর্থ ব্যয়ের মাধ্যমে ৫টি স্কুদার ফর পোলিং লেডার ক্রয় করা হয়েছে। গাজীপুর সিটি কর্পোরেশনের স্ট্রিট লাইট নেটওয়ার্ক সচল রাখার জন্য এই স্কুটার গুলি ব্যবহার করা হচ্ছে। **মটর বাইক (১৫০সিসি)** ডিপিপিতে ৫টি মটর বাইক (১৫০ সিসি) ক্রয়ের জন্য ১২.৫০ লক্ষ টাকা ধরা ছিল। সম্পূর্ণ টাকা ব্যয় করে ৫টি মটর বাইক ক্রয় করা হয়েছে। মটরবাইকগুলি ব্যবহার করে সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণ গাজীপুর সিটি কর্পোরেশনের বৈদ্যুতিক লাইটের প্রয়োজনীয় মেইনটেনেন্স কাজ করাসহ অফিসের অন্যান্য দাপ্ততিক কার্যাদি সম্পাদন করা হচ্ছে।

১৯। অডিট:

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
২০১৭-২০১৮	০০	০০	০০	নিরীক্ষা হয়নি
২০১৮-২০১৯	০০	০০	০০	প্রযোজ্য নয়
২০১৯-২০২০	০০	০০	০০	প্রযোজ্য নয়

প্রকল্পের অডিট সম্পাদন সংক্রান্ত বিষয় :

প্রকল্প কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত তথ্য দেখা যাচ্ছে, প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থবছরে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষা করা হয়নি। ২০১৮-২০১৯ অর্থবছরে অডিট রিপোর্টে ৮৫টি এবং ২০১৯-২০২০ অর্থবছরে ১৬টি অডিট আপত্তি দেয়া হয় তবে ৮৫টি এবং ১৬টির মধ্যে এই প্রকল্পের কোন অডিট আপত্তি আছে কিনা তা বোঝা যাচ্ছে না কারণ অডিট আপত্তির অনুচ্ছেদে কোন প্রকল্প/কর্মসূচির নাম ব্যবহার করা হয়নি। চিহ্নিত আপত্তিসমূহের কোনটি কোন প্রকল্প সম্পর্কিত তা স্পষ্ট নয় এবং প্রকল্প কর্তৃপক্ষও বিষয়টি নিশ্চিতভাবে বলতে পারছেন না। জিওবি অর্থের সকল প্রকল্পের বছরভিত্তিক অডিট যথানিয়মে সম্পন্ন করানোর বিধান আছে। এমতাবস্থায় এ প্রকল্পটির ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থবছরের অডিট সুনির্দিষ্টভাবে হওয়া আবশ্যক।

২০। প্রকল্প বাস্তবায়ন সমস্যা:

পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করতে না পারার পিছনে বেশ কয়েকটি কারণ বিদ্যমান ছিল তন্মধ্যে উল্লেখযোগ্য হলো:

- ✓ করোনা মহামারীর কারণে ২০18 এবং ২০19 সালে প্রকল্পের মূল কার্যক্রম কিছুটা বাধাগ্রস্ত হয়েছে ।
- ✓ প্রকল্প পরিচালক অবসরে যাওয়ায় এবং কিছুদিন না থাকায় কাজের অগ্রগতি এবং সমন্বয়ে অসুবিধা হয়েছে।
- ✓ প্রকল্প চলাকালীন সময়ে নতুন পরিষদ এ অনেক নতুন জনপ্রতিনিধি নির্বাচিত হয়েছেন। এ সকল নতুন জন প্রতিনিধিদের দক্ষ এবং সক্ষম করে গড়ে তুলতে বাড়তি সময়, শ্রম ব্যয় করার প্রয়োজন হয়েছে ইত্যাদি।

২১। পিআইসি এবং পিএসসি সভা সংক্রান্ত:

সভার নাম	সময়ের ধরন		এই সময় পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	চলতি বছরে লক্ষ্যমাত্রা (অর্থবছর: ২০১৭-১৮)	চলতি বছরে প্রকৃত অর্জন (অর্থবছর: ২০১৮-১৯)
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী			
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	(প্রযোজ্য নয়) প্রকল্প অফিসে রেজুলেসন সংরক্ষন নাই ।						
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	(প্রযোজ্য নয়) প্রকল্প অফিসে রেজুলেসন সংরক্ষন নাই ।						

পরিদর্শনকালে প্রকল্প পরিচালকের সাথে আলোচনা করে জানা যায় প্রকল্পটির মাত্র ১টি স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। স্টিয়ারিং কমিটির সভার নোটিশ, কার্যবিবরণী পাওয়া যায়নি। প্রতি ৩ মাস পর পর পিআইসি, পিএসসি সভা করার বিধান থাকলেও এই প্রকল্পের ক্ষেত্রে কেন তা পালন করা হলো না জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন তিনি জুলাই১৯-ডিসেম্বর মেয়াদে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। পূর্বের যিনি প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন তিনি এ বিষয়ে বলতে পারবেন।

২২। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ আমিনুর রহমান কর্তৃক ২৮/০৭/২০২৩ তারিখ "গাজীপুর সিটি কর্পোরেশনের বিদ্যুৎ অপচয় রোধ ও সাশ্রয়ের জন্য সোলার প্যানেল এনার্জি সেইভার সড়ক বাতি স্থাপন

করণ প্রকল্পটি" পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের বিভিন্ন নথিপত্র যাচাই-বাছাই করা হয় এবং প্রকল্পের বিগত 2 বছরের কার্যকারিতা, ফলাফল এবং বর্তমান অবস্থা বিষয়ে সংশ্লিষ্টদের সাথে মতবিনিময় করা হয়।

পরিদর্শনকৃত এলাকাসমূহ নিম্নরূপ:

তারিখ	পরিদর্শন স্থান	সাক্ষাৎকৃত অংশীজন
	গাজীপুর সিটি কর্পোরেশন	
২৮/০৭/২০২৩	(১) গাজীপুর সিটি কর্পোরেশনের ৮টি অঞ্চল এর ৫৭টি ওয়ার্ডের বিভিন্ন সড়ক ।	গাজীপুর সিটি কর্পোরেশনের ৮টি অঞ্চল এর অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

২৩। পরিদর্শন থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ:

সরেজমিনে পরিদর্শন কালে তথ্য উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় যে, "গাজীপুর সিটি কর্পোরেশনের বিদ্যুৎ অপচয় রোধ ও সাশ্রয়ের জন্য সোলার প্যানেল এনার্জি সেইভার সড়ক বাতি স্থাপন করণ" প্রকল্পটির মাধ্যমে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে সিটিকর্পোরেশন রাত্রিকালীন যানবাহন এবং জনসাধারণ নির্ভিগ্নে চলাচল করতে পারছে। সিটি কর্পোরেশনের আওতাভুক্ত ৬০শতাংশ এলাকায় সড়কবাতির আলোর সুবিধা পেয়েছে । পরিদর্শনকালে দেখা যায় প্রায় ৩ বছর ৭ মাস পূর্বে সমাপ্ত হওয়া প্রকল্পটির মাধ্যমে স্থাপিত সড়কবাতি মধ্যে আনুমানিক ৭০ শতাংশ সড়কবাতি এখনও সচল আছে। মাঝে মাঝে কিছু বাতি বিকল হয়ে গিয়েছে এরুপ দেখা গিয়েছে। সিটি কর্পোরেশন বিকল হয়ে যাওয়া লাইটসমূহের নিচে তার ঝুলিয়ে সাধারণ সাইট দিয়ে আপাতত কাজ চালিয়ে নিচ্ছে। এনার্জি সেভিং এলইডি লাইটসমূহ ব্যয়বহুল হওয়ায় এবং লাইটসমূহের বিক্রয়য়োত্তর সেবার মেয়্যদ শেষ হয়ে যাওয়ায় তাদের নিজস্ব তহবিলের মাধ্যমে অনুরূপ লাইট প্রতিস্থাপন করা সম্ভব হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় প্রকল্পের আওতায় সংগৃহীত এবং স্থাপনকৃত ২৪০টি সোলার লাইটের মধ্যে সকল লাইটই বিকল হয়ে গিয়েছে। অত্যাধিক ধুলাবালি এবং ব্যাটারি সংক্রান্ত জটিলতার কারণে এরুপ হয়েছে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন। আয়তনের দিক দিয়ে গাজীপুর সিটি কর্পোরেশন অনেক বড় হওয়ায় এই প্রকল্পের আওতায় সংগৃহীত ২৪০ সোলার লাইট এবং ৪০০০টি এনার্জি সেভিং এলইডি লাইট পর্যাপ্ত নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

ক্রয়কৃত মালামল বুঝে নেয়ার জন্য কমিটি গঠন না করাঃ

অনুমোদিত ডিপিপিতে পণ্য খাতে ৩ টি, কার্য খাতে ২টি এবং সেবা খাতে ১টি মোট ৬টি ক্রয় প্রক্রিয়ার কথা আলাদা ভাবে বলা থাকলেও প্রকল্প কর্তৃপক্ষ একটি টেন্টারের মাধ্যমে পণ্য খাতের ৩টি এবং কার্য খাতের ২টি প্যাকেজ একত্রে সরাসরি ক্রয় প্রক্রিয়া অনুসরণ করে নারায়নগঞ্জ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ কে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক অফিস স্টেশনারী, হাইড্রোলিক বীম লিফটার, স্কুটার ফর পোলিং লেডার, মটর বাইক, ফটোকপিয়ার, সোলার স্ট্রিট লাইট এবং এনার্জি সের্ভি (এলইডি) স্ট্রিট লাইটসমহ স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহ করা হয়েছে কিনা তা যাচাই বাছাই করে গ্রহণ করার জন্য কোন কমিটি গঠন করা হয়নি এবং মালামালসমূহ বুঝে নেয়ার বিষয়টিও কোন কমিটির মাধ্যমে হয়নি। যা ক্রয় পক্রিয়া পরিপন্হি। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকের নিকট এ বিষয়ে জানতে চাইলে তিনি বিষয়টি অবহিত নয় বলে জানিয়েছেন।

অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা না দেয়া।

অনুমোদিত ডিপিপি অনুয়াযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২২৫০.০০ লক্ষ টাকার মধ্যে জিওবি ১৫৭৫.০০ লক্ষ টাকা এবং জিসিসির নিজস্ব অর্থ ৬৭৫.০০ লক্ষ টাকা। ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি অংশের সম্পূর্ণ টাকা ১৫৭৫.০০ লক্ষ টাকা ছাড় করা হয়। যা গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র এবং প্রধান নির্বাহী কর্মকর্তার যৌথ স্বাক্ষরে মাধ্যমে পরিচালিত ব্যাংক হিসাবে জমা করা হয়। প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত জিওবি টাকা ব্যয় হয়েছে ১৫৬৬.৮২৭৪৩ লক্ষ টাকা । এই খাতে অবশিষ্ট রয়েছে (১৫৭৫.০০ - ১৫৬৬.৮২৭৪৩) = ৮.১৭২৫৭ লক্ষ টাকা যা এখনো সরকারি কোষাগারে জমা দেয়া হয়নি। প্রাপ্ত তথ্য অনুযায়ী ৮.১৭২৫৭ লক্ষ টাকা অব্যয়িত দেখানো হলেও ব্যাংকের সর্বশেষ ব্যালেন্স অনুযায়ী দেখা যায় ৩৯৭৩৯৮.৬৭ টাকা ব্যাংকে জমা রয়েছে। জিওবি খাতে অবশিষ্ট ৪.১৯৮৫৯ টাকা কেন ব্যাংক হিসাবে জমা থাকলো না এ বিষয়টি স্পস্ট করে প্রকল্প পরিচালক বলতে পারেননি। পরবর্তীতে তিনি একাউন্স শাখার বরাত দিয়ে অব্যয়িত ৮.১৭২৫৭ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হবে মর্মে একটি প্রত্যয়ন দিয়েছেন। প্রকল্প সমাপ্তির সাথে সাথে অব্যয়িত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়ার বিধান থাকলেও এই প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির ৩ বছর ৭ মাস অতিবাহিত হওয়ার পরেও কেন সরকারি কোষাগারে জমা দেয়া হলো না তা প্রকল্প পরিচালকের পক্ষ থেকে ব্যাখা প্রদান করা আবশ্যক।

২৪। সার্বিক পর্যবেক্ষণ:

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত "গাজীপুর সিটি কর্পোরেশনের বিদ্যুৎ অপচয় রোধ ও সাশ্রয়ের জন্য সোলার প্যানেল এনার্জি সেইভার সড়ক বাতি স্থাপন করণ" শীর্ষক প্রকল্পটি 2250.00 লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১7 খ্রি: হতে ডিসেম্বর ২০১৮খ্রি: মেয়াদে বাস্তবায়নের জন্য গত ৩০/০৫/২০২১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয় এবং ২৭/০৭/২০১৭ তারিখ প্রশাসনিক অনুমোদন দেয়া হয় । পরবর্তীতে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বার বৃদ্ধি করা হয়। বর্ধিত মেয়াদ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল নির্ধারিত হয় জানুয়ারি ২০১৭ খ্রি: হতে ডিসেম্বর ২০১৯খ্রি:পর্যন্ত। প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি যা মোট প্রাক্কলিত ব্যয়ের ২২৩৮.৩২৪৯ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ৯৯.৪৮%। এছাড়াও এ ধরনের ডিপিপি প্রকল্প স্থানীয় সরকার বিভাগ বেশকিছু নতুন প্রকল্প বাস্থবায়ন হলে স্থানীয় সরকার ব্যবস্থার উন্নয়নে ও রাজস্ব আয় বৃদ্বিতে ভূমিকা রাখবে।

প্রকল্পটির অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৪০০০টি এনার্জি সেভিং স্ট্রিট লাইট সংগ্রহ করা হয়েছে। সড়কবাতিসমূহ স্থাপনের ফলে একদিকে বিদ্যুৎ অপচয় রোথ হচ্ছে অন্যদিকে জনসাধারণ রাত্রীকালীন সময়ে নিভিগ্নে চলাচলে সুযোগ তৈরী হয়েছে। অফিস কন্টিজেন্সি/স্টেশনারী খাতে ৪.৯৯ লক্ষ টাকা ব্যয়ে ২টন এসি-৩টি, কোর-আই-৫ কম্পিউটার সেট-২টি, ৪০ রীম/প্যাকেট এ৪পেপার, ২টি হাতল ওয়ালা কাঠের চেয়ার এবং হাফ সেক্রেটারিয়েট কাঠের টেবিল–২টি ক্রয় করা হয়েছে। অফিস সরঞ্জামাদি প্রকল্পের কাজে ব্যবহৃত হয়েছে এখনো এগুলো ব্যবহৃত হচ্ছে। ১টি হাইড্রোলিক বীম লিফটার সংগ্রহ করা হয়েছে। যা ব্যবহার করে গাজীপুর সিটি কর্পোরেশনের স্ট্রিট লাইট নেটওয়ার্ক সচল রাখার কাজ অব্যাহত রাখছেন। ৫টি স্কুটার ফর পোলিং লেডার ক্রয় করা হয়েছে। গাজীপুর সিটি কর্পোরেশনের স্ট্রিট লাইট নেটওয়ার্ক সচল রাখার জন্য এই স্কুটার গুলি ব্যবহার করা হচ্ছে। ১২.৫০ লক্ষ টাকা ব্যয়ে ৫টি মটর বাইক ক্রয় করা হয়েছে। মটরবাইকগুলি ব্যবহার করে সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণ গাজীপুর সিটি কর্পোরেশনের বৈদ্যুতিক লাইটের প্রয়োজনীয় মেইনটেনেন্স কাজসহ অফিসের অন্যান্য দাপ্ততিক কার্যাদি প্রকল্প বাস্তবায়ন মেয়াদে সম্পাদন করেছেন এবং এখানো করে যাচ্ছেন।

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে গাজীপুর সিটি কর্পোরেশনের বিদ্যুৎ খরচ কমিয়ে আনাসহ রাত্রিকালীন যানবাহন ও জনসাধারনের নির্ভিগ্নে চলাচল অব্যাহত রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভুমিকা রেখেছে। তবে সোলার স্ট্রিট লাইটগুলির বিবিধ অনুবিধার কারণে বেশিদিন টেকসই হয়নি। গাজীপুর সিটি কর্পোরেশনের আয়তন এবং রাত্রিকালীন যানবাহন ও জনসাধারনের নির্ভিগ্নে চলাচল অব্যাহত রাখার জন্য অতি দ্রুত সমজাতীয় একটি প্রকল্প (প্রয়োজন অনুযায়ী এনার্জি সেভিং লাইটের সংস্থান রেখে) গ্রহণ করা যেতে পারে।

২৫। প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:



গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর

২৬। সুপারিশ/মতামত:

২৬.১। প্রকল্পের অনুকূলে ছাড়কৃত জিওবির অব্যয়িত ৮.১৭২৫৭ (আট লক্ষ সতের হাজার দুইশত সাতান্ন) টাকা কেন ৩ বছর ৭ মাস ব্যাংকে ফেলে রাখা হলো তা ব্যাখ্যা প্রদান করাসহ অতিদ্রুত চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে প্রমাণক আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

২৬.২। প্রকল্পটির সুনির্দিষ্টভাবে ২০১৭-২০১৮ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছরের অডিট কার্যাদি সম্পাদন করতে হবে। অডিটে যদি কোনরূপ আপত্তি উত্থাপিত হয় তা নিষ্পত্তি করে প্রমাণক আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে;

২৬.৩। প্রকল্পটির শুরু থেকে সমাপ্তি ২০১৭ - ২০১৯ পর্যন্ত মাত্র একটি স্টিয়ারিং কমিটির সভা করার বিষয়টি দুর্বল প্রকল্প ব্যবস্থাপনার ইংগিত বহন করে। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াকরণ ও অনুমোদন সংক্রান্ত বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে;

কক্সবাজার শহরে পানি সরবরাহ ও স্যানিটেশনের উপর সম্ভাব্যতা যাচাই ও উন্নয়ন প্রকল্প প্রণয়নের নিমিত্তে সমীক্ষা শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৯)

১. **প্রকল্পের নাম: কক্সবাজার শহরে পানি সরবরাহ ও স্যানিটেশনের উপর সম্ভাব্যতা যাচাই ও উন্নয়ন প্রকল্প প্রণয়নের নিমিত্তে সমীক্ষা প্রকল্প।**

২. **প্রকল্পের অবস্থান:** কক্সবাজার পৌরসভা এলাকা।

৩. **বাস্তবায়নকারী সংস্থা:** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

৪. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ:** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।

৫. **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ**

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৭.৮০	২০৩.৮০	২০৩.৮০	জানুয়ারি ২০১৭ হতে জুন ২০১৮	জানুয়ারি ২০১৭ হতে জুন ২০১৯	জানুয়ারি ২০১৭ হতে জুন ২০১৯	৬.০০ (৩.০৩%)	১৮ মাস (৬৬.৬৬%)

৬. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল।**

লক্ষ টাকায়

ক্রঃ নঃ	ডিপিপি অনুযায়ী প্রকল্পের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ(%)	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
১।	সরবরাহ ও সেবা	থোক	-	১৭.০০	১০০	১৭.০০
২।	Feasibility Study, Preparation of master Plan	থোক	১	১৫০.৮০	১০০	১৫০.৮০
৩।	প্রশিক্ষণ	থোক	-	৫.০০	১০০	৫.০০
৪।	**মূলধন:**					
৫।	Aquifer Test	-	২টি	৮.০০	১০০	৮.০০
৬।	Exploratory Drilling	-	১০টি	১২.০০	১০০	১২.০০
৭।	Auto Logger for conductivity, Temperature and depth	-	২টি	১১.০০	১০০	১১.০০
	সর্বমোট	-	-	২০৩.৮০	১০০%	২০৩.৮০

নোট: আর্থিক অগ্রগতি: ২০৩.৮০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি: ১০০%



আলোচ্য প্রকল্পের ঠিকাদার নিয়োগে বিলম্ব হওয়ায় প্রথম মেয়াদকালে তেমন অগ্রগতি না হলেও পরবর্তী ২য় মেয়াদকালে ঠিকাদার নিয়োগ দিয়ে কারিগরি প্রকল্পটি মোট বরাদ্দের শতভাগ অর্থ ব্যয় করে সম্পূর্ণ স্টাডি সম্পন্ন করে একটি গুরুত্বপূর্ণ মাস্টার প্লান সম্পন্ন করা হয়েছে।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** ডিপিপি-র সংস্থান মোতাবেক প্রকল্পের সকল কার্যক্রম সমাপ্ত হয়েছে।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ**

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন পর্যালোচনা;
- সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহ; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ।

৯। **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

- পানির গুণাগুণের ওপর নির্ভর করে কীরূপ পানি শোধনাগার প্রয়োজন তা খুজে বের করা;
- পানির সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থার পরিকল্পনা করা এবং প্রাক্কলন প্রস্তুত করা;
- উন্নয়নমূলক কাজে সামাজিক ও পরিবেশগত প্রভাব খুজে বের করা: এবং
- পানির উৎস হতে শহরের বিভিন্ন অংশে পানি সরবরাহের জন্য কীরূপ পরিকাঠামোর উন্নয়ন প্রয়োজন তা খুজে বের করা।

১০। **প্রকল্পের পটভূমি:**

চট্টগ্রাম থেকে ১৫২ কি: মি: দক্ষিণে অবস্থিত কক্সবাজার শহর পর্যটর শহর হিসেবে পরিচিত। বিশ্বের বৃহত্তম সমুদ্র সৈকত বেষ্টিত এ শহর বাংলাদেশের আকর্ষণীয় পর্যটন নগরীগুলোর মধ্যে অন্যতম। দেশ বিদেশের হাজার হাজার পর্যটক প্রতিদিন এ শহরে আগমন করে থাকে। ১৯৬২ সালে কক্সবাজারে মিউনিসিপ্যাল পানি সরবরাহ শুরু হয়। বর্তমানে ১০টি উৎপাদক নলকূপ এবং ১৪ কি: মি: ব্যাপী সরবরাহ লাইনের মাধ্যমে ১৭০০ বাড়িতে পানি সরবরাহ করা হয়। বিদ্যমান অবকাঠামোতে প্রায় ১ মিলিয়ন লিটার পানি সরবরাহ করা হচ্ছে যা চাহিদার ৩%। বিদ্যমান অবকাঠামোতে ২ মিলিয়ন লিটার পানি উৎপাদন করে চাহিদার ১০% মেটানো সম্ভব, যদি ১৬ ঘন্টা করে পাম্প চালানো যায়। অন্যদিকে ট্যুরিস্ট জোন এলাকায় প্রায় ২৫০টি হোটেল মোটেল অবস্থিত। এসব হোটেলের প্রতিটি নিজস্ব ব্যবস্থাপনায় বিভিন্ন ডায়ামিটারের টিউবওয়েল ব্যবহার করে প্রতি বছর বিপুল পরিমাণ ভূ-গর্ভস্থ পানি উত্তোলন করে

থাকে। এভাবে ভূ-গর্ভস্থ পানি উত্তোলন করা হলে ভবিষ্যতে বিপদজনক পরিস্থিতি সৃষ্টি হতে পারে। পরিবেশগত এসব বিষয় বিবেচনা সাপেক্ষে এর সম্ভাব্যতা সমীক্ষার প্রকল্প গ্রহণ করা হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শণঃ**

১১.১। সমীক্ষার অংশ হিসেবে মাঠপর্যায়ে বিভিন্ন সার্ভে সম্পাদনের পর সমীক্ষা প্রতিবেদন প্রস্তুত করা হয়। গত ২০/০৮/২০২০ তারিখে এ প্রকল্পের বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প পরিচালক জনাব ঋতিক চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার পরিদর্শনকালে উপস্থিত ছিলেন এবং তারা পরিদর্শন কাজে পুর্ণাঙ্গ সহযোগিতা প্রদান করেন।

১১.২। প্রকল্পের আওতায় সম্পাদিত সমীক্ষা কাজের বিবরণঃ

ক্রমিক নং	প্রস্তাবিত আইটেমের নাম	সম্পাদিত সমীক্ষা কাজের বিবরণ
০১.	Feasibility Study, Preparation of master Plan	GIS ম্যাপিং, পানির উৎস ও পানি সরবরাহের জন্য ট্রিটমেন্ট প্ল্যান্ট এর মাস্টার প্ল্যান করা হয়েছে।
০২.	Exploratory Drilling (Installation of Test Tube-wells at Cox's Bazar Pourashava Area	কক্সবাজার পৌরসভা এলাকায় ১০টি টেস্ট টিউবওয়েল স্থাপন করে উপকারভোগীদের জন্য পানি প্রাপ্তির ব্যবস্থা করা হয়েছে।
০৩.	Installation of 2 nos. 100 mm dia deep Tube-wells for Aquifer test	প্রকল্প এলাকার জন্য ০২টি ডিপ টিউবওয়েল স্থাপন করে Aquifer Test করা হয়েছে।
০৪.	Auto Logger (Supplying fitting & fixing of Telematics)	ভূ-গর্ভস্থ পানির স্তর ও তাপমাত্রা নির্ণয়ের জন্য ০২টি Auto Logger (Supplying fitting & fixing of Telematics) টুলস ব্যবহার করা হয়েছে।


১২। **সমীক্ষা কার্যক্রমে পরামর্শক নিয়োগ এবং ব্যয় সংক্রান্ত বিবরণ নিম্নরূপ:**

আইটেম/বিষয়	টেন্ডার/বিড/প্রফোজাল ব্যয় (কোটি টাকা)		টেন্ডার/বিড/প্রফোজাল ব্যয় (কোটি টাকা)		কাজ সমাপ্তির তারিখ	
	ডিপিপি অনুসারে	চুক্তিমূল্য	আহ্বানের তারিখ	চুক্তিপত্র ওপেনের তারিখ	চুক্তি মতে	প্রকৃত
Feasibility Study, Preparation of master Plan for water supply facilities for Cox's Bazar Town	১৫০.৮০	১৫০.৮০	২৩/০১/২০১৭	৩১/১২/২০১৭	৩১/১২/২০১৮	৩০/০৬/২০১৯

১৩। **সংশোধিত এডিপি বরাদ্দ এবং প্রকৃত অগ্রগতি:**

লক্ষ টাকায়

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ টাকা				প্রকৃত ব্যয় এবং বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	পিএ	মোট অর্থ ছাড়	মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১৬-২০১৭	-	-	-	-	-	-	-
২০১৭-২০১৮	১০০.০০	১০০.০০	-	৭৩.০০	৪২.৬৭	৪২.৬৭	-
২০১৮-২০১৯	৯৮.০০	৯৮.০০	-	৪৯.০০	৪৫.৫০	৪৫.৫০	-
২০১৯-২০২০	১১৫.৬৩	১১৫.৬৩	-	১১৫.৬৩	১১৫.৬৩	১১৫.৬৩	-



Scanned with CamScanner

প্রকল্পের আরএডিপিতে ২০১৬-১৭ অর্থবছরে কোন বরাদ্দ না থাকায় কোন কার্যক্রম হাতে নেয়া হয়নি। ২০১৭-১৮ অর্থ বছরে ১০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৩ লক্ষ টাকা অর্থ ছাড় করা হয় তবে উল্লেখযোগ্য অর্থ ব্যয় করা হয়নি। ২০১৮-২০১৯ অর্থবছরে ১১৫.৬৩ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয় এবং একই পরিমান অর্থ ছাড় ও ব্যয় করতে সক্ষম হয়। প্রকল্পটিতে পরপর ৩ জন প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয় এবং সঠিক ঠিকাদার নিয়োগ দিতে দেরি হওয়ায় প্রায় ৬৬.৬৬% সময় বেশি প্রয়োজন হয়।

১৪। **প্রকল্পের কাজের বর্তমান অবস্থা:**

সম্ভাব্যতা সমীক্ষাতে কক্সবাজার পৌর এলাকার জীববৈচিত্র, পানির উৎস, নিরাপদ পানির সহজলভ্যতা ইত্যাদির বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে। এ সব তথ্য পরবর্তীতে মূল বিনিয়োগ প্রকল্প প্রস্তাব প্রণয়নে সহায়ক হবে বলে আশা করা যায়।

১৫। **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:**

প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটির অনুমোদিত ব্যয় ২০৩.৮০ লক্ষ টাকা। অনুমোদিত বাস্তবায়নকাল জানুয়ারী ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী জুন ২০১৯ পর্যন্ত প্রকল্পের মোট ব্যয় ২০৩.৮০ লক্ষ টাকা (১০০%)।

১৬। **প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:**

ইতিপূর্বে আইএমইডি'র সহকারি পরিচালক জনাব মাহমুদা বেগম সাথী কর্তৃক গত ২৪/১০/২০১৮ ইং তারিখে এ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করা হয়েছে এবং পরিদর্শনকালে প্রদত্ত পর্যবেক্ষণের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১৭। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নঃ	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/অতিরিক্ত দায়িত্ব	সময়কাল
০১।	জনাব অনুপম দে	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার	অতিরিক্ত দায়িত্ব	২৮/১২/২০১৬ হতে ০৭/০৩/২০১৭ পর্যন্ত
০২।	জনাব মোঃ মোসলে উদ্দিন	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার	অতিরিক্ত দায়িত্ব	০৭/০৩/২০১৭ হতে ২৬/০২/২০১৮ পর্যন্ত
০৩।	জনাব ঋতিক চৌধুরী	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার	অতিরিক্ত দায়িত্ব	২৬/০২/২০১৮ হতে ৩১/১২/২০১৯ পর্যন্ত

১৮। **প্রকল্পের ক্রয় সম্পর্কিত তথ্য:**

প্রকল্পের আওতায় সেবা ক্রয়ের জন্য গত ১২/০৪/২০১৭ ইং তারিখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার এর নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালকের দপ্তরে দরপত্র আহবান করা হয় এবং ৭টি কনসাল্টটিং ফার্ম দরপত্র দাখিল করে। ১৫/০৬/২০১৭ ইং তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়। গত ২০/০৭/২০১৭ ইং তারিখে ১ম পিইসি সভায় দরপত্র যাচাই করা হয় এবং ৫টি ফার্মকে ইনভাইটেশন সাবমিট করতে বলা হয়। ২৪/০৮/২০১৭ ইং তারিখে ২য় পিইসি সভায় দরপত্র মূল্যায়ন করা হয়। ০৫/১০/২০১৭ ইং তারিখে ডিপিএইচই'র হেড অফিস কর্তৃক DevConsultant Limited (DevCon) কে অনুমোদন প্রদান করা হয়। সে অনুযায়ী গত ২০/১১/২০১৭ ইং তারিখে DevConstultant Limited (DevCon) এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী ৩১/১২/২০১৮ ইং তারিখে কাজ সমাপ্তির কথা থাকলেও প্রকৃত সেবা ক্রয় কার্যটি ৩০/০৬/২০১৯ ইং তারিখে শেষ হয়।

১৯। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	মন্তব্য
ক) পানির গুণাগুণের ওপর নির্ভর করে কিরূপ পানি শোধনাগার প্রয়োজন তা খুজে বের করা;	ক) পানির গুণাগুণের ওপর নির্ভর করে কিরূপ পানি শোধনাগার প্রয়োজন তা খুজে বের করা হয়েছে;	শতভাগ অর্জন
খ) পানির সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থার পরিকল্পনা করা এবং প্রাক্কলন প্রস্তুত করা;	খ) পানির সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থার পরিকল্পনা করা এবং প্রাক্কলন প্রস্তুত হয়েছে করা;	শতভাগ অর্জন

পরিকল্পনা	অর্জন	মন্তব্য
গ) উন্নয়নমূলক কাজে সামাজিক ও পরিবেশগ প্রভাব খুজে বের করা; এবং	গ) উন্নয়নমূলক কাজে সামাজিক ও পরিবেশগ প্রভাব খুজে বের করা হয়েছে; এবং	শতভাগ অর্জন
ঘ) পানির উৎস হতে শহরের বিভিন্ন অংশে পানি সরবরাহের জন্য কিরূপ পরিকাঠামো উন্নয়ন প্রয়োজন তা খুজে বের করা।	ঘ) পানির উৎস হতে শহরের বিভিন্ন অংশে পানি সরবরাহের জন্য কিরূপ পরিকাঠামো উন্নয়ন প্রয়োজন তা খুজে বের করা হয়েছে ।	শতভাগ অর্জন

২০। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:**

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন ও সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

২১। **বাস্তবায়ন সমস্যা:**

প্রকল্পটি বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হয়নি। স্থানীয় জনপ্রতিনিধি বিশেষ করে পৌরসভার সংশ্লিষ্টদের সহযোগিতায় এবং প্রকল্প এলাকার জনগণের সার্বিক সহযোগিতায় প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা সম্ভব হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন।

২২। **পর্যবেক্ষণ:**

২২.১ প্রকল্পটির সমীক্ষা করার জন্য যে সমস্ত এলাকা বিশেষ করে পৌর এলাকার ভিতরেও আশপাশের বাখখালি ইউনিয়নের বিভিন্ন এলাকার পানির স্তর ও পানির গুণাগুণ পরিমাপের জন্য টেস্টটিউব ওয়েল স্থাপন করা হয়েছে। পরিদর্শন কালে টেস্ট টিউবওয়েল গুলি ঠিকমত প্রতিস্থাপন করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়েছে। এছাড়া বাখখালি নদীতে রাবার ড্যামের মাধ্যমে কিভাবে নদীর পানিকে সুরক্ষা করা যায় এবং এ নদীর পানি ট্রিটমেন্ট করে নিরাপদ পানিতে পরিণত করা যাবে তা পর্যবেক্ষণ করা হয়েছে। সমীক্ষা প্রকল্পের মাধ্যমে কক্সবাজার শহরে পানি সরবরাহের জন্য আর ও তিনটি সারফেজ ওয়াটার সোর্স সিলেক্ট করা হয়। সে তিনটি সারফেজ সোর্স হচ্ছে দরিয়া নগর ক্যানেল, মিঠাচরা ক্যানেল ও পিএম খালি এলাকা।

২২.২ প্রকল্পের মাধ্যমে সমীক্ষাকৃত প্রতিটি অংশের কার্যক্রমের বিষয়ে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্টগণের সাথে মত বিনিময় করা হয়েছে। যে সমস্ত টেকনোলজি ব্যবহার করা হয়েছে এবং এ দ্বারা পরবর্তীতে প্রকল্প গ্রহণের কী প্রভাব পড়বে তা নিয়ে বিশদ পর্যালোচনা করা হয়।

২২.৩ DevConstultant কর্তৃক সমীক্ষা স্টাডির গৃহীত মতামত বা সুপারিশগুলোর উপর একটি কর্মশালার মাধ্যমে ফলো-আপ ইনভেস্টমেন্ট প্রকল্প প্রস্তুত করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে প্রতীয়মান হয়েছে।

২২.৪ পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, সমীক্ষা প্রকল্পটির কার্যক্রম নির্ধারিত ব্যয়ের মধ্যে সম্পন্ন হলে ও বাস্তবায়নকাল ৬৬.৬৬% Time Over run হয়েছে।

২২.৫ সমীক্ষা প্রকল্পের আওতায় প্রস্তাবিত ইকনমিক ফিজিবিলিটি স্টাডি পরিচালনা করা হয়েছে। ফলে সংশ্লিষ্ট এলাকায় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা যাবে। কক্সবাজার পৌর এলাকাসহ আশপাশের অন্যান্য এলাকার জনগণ বা হোস্ট কমিউনিটি এমনকি বিশেষ করে পর্যটকগণ এর জন্য সুবিধা হবে মর্মে প্রতীয়মান হয়েছে। ফলে এ এলাকায় পশ্চাদপদ জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়ন করার পরিবেশ সৃষ্টি হবে। দেশের অর্থনৈতিক কার্যক্রমে ইতিবাচক প্রভাব পড়বে মর্মে স্টাডি প্রতিবেদনে মতামত ব্যক্ত করা হয়েছে।


২২.৬ প্রকল্পের আওতায় দেশের কক্সবাজার ও এর আশপাশের জনসাধারণের (হোস্ট কমিউনিটি) নিরাপদ পানি নিশ্চিতকরণের লক্ষ্যে পরিবশগত প্রভাব সমীক্ষা পরিচালনা করা হয়েছে। সমীক্ষা প্রতিবেদনের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব পড়ার সম্ভাবনা নেই মর্মে মতামত ব্যক্ত করা হয়েছে।

২২.৭ প্রকল্পের আওতায় হাইড্রো-মরফোলজিক্যাল স্টাডি, সাব-সয়েল ইনভেস্টিগেশন ও আর্থ-সামাজিক সার্ভে সম্পাদন করা হয়েছে। এ সকল সার্ভের ফলাফল ইতিবাচক মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।


২২.৮ সমীক্ষা প্রকল্পের মাধ্যমে একটি ফলো-আপ ইনভেস্টমেন্ট প্রজেক্ট প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অনুমোদনের জন্য যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করার দ্রুত উদ্যোগ নেয়া জরুরি। কারণ, যত দ্রুত প্রকল্প নেয়া হবে তত দ্রুতই এ সমীক্ষা প্রকল্পের উদ্দেশ্য সাধিত হবে মর্মে প্রতীয়মান হয়েছে।

২২.৯ সমীক্ষা প্রকল্পটি কক্সবাজার পৌরসভায় সারফেজ ওয়াটার দ্বারা নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে পৌরবাসী ও আগত সকল পর্যটকগণের সুপেয় পানির চাহিদা পূরণের জন্য একটি গুরুত্বপূর্ণ দলিল হিসেবে প্রণয়ন করা হয়েছে। স্টাডিটি ইংরেজী ভার্সনে করা হয়েছে। ইংরেজী ভাষার পাশাপাশি বাংলা ভার্সনে করা হলে আরও ইফেক্টিভ হবে।


২২.১০ এই সমীক্ষায় ভূ-গর্ভস্থ পানির স্তর উঠানামা এবং পানির তাপমাত্রা নির্ণয়ের জন্য অত্যাধুনিক Auto Logger (Supplying fitting & fixing of Telemetric) ব্যবহার করা হয়।



চিত্র ১: প্রকল্প পরিচালক প্রস্তুততকৃত রিপোর্টের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা।




চিত্র২: Auto Logger (Supplying fitting & fixing of Telemetric ব্যবহার



চিত্র৩: Auto Logger (Supplying fitting & fixing of Telemetric দ্বারা ভূগর্ভস্থ পানির স্তর এবং পানির তাপমাত্রা পরিক্ষা পদ্ধতি বুঝানো।




চিত্র ৪: এডিবি প্রকল্পের মাধ্যমে উপজেলা জনস্বাস্থ্য অফিসে পানি পরীক্ষাগার স্থাপন।


Final Report

Feasibility Study and Development Project Preparation for Water Supply Facilities for Cox's Bazar Town

চিত্র ৫: ইএএফ –এডিবি প্রকল্পের মাধ্যমে প্রস্তুতকৃত রিপোর্ট।



চিত্র৬: ইএএফ –এডিবি প্রকল্পের মাধ্যমে ৪ টি সারফেজ ওয়াটার এলাকা।

Scanned with CamScanner

২৩. **সুপারিশ/মতামত:**

উপরিউক্ত পর্যবেক্ষণসমূহের আলোকে উক্ত সমীক্ষা প্রকল্পের গুরুত্বপূর্ণ সুপারিশসমূহের মাধ্যমে সরকারি বিনিয়োগ প্রকল্প প্রণয়ন করে বাস্তবায়নের স্বার্থে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের জন্য সুপারিশ করা হলো:

২৩.১ সমীক্ষা প্রতিবেদনটির কপি সংশ্লিষ্ট কক্সবাজার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর অফিস ও ডিপিএইচই'র প্রধান কার্যালয় লাইব্রেরিতে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৩.২ সম্ভাব্যতা-যাচাই স্টাডিতে ইতিবাচক ফলাপল পাওয়ায় এর ফলো-আপ হিসেবে ডিপিএইচই'র উদ্যোগে দ্রুত একটি ইনভেস্টমেন্ট প্রজেক্ট প্রস্তুত ও বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রেরণ নিশ্চিত করতে হবে;

২৩.৩ ভবিষ্যতে ইনভেস্টমেন্ট প্রকল্পের প্রতিটি ক্ষেত্রে সময়ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুসরণ করে বাস্তবায়ন নিশ্চিতের উদ্যোগ গ্রহণ করতে হবে।

২৩.৪ উপর্যুক্ত মতামত/সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রতিপালন সম্পর্কিত প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগ আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি-তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

সিরাজগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯)

১।	প্রকল্পের নাম	:	সিরাজগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প।
২।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	মোঃ সাইদুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩।
৩।	প্রশাসনিক মন্ত্রনালয় বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪।	বাস্তবায়নকারী সংস্থা	:	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
৫।	প্রকল্পের অর্থায়ন	:	সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তায়িত প্রকল্প ।

৬। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন: **(লক্ষ টাকায়)**

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	বাস্তাবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালে %
মোট টাকা প্রকল্প	মোট টাকা প্রকল্প	মোট টাকা প্রকল্প	মূল	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪৯২.০৫	১৪৯২.০৫	১২৯০.০৫	জানুয়ারি,২০১৭ থেকে ডিসেম্বর,২০১৮	জানুয়ারি, ২০১৭ থেকে ডিসেম্বর,২০১৯	জানুয়ারি, ২০১৭ থেকে ডিসেম্বর,২০১৯	--	১২মাস ৫০%

৭। প্রকল্পের পটভূমিঃ

সিরাজগঞ্জ পৌরসভার বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণের লক্ষ্যে উক্ত পৌরসভার বিদ্যমান ৩টি ওভারহেড ট্যাংক এর মধ্যে ২টি ব্যবহার অনুপযোগী ও ঝুঁকিপর্ণ হয়ে পড়ায় উক্ত জলাধার অপসারণ করে নতুন জলাধার নির্মাণ, ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি এবং সিরাজগঞ্জ পৌরসভার জনসাধারণের পানি সরবরাহ ব্যবস্থা উন্নতির মাধ্যমে তাদের স্বাস্থ্য ও জীবনমানের উন্নতি সাধনসহ উক্ত এলাকার অর্থনৈতিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি ১৪৯২.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১৭/০৫/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের কোড নম্বর পেতে বিলম্ব, পাইপ লাইন স্থাপন কাজের জন্য পৌরসভা হতে স্থান পেতে বিলম্ব, পুরাতন ওভারহেড ট্যাংক অপসারণ করে নতুন স্থান নির্ধারণের জন্য সময় ক্ষেপণ ইত্যাদি কারণে নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না হওয়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্প মেয়াদ ১ (এক) বছর অর্থাৎ জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ এর পরিবর্তে জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮। প্রকল্পের উদ্দেশ্যঃ

সিরাজগঞ্জ পৌরসভার জনসাধারণের পানি সরবরাহ ব্যবস্থার উন্নতির মাধ্যমে তাদের স্বাস্থ্য ও জীবনযাত্রা মানের উন্নতি সাধনসহ উক্ত এলাকার অর্থনৈতিক অবস্থার উন্নয়ন।

৯। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ:

- বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা;
- বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার মেরামত ও রক্ষণাবেক্ষণ;
- সিরাজগঞ্জ পৌরসভায় পাইপড ওয়াটার সাপ্লাই এর আওতা বৃদ্ধিকরণ; এবং

➢ সিরাজগঞ্জ পৌরসভার বস্তি এলাকায় পানি সরবরাহ সুবিধাদি উন্নতিকরণ।

১০। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিব ও বাস্তবায়ন অগ্রগতিঃ

ক্রঃ নং	ডিপিপির আওতায় অংগভিত্তিক কাজের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	(ক) Revenue Component					
১	Supply and Services	থোক	২২.৫০	থোক	১১.৭০ (১০০%)	থোক(১০০ %)
২	Repair, Maintenance & Rehabilitation of Existing AIRP	সংখ্যা	৬৪.৪৫	২টি	৬৪.২৩ (৬৫%	২টি (১০০%)
৩	Project Startup Workshop and Project Completion Workshop with Publication of Project Completion Report	থোক	৩.০০	থোক	৩.০০ (১০০%)	(১০০%)
৪	Training	থোক	৩.০০	থোক	০০	০০
৫	Engaging Local NGO to form CBO (like Dhaka WASHA Mode)	থোক	২০.০০	থোক	১৫.৫০ (৭৭.৫০%)	(১০০%)
	Sub-Total (Revenue component) :		**১১২.৯৫**	**--**	**৯৪.৪৩**	**৮৩.৬০%**
	(খ) Capital Component					
৬	Test Tube well	সংখ্যা	৯.৬০	৮টি	২.৮৬ (২৯.৭৯%)	৮টি (১০০%)
৭	Production tube well (150mm x 35mm)	সংখ্যা	১০০.০০	৪টি	৪০.০২ (৪০%)	৪টি(১০০%)
৮	Submersible Pump Procurement and Installation	সংখ্যা	৩৩.৬০	৪টি	২৩.৫২ (৭০%)	৪টি (১০০%)
৯	Pump House with Electrification and Security Wall Construction	সংখ্যা	৩২.০০	৪টি	৪৬.৩১ (১৪৪.৭১%)	৪টি (১০০%
১০	Transformer with Electric Connection	সংখ্যা	২০.০০	৪টি	২৩.৩৫ (১১৮%%)	৪টি (১০০%)
			১৯৫.২০		**৯৪.৪৩ (৪৮.৩৭%**	**১০০%**
১১	Pipe Line Laying (Different Dia)	কিঃ মিঃ	৬১৪.০০	৫০ কিঃমিঃ	*৪৯২.৬৪ (৮০%)*	৪৩.৪৭কি মি (৮৬.৯৬%)

১২	Construction of Over Head Tank (Capacity 680 cum)	সংখ্যা	৫০০.০০	২টি	৫১১.৫০ (১০২%)	২টি (১০০%)
১৩	Construction Stand Post for the Distressed Community (with internal connection and necessary fittings)	সংখ্যা	৩৮.২৫	৮৫টি	৩৮.১০ (৯৯%)	৮৫টি (১০০%)
১৪	Water Works Complex Development	সংখ্যা	১৮.০০	২টি	১৭.৫৮ ৯৭%	২টি (১০০%)
	Sub-Total (Revenue component) :		**১৩৬৫.৪৫**		**১২৯০.৩১ (৯৪.৪৬%)**	**০০**
	(গ Physical Contingency (0.5% of Capital Cost)		৬.৮৩	৬.৮৩	--	--
	(ঘ) Price Contingency (0.5% of Capital Cost)		৬.৮৩	৬.৮৩	--	--
	সর্বমোট : (ক+খ+গ+ঘ):		**১৪৯২.০৫**		**১২৯০.৩১ (৮৬.৪৭%)**	**(১০০%)**

তথ্য সূত্র : প্রকল্প কার্যালয়

১১। অর্থবছর ভিত্তিক সংশোধিত এডিপি সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও ব্যয়ঃ

অর্থবছর	এডিপিব রাদ্দ ও লক্ষ্যমাত্রা			টাকা অবমুক্তি	ব্যয়			বাস্তব অগ্রগতি
	মোট	জিওবি	প্রকল্প সাহায্য		মোট	জিওবি	প্রকল্প সাহায্য	
২০১৭-২০১৮	৩৮০.৯৫	৩৮০.৯৫	-	৩৮০.৯৫	৩৮০.৯৫	৩৮০.৯৫	-	২৯.৫৩%
২০১৮-২০১৯	৬১০.১৫	৬১০.১৫	-	৬১০.১৫	৬১০.১৫	৬১০.১৫	-	৪৭.২৮%
২০১৯-২০২০	৪৬২.১০	৪৬২.১০	-	৪৬২.১০	২৯৯.২৫	২৯৯.২৫	-	২৩.১৯
মোট	১৪৫৩.২০	১৪৫৩.২০	-	১৪৫৩.২০	১২৯০.৩১	১২৯০.৩১	-	১০০%

১২। **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি** প্রকল্পটি ১৪৯২.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির অনুকূলে বরাদ্দের পরিমাণ ১৪৫৩.২০ লক্ষ টাকা এবং ছাড়কৃত অর্থের পরিমাণ ১৪৫৩.২০ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এর তথ্য অনুযায়ী ক্রমপুঞ্জিত ব্যয় ১২৯০.৩১ লক্ষ টাকা যা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৮৬.৪৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। ছাড়কৃত অর্থের অব্যয়িত ১৬২.৮৯ লক্ষ টাকা রাষ্ট্রীয় কোষাগার থেকে উত্তোলন করা হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৩। এডিপিপিতে মোট প্যাকেজ সংখ্যা (পণ্য, কার্য ও সেবা): (লক্ষ টাকায়)

প্যাকেজ নং	প্যাকেজের অধীনে কাজের বিবরণ	ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা	অফিসিয়াল প্রাক্কলন	দরপত্র অহবানের তারিখ	চুক্তিমূল্য	চুক্তির তারিখ	বাস্তবায়িত কাজের পরিমান	প্রকৃত সমাপ্তির তারিখ	বিল পরিশোধের পরিমান
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
Gd-01	Repair, Maintenance & Rehabilitation of Existing AIRP (২টি)	৬৪.৪৫	৬৪.২৫	২৫/১০/২০১৮	৬৪.২৫	১৭/১২/১৮	২টি	১৮/১২/২০১৯	৬৪.২৩
WD-01	Test Tube well	৯.৬০	১৬৭.৪৫ প্যাকেজ সংখ্যা-১	৩/১২/২০১৭	১৫০.৭১ প্যাকেজ সংখ্যা-১	৪/৩/২০১৮	৮টি	২৩/১২/২০১৯	১৩৬.০৬
	Production tube well (150mm x 35mm)	১০০.০০					৪টি		
	Submersible Pump Procurement and Installation	৩৩.৬০					৪টি		
	Pump House with Electrification and Security Wall Construction	৩২.০০					৪টি		
	Transformer with Electric Connection	২০.০০					৪টি		
WD-02 & WD-03	Pipe Line Laying (Different Dia)	৬১৪.০০	৬১৩.৯৮	১১/২/২০১৮	৫৫২.৫৮	২২/৪/২০১৮	৪৩.৪৭	২২/১২/২০১৯	৪৯২.৬৪
WD-04 & WD-05	Construction of Over Head Tank (Capacity 680 cum	৫০০.০০	৪৬৫.৮৭	৫১১.৫৩	৫১১.৫৩	১০/৫/১৮	২টি	২৩/১২/১৯	৫১১.৫০
WD-07	Construction Stand Post for the Distressed Community (with internal connection and necessary fittings)	৩৮.২৫	৩৮.২৪	১৩/১২/১৮	৩৮.২৪	২৭/১/২০১৯	৮টি	৪/১২/২০১৯	৩৮.১০
WD-06	Water Works Complex Development	১৮.০০	১৭.৯৯	২৫/১০/১৮	১৭.৯৯	১৭/১২/২০১৮	২টি	১৮/১২/২০১৯	১৭.৫৮

১৪। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের বাস্তাবয়ন অবস্থাঃ

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী প্রধান অঙ্গের নাম	সংখ্যা	বাস্তবায়ন
১।	Repair, Maintenance & Rehabilitation of Existing AIRP	২টি,	২টি
	Test Tube well	৮টি, সমাপ্ত	৮টি

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী প্রধান অঙ্গের নাম	সংখ্যা	বাস্তবায়ন
২।	Production tube well (150mm x 35mm)	৪টি, সমাপ্ত	৪টি
	Submersible Pump Procurement and Installation	৪টি, সমাপ্ত	৪টি
	Pump House with Electrification and Security Wall Construction	৪টি, সমাপ্ত	৪টি
	Transformer with Electric Connection	৪টি, সমাপ্ত	৪টি
৩।	Pipe Line Laying (Different Dia)	৫০ কিলোমিটার	৪৩.৪৭ কিঃমিঃ
৪।	Construction of Over Head Tank (Capacity 680 cum)	২টি	২টি
৫।	Construction Stand Post for the Distressed Community (with internal connection and necessary fittings)	৮৫টি	৮৫টি
৬।	Water Works Complex Development	২টি	২টি

১৫। প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন সম্পর্কিত তথ্যঃ

প্রকল্প পরিচালকের নাম	পদবি মূল দপ্তর ও	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ
প্রকৌঃ আবুজার মোঃ মাছউদার রহমান মোবাইল নম্বর ০১৭১১৩৬০৩৬৭	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী,	২৪/০১/২০১৮ থেকে ৩১/১২/২০১৯ পর্যন্ত	অতিরিক্ত

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(ক)	পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা সম্প্রসারণ ও নিরাপদ সুপেয় পানি নিশ্চিত করা।	পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা সম্প্রসারণ ও নিরাপদ সুপেয় পানি সরবরাহের সুযোগ সৃষ্টি হয়েছে। তবে পাইপলাইনের মাধ্যমে প্রকল্প এলাকায় বসবাসরত পৌর এলাকার জনগনের নিকট চাহিদা অনুযায়ী পানি সরবরাহ করা নিশ্চিত করা গেলে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হবে।
(খ)	বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থা মেরামত ও রক্ষণাবেক্ষণ।	সিরাজগঞ্জ পৌরসভার বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণের লক্ষ্যে উক্ত জলাধার অপসারণ করে নতুন জলাধার নির্মাণ করা হয়েছে যা সিরাজগঞ্জ পৌরসভার জনসাধারণের পানি সরবরাহ ব্যবস্থা উন্নতির মাধ্যমে তাদের স্বাস্থ্য ও জীবনমানের উন্নতি সাধনসহ উক্ত এলাকার অর্থনৈতিক অবস্থার উন্নয়নে অবদান রাখবে।
(গ)	সিরাজগঞ্জ পৌরসভায় পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহের কভারেজ উন্নতি করা।	সিরাজগঞ্জ পৌরসভায় পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি পাবে।
(ঘ)	সিরাজগঞ্জ পৌরসভার বস্তি/অনুন্নত এলাকার জনসাধারনের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা উন্নতি করা।	সিরাজগঞ্জ পৌরসভায় বসবাসরত জনগণের পয়: নিষ্কাশন সুবিধাদির উন্নয়ন করার মাধ্যমে জলাবদ্ধতা নিশ্চিত করা হয়েছে যা সাধারণ জনগণের জন্য সহায়ক ভূমিকা পালন করেছে।

১৭। **পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ :**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ি "সিরাজগঞ্জ পৌরসভায় পানিসরবরাহ ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমই বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩ এর সহকারী পরিচালক মোঃ সাইদুর রহমান কর্তৃক গত ১০/১২/২০২২ তারিখে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন

১৭.১। **আর্সেনিক, আয়রন ও রিমোভাল প্ল্যান্ট এর সংস্কার :**

প্যাকেজ নং Gd-1 এর আওতায় ২টি আর্সেনিক, আয়রন ও রিমোভাল প্ল্যান্ট (Repair, Maintenance & Rehabilitation of Existing (AIRP) এর সংস্কার ও মেরামত খাতে ডিপিপিতে সংস্থান রাখা হয় ৬৪.৪৫ লক্ষ টাকা, যার দাপ্তরিক প্রাক্কলন করা হয় ৬৪.২৫ লক্ষ টাকা। প্ল্যান্ট ২টি সংস্কারের নিমিত্ত ২৫/১০/২০১৮ তারিখে দরপত্র আহবান করে ৬৪.২৫ লক্ষ টাকা চুক্তিমূল্যে ১৭/১২/২০১৮ তারিখে মোঃ ইসাহাক আলী ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়। চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ১৭/০৬/২০১৯ হলেও কাজ শেষ হয় ১৮/১২/২০১৯ তারিখে। বিল পরিশোধ করা হয়েছে ৬৪.২৩ লক্ষ টাকা। এখাতে আর্থিক অগ্রগতি ৯৯.৬৫%। পরিদর্শনকালে দেখা যায়, সিরাজগঞ্জ পৌরসভার মারোয়ারিপট্টি ও ধানবান্ধি এলাকায় অবস্থিত আর্সেনিক ও আয়রন রিমোভাল প্ল্যান্ট ২টিতে ৫০ হর্সপাওয়ার সেন্টিফিউগাল পাম্প ও কন্ট্রোল প্যানেল ৪টি, ফিল্টার মিডিয়ার পাথর ও বালি পরিবর্তন, বিভিন্ন ডায়ার চেম্বার সুইচ বালব পরিবর্তন, বিদ্যামান AIRP এর পানি শোধনাগারের বিভিন্ন যন্ত্রাংশ পরিবর্তন, সিআইসিট পরিবর্তন, কলাপসেবল গেইট, মেইন সিকিউরিটি গেট, ফ্যান লাগানো, দরজা পরিবর্তন, পাম্প কন্ট্রোল বক্স লাগানো, পাইপ পরিবর্তন, বারবেট ওয়্যার মেরামতের মাধ্যমে এ দু'টি প্ল্যান্টের সংস্কার কাজ সম্পন্ন হয়েছে ভৌত অগ্রগতি ১০০%। নির্মাণ সামগ্রীর ল্যাবটেস্ট (পিভিসি পাইপ, পাম্প মোটর, সিমেন্ট, বালু, স্টোন চিপ, এমএস বার) ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও সিরাজগঞ্জ পলিটেকনিক ইনষ্টিটিউট হতে সম্পন্ন হয়েছে। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক আর্সেনিক ও আয়রন রিমোভাল প্ল্যাটি ২টি গত ২৪/০২/২০২২ তারিখে মেয়র, সিরাজগঞ্জ পৌরসভার নিকট হস্তান্তর করা হয়েছে। পরিদর্শনকালে আর্সেনিক, আয়রন ও রিমোভাল প্ল্যান্টের পাম্পহার্ড চেম্বারসহ প্ল্যান্টের বিভিন্ন যন্ত্রাংশে মরিচা পড়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে। প্ল্যান্টের যন্ত্রপাতি স্থাপন কক্ষগুলোতে পানি জমে থাকতে দেখা যায় । রিমোভাল প্ল্যান্টগুলো রক্ষণাবেক্ষনে যথেষ্ট অভাব পরিলক্ষিত হয়েছে। পাম্প অপারেটর মোঃ বিপ্লব (মোবাইল ০১৭১০৩১৮০৬৭) এটির দেখভালের দায়িত্ব পালন করছেন। সরকারী অর্থে নির্মিত এ প্ল্যান্টগুলো রক্ষণাবেক্ষণে পৌরসভার অবহেলা পরিলক্ষিত হয়েছে।



আর্সেনিক ও আয়রন রিমোভাল প্ল্যান্ট



আর্সেনিক ও আয়রন রিমোভাল প্ল্যান্ট এর যন্ত্রাংশ

১৭.২। **প্যাকেজ নং WD-01** এর আওতায় পরীক্ষামূলক নলকূপ ৮টি, উৎপাদক নলকূপ (150mm x 35mm) ৪টি, সাবমারসিবল পাম্প ৪টি, বিদ্যুৎ সংযোগ, সিকিউরিটি ওয়াল নির্মাণ ৪টি, বৈদ্যুতিক সংযোগসহ পাম্পহাউজ ৪টি, ট্রান্সফরমার ৪টি স্থাপন কাজ একটি প্যাকেজের মাধ্যমে সম্পাদন করা হয়েছে। এ সকল কাজের জন্য অনুমোদিত ডিপিপিতে ১৯৫.২০ লক্ষ টাকার সংস্থানের বিপরীতে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ১৬৭.৪৫ লক্ষ টাকা। এসকল কাজ সম্পাদনের জন্য ৩১/১২/২০১৭ তারিখে দরপত্র আহবান করে ১৫০.৭১ লক্ষ টাকা চুক্তিমূল্যে NAZ-RINA JV নামক ঠিকাদার প্রতিষ্ঠানকে ০৩/০৯/২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৪/০৩/২০১৮ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কাজ সমাপ্তির তারিখ ২৩/১২/২০১৯ তারিখে। বিল পরিশোধ করা হয়েছে ১৩৬.০৬ লক্ষ টাকা।এক্ষেত্রে চুক্তিমূল্যের চেয়ে ১৪.৬৫ লক্ষ টাকা বিল কম পরিশোধ করা হয়। পরিদর্শনকালে দেখা যায়, ট্রান্সমিটার স্থাপনের জন্য প্লাটফর্ম ও ইলেকট্রিক পোল নির্মাণ করা হয়েছে তবে ট্রান্সমিটারগুলো স্থাপন করা হয়নি। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী এবং উপস্থিত সহকারী প্রকৌশলী জানান, পৌরসভার নিকট নর্দার্ণ ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) এর নিকট বিদ্যুৎ বিল বকেয়া থাকায় আপত্তির কারণে ট্রান্সমিটারগুলো চালু করা হয়নি। পানি শোধনাগারগুলো পূর্বের বিদ্যুৎ লাইনের মাধ্যমে চালু রয়েছে। ট্রান্সমিটারগুলো পাম্পহাউজে সংরক্ষিত আছে দেখা যায়। এ বিষয়ে সিরাজগঞ্জ পৌরসভার সহকারী প্রকৌশলী (পানি) জানান ট্রান্সমিটারগুলো স্থাপনের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হবে। প্রকল্পের আওতায় নির্মিত পাম্পহাউজগুলোর আয়তন ১০ফুট x ২০

ফুট যা মাপে সঠিক পাওয়া যায়। বৈদ্যুতিক ট্রান্সফরমারসহ এ সকল স্থাপনাগুলো মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা এর নিকট গত ২৪/০২/২০২২ তারিখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ কর্তৃক হস্তান্তর করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, ডিপিপিতে সিকিউরিটি ওয়াল নির্মাণের উল্লেখ থাকলেও এখানে ২১০ ফুট x১২ আয়তনের সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে। এ ব্যাপারে উপস্থিত পৌরসভার সহকারী প্রকৌশলী জানান বর্তমানে পূর্বের সিকিউরিটি ওয়াল বিদ্যমান বিদ্যমান রয়েছে তবে প্লান্টের সাথে সংযোগ সড়ক না থাকায় এ সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে। উল্লেখ্য যে, ডিপিপি এর নির্ধারিত অঙ্গের বাইরে এ ধরণের কাজ সম্পাদন এবং ব্যয় পরিপত্রের নির্দেশনার পরিপন্থি।



স্থিরচিত্র : প্রকল্পের আওতায় নির্মিত পাম্পহাউজ



স্থিরচিত্র : প্রকল্পের আওতায় স্থাপনকৃত প্রোডাকশন টিউবওয়েল

১৭.৩। **ওভারহেড ট্যাংক নির্মাণ (৬৮০ লক্ষ কিউবিক মিটার :** ৬৮০ লক্ষ কিউবিক মিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ০২টি ওভারহেড ট্যাংক নির্মাণের জন্য ২টি প্যাকেজের মাধ্যমে অনুমোদিত ডিপিপিতে ৫০০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। এ ২টি ওভারহেড ট্যাংক নির্মাণের জন্য ১৯/৩/২০১৮ তারিখে দরপত্র আহবান করা হয়। WD-04 নং প্যাকেজে সিরাজগঞ্জ পৌরসভার মারওয়ারীপট্টিতে ৬৮০ লক্ষ কিউবিক মিটার ধারণ ক্ষমতাসম্পন্ন ওভারহেড ট্যাংক নির্মাণের জন্য চুক্তি মূল্য ২৫৫.৮০ লক্ষ টাকা এবং WD-05 প্যাকেজে পৌরসভার ধানবান্ধি ওয়াটার ওয়ার্কস কম্পাউন্ডে ওভারহেড ট্যাংক নির্মাণের জন্য ২৫৫.৭৩ লক্ষ টাকা চুক্তিমূল্যে মেসার্স কবির হোসেন এন্ড ইসহাক আলী জেভি নামক ঠিকাদার প্রতিষ্ঠানকে ১০/৫/২০১৮ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। ২টি ওভারহেড ট্যাংক নির্মাণে ঠিকাদারের বিল বাবদ ৫১১.৫০ লক্ষ টাকা পরিশোধ করা হয়েছে, অর্থাৎ এ অংগে ১১.৫৩ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে যা পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র " সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিক ২০২২" অনুচ্ছেদ- ২১.২৬ এর পরিপন্থি। ওভারহেড নির্মাণ কাজ চুক্তি মেয়াদে সম্পন্ন করে প্রয়োজনীয় পানি উত্তোলন, নির্গমন, ব্যাক ওয়াশ, ওয়াশ আউট, ওয়াটার লেভেল ইন্ডিকেটর, সুইচ ভাল্ব চালু অবস্থায় এ সকল স্থাপনাগুলো জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ কর্তৃক মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা এর নিকট গত ১০/১১/২০২০ তারিখে হস্তান্তর করা হয়েছে।



স্থির চিত্র : সিরজগঞ্জ পৌরসভায় মারওয়ারীপট্টিতে নবনির্মিত উচ্চজলাধার



স্থির চিত্র : সিরজগঞ্জ পৌরসভায় ধানবান্ধি আই.আর এরিয়ায় নবনির্মিত উচ্চজলাধার

১৭.৪. **<u>পাইপ লাইন স্থাপন ৫০ কি:মি::</u>**

অনুমোদিত ডিপিপিতে ০২টি প্যাকেজের মাধ্যমে বিভিন্ন ব্যাসের ৫০ কিলোমিটার পাইপ লাইন স্থাপন বাবদ ডিপিপি সংস্থান ৬১৪.০০ লক্ষ টাকার বিপরীতে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ৬১৩.৯৮ লক্ষ টকা। WD-02 প্যাকেজের আওতায় ২৭৬.২৯ লক্ষ টাকা এবং WD-03 প্যাকেজের আওতায় ২৭৬.২৯ লক্ষ টাকা মোট ২টি প্যাকেজে ৫০ কি: মি: পাইপ লাইন স্থাপনের ১১/২/২০১৮ তারিখ দরপত্র আহবান করা হয়। ৫৫২.৫৮ লক্ষ টাকা চুক্তিমূল্যে ২২/১২/১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ২২/৪/২০১৮তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। চুক্তি অনুযায়ী নির্ধারিত তারিখে কাজ সম্পাদন করা হয়েছে। এ কাজের জন্য ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ৪৯২.৬৪ লক্ষ টাকা । এ অংগে ১২১.৩৬ লক্ষ টাকা ব্যয় কম হয়েছে।

১৭.৫ পরিদর্শনকালে দেখা যায়, বিভিন্ন ব্যাসের ৪৩.৪৭ কিলোমিটার পাইপ লাইন স্থাপন প্রদান করা হয়েছে। ডিপিপি অনুযায়ী পাইপ লাইন স্থাপন কম হওয়ার ব্যাপারে উপস্থিত ডিপিএইচই সহকারী প্রকৌশলী জানান, সিরাজগঞ্জ পৌরসভার মধ্যে সড়ক ও জনপথের ৪ লেন রাস্তা নির্মাণ কাজ চলমান থাকায় পৌরসভা কর্তৃক পাইপলাইন স্থাপনের সাইট সিলেশন বিলম্ব

হওয়ার কারণে পাইপলাইন বাস্তবায়ন কাজ কম হয়েছে। পরির্শনকালে দেখা যায়, ধানবান্ধি পানির ট্যাংকি হতে বি এল স্কুলের উত্তর পাশ পর্যন্ত ১০ ইঞ্চি ব্যাসের ৭২৯ মিটার, ৮ ইঞ্চি ব্যাসের ১২টি পয়েন্টে ১২৮৪১.২৭ মিটার, ৬ ইঞ্চি ব্যাসের ১১টি পয়েন্টে ৭৪২৪ মিটার, ৪ ইঞ্চি ব্যাসের ৫৭টি পয়েন্টে ২২৫২৬মিটার মোট ৪৩৫১৫ মিটার পাইপ লাইন স্থাপন করা হয়েছে।

১৭.৬। পরিদর্শনকৃত ৮ ইঞ্চি ব্যসের কাজিপুর মোড় হতে কাঠের পুল পর্যন্ত ১৩৭০ মিটার, চাদ আলী মোড় হতে রেলগেট পর্যন্ত ১৮৬৫ মিটার, কাজিপুর মোড় হতে মাসুমপুর পানির ট্যাংক, ঢাকা আয়রন স্টিল হতে কয়লা পট্টি পর্যন্ত ৪৪১ মিটার, ৬ ইঞ্চি ব্যাসের কটনমিল ৩নং গলি হতে কাঠের পুল ৭৬১ মিটার, মিলন মিল হতে সমাজকল্যাণ মোড় পর্যন্ত ১১৯৬ মিটার, কালাচাদ ব্রিজ হতে রামগতি ডাল মিল পর্যন্ত ১২৫৮ মিটার এবং কালেকটর স্কুল মোড হতে বাস টার্মিনাল পর্যন্ত ৯৮৪ মিটার এবং ৪ ইঞ্চি ব্যাসের কাজিপুর রোড বসিরের চায়ের দোকান হতে শিক্ষা কানন স্কুল পর্যন্ত ৬২২ মিটার পাইপ লাইন কাজ পরিদর্শন করা হয়। পাইপ লাইন স্থাপন করে যে হাউজ কানেকশন দেয়া হয়েছে তা পর্যাপ্ত নয় বলে পরিদর্শনকালে উপকারভোগীরা জানান। উপকারভোগী ধানবান্ধি এলাকায় উপকারভোগী সুজিত ঘোষ ও সৌম্য ঘোষ, চর রাইপুর পূর্বপাড়া এলাকার উপকার ভোগী জনাব এম আব্দুল মতিন এবং একই এলাকার নাসিমা বেগম জানান তারা সময়মত পানি পাচ্ছেন এবং পানির মান ভাল বলে জানিয়েছেন। তবে ধানবান্ধি ওভার ট্যাংক হতে কিছুটা দুরবর্তী এলাকায় বসবাসকারী লিপি বেগম এর সাথে আলাপকালে জানান পানিতে আয়রন আছে এবং তিনি ঠিকমত পানি পাচ্ছেন না। এ ব্যাপারে পৌরসভার প্রকৌশলী (পানি) জানান আয়রন রিমোভাল প্লান্টের পরিশোধনকৃত পানি চাহিদার তুলনায় কিছুটা কম হওয়ায় পানি সরবরাহ বিঘ্ন ঘটছে। প্রকল্পের মাধ্যমে যে পরিমান পাইপ লাইন স্থাপন করে হাউজ কানেকশন দেয়া হয়েছে তা পর্যাপ্ত নয় বলে পরিদর্শনকালে উপকারভোগীরা জানান। অন্য কোন কর্মসূচীর মাধ্যমে পাইপ লাইনের মাধ্যমে আরো পাইপ লাইন স্থাপন ও পাম্প হাউজ নির্মাণের মাধ্যমে এ পৌরসভায় নিরাপদ পানি নিশ্চিত করা প্রয়োজন বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।




পাইপ লাইন স্থাপন

১৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** পিসিআর এর তথ্য অনুযায়ী কাজ অসমাপ্ত নেই।

১৯। **প্রকল্পের যানবহান সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পের আওতায় কোন যানবাহন ক্রয়ের সংস্থান ছিল না।

২০। **অডিট সংক্রান্ত তথ্য :** প্রকল্পের শুরু হতে ডিসেম্বর,২০১৯ পর্যন্ত অর্থবছরভিত্তিক অডিট নিষ্পত্তির বিষয়ে কোন তথ্য প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রতিফলিত হয়নি। প্রকল্পে কোন অনিয়ম হয়েছে কিনা তা নিরুপন করা হয় অডিট কার্য সম্পাদনের ভিত্তিতে। ফলে প্রকল্পটির অডিট সম্পন্ন না হওয়া পর্যন্ত নিয়মতান্ত্রিকভাবে সফলভাবে সম্পন্ন হয়েছে কিনা তা বুঝা যাচেছ না। অডিট সম্পন্ন করার বিষয়ে প্রকল্প কার্যালয় হতে এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি মর্মে প্রকল্প পরিচালক দপ্তর সূত্রে জানা যায়। জরুরী ভিত্তিতে অডিট সম্পন্ন করার বিষয়ে পরিদর্শনকালে বিশেষভাবে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

২১। উপকারভোগীদের মতামত : প্রকল্পের কার্যক্রম পরিদর্শনকালে সিরাজগঞ্জ পৌরসভার সহকারী প্রকৌশলী (পানি) সাথে আলাপ করে জানা যায়, প্রকল্পের আওতায় পুরাতন ওভারহেড ট্যাংক সংস্কার, নতুনভাবে নির্মিত ওভারহেড ট্যাংক স্থাপন এবং পানি সরবরাহ পাইপ লাইন স্থাপনের ফলে পৌর এলাকার পানির কভারেজ বৃদ্ধির পেয়েছে এবং এলাকার জনগণের পানির সংকট অনেকাংশে লাঘব হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে আয়রন ও আর্সেনিক রিমোভাল প্ল্যান্ট সংস্কার করার ফলে পৌর এলাকার জনগণ সুপেয় পানি পাচ্ছেন। পৌরসভার ধানবান্ধি এলাকার উপকারভোগী সুজিত ঘোষ ও সৌম্য ঘোষ, চর রাইপুর পূর্বপাড়া এলাকার উপকার ভোগী জনাব এম আব্দুল মতিন এবং একই এলাকার নাসিমা বেগম জানান তারা সময়মত পানি পাচ্ছেন এবং পানির মান ভাল বলে জানিয়েছেন। তবে ধানবান্ধি ওভার ট্যাংক হতে কিছুটা দুরবর্তী এলাকায় বসবাসকারী লিপি

বেগম এর সাথে আলাপকালে জানান পানিতে ও আয়রনের পরিমান কিছুট বেশী থাকায় সমস্যার সম্মুখিন হতে হচ্ছে । প্রকল্পের মাধ্যমে যে পরিমান পাইপ লাইন স্থাপন করে হাউজ কানেকশন দেয়া হয়েছে তা পর্যাপ্ত নয় বলে পরিদর্শনকালে উপকারভোগীরা জানান। তবে নিরাপদ পানি নিশ্চিত করার জন্য এ প্রকল্প থেকে যতটুকু ব্যবস্থা করা হয়েছে এর থেকে আরো ব্যাপকভাবে নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা করার জন্য উপকারভোগীরা দাবী জানান।

২২। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা:**

২২.১। আর্সেনিক ও আয়রন রিমোভাল প্ল্যান্টসমূহের রক্ষণাবেক্ষনের অভাব :

প্রকল্পের মাধ্যমে সংস্কারকৃত আর্সেনিক, আয়রন ও রিমোভাল প্ল্যান্টগুলোর সংস্কার কাজ সম্পন্ন করে ইতোমধ্যে সিরাজগঞ্জ পৌরসভার নিকট হস্তান্তর করা হয়েছে। পরিদর্শনকালে আর্সেনিক, আয়রন ও রিমোভাল প্ল্যান্টের পাম্পহার্ড চেম্বারসহ প্ল্যান্টের বিভিন্ন যন্ত্রাংশে মরিচা পড়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে। রিমোভাল প্ল্যান্টের যন্ত্রপাতি স্থাপন কক্ষগুলোতে পানি জমে থাকতে দেখা যায় । সরকারী অর্থে নির্মিত এ প্ল্যান্টগুলো রক্ষণাবেক্ষণে পৌরসভার অবহেলা পরিলক্ষিত হয়েছে। যেহেতু আর্সেনিক, আয়রন ও রিমোভাল প্ল্যান্টগুলো প্রকল্প পরিচালক কর্তৃক পৌরসভার নিকট হস্তান্তর করা হয়েছে। সেহেতু এ সকল স্থাপনাসহ যন্ত্রপাতির প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করার দায়িত্ব সংশ্লিষ্ট পৌরসভার। স্থানীয় সরকার বিভাগ এবিষয়ে জরুরীভিত্তিতে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করবে।

২২.৩। **অডিট সম্পাদন না হওয়া**: প্রকল্পটি শুরু হয়ে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত অর্থবছরভিত্তিক অডিট নিষ্পত্তির বিষয়ে কোন তথ্য প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রতিফলিত হয়নি। প্রকল্পটির অডিট সম্পন্ন না হওয়া পর্যন্ত নিয়মতান্ত্রিকভাবে সফলভাবে সম্পন্ন হয়েছে কিনা তা বুঝা যাচ্ছে না। অডিট সম্পন্ন করার বিষয়ে প্রকল্প কার্যালয় হতে এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি মর্মে প্রকল্প পরিচালক দপ্তর সূত্রে জানা যায়। এ বিষয়টি সম্পূর্ণ অনিষ্পন্ন অবস্থায় রয়েছে যা এ প্রকল্পের একটি বড় সমস্যা ও ব্যত্যয়।

২২.৪। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণে বিলম্ব : প্রকল্প সমাপ্তির ৩(তিন) মাসের মধ্যে প্রকল্প পরিচালক কর্তৃক নির্ধারিত ছকে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিতে প্রেরণের বিধান থাকলেও প্রকল্প সমাপ্তির ২ বছর ১০ মাস বিলম্বে স্থানীয় সরকার বিভাগ গত ১৩ নভেম্বর,২০২২ তারিখে এ প্রকল্পের পিসিআর প্রেরণ করেছে যা আইএমইডিতে গত ১৭/১১/২০২২ তারিখে পাওয়া যায়। প্রকল্প ব্যবস্থাপনায় এটি বড় ধরণের ব্যত্যয় মর্মে প্রতীয়মান হয়।

২২.৫। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time over- run): প্রকল্পটির মূল মেয়াদকাল জানুয়ারি,২০১৭ হতে ডিসেম্বর,২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জানুয়ারি,২০১৭ হতে ডিসেম্বর২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। অর্থাৎ মূল অনুমোদিত মেয়াদকাল এর চেয়ে ১ বছর সময় বেশী অতিবাহিত হয়েছে। এ ক্ষেত্রে ১২ মাস (৫০%) টাইম ওভার রান হয়েছে। নির্দিষ্ট সময়ে প্রকল্প বাস্তবায়ন করা হলে জনসাধারণ সঠিক সময় এর সুফল পেত। সময়মত প্রকল্পের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করাই প্রকল্প বাস্তবায়নের মূল লক্ষ্য । এ প্রকল্পের ক্ষেত্রে তার ব্যত্যয় ঘটেছে।

২৩। পরিদর্শন পর্যবেক্ষণের আলোকে আইএমইডি'র সুপারিশ/মতামত:

২৩.১। প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৪টি বৈদ্যুতিক ট্রান্সফরমার প্রকল্প পরিচালক কর্তৃক পৌর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হলেও এ পর্যন্ত সেগুলো স্থাপন করা হয়নি। বৈদ্যুতিক ট্রান্সফরমার স্থাপনে পৌরসভা কর্তৃপক্ষের বিলম্বের কারণ অনুসন্ধানপূর্বক বৈদ্যুতিক ট্রান্সফরমার ৪টি দ্রুত স্থাপন করার বিষয়ে সিরাজগঞ্জ পৌরসভার সাথে সার্বক্ষনিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং সর্বশেষ অবস্থা সম্পর্কে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে আইএমইডিকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ-১৭.২);

২৩.২ । ২টি ওভারহেড ট্যাংক নির্মাণ খাতে ডিপিপি সংস্থান সংস্থানের বিপরীতে বেশী অর্থ ব্যয় করা হয়েছে, যা পরিকল্পনা শৃঙ্খলা পিপিআর ২০০৮ এবং সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিক ২০২২" অনুচ্ছেদ- ২১.২৬ এর পরিপন্থি। বিষয়টি খতিয়ে দেখা যেতে পারে (অনুচ্ছেদ-১৭-৩);

২৩.৩। প্রকল্পের মাধ্যমে সংস্কারকৃত আর্সেনিক ও আয়রন রিমোভাল প্ল্যান্টের বিভিন্ন যন্ত্রাংশে মরিচা পড়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে। রিমোভাল প্ল্যান্টের যন্ত্রপাতি স্থাপন কক্ষগুলোতে পানি জমে থাকতে দেখা যায় । সরকারী অর্থে নির্মিত এ প্ল্যান্টগুলো রক্ষণাবেক্ষণে পৌরসভার অবহেলা পরিলক্ষিত হয়েছে। এ সকল স্থাপনাসহ যন্ত্রপাতির প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ করার জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে সংশ্লিষ্ট পৌরসভা বরাবর পত্র প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ-২২.২);

২৩.৪। প্রকল্পটির এ পর্যন্ত কোন অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি। অডিট সম্পন্ন করার জন্য অডিট অফিসের সাথে প্রকল্প কার্যালয়ের যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং প্রকল্পের অডিট কার্যক্রম সম্পাদন শেষে অডিট প্রতিবেদনের ০১ (এক) কপি আইএমইডিতে প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ-২২.৩);

২৩.৫। প্রকল্প সমাপ্তির ৩(তিন) মাসের মধ্যে প্রকল্প পরিচালক কর্তৃক নির্ধারিত ছকে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিতে প্রেরণের বিধান থাকলেও প্রকল্প সমাপ্তির ২ বছর ১০ মাস বিলম্বে এ প্রকল্পের পিসিআর আইএমইডিতে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে নির্ধারিত ছকে আইএমইডিতে প্রেরণের বিষয়টি স্থানীয় সরকার বিভাগ নিশ্চিত করবে (অনুচ্ছেদ-২২.৪);

২৩.৬। প্রকল্পটির মূল মেয়াদকাল জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জানুয়ারি,২০১৭ হতে ডিসেম্বর,২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। অর্থাৎ মূল অনুমোদিত মেয়াদকাল এর চেয়ে ১ বছর সময় বেশী অতিবাহিত হয়েছে। এ ক্ষেত্রে ১২ মাস (৫০%) টাইম ওভার রান হয়েছে। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়টি পরিহার করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাকে সচেষ্ট হতে হবে (অনুচ্ছেদ-২২.৫);

২৩.৭। উপরোক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থাদির বিষয়ে আগামী ০২/০২/২০২৩ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে আইএমইডিকে অবহিত করতে হবে।

সিলেট সিটি কর্পোরেশনের মধ্যে দিয়ে প্রবাহিত প্রধান প্রধান ১১টি ছড়া সংরক্ষণ এবং আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: **ডিসেম্বর ২০১৯)**

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১। প্রকল্পের নাম : **সিলেট সিটি কর্পোরেশনের মধ্যে দিয়ে প্রবাহিত প্রধান প্রধান ১১টি ছড়া সংরক্ষণ এবং আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (১ম সংশোধিত)।**

২। বাস্তবায়নকারী সংস্থা : **সিলেট সিটি কর্পোরেশন।**

৩। প্রকল্পের ধরন : **বিনিয়োগ।**

৪। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকার (জিওবি) এবং সিলেট সিটি কর্পোরেশন।

৫। প্রকল্প পরিচালকের নাম : জনাব মো: আলী আকবর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।

৬। প্রকল্প এলাকা : সিলেট।

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন
সিলেট	সিলেট	সিলেট সিটি কর্পোরেশন

৭। প্রকল্প অনুমোদন:

ডিপিপি	অনুমোদনের তারিখ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
মূল	২৩/০৬/২০১৭	একনেক
সংশোধিত	১৯/১১/২০১৮	স্থানীয় সরকার মন্ত্রণালয়

৮। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;

(খ) **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন (**পিসিআর) পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে কাজের গুণগতমান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহ;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা;

(চ) প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং

(ছ) প্রকল্পের উপকারভোগীদের মতামত গ্রহণ।

৯। অনুমোদিত প্রাক্কলিত ব্যয়: (লক্ষ টাকায়)

ডিপিপি	মোট	জিওবি	সিলেট সিটি কর্পোরেশন	হ্রাস/বৃদ্ধির হার
মূল	২৩৬৪০.৩৬	২০০৯৪.৩১	৩৫৪৬.০৫	-
সংশোধিত	২৬৯৫২.৭৩	২৩০৯৪.৩১	৩৮৫৮.৪২	১৪.০১১(%) বৃদ্ধি

১০। প্রকল্পের বাস্তবায়নকাল:

ডিপিপি	বাস্তবায়নকাল	হ্রাস/বৃদ্ধির হার
মূল	জানুয়ারী ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮	-
সংশোধিত	জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯	+ ৫০%

১১। প্রকল্পের উদ্দেশ্য :

- ❖ ড্রেনেজ সিস্টেমের উন্নয়ন;
- ❖ ছড়া/খালের প্রতিবন্ধকতা দূরীকরণ;
- ❖ অবৈধ দখলদার উচ্ছেদ;
- ❖ বন্যা ও বর্ষা মৌসুমে জনদুর্ভোগ লাঘব এবং
- ❖ জলাবদ্ধতা নিরসন করে সামাজিক ও অর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধি।

১২। প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধির কারণ:

- সিলেট মহানগরীর মধ্যে দিয়ে প্রবাহমান ছড়া/ খাল সমূহের মধ্যে ৩টি ছড়া/ খালের কাজ সম্পূর্ণ করার লক্ষ্যে ইউ টাইপ ড্রেনের পরিমাণ বৃদ্ধি করা;
- ছড়া/ খালের অবৈধ দখলদার অধিকতর উচ্ছেদ করার লক্ষ্যে আরসিসি রিটেইনিং ওয়ালের দৈর্ঘ্য বৃদ্ধি;
- ছড়া/ খালের গতিপথ পরিবর্তন হওয়ার ফলে সঠিক সীমানা চিহ্নিত করার বিষয়ে জেলা প্রশাসক কার্যালয়ের সঙ্গে যোগাযোগ করে সমাধান প্রদানে বিলম্ব হওয়া; এবং
- সিলেট অঞ্চল বৃষ্টি প্রবণ এলাকা হওয়ায় অতি বৃষ্টির কারণে বর্ষা মৌসুমে কোন কাজ করা সম্ভব হয়নি, এসকল কারণে ডিডিপি সংশোধন করতে হয়েছে।

১৩। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহ ও পরিমাণ :

ক) আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (২.৫ মি উচ্চতার) : ৮৫৬৫ মিটার।

খ) আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (৩.০০ মি উচ্চতার) : ১০৩৭৯.২০মিটার।

গ) আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (৩.৫ মি উচ্চতার) : ২১০২.০০ মিটার।

ঘ) আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (৪.০০ মি উচ্চতার) : ৩৫২৫.২৫ মিটার।

ঙ) আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (৫.০০ মি উচ্চতার), : ২৫০৩.১০ মিটার।

চ) আরসিসি ইউ টাইপ ড্রেন নির্মাণ : ৭৪১১.৫৮ মিটার।

ছ) ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য্য বর্ধন কাজ : ১৫৪৮.২৬ মিটার।

জ) ওয়াকওয়ে, পার্ক ও বসার স্থান নির্মাণ : ৪২৮৮.৭৬ বর্গ মিটার

ঝ) ছড়া/খাল খনন ও পুনঃ খনন : ২১৭৭৩.০০ মিটার।

ঞ) সিসি ব্লক দ্বারা নদীর তীর সংরক্ষণ : ৯৫৪.৭৫ মিটার।

জ) যন্ত্রপাতি ক্রয় : ৯টি।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য

১৪। **অঙ্গভিত্তিক অগ্রগতি:**

ক্রমিক নং	কোড / সাব কোড বর্ণনা	অংগভিত্তিক কাজের বিবরণ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
				আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	৬৮৩৩	আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (২.৫ মি উচ্চতার)	মি	২৭২৩.৮৫	৮৫৬১.০০	২৭২৩.৮২	৮৫৬৫.০০
২	৬৮৩৩	আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (৩.০০ মি উচ্চতার)	মি	৩৯৫৬.০৯	১০৩৭৮.০০	৩৯৫৬.০৫	১০৩৭৯.২০
				১০১১.০৬	২১০০.০০	১০১০.৭৫	২১০২.০০
৩	৬৮৩৩	আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (৩.৫ মি উচ্চতার)	মি	১৬৫৮.২৮	৩৫২১.৬৬	১৬৫৮.৩০	৩৫২৫.২৫
৪	৬৮৩৩	আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ (৪.০০ মি উচ্চতার)	মি	১৫০৬.০৫	২৫০০.০০	১৫০৬.০১	২৫০৩.১০
৫	৬৮৩৩	আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ	মি	৫২৮৩.২৭	২০০০.০০	৫২৮৩.২০	১৯৯৯.৮৫
৬	৬৮৩৩	আরসিসি ইউ টাইপ ড্রেন নির্মাণ	মি	৩৭৪৬.৮৫	৫০০০.০০	৩৭৪৬.৭৫	৪৯৯৯.৫৮
				২৩০১.৩১	২৪০০.০০	২৩০০.৯০	২৪১২.০০
৭	৭০১৬	ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য্যবর্ধন কাজ	মি	২৬৯৭.২৭	১৫৩৪.৮৭	২৬৯৭.৩০	১৫৪৮.২৬
৮	৬৮০৫	ওয়াকওয়ে, পার্ক ও বসার স্থান নির্মাণ	বর্গমিটার	৩৪১.৩৪	২৩৯১.৫২	৩৪১.৩০	২৪০৫.০০
			বর্গমিটার	১৬৩.৫৩	১৮২৯.২৪	১৬৩.৪৫	১৮২২.৪০
			বর্গমিটার	৩৬.৭৫	৬০.২০	৩৬.৬০	৬১.৩৬
৯	৬৮০৫	ছড়া/খাল খনন ও পুনঃ খনন।	মি	৫৭১.৯৮	১০০০০.০০	৫৭২.০০	২১৭৭৩.০০
১০	৭০৪১	সিসি ব্লক দ্বারা নদীর তীর সংরক্ষণ	মি	৩৭৩.৬০	৯০০.০০	৩৭৩.৬১	৯৫৪.৭৫
১১	৭০৪১	যন্ত্রপাতি ক্রয়	প্রতিটি	৫৮১.৫০	৯	৫৮১.৪৩	৯
		(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি		-	-	-	-
		(ঘ) প্রাইস কনটিনজেন্সি		-	-	-	-

ক্রমিক নং	কোড / সাব কোড বর্ণনা	অংগভিত্তিক কাজের বিবরণ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
				আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
		সর্বমোট (ক+খ+গ+ঘ)		২৬৯৫২.৭৩		২৬৯৫১.৪৭	

তথ্য সূত্র: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)।

১৫। মূল ডিপিপি ও সংশোধিত ডিপিপি'তে বছরভিত্তিক আর্থিক সংস্থান: (লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান			সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান			মন্তব্য
	মোট	জিওবি	এস সি সি	মোট	জিওবি	এস সি সি	
২০১৭-২০১৮	১০৭৫০.০০	১০০০০.০০	৭৫০.০০	১০৭৫০.০০	১০০০০.০০	৭৫০.০০	
২০১৮-২০১৯	১২৮৯০.৩৬	১০০৯৪.৩১	২৭৯৬.০৫	১২৮৯০.৩৬	১০০৯৪.৩১	২৭৯৬.০৫	
২০১৯-২০২০	০.০০	০.০০	০.০০	৩৩১২.৩৭	৩০০০.০০	৩১২.৩৭	
মোট	২৩৬৪০.৩৬	২০০৯৪.৩১	৩৫৪৬.০৫	২৬৯৫২.৭৩	২৩০৯৪.৩১	৩৮৫৮.৪২	

তথ্য সূত্র: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)।

১৬। সংশোধিত এডিপি বরাদ্দ এবং অগ্রগতি: (লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বরাদ্দ			অর্থ অবমুক্ত	ব্যয়			মন্তব্য
	মোট	জিওবি	এস সি সি		মোট	জিওবি	এস সি সি	
২০১৬-২০১৭	-	-	-	১০০০.০০	-	-	-	
২০১৭-২০১৮	১০৭৫০.০০	১০০০০.০০	৭৫০.০০	১০০০০.০০	১০৭৫০.০০	১০০০০.০০	৭৫০.০০	
২০১৮-২০১৯	১২৮৯০.৩৬	১০০৯৪.৩১	২৭৯৬.০৫	৮৭০০.০০	১২৮৯০.৩৬	১০০৯৪.৩১	২৭৯৬.০৫	
২০১৯-২০২০	৩৩১২.৩৭	৩০০০.০০	৩১২.৩৭	৩৩৯৪.৩১	৩৩১১.১১	২৯৯৮.৭৪	৩১২.৩৭	
মোট	২৬৯৫২.৭৩	২৩০৯৪.৩১	৩৮৫৮.৪২	২৩০৯৪.৩১	২৬৯৫১.৪৭	২৩০৯৩.০৫	৩৮৫৮.৪২	

তথ্য সূত্র: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)।

বর্ণিত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়-

- ২০১৮-২০১৯ অর্থবছরে আরডিপিপি'তে ১০০৯৪.৩১ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ সংস্থানের বিপরীতে ৮৭০০.০০ লক্ষ টাকা অর্থ ছাড় করা হলেও ব্যয়ের তথ্যে ১০০৯৪.৩১ লক্ষ টাকা দেখানো হয়েছে। ছাড়কৃত অর্থের চেয়ে ১৩৯৪.৩১ লক্ষ টাকা বেশী ব্যয় কিভাবে করা হয়েছে তা স্পষ্ট নয়।
- ২০১৯-২০২০ অর্থবছরে মোট অর্থ বরাদ্দের চেয়ে অর্থ অবমুক্ত বেশি ৮১.৯৪ লক্ষ টাকা বেশি দেখানো হয়েছে। বরাদ্দকৃত অর্থের চেয়ে ছাড়কৃত অর্থ কিভাবে বেশী হয় তা স্পষ্ট নয়।

নোট: সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয় বিষয়ে পিসিআর এ উল্লেখিত ব্যয়ের জিওবি ও সিলেট সিটি কর্পোরেশন অংশে অর্থের গরমিল পরিলক্ষিত হয়েছে।

১৭। পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

কার্য	পণ্য
● প্রকল্পের আওতায় ১৬৭টি প্যাকেজের মধ্যে এলটিএম ১৩৫ টি ও উন্মুক্ত দরপত্র পদ্ধতি(ওটিএম) ৩২টি প্যাকেজে দরপত্র আহবান পূর্বক বাস্তবায়ন করা হয়েছে।	● প্রকল্পের আওতায় ৪টি প্যাকেজে ০৯টি আইটেম ক্রয় করা হয়েছে।

১৮। প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালক	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)
জনাব মোঃ আলী আকবর	**নির্বাহী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন**	**২৩/০৬/২০১৭ হতে ৩১/১২/২০১৯**	**অতিরিক্ত**

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
❖ ড্রেনেজ সিস্টেমের উন্নয়ন করা; ❖ ছড়া/খালের প্রতিবন্ধকতা দূর করা; ❖ অবৈধ দখলদার উচ্ছেদ করা; ❖ বন্যা ও বর্ষা মৌসুমে জনদুর্ভোগ লাঘব করা; ❖ জলাবদ্ধতা নিরসন করে সামাজিক ও অর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধি করা।	❖ ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের ফলে জলাবদ্ধতা হ্রাস পেয়েছে। ❖ ছড়া/খালের প্রতিবন্ধকতা দূরীকরণের ফলে পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিত হয়েছে। ❖ অবৈধ দখলদার উচ্ছেদপূর্বক আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। ❖ জনদুর্ভোগ লাঘব হয়েছে।

২০। ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility **সংযোগ সংক্রান্ত হালনাগাদ তথ্য : প্রযোজ্য নয়।**

২১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ অর্থবছরে প্রকল্পের মুখ্য কোন অডিট আপত্তি নেই মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

২২। পণ্য, কাজ ও সেবা ক্রয়ে প্রচলিত আইন ও বিধির অনুসরণঃ পিপিআর-২০০৮ অনুসরণ করে পণ্য, সেবা ও কার্য ক্রয় সম্পাদন করা হয়েছে।

গ.প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণ

২৩। পর্যবেক্ষণ ও পরিলক্ষিত সমস্যা :

২৩.১ স্কিমের নাম: সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশন আওতাধীন গোয়াবাড়ী ওয়াকওয়েতে সৌন্দর্য বর্ধনের কাজ।

প্রকল্পের আওতায় সিলেট সিটি কর্পোরেশন এলাকায় ওয়াকওয়ে/পথচারী বসার বেঞ্চ সহ পার্ক নির্মাণ করা হয়েছে। পরিদর্শনে দেখা যায়, একটি ওয়াকওয়ে এর এ্যাপ্রোচ রোড অসম্পূর্ণ এবং নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম না থাকায় বেশ অপরিচ্ছন্ন। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতাকর্মীর সংখ্যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। সিলেট সিটি কর্পোরেশন হতে দ্রুত প্রয়োজনীয় সংখ্যক পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ করার মাধ্যমে এ সমস্যা সমাধান করা হবে মর্মে প্রকল্প পরিচালক আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া, অসম্পূর্ণ এ্যাপ্রোচ রোড নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানে যোগাযোগ করা হয়েছে এবং তারা শীঘ্রই এটি সম্পন্ন করবে বলে তিনি তথ্য প্রদান করেন।





চিত্র: গোয়াবাড়ী ওয়াকওয়ে বিউটিফিকেশনের কাজ।

২৩.২ স্কিমের নাম: সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন গোয়ালী ছড়ায় ৪.০০ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ।

সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন গোয়ালীছড়ায় ৪.০০ মিটার উচ্চতার ২৫০০.০০ মিটার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে আরডিপিপি সংস্থান রাখা হয় ১৫০৬.০৫ লক্ষ টাকা। উক্ত প্যাকেজের আওতায় লট-১ ,লট-২ লট-৩ এবং লট-৪ এর আওতায় নির্মিত আরসিসি রিটেইনিং ওয়াল পরিদর্শন করা হয়। পরির্শনকালে ক্রয় সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়-

লটের নাম	কাজের পরিমাণ	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	ঠিকাদার প্রতিষ্ঠানের নাম
Lot-1	৬৬০ মিটার	৩,৯৭,৫৬,৩৩৪.২০	৩,৯৭,৩৬,৮৪৬.৮৮	মেসার্স নিম্মি এন্ড মুম্মু কনস্ট্রাকশন।
Lot-2	৬৬০ মিটার	৩,৯৭,৫৬,৩৩৪.২০	৩,৯৭,১১,৬৩৯.০০	মেসার্স এম.জে.এ এন্টারপ্রাইজ
Lot-3	৬৮০ মিটার	৪,০৯,৬১,০৭১.৬০	৪,০৮,৪৮,৬৬০.০০	মেসার্স আহসান হাবীব অরুন
Lot-4	৫০০ মিটার	৩,০১,১৮,৪৩৫.০০	৩,০০,৯৭,৫০০.০০	এফআইসি এন্ড জেএনএস (জেবি)

লটের নাম	কাজের পরিমাণ	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	ঠিকাদার প্রতিষ্ঠানের নাম
মোট	২৫০০ মিটার	১৫০৫৯২১৭৫.০০	১৫০৩৯৪৬৪৫.৮৮	

উপরের তথ্য বিল্লেষণে দেখা যায়, ৪ মিটার উচ্চতার ২৫০০ মিটার রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে আরডিপিপি মূল্য ছিল ১৫০৬.০৫ লক্ষ টাকা এর বিপরীতে চুক্তি মূল্য করা হয় ১৫০৩.৯৪ লক্ষ টাকা যা, আরডিপিপি মূল্য অপেক্ষা ২.১১ লক্ষ টাকা কম।

পরিদর্শনকালে দেখা যায়, গোয়ালী ছড়ার দুপাশে ৪ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। তবে আরসিসি ওয়াল নির্মাণের ক্ষেত্রে সম্পূর্ণ ছড়ার দুপাশে ওয়াল নির্মাণ করা হয়নি। অর্থাৎ ওয়াল নির্মাণের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক বলেন, ব্যক্তিমালিকানাধীন অবকাঠামো এবং কিছু জায়গা বেদখল হওয়ায় ধারাবাহিকতা রক্ষা করা যায়নি, তবে আরডিপিপি সংস্থান অনুযায়ী ২৫০০ মিটার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে আরোও দেখা যায় ছড়াগুলো নিয়মিত খনন না করায় আবর্জনা স্তুপাকারে জমে পানির প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়া ছড়ার চারপাশে অবস্থিত বাসাবাড়ী ও কলকারখানার বর্জ্য নির্বিঘ্নে ছড়ায় এসে পড়ছে। প্রকল্পের আওতায় একটি Amphibious Excavator ক্রয় করা হলেও তা প্রয়োজনীয় খননকাজ করার জন্য যথেষ্ট নয় মর্মে প্রতীয়মান হয়।




চিত্র: ৪ মিটার উচ্চতার রিটেইনিং ওয়াল নির্মাণ।

২৩.৩ স্কিমের নাম: সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশন এলাকায় মালিনীছড়া খালের পাড় সংরক্ষণে সিসি ব্লকের মাধ্যমে বাঁধ সংরক্ষণ।

৯০০ মিটার সিসি ব্লকের মাধ্যমে বাঁধ সংরক্ষণের নিমিত্ত আরডিপিপি সংস্থান ছিলো ৩৭৩.৬০ লক্ষ টাকা এর বিপরীতে চুক্তি মূল্য করা হয় ৩৭৩.৬১ লক্ষ টাকা।

পরিদর্শনকালে মালিনীছড়া খালের পাড় সংরক্ষণে স্থাপনকৃত সিসি ব্লকের উপর বিভিন্ন স্থানে প্রায় ৫ ফিট পর্যন্ত পলিমাটি জমে থাকতে দেখা গেছে। এর ফলে খালটির কার্যকরি প্রশস্ততা হ্রাস পেয়েছে এবং পানির গতিপথ বাধাগ্রস্ত হচ্ছে। বর্ষা মৌসুমে জলাবদ্ধতা এড়ানোর লক্ষ্যে উক্ত পলিমাটি ও আবর্জনা অপসারণ করা প্রয়োজন।

চিত্র: মালিনীছড়া খালের পাড় সংরক্ষণে সিসি ব্লকের মাধ্যমে বাঁধ সংরক্ষণ।

মালিনীছড়া খাল হতে একটি পয়েন্টে, এবং তালতলা এলাকায় কাজীর বাজার ব্রিজের পাশে অপর একটি পয়েন্টে ছড়া হতে দূষিত পানি ও আবর্জনা সরাসরি সুরমা নদীতে গিয়ে মিশেছে। এতে নদীর পানি মারাত্মকভাবে দূষিত হচ্ছে যা মাছ সহ অন্যান্য জীববৈচিত্রের জন্য হুমকিস্বরূপ।




এছাড়া সিটি কর্পোরেশনের শামিমাবাদ, বাগবাড়ী এলাকার একটি ছড়ায় প্রায় ৭০ মিটার পাড় রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়নি। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্টরা জানান যে, উক্ত স্থানে ছড়ার পাড় ভাঙনের ফলে ব্যক্তিমালিকানাধীন জায়গাসহ ছড়াটি প্রবাহিত হচ্ছে। ভূমি অধিগ্রহণ সম্ভব না হওয়ায় সেখানে রিটেইনিং ওয়াল নির্মাণ করা যায়নি।

২৩.৪ স্কিমের নাম: সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন ছড়ায় ৩.০০ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ।

সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন ছড়ায় ৩.০০ মিটার উচ্চতার ১২৪৭৮০.০০ মিটার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে আরডিপিপি সংস্থান রাখা হয় ৪৯৬৭.১৫ লক্ষ টাকা। উক্ত প্যাকেজের

আওতায় লট-২ ,লট-৩ লট-৫, লট-৮ এবং লট-১৪ এর আওতায় নির্মিত আরসিসি রিটেইনিং ওয়াল পরিদর্শন করা হয়। পরির্শনকালে ক্রয় সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়-

লটের নাম	কাজের পরিমাণ	ছড়ার নাম	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	ঠিকাদার প্রতিষ্ঠানের নাম
Lot-5	৭৫০ মিটার	গোয়ালী ছড়া	২৮৫.৮৫	২৮৫.৭৫	মেসার্স আহাদ এন্টার প্রাইজ
Lot-8	১৬০ মিটার	মঞ্জালী ছড়া	৫৭.১৮	৫৪.৩২	মেসার্স শিহাব উদ্দীন মাহমুদ
Lot-14	১৫০ মিটার	কালীবাড়ী ছড়া	৬০.৯০	৫৭.৯৪	মেসার্স হৃদি প্রকৌশলী

প্রকল্প অফিস হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায় অধিকাংশ লটের ক্ষেত্রেই মূল প্রাক্কলন থেকে কিছু আইটেমের পরিমাণের হ্রাস বৃদ্ধি হয়েছে এবং নন-টেন্ডার আইটেম সংযুক্ত হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে মূল ডিজাইন পরিবর্তন করা হয়েছে।

পরিদর্শনকালে দেখা যায়, গোয়ালী ছড়ার দুপাশে ৩মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। তবে আরসিসি ওয়াল নির্মাণের ক্ষেত্রে সম্পূর্ণ ছড়ার দুপাশে ওয়াল নির্মাণ করা হয়নি। অর্থাৎ ওয়াল নির্মাণের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখা হয়নি।

একই ভাবে মঞ্জালী ও কালীবাড়ী ছড়ায় ১৬০ মিটার ও ১৫০ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। আরসিসি ওয়াল নির্মাণের ক্ষেত্রে সম্পূর্ণ ছড়ার দুপাশে ওয়াল নির্মাণ করা হয়নি। রিটেইনিং ওয়াল নির্মাণের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখা হয়নি।



চিত্র: কালীবাড়ী ছড়ায় ৩ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল।

২৩.৫ স্কিমের নাম: সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন এলাকায় আরসিসি ইউ ড্রেন নির্মাণ।

সিলেট জেলার সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন উচ্চতার ৭৪০০ মিটার আরসিসি ইউ ড্রেন নির্মাণের লক্ষ্যে আরডিপিপি সংস্থান রাখা হয় ৬০৬৮.১৬ লক্ষ টাকা এর বিপরীতে চুক্তি মূল্য করা হয় ৬০৪৭.৬৫ লক্ষ টাকা। পরিদর্শনকালে দেখা যায় বিভিন্ন এলাকায় বিভিন্ন পরিমাপের আরসিসি ইউ ড্রেন নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে ইউ ড্রেনের উচ্চতা কোথাও ২.৫ মিটার কোথাও ৩/৩.৫০ মিটার পাওয়া গেছে। ইউ ড্রেন নির্মাণের ক্ষেত্রে নকশা পরিবর্তন করে সলিং, সিসি ও ডিজাইন পরিবর্তন করা হয়েছে। পরিদর্শনকালে আরোও দেখা যায় আরডিপিপি সংস্থান না থাকায় অধিকাংশ ড্রেনের স্লাব স্থাপন করা হয়নি তবে কোথাও কোথাও ডিপিপি বহির্ভুত ভাবে অন্যান্য আইটেম কমিয়ে ড্রেনের স্লাব স্থাপন করা হয়েছে।

	ইউ ড্রেনের স্লাব না থাকায় বাশেঁর মাচা অথবা কাঠ ফেলে মানুষ এবং অন্যান্য যানবাহন পারাপার হচ্ছে। এরফলে প্রায়শঃ নানান ধরনের দূর্ঘটনা ঘটছে।
চিত্র: ২৭ নং ওয়ার্ড গোটাটিকর পূর্বপাড়া।	

২৪। অন্যান্য পর্যবেক্ষণ:

২৪.১ ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যবেক্ষণ ও বিশ্লেষণ:

ক) প্রকল্পের আওতায় ১৬৭টি (এলটিএম-১৩৫টি, ওটিএম-৩২টি) প্যাকেজে দরপত্র আহবানপূর্বক বাস্তবায়ন করা হয়েছে। প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায় মূল ডিপিপি'তে ক্রয় পরিকল্পনায় কিছু প্যাকেজের জন্য এলটিএম এবং কিছু প্যাকেজের জন্য ওটিএম ক্রয় পদ্ধতি ছিল। সংশোধিত ডিপিপি'তে দেখা যায় ক্রয় পদ্ধতি এলটিএম/ওটিম এ উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পের সংশোধন হলেও ক্রয় পদ্ধতিতে যে কোন একটি পদ্ধতি হওয়া বাঞ্চনীয়। এখানে এলটিএম/ওটিএম পদ্ধতি হওয়ার সুযোগ নেই।

খ) প্রকল্পের আওতায় ৫ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে প্যাকেজটির ক্রয় সংক্রান্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়- আরডিপিপি'তে সংস্থান ছিল ৫২৮৩.২৭ লক্ষ টাকা এর বিপরীতে চুক্তিমূল্য করা হয় ৫৩৪১.৩৪ লক্ষ টাকা যা ডিপিপি মূল্য অপেক্ষা ৫৮.০৭ লক্ষ টাকা বেশি।

গ) প্রকল্পের আওতায় ৩.৫ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে প্যাকেজটিকে ৫টি লটে বিভক্ত করা হয়। উল্লেখ্য যে, ৫টি লটের মধ্যে ৪টি লটের ডিটেইলড্ এস্টিমেটে কাজের পরিমাপ উল্লেখ করা হয়নি এবং সকল লট ই ৫% নিম্ন দরে ক্রয় করা হয়েছে।

ঘ) প্রকল্পের আওতায় ৪ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে প্যাকেজটির ক্রয় সংক্রান্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়- ডিপিপি'তে ক্রয় পদ্ধতি ছিল ওটিএম হলেও বাস্তবে উক্ত প্যাকেজটি ক্রয় করা হয়েছে এলটিএম পদ্ধতিতে। প্যাকেজটির কার্যাদেশ প্রদান করা হয়েছে ৫-৬-২০১৭ তারিখে। যদিও প্রকল্পটি নভেম্বর ২০১৮ তে সংশোধন করা হয়েছে।

ঙ) প্রকল্পের আওতায় ২.৫ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে ৪১টি লটে প্যাকেজটিকে বিভক্ত করে এলটিএম পদ্ধতিতে ৫% নিম্নদরে ক্রয় করা হয়। উল্লেখ্য যে, সকল লট ই ৫% নিম্নদরে ক্রয় করা হলেও এই অংগে সংস্থানকৃত অর্থের ১০০% ব্যয় করা হয়েছে।

চ) প্রকল্পের আওতায় ৩ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে প্যাকেজটিকে মোট ৪৬টি লটে বিভক্ত করা হয়। ৪০টি লট এলটিএম এবং ৬টি লট ওটিএম পদ্ধতিতে ক্রয় করা হয়েছে । এক্ষেত্রেও সকল লটই ৫% নিম্ন দরে ক্রয় করা হয়েছে।

২৪.২ পিসিআর এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে এডিপি/ আরডিপিপি বরাদ্দ ও ব্যয়ের তথ্যে অসামঞ্জস্যতা গরমিলের **কারণে প্রকৃত ব্যয় নিরুপণ করা সম্ভব হয়নি।** প্রকল্পের পিসিআর প্রণয়ণের ক্ষেত্রে **প্রকল্প পরিচালকসহ** সংশ্লিষ্ট মন্ত্রণালয় আরও যত্নবান হলে এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা এড়ানো সম্ভব হতো।

২৪.৩ প্রকল্পের আওতায় নির্মিত রিটেইনিং ওয়াল এবং ড্রেন পরিদর্শনকালে দেখা যায়, ১১টি ছড়ার সম্পূর্ন অংশে রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়নি। রিটেইনিং ওয়াল নির্মাণের ক্ষেত্রে ধারাবহিকতা রক্ষা করা হয়নি, খন্ড খন্ড ভাবে বিভিন্ন জায়গায় রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। এরফলে প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যহত হয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক বলেন, ব্যক্তিমালিকানাধীন অবকাঠামো এবং কিছু জায়গা বেদখল হওয়ায় ধারাবাহিকতা রক্ষা করা যায়নি। পরিদর্শনকালে আরোও দেখা যায় ছড়াগুলো নিয়মিত খনন না করায় আবর্জনা স্তুপাকারে জমে পানির প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়া ছড়ার চারপাশে অবস্থিত বাসাবাড়ী ও কলকারখানার বর্জ্য নির্বিঘ্নে ছড়ায় এসে পড়ছে। প্রকল্পের আওতায় একটি Amphibious Excavator ক্রয় করা হলেও তা প্রয়োজনীয় খননকাজ করার জন্য যথেষ্ট নয় মর্মে প্রতীয়মান হয়। অন্যদিকে, ড্রেন নির্মাণের ক্ষেত্রে দেখা যায় অধিকাংশ ড্রেনের ক্ষেত্রেই আরডিপিপি'তে সংস্থান না থাকায় ড্রেনের স্ল্যাব নির্মাণ করা হয়নি। এ কারণে প্রায়ই দূর্ঘটনা ঘটছে।

২৪.৪ ইউ ড্রেন নির্মাণের ক্ষেত্রে নকশা পরিবর্তন করে সলিং, সিসি ও ডিজাইন পরিবর্তন করা হয়েছে। আরডিপিপি সংস্থান না থাকায় অধিকাংশ ড্রেনের স্লাব স্থাপন করা হয়নি তবে কোথাও কোথাও ডিপিপি বহির্ভুত ভাবে অন্যান্য আইটেম কমিয়ে ড্রেনের স্লাব স্থাপন করা হয়েছে। ইউ ড্রেনের স্লাব না থাকায় প্রায়ই নানান দুর্ঘটনা ঘটছে বলে এলাকাবাসী জানান। সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে হলেও জরুরী ভিত্তিতে ইউ ড্রেনের স্লাব নির্মাণ করা প্রয়োজন মর্মে পরিদর্শনকালে পরিলক্ষিত হয়েছে।

২৪.৫ সিলেট সিটি কর্পোরেশন এলাকায় মোট কতটি ছড়া রয়েছে, মোট ছড়ার দৈর্ঘ্য কত মিটার, উক্ত ছড়ার বর্জ্য ব্যবস্থাপনা কেমন হবে, কিভাবে সিটি কর্পোরেশনের চারপাশের নদীগুলো দূষণমুক্ত রাখা যাবে ইত্যাদি বিষয়াদী বিবেচনায় এনে একটি সামগ্রিক মাষ্টার প্ল্যান প্রণয়ন অতী জরুরী। বিক্ষিপ্তভাবে ছড়াগুলোতে রিটেইনিং ওয়াল এবং ইউ ড্রেন নির্মাণ না করে মাস্টার প্ল্যান অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারলে একটি টেকসই উন্নয়ন সম্ভব হবে।

২৪.৬ প্রকল্প বাস্তবায়নে পরিবেশের উপর প্রভাব:

- প্রকল্পটি সরেজমিনে পরিদর্শনে দেখা যায়, প্রবাহিত ১১টি ছড়া সংরক্ষণ ও আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের ফলে সিলেট সিটি কর্পোরেশন এলাকার সকল বর্জ্য এই ছড়াগুলোতে ফেলা হচ্ছে। ছড়া হতে দূষিত পানি ও আবর্জনা সরাসরি সুরমা ও কুশিয়ারা নদীতে গিয়ে মিশেছে। এতে নদীর পানি মারাত্মকভাবে দূষিত হচ্ছে যা মাছসহ অন্যান্য জীববৈচিত্রের জন্য হুমকিস্বরূপ। সিলেট ঘিরে থাকা নদীগুলোতে মাত্রাতিরিক্ত দূষণে পানি রং হারিয়ে ফেলেছে। বর্জ্যের মিশ্রণে নদীগুলোর পানি কালো, নীল বা লাল হয়ে গেছে। শিল্প এবং বাসা-বাড়ির বর্জ্য ছড়াগুলোর মাধ্যমে নদীকে দূষিত করে চলেছে প্রতিনিয়ত। ময়লা-আবর্জনা নদীতে পতিত হয়ে নদীগুলো ভরাট হয়ে যাচ্ছে। উক্ত ছড়ার চ্যানেলগুলোর মুখে বর্জ্য পরিশোধনের কোন ব্যবস্থা রাখা হয়নি। এরফলে প্রকল্পের অন্যতম উদ্দেশ্য "ছড়া/খালের প্রতিবন্ধকতা দূরীকরণের ফলে পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করা" অর্জন হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।




চিত্র: ছড়া গুলোর মাধ্যমে ময়লা আবর্জনা সরাসরি নদীতে গিয়ে পরছে।

২৫। আইএমইডি'র সুপারিশ/মতামত:

ক) সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয় বিষয়ে পিসিআর এ উল্লেখিত ব্যয়ের জিওবি ও সিলেট সিটি কর্পোরেশন অংশে অর্থের গরমিল পরিলক্ষিত হয়েছে। এ বিষয়ে স্পষ্টীকরণ প্রয়োজন;

খ) প্রকল্পের আওতায় ১৬৭টি (এলটিএম-১৩৫টি, ওটিএম-৩২টি) প্যাকেজে দরপত্র আহবান পূর্বক বাস্তবায়ন করা হয়েছে। মূল ডিপিপি'তে ক্রয় পরিকল্পনায় ক্রয় পদ্ধতি ছিলো কিছু প্যাকেজের জন্য এলটিএম এবং কিছু প্যাকেজের জন্য ছিলো ওটিএম। সংশোধিত ডিপিপি'তে ক্রয় পদ্ধতি হিসেবে এলটিএম/ওটিএম উল্লেখ করা হয়েছে। কিন্তু প্রতিটি প্যাকেজের জন্য সুনির্দিষ্ট ক্রয় পদ্ধতি থাকা আবশ্যক। ক্রয় প্রক্রিয়ায় বিকল্প পদ্ধতি রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ব্যাখ্যা প্রয়োজন;

গ) **প্রকল্পের আওতায় ২.৫ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণের লক্ষ্যে ৪১টি লটে প্যাকেজটিকে বিভক্ত করে এলটিএম পদ্ধতিতে ৫% নিম্নদরে ক্রয় করা হয়। উল্লেখ্য যে, সকল লটই ৫% নিম্নদরে ক্রয় করা হলেও এই অংগে সংস্থানকৃত অর্থের ১০০% ব্যয় করা হয়েছে। প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক বিষয়টি ব্যাখ্যা করতে হবে;**

ঘ) প্রকল্পের আওতায় ৫ মিটার উচ্চতার আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ কাজে আরডিপি সংস্থান অপেক্ষা ৫৮.০৭ লক্ষ টাকা বেশি চুক্তির বিষয়টি যথাযথ কারণসহ ব্যাখ্যা প্রদানপূর্বক আইএমই বিভাগে প্রেরণ করতে হবে;

ঙ) সম্ভাব্য জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সময়োপযোগি ও Resilience Plan প্রণয়ন করার পাশাপাশি সিটি কর্পোরেশন বর্জ্য, **শিল্প প্রতিষ্ঠানের উপজাত বর্জ্য ও রাসায়নিক পদার্থ বাধ্যতামূলকভাবে Efluent Treatment Plant (ETP) এর দ্বারা পরিশোধনের মাধ্যমে নদী ও খালে নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;**

চ) প্রকল্পটির উদ্দেশ্য অর্জনে সিলেট সিটি কর্পোরেশনের মধ্য দিয়ে প্রবাহিত ১১টি প্রধান প্রধান ছড়া নিয়মিত ভাবে ড্রেজিং করার পাশাপাশি অপরিশোধিত উপজাত বর্জ্য যাতে ফেলা না হয় সে বিষয়ে সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ছ) ইউ ড্রেনের স্লাব না থাকায় প্রায়ই নানান দুর্ঘটনা ঘটছে বলে এলাকাবাসী জানান। সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে হলেও জরুরী ভিত্তিতে ইউ ড্রেনের স্লাব নির্মাণ করা প্রয়োজন মর্মে পরিদর্শনকালে পরিলক্ষিত হয়েছে।

জ) **প্রকল্পে অডিট আপত্তি নেই মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে। এ তথ্যের বিপরীতে প্রমাপসহ তথ্যাদি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে।**

ঝ) সিলেট সিটি কর্পোরেশন এলাকায় মোট কতটি ছড়া রয়েছে, মোট ছড়ার দৈর্ঘ্য কত মিটার, উক্ত ছড়ার বর্জ্য ব্যবস্থাপনা কেমন হবে, কিভাবে সিটি কর্পোরেশনের চারপাশের নদীগুলো দূষণমুক্ত রাখা যাবে ইত্যাদি বিষয়াদী বিবেচনায় এনে একটি সামগ্রিক মাষ্টার প্ল্যান প্রণয়ন অতী জরুরী। বিক্ষিপ্তভাবে ছড়াগুলোতে রিটেইনিং ওয়াল এবং ইউ ড্রেন নির্মাণ না করে মাস্টার প্ল্যান অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারলে একটি টেকসই উন্নয়ন সম্ভব হবে;

ঞ) প্রকল্পটি সমাপ্ত হওয়ার পরও গোয়াবাড়ী ওয়াকওয়ের এ্যাপ্রোচের কাজ শেষ না হওয়ার বিষয়ে প্রকল্প পরিচালককে ব্যাখ্যা প্রদান করতে হবে; এবং

ট) বর্ণিতাবস্থায়, পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জামালপুর ও মাদারগঞ্জ পৌরসভার সড়ক উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর, ২০১৯)

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: জামালপুর ও মাদারগঞ্জ পৌরসভার সড়ক উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প।

২. প্রকল্পের অবস্থান: জামালপুর ও মাদারগঞ্জ পৌরসভার আওতাধীন এলাকা

৩. বাস্তবায়নকারী সংস্থা: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৪. প্রশাসনিক মন্ত্রণালয়: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বিভাগ: স্থানীয় সরকার বিভাগ।

৫ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকা)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (ডিসেম্বর,২০১৯ পর্য	প্রকৃত বাসবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়নকালে %)
মূল	সর্বশেষ সংশোধিত				
১	২	৩	৪	৫	৬
টাকা-২৪৯০.০০ জিওবি- ২৪৯০.০০ নিজস্ব-	৩৭৯৫.০০	৩৭৩০.২০	জানুয়ারি/২০১৬ হতে ডিসেম্বর ২০১৯	৫২.৪০%	৬০.০০%

০৬। প্রকল্পের অংগ ভিত্তিক বাস্তবায়ন: (লক্ষ টাকায়)

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/পরিমান	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর,২০১৯ পর্যন্ত	
১	২	৩	৪	৫	৬	৭
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(ক) রাজস্ব্ ব্যয়:						
	মেরামত ও রক্ষণাবেক্ষণ যানবাহন কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	থোক	২১.১৪	১০০%	২১.১৪ (১০০%)
	সরবরাহ ও সেবা (স্টেশনারি সীল ও স্ট্যাম্প, কম্পিউটার সামগ্রী ও অন্যান্য)	থোক	থোক	৭৯.২৯	১০০%	৭২.২৯ (৯৯.৭৭%)
	উপ-মোট (রাজস্ব) ব্যয়			০০.৪৪	৯৯.৯২%	৯৩.৪৩ (৯৯.৮৪%)

খ) মূলধন ব্যয়: (লক্ষ টাকায়)

ক্র:নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	সংখ্যা/ পরিমান	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন,২০১৯ পর্যন্ত)	
১	২	৩	৪	৫	৬	৭
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১) সম্পদ সংগ্রহ:						
	কম্পিউটার ও যন্ত্রাংশ	১	সেট	০.৯৯	১০০%	০.৯৯ (১০০%)
	অফিস সরঞ্জাম (স্ক্যানারসহ ফটোকপিয়ার)	২	টি	৪.৯৯	১০০%	৪.৯৯ (১০০%)
	ভূমি অধিগ্রহণ	৭.৩৮৫	একর	**১৯০০**	১০০%	১৮৯৯.৯৫
	উপ-মোট ব্যয়			**১৯০৫.৯৮**	**৯৯.৯২%**	**১৯০৫.৯৩ (৯৯.৯৯%)**
	নির্মাণ ও পূর্ত কাজ:					
	পৌরসড়ক নির্মাণ	মি.	৫.৬০	৮১৫.০০	৫.৬০ (১০০%)	৭৭৫.৩৪ (৯৫.১৩%)
	ব্রিজ/কালভার্ট	কি.মি	৪৫.০০	২৯৫.০০	৪৫.০০ (১০০%)	২৯৫.০০ ১০০%
	স্লোপ প্রোটেকশন	কি.মি	১.৮০	১৬০.০০	১.৮০ (১০০%)	
	সড়কবাতি	কি.মি	৫.৬০	১৩০.০০	৫.৬০ (১০০%)	
	ফুটপাত	কি.মি	৩.৮০	২৪৫.০০	৫.৬০ (১০০%)	
	রেলিং	কি.মি	৩.৮০	১৭৫.০০	৩.৮০ (১০০%)	
	ট্রাফিক ইন্টারসেকশন	কি.মি	৫.৬০	২৫.০২		
	উপ-মোট ব্যয়			১৮৪৫.০২		১৭৮০.৩৪ (৯৬.৪৯%)
	উপ-মোট (মূলধন) ব্যয়			৩৭৫১.০০		৩৬৮৬.২৭ (৯৮.২৭%)
	সর্বমোট (ক+খ)			৩৭৯৫.০০		৩৭৩০.২০ (৯৮.২৯%

০৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: স্থানীয় সমস্যার কারণে ট্রাফিক ইন্টারসেকশন করা সম্ভব হয়নি। ডিপিপিতে ৫.৬০ কি.মি ট্রাফিক ইন্টারসেকশন ছিল। এ খাতের টাকা অব্যয়িত রয়েছে।

০৮। প্রকল্পের পটভূমি:

১৯৭১ সালে স্বাধীনতার পর নগরবাসীর সংখ্যা ছিল মাত্র ৫৫ লক্ষ অথচ ৩০ বছর পর ২০০১ সালে সেই জনসংখ্যা দাড়ায় প্রায় তিন কোটিতে। নগরায়নের এই প্রবৃদ্ধি অব্যাহত থাকলে ২০২০ সালে বাংলাদেশের মোট জনসংখ্যার ৪০% ই বাস করবে শহর অঞ্চলে। অর্থনৈতিক প্রবৃদ্ধির বিবেচনায় দেশজ প্রবৃদ্ধি (GDP) এর ৮০% ভাগই আসে শিল্প ও সেবা খাত থেকে যার

ভৌগলিক অবস্থান নগর এলাকায়। আর বৈদেশিক মুদ্রার ৭০% ই আসে রপ্তানি থেকে যার অধিকাংশই উৎপাদিত হয় শহর বা শহর সংলগ্ন জায়গা থেকে। এই ধরণের নগরায়নের কারণে পল্লী অঞ্চলের বাসিন্দাগণ প্রতিনিয়ত নগর এলাকায় ধাবিত হচ্ছে। অপরদিকে নগর এলাকার পর্যাপ্ত অবকাঠামোর অভাবে নাবগত এবাং বসবাসরত নগরবাসীর নাগরিক সুবিধা প্রদান করা অসম্ভব হয়ে পড়েছে। এইরূপ পরিস্থিতি মোকাবেলা করতে গিয়ে সরকার প্রধান নগরের সার্বিক চাপ হ্রাসকরণের উদ্দেশ্যে অনেক উপজেলা শহর বা আরও তৃণমূল পর্যায়ের চোট ছোট শহরকে পৌরসভা হিসাবে ঘোষনা করেছে এবং এই প্রক্রিয়াটি চলমান আছে। ফলে এ যাবৎ ঘোষিত পৌরসভার সংখ্যা দাড়িয়েছে ৩২৮ এ। এই সকল পৌরসভা মূলত পৌরবাসীর সরাসরি ভোটে নির্বাচিত প্রতিনিধিদের নেতৃত্বে পরিচালিত হচ্ছে। তথাপি অপর্যাপ্ত প্রাতিষ্ঠানিক অভিজ্ঞতা এবং তার চেয়েও অপযার্প্ত সম্পদের কারণে নগরবাসীর নূন্যতম অবকাঠামো চাহিদা অপূর্ণ থেকে যাচ্ছে।

শহর এলাকায় সড়ক অবকাঠামো স্বল্পতা এবং ট্রাফিক অব্যস্থপানার কারণে ট্রাফিক জ্যাম একটি নিত্যনৈমত্তিক সমস্যা। এ সমস্যাগুলো শুধুমাত্র শহরে অধিবাসীদের জীবন যাপনের উপরই প্রভাব ফেলে না এগুলি শহরে অর্থনীতির উপরও প্রভাব ফেলে শহরে জনসংখ্যা দ্রুত বৃদ্ধির কারণে এর পরিসবোগুলোর চাহিদাও বৃদ্ধি পাচ্ছে। সাম্প্রতিক বছরগুলোতে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে শহর এলাকায় রাস্তা/ব্রিজ/কালভার্ট ড্রেন, কমিউনিটি সেন্টার ইত্যাদি নির্মিত হলেও জনসংখ্যা বৃদ্দি এবং চাহিদার তুলনায় তা অপ্রতুল। এমতাবস্থায় শহরে জনসাধরণের মৌলিক চাহিদা মিটানোর প্রয়োজনে রাস্তা ব্রিজ কালভাট ড্রেন কমিউনিটি সেন্টার ইত্যাদি আরও নির্মাণ করা প্রয়োজন।

জামালপুর ক- শ্রেনী এবং মাদারগঞ্জ গ শ্রেণীর পৌরসভা। এ দুটি পৌরসভার অর্থনৈতিক কর্মকান্ড মূলত চোট আকারের শিল্প প্রতিষ্ঠান যেমন, চাউল কল, তৈল মিল, সুতার মিল, হস্ত শিল্প, সরকারি অফিস বেসরকারি অফিস শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ইত্যাদিকে কেন্দ্র করে আবর্তিত। এ কারণে পৌরসভার জনসংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং বর্তমান অবকাঠামো এবং পরিবসেবাগুলির উপর চাপ সৃষ্টি হচ্ছে। দ্রুত নগরায়নের ফলে সৃষ্ট চাহিদার প্রেক্ষিতে পৌরসভার তহবিল স্বল্পতার কাণে পৌরবাসীদের ভৌত অবকাঠামো এবং রাস্তা, ড্রেন ফুটপাত বিনোদন সুবিধা প্রদান করা সম্ভব হচ্ছে না । এ সুবিধাগুলির অভাব ক্রমান্বয়ে প্রকট হচ্ছে।

জামালপুর পৌরসবার প্রস্তাবিত রাস্তাটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ব্রক্ষপুত্র নদের পশ্চিম পাড় বাশ। এর দৈঘ্য ৩.৮০ হয়ে মেলানদহ জামালপুর-দেওয়ানগঞ্জ উপজেলা সংযোগকারী সড়কের সাথে মিলিত হয়েছে। এটি জামালপুর শহরের পাশে অবস্থিত। উন্নয়ন করা হলে এটি জামালপুর শহরের বাইপাস রোড হিসাবে ব্যবহৃত হবে। মাদারগঞ্জ পৌরসভা রাস্তাটির বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একটি বাধ। এটির দৈর্ঘ্য ৭.০০ কি,মি এবং সম্পূণ কাচা। এর ২.কি.মি পৌরসভার মধ্যে এবং অবশিষ্টাংশ পৌরসভার বাহিরে অবস্থিত। উন্নয়ন করা হলে এটি মাদারগঞ্জ পৌরসভার বাইপাস রোড হিসাবে ব্যবহৃত হবে। উপরক্ত কারণে সৌন্দর্যবর্ধনসহ রাস্তাটি দুটি উন্নয়ন করা প্রয়োজন। বর্ণিত পৌরসভাসমূহের বাসিন্দাদের জীবনের প্রতিবন্ধকতা দূর করে অথরনৈতিক ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখবে।

০৯। প্রকল্পের উদ্দেশ্য: জামালপুর এবং মাদারগঞ্জ পৌরসভার সড়ক যোগাযোগ উন্নয়ন।

১০। অনুমোদিত ডিপিপিতে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য: (লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংস্থান	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	অগ্রগতি	মন্তব্য
২০১৫-১৬	৭.০০	৭.০০	৬.৯৭	৬.৯৭	০.১৮%	-
২০১৬-১৭	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	১৩.৪১%	-
২০১৭-১৮	১৮০০.০০	১৮০০.০০	১৮০০.০০	১৮০০.০০	৪৮.২৬%	-
২০১৮-১৯	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	২৬.৮০%	-
২০১৯-২০	৪৮৮.০০	৪৮৮.০০	৪২৯.০০	৪২৩.২৩	১১.৩৫%	

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংস্থান	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	অগ্রগতি	মন্তব্য
মোট	৩৭৯৫.০০	৩৭৯৫.০০	৩৭৩৫.৯৭	৩৭৩০.২০	১০০.০০%	অব্যয়িত ৫.৭৭ লক্ষ টাকা (পাঁচ লক্ষ সাতাত্তর হাজার টাকা) এর মধ্যে ৫.৭৩ লক্ষ টাকা জামালপুর জেলা হিসাবরক্ষণ থেকে তামাদি/সমর্পণ করা হয়েছে। বাকী ৪ (চার) হাজার টাকা সদর দপ্তর পর্যায়ে আইবাস হিসাবে সমন্বয়/তামাদি হয়েছে।

১১। প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পটির মূল ডিপিপি ২১/০১/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৪৯০.০০ লক্ষ টাকা (জিওবি ১০০% অর্থ্যাৎ ২৪৯০.০০ লক্ষ টাকা) প্রকল্পটির অনুমোদিত মেয়াদকাল ছিল জানুয়ারি ২০১৬ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত। পরে ৪ জুলাই ২০১৮ তারিখে ৩৭৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক এর ১ম সংশোধন অনুমোদিত হয়। সংশোধিত মেয়াদকাল জানুয়ারি ২০১৬ থেকে ৩১ ডিসেম্বের ২০১৯ পর্যন্ত।

১২। প্রকল্প পরিচালক সর্ম্পকিত তথ্য:

নাম ও পদবী	দায়িত্বের ধরণ	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
জনাব সালেহ আহম্মেদ প্রকল্প পরিচালক	অতিরিক্ত	২৪/০২/২০১৬	২৪/০২/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত

১৩। পিপিআর ২০০৮ এর বিধি বিধান অনুসরণ করে ই-জিটি এর মাধ্যমে সকল ক্রয় প্রক্রিয়া সম্পাদন হয়েছে মর্মে নথিপত্র বিশ্লেষণ দেখা যায়।

১৪। প্রকল্পের সার্বিক কার্যক্রম:

এ প্রকল্পটি গত ২১/০১/২০১৬ খ্রি: তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এ প্রকল্পটির অনুমোদিত মেয়াদকাল ছিল জানুয়ারি, ২০১৬ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত। পরে ৪ জুলাই ২০১৮ তারিখে ৩৭৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মাননীয়

পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্প এর ১ম সংশোধন অনুমোদিত হয়। সংশোধিত মেয়াদকাল জানুয়ারি, ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। নির্দিষ্ট সংশোধিত মেয়াদকালে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হয়েছে।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল জামালপুর এবং মাদারগঞ্জ পৌরসভার সড়ক যোগাযোগ উন্নয়ন। প্রকল্পটি বাস্তবায়ন হওয়ায় পৌর এলাকার ২টি বাইপাস সড়ক খুলে যাওয়ায় জামালপুর ও মাদরগঞ্জ পৌরসেভায় ট্রাফিক চলাচল অনেকটাই সহজতর হয়েছে। ব্রিজ/কালভার্টসমূহ নির্মাণ হওয়ার জলাবদ্দতা হ্রাস ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন হয়েছে। ২টি পৌরসভায় মোট ৭.৪০ কি.মি রাস্তা, ৪৫মিটার কালভার্ট বাস্তবায়ন করা হয়েছে যা বিদ্যমান রাস্তা, ড্রেন ও কালভার্ট এর তুলনায় অপ্রতুল। আরো অধিক সংখ্যক রাস্তা ও ড্রেন ও কালভার্ট এর উন্নয়ন করা গেলেই কেবলমাত্র প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হবে। স্থানীয় সমস্যার কারণে ট্রাফিক ইনটারসেকশন করা সম্ভব হয়নি।

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল জামালপুর এবং মাদারগঞ্জ পৌরসভার সড়ক যোগাযোগ উন্নয়ন।	প্রকল্পটি বাস্তবায়ন হওয়ায় পৌর এলাকার ০২টি বাইপাস সড়ক খুলে যাওয়ায় জামালপুর ও মাদারঞ্জ পৌরসভায় ট্রাফিক চলাচল অনেকটাই সহজতর হয়েছে। ব্রিজ/কালভার্টসমূহ নির্মাণ হওয়ার জলাবদ্ধতা হ্রাস ও ড্রেনেজ ব্যবস্তার উন্নয়ন হয়েছে। ০২টি পৌরসভায় মোট ৭.৪০ কি,মি রাস্তা ৪৫ কি.মি কালভার্টবাস্তবায়ন করা হয়েছে, যা বিদ্যশান এর তুলনায় অপ্রতুল। আরো অধিক সংখ্যক রাস্তা ড্রেন ও কালভার্ট এর উন্নয়ন করাগেলেই কেবলমাত্র প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হবে।

১৭। অডিট: প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থার অভ্যন্তরীন অডিট কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রতি অর্থবছে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষা করা হয়েছে। কোন অডিট আপত্তি পাওয়া যায়নি (প্রমানক, পতাকা-গ)

১৮। উপকারভোগীদের মতামত: উপকারভোগীরা পৌর এলাকার সড়কসমূহ উন্নয়ন হওয়ায় উন্নয়নকৃত শান্তিপূর্ণভাবে চলাচল করতে পারছেন। ব্রিজ/ কালভার্টসমূহ বাস্তবায়ন হওয়ার ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন হওয়ার জলাবদ্ধতা হ্রাস পেয়েছে ফলে এই পৌর এলাকার জণগণ এর সুফল পাচ্ছেন। প্রকল্পটি বাস্তবায়নের ফলে ট্যুরিজম জোন হিসেবে পরিগণতি হয়েছে।

১৭। প্রকল্প পরিদর্শন

প্রকল্পের জামালপুর ও মাদারগঞ্জ কার্যক্রম বিগত ১৪-১৫ অক্টোবর/২০২০ তারিখ পর্যন্ত আইএমইডির পরিচালক কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জামালপুর জেলার এলজিইডির নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহযোগিতা প্রদান করেন।

১৮. প্রকল্প পর্যবেক্ষণ:

১৮.১ মূল প্রকল্পটির বাস্তবায়ন কাল ছিল জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০১৮ পর্যন্ত এবং অনুমোদিত ব্যয় ছিল ২৪৯০ লক্ষ টাকা। পরবর্তীতে একবার সংশোধন করে বাস্তবায়ন কাল নির্ধারণ করা হয় জানুয়ারি ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত এবং প্রকল্পের অনুমোদিত ব্যয় ধরা হয় ৩৭৯৫ লক্ষ টাকা। ০২ টি পৌরসভায় প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। পৌরসভাগুলো যথাক্রমে জামালপুর ও মাদারগঞ্জ। প্রকল্পের Time Over run ৬০% এবং Cost Over run ৫২.৮০%। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়ন করতে পারলে Cost over run এড়ানো যেতো।

মাদারগঞ্জ পৌরসভার কার্যক্রম:

১৮.২ ডিপিপি মোতাবেক মাদারগঞ্জ পৌরসভায় স্লোপ প্রোটেকশন ১.৮ কি,মি তাছাড়া সড়কবাতি ১.৮ কি,মি এর মধ্যে ৬০ টি সড়ক উন্নয়ন ১.৮ কি.মি করার জন্য নির্ধারিত ছিল। সরেজমিন পরিদর্শন করে স্লোপ প্রোটেকশন ১৮০০ মিটার (measurement book) পর্যালোচনা করে দেখা যায় ৫৫ টি সড়ক বাতির বিলই ঠিকাদারকে পরিশোধ করা হয়েছে। বাতিগুলো ২০১৮৭ সালে লাগানো হয়েছে তবে ১২ টি বাতি এখন আর জ্বলে না। Different liability period শেষ হয়ে গেছে। পৌরসভার পক্ষ থেকে মেরামত করা প্রয়োজন। গজফিতা ও হুইল দ্বারা পরিমাপ করে সড়ক ১৮৮২ মিটার পাওয়া গেছে। তবে সড়কটির পূর্বপ্রান্তে বিটুমিন কেটে একজন বাড়ির মালিক স্যুয়েরেজ পাইপ বসিয়েছেন। কার্পেটিংটি আর মেরামত করা হয়নি। স্লোপ প্রোটকশন ১.৮ কি,মি পাওয়া গেছে। পার্শ্ববর্তী খরকা বিল থেকে বিআইডব্লিউটিএ ড্রেজিং করার বালুর ট্রাক বালি লোডের কারণে অনেক জায়গায় ব্লক Settlement হয়ে গেছে। তাছাড়া নির্মাণাধীন একটি ব্রিজের গোড়ার প্রান্তের অনেক ব্লক রিগ মেশিন বসানোর কারণে কিছু ব্লকের স্থানচ্যুতি হয়েছে। গতবার বন্যার কারণে রাস্তার যে সকল শোল্ডার নষ্ট হয়েছে সে গুলো আবার মেরামত করা হয়েছে মর্মে দেখা গেল।

জামালপুর পৌরসভার কার্যক্রম:

১৮.৩ ডিপিপিতে সড়ক উন্নয়ন ৩.৮ কি.মি. ব্রিজ ০১ টি ৪৫ মিটার , সড়কবাতি ৩.৮ কি.মি এ ১০৮ টি ফুটপাত ৩.৮ কি.মি রেলিং, ট্রাফিক ইন্টার সেকশন ৫.৬ কি,মি এর মধ্যে ০৪ টি করার জন্য নির্ধারিত ছিল। সরেজমিন হইল দ্বারা পরিমাপ করে সড়ক উন্নয়ন ৩.৩২৫ কি.মি, ব্রিজ ৪৫ মিটার, সড়কবাতি ১০৬ টি ফুটপাত ৩৩২৫ মিটার পাওয়া গেছে। ডিপিপিতে ছিল না কিন্তু ৩.৫ মিটার দৈর্ঘ্যের ইউ ড্রেন এবং ০৩ টি বক্স কালভার্ট করা হয়েছে। রেলিংয়ের ক্ষেত্রে রেলিং পোস্ট করা হয়েছে কিন্তু কোন রেলিং বার করা হয়নি। রেলিং বারটি ডিপিপিতে আরসিসি ছিল। রেলিংক নান্দনিক করার জন্য সম্মানিত পৌর মেয়র এসএস করার জন্য অভিপ্রায় ব্যক্ত করাতে আরসিসি বার আর দেয়া হয়নি। কাজগুলোর জন্য ব্রক্ষপুত্র নদের পাড় অনেক নান্দনিক হয়েছে এবং ট্যুরিজম স্পট হিসাবে বিনোদন দিয়ে যাচছে।

১৯. সুপারিশসমূহ:

১৯.১ প্রকল্পটির জামালপুর ও মাদারগঞ্জ পৌরসভায় বাস্তবায়ন করা হয়। মূল প্রকল্পের মেয়াদকাল জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০১৮ এবং অনুমোদিত ব্যয় ধরা হয় ২৪৯০ লক্ষ টাকা। সংশোধন করে মেয়াদকাল ধরা হয় জানুয়ারি ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত এবং ব্যয় ধরা হয় ৩৭৯৫ লক্ষ টাকা। প্রকৃতপক্ষে ব্যয় হয় ৩৭৫১ লক্ষ টাকা । প্রকল্পের Time Over run ৬০% এবং Cost Over run ৫০.৬৪%। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়ন করতে পারলে Cost Over run এড়ানো যেতো। ভবিষ্যতে এ ধরণের প্রকল্প নিদির্ষ্ট সময়ের মধ্যেই বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৯.২. মাদাগঞ্জ পৌরসভার বাতিগুলো ২০১৮ সালে লাগানো হয়েছে। ৫৫ টি বাতির মধ্যে ১২ টি বাতি এখন আর জ্বলে না। ঠিকাদারের Defect Liabity period শেষ হয়ে গেছে। প্রকল্পের Outcomes সৃষ্টির জন্য পৌরসভাবে বাতিগুলো মেরামত করতে হবে এবং সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণা করতে হবে;

১৯.৩ মাদারগঞ্জ পৌরসভায় প্রকল্পের টাকায় নির্মিত সড়কটির পূর্বপ্রান্তে বিটুমিন কেটে বাড়ির মালিক স্যুয়োরেজ পাইপ বসিয়েছনে। কার্পেটিংটি আর মেরামত করা হয়নি। রাষ্ট্রের টাকায় নির্মিত রাস্তা কাটার অনুমতি প্রদান থেকে পৌরসভাগুলোকে বিরত থাকতে হবে;

১৯.৪ মাদারগঞ্জ পৌরসভার নির্মিত সড়কটির পাশ্ববর্তী খরকা বিল থেকে বিআইডব্লিউটিএ ড্রেজিং করার বালুর ট্রাক দ্বারা বালু লোডের কারণে অনেক জায়গায় ব্লক Settle হয়ে গেছে। তাছাড়া নির্মাণাধীন একটি ব্রিজের গোড়ার প্রান্তের অনেক ব্লক রিগ মেশিন বসানোর কারণে স্থানচ্যুত হয়েছে। ব্লকগুলো পৌরসভার নিজ দায়িত্বে মেরামত করে দিতে হবে

১৯.৫ জামালপুর পৌরসভার কাজ অত্যন্ত নান্দনিক হয়েছে। ব্রক্ষপুত্র নদের তীর ঘেষে রাস্তা, ফুটপাত ব্রিজ,রেলিং পোস্ট করার কারণে প্রভাতে ও বিকেলে অসংখ্য টুরিস্ট ও ডায়াবেটিস রোগী হাটাহাটি করে এবং ট্যুরিজম স্পট হবার কারণে ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটেছে। নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয় রোল মডেল হিসেবে অন্যান্য পৌরসভায় এ ধরণের প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নিতে পারে;

১৯.৬ জামালপুর পৌরসভার রেলিংয়ের ক্ষেত্রে পোস্ট করা হয়েছে কিন্তু কোন রেলিং বার করা হয়নি। রেলিং বারটি ডিপিপিতে আরসিসি ছিল। রেলিংক নান্দনিক করার জন্য সম্মানিত পৌর মেয়র এসএস করার জন্য অভিপ্রায় ব্যক্ত করাতে আরসিসি বার আর দেয়া হয়নি। পৌরসভাকে জরুরুভিত্তিতে রিলিং এ এসএস বার বসানোর উদ্যোগ নিতে হবে;

১৯.৭ ডিপিপিতে সড়ক উন্নয়ন ও ফুটপাত প্রতিটি কম্পোনেন্ট ৩.৮ কি.মি করে বলা থাকলেও সরেজমিন হুইল দ্বারা পরিমাপ করে ৩.৩.২৫ কি.মি করে পাওয়া গেছে। তাছাড়া ডিপিপিতে সংস্থান না থাকলে ৩.৫ মিটার দৈর্ঘ্যে ইউ ড্রেন এবং ০৩ টি বক্স কালভার্ট করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে ডিপিপির যে কোন ধরণের ব্যত্যয় ঘটানোর বিষয়ে নিয়ন্ত্রকারী মন্ত্রণালয় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারে।

গোপলগঞ্জ পৌরসভা ড্রেনেজ উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ ডিসেম্বর,২০১৯)

০১। প্রকল্পের নাম : গোপলগঞ্জ পৌরসভা ড্রেনেজ উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প ।

০২। প্রকল্পের অবস্থান : গোপালগঞ্জ পৌরসভা আওতাধীন এলাকা ।

০৩। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ।

০৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ

০৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত)	প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত				
(১)	(২)	(৩)	(৬)	(৭)	(৮)
টাকা- ২৪২৫.০০ জিওবি- ২৪২৫.০০ নিজস্ব- -	টাকা- ২৪২৫.০০ জিওবি- ২৪২৫.০০ নিজস্ব- -	২০০১.৪৩	জানুয়ারী/২০১৬ হতে ডিসেম্বর /২০১৯	অতিরিক্ত কোন অর্থ ব্যয় হয়নি।	৫০%

তথ্যসূত্রঃ পিসিআর

০৬। প্রকল্পের অংগ ভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	সংখ্যা/ পরিমান	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর, ২০১৯পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব ব্যয় :						
	মেরামত ও রক্ষণাক্ষেণ (যানবাহন, কম্পিউটার ও অফিস সরঞ্জাম)	থোক	থোক	৩.০০	থোক	৭.৪৯
	সরবরাহ ও সেবা (টেলিফোন, টেলিগ্রাম, বিদ্যুৎ, জ্বালানী, পেট্রোল, লুব্রিকেন্ট, প্রিন্টিং, প্রচার ও বিজ্ঞাপন, ষ্টেশনারী, সার্ভে, কনসালটেন্সী ও অন্যান্য)	থোক	থোক	৮.০০	থোক	২.৯৯
	উপ-মোট (রাজস্ব) ব্যয়			**১১.০০**		**১০.৪৮**

(খ) মূলধন ব্যয় :

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	সংখ্যা/ পরিমান	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর, ২০১৯পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	নির্মাণ কাজ :					
	প্রাইমারী ড্রেন নির্মাণ	কি:মি:	৩.৩০৩	৭২১.১৮	৩.৩০৩	৬৪৬.৫৭
	সেকেন্ডারী ড্রেন নির্মাণ	কি:মি:	১.৭৯৩	৩২১.৭১	১.৭৯৩	২০১.৬০
	টারসিয়ারী ড্রেন নির্মাণ	কি:মি:	২.২৪২	১৩৩.১১	২.২৪২	১৩২.৩০
	খাল পূন:খনন	কি:মি:	৩.৮১৫	৮০.৪৬	৩.৮১৫	৭৫.৩৯
	সড়ক পূন:নির্মাণ	কি:মি:	২.০৮০	২৪৯.১৭	২.০৮০	২৪৫.২০
	নদী/খালের তীর রক্ষা (বাঁধ নির্মাণ)	কি:মি:	২.০৩১	৭৫৫.৬৪	১.৫০	৫৩৭.১৮
	পার্ক পূন:নির্মাণ	থোক	থোক	১৫২.৭৩	থোক	১৫২.৭১
	উপ-মোট (মুলধন) ব্যয়			২৪১৪.০০		১৯৯০.৯৫
	সর্বমোট (ক+খ) :			২৪২৫.০০		২০০১.৪৩

০৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** নির্ধারিত মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন হয়েছে| উচ্ছেদজনিত জটিলতার কারণে খালের তীর বাঁধা ৫০০ মিটার কম হয়েছে।

০৮। **প্রকল্পের পটভূমি ঃ**

গোপালগঞ্জ পৌরসভা মধুমতি নদীর তীরে অবস্থিত । গোপালগঞ্জ পৌরসভা ১৯৭২ সালে প্রতিষ্টিত হয়েছে । এটি একটি প্রথম শ্রেণীর পৌরসভা । পৌরসভাটি ৯টি ওয়ার্ড ও ৭৫টি মহল্লা নিয়ে গঠিত । গোপালগজ্ঞ পৌরসভার মোট আয়তন ১৩.৪১ বর্গকিলোমিটার । পৌরসভাটি যোগাযোগ নেটওয়ার্ক , শিল্প কারখান স্থাপন, ঐতিহাসিক স্থাপনা নির্মাণ, অর্থনৈতিক কার্যক্রম বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনার জন্য বিশেষ ভুমিকা পালন করছে । বিভিন্ন উন্নয়ন কার্যক্রম, যেমন- মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয় পৌরসভার ভিতরেই স্থাপন করা হয়েছে । গোপালগঞ্জ পৌরসভার আয়তন ১৩.৪১ বর্গকিলোমিটার হলেও ৩৫.৫২ বর্গকিলোমিটার এলাকায় উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যা ডিপিপি-র পটভুমিতে উল্লেখ করা হয়েছে । উক্ত প্রকল্পটি গত ২৭/০১/২০১৬ খ্রি: তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে ।

০৯। **প্রকল্পের উদ্দেশ্য ঃ**

পৌরসভার ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে পৌর নাগরিক সুবিধা বৃদ্ধি ও পরিবেশ উন্নয়ন ।

১০। সংশোধিত অনুমোদিত ডিপিপি-তে সংস্থান,এডিপি বরাদ্দ,অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য ঃ

(লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংস্থান	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	অগ্রগতি	মন্তব্য
২০১৫-১৬	৫০.০০	৫০.০০	৫০.০০	৫০.০০	২.৪৫%	-
২০১৬-১৭	৭০০.০০	৭০০.০০	৭০০.০০	৭০০.০০	৩৪.২৫%	-
২০১৭-১৮	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	৪৮.৯২%	-
২০১৮-১৯	১৬৯.০০	১৬৯.০০	১৬৯.০০	১৬৯.০০	৮.২৭%	-
২০১৯-২০ (ডিসেম্বর/১৯)	১২৫.০০	১২৫.০০	১২৫.০০	৮২.৪৩	৪.০৪%	অব্যয়িত ৪২,৫৭,৫৩৩/- (বিয়াল্লিশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত তেত্রিশ) টাকা জমা প্রদান করা হয়েছে।
মোটঃ	**২০৪৪.০০**	**২০৪৪.০০**	**২০৪৪.০০**	**২০০১.৪৩**	**৯৭.৯৩%**	

১১| **প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ**

প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পটির মূল ডিপিপি ২৭/০১/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয় । ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধিসহ ১ম সংশোধিত ডিপিপি ১৬/০৭/২০১৮ তারিখে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত হয় এবং ১৯/১২/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হয় । অনুমোদিত প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৪২৫.০০ লক্ষ টাকা (জিওবি ১০০% অর্থাৎ ২৪২৫.০০ লক্ষ টাকা) । প্রকল্পটির অনুমোদিত সংশোধিত মেয়াদকাল ০১ জানুয়ারী ২০১৬ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত ।

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

নাম ও পদবী	দায়িত্বের ধরন	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
আব্দুল কুদ্দুস মন্ডল প্রকল্প পরিচালক	অতিরিক্ত	১১/০২/২০১৬	৩১/১২/২০১৯

১৩ । **ক্রয় কার্যক্রম ঃ**

এই প্রকল্পের অধীন ২০১৫-১৬ অর্থ বছরে ১টি প্যাকেজ এর (পৌরপার্ক) অফলাইনে দরপত্র আহ্বান করা হয় । সর্বনিম্ন দরদাতা ডমেসটিক ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি সার্ভিস এর মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয় । ২০১৬-১৭ অর্থবছরে অফলাইনের মাধ্যমে ১৪টি প্যাকেজের দরপত্র আহবান করা হয় । ১৪ টি প্যাকেজের মধ্যে ১ম প্যাকেজ (P-Drain/W-01) এ মেসার্স এম জামান বিল্ডার্স এন্ড কোং, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা, ২য় প্যাকেজ (P-Drain/W-02) এ মেসার্স সাফা ব্রিকস, গোপালগঞ্জ, ৩য় প্যাকেজ (P-Drain/W-03) এ মেসার্স শুভ ট্রেডার্স (জেভি), গোপালগঞ্জ, ৪র্থ প্যাকেজ (P-Drain/W-04) এ এনায়েত হোসেন, গোপালগঞ্জ, ৫ম প্যাকেজ (S-Drain/W-05) এ মেসার্স সিদ্দিক বানিজ্য বিতান, গোপালগঞ্জ, ৬ষ্ট প্যাকেজ (S-Drain/W-06)

এ মেসার্স ময়না এন্টারপ্রাইজ, গোপালগঞ্জ, ৭ম প্যাকেজ (S-Drain/W-07) এ মেসার্স মিলন কনষ্ট্রাকশন, গোপালগঞ্জ, ৮ম প্যাকেজ (Khal/W-08) এ শেখ নসিমুল গণি, গোপালগঞ্জ, ৯ম প্যাকেজ (P-R/W-09) এ মেসার্স নাবিহা এন্টারপ্রাইজ, গোপালগঞ্জ, ১০ম প্যাকেজ (P-R/W-10) এ মেসার্স নাকিব এন্টারপ্রাইজ, গোপালগঞ্জ, ১১তম প্যাকেজ (P-R/W-11) এ মেসার্স নাবিহা এন্টারপ্রাইজ, গোপালগঞ্জ, ১২তম প্যাকেজ (P-R/W-12) এ মেসার্স রবিন ট্রেডার্স, গোপালগঞ্জ, ১৩ তম প্যাকেজ (P-T/W-13) এ মেসার্স নিয়াজ ট্রেডার্স, আর, কে, মিশন রোড, ঢাকা, ১৪ তম প্যাকেজ (P-T/W-14) এ মেসার্স নিয়াজ ট্রেডার্স, আর, কে, মিশন রোড, ঢাকা, এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে । ২০১৭-১৮ অর্থ বছরে e-GP পদ্ধতিতে ১টি প্যাকেজের দরপত্র আহবান করা হয় । উক্ত প্যাকেজটি (Khal/W-01) এ মেসার্স ওয়াহিদ কনষ্ট্রাকশন, গ্রীন রোড, ঢাকা, মাধ্যমে বাস্তবায়ন করা হয় । ২০১৮-১৯ অর্থ বছরে e-GP পদ্ধতিতে ১টি প্যাকেজের দরপত্র আহবান করা হয় । উক্ত প্যাকেজটি (Khal/W-02) এ মেসার্স লেলিন ট্রেডার্স এন্ড মেসার্স সৌরভ ট্রেডার্স (জেভি), গোপালগঞ্জ এর মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয় । ০২টি প্যাকেজ ই-জিপি এর মাধ্যমে করা হয়েছে। বাকী উন্মুক্ত দর পদ্ধতিতে করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি বিধান মোতাবেক সকল ক্রয় কার্যক্রম করা হয়েছে।

১৪। **প্রকল্পের সার্বিক কার্যক্রম** ঃ

এ প্রকল্পটি গত ২৭/০১/২০১৬ খ্রিঃ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে ।প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ২৪২৫.০০ লক্ষ টাকা এবং অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল ০১ জানুয়ারী, ২০১৬ হতে ৩১ জুন, ২০১৯ পর্যন্ত ।

১৫। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল গোপালগঞ্জ পৌরসভার ভিতর দিয়ে প্রবাহমান মধুমতি নদীকে পৌরসভার সোয়ারেজ লাইন থেকে পতিত বর্জ্য থেকে দূষণমুক্ত করা।সে লক্ষ্যে ইছামতি নদীর পরিবেশ সুন্দর ও নান্দনিক রাখার জন্য বাসাবাড়ীর পরিত্যক্ত বর্জ্য ও সুয়ারেজ লাইনের আউটলেট পার্শ্ববর্তী বৈরাগীর খালে দেয়া হয়েছে। সে লক্ষ্যে বৈরাগীর খালেই পতিত বর্জ্য পড়ে এবং জোয়ার ভাটার কারণে মূল নদীতে বর্জ্য মিশে যায়। কিন্তু মধুমতি নদীর পিছনের দিকের বাসা বাড়ির সোয়ারেজ লাইন এবং ড্রেনেজ থেকে পতিত বর্জ্য অন্য কোন সুযোগ না থাকার কারণে সেই মধুমতি নদীতেই এসে পড়ে। কাজেই প্রকল্পের পুরোপুরি উদ্দেশ্য অর্জন করতে হলে পৌরসভাকে আরেকটি প্রকল্পের মাধ্যমে কৃত্রিম খাল খনন করে ড্রেনেজের মাধ্যমে বাকী বাসা বাড়ীর বর্জ্য নিস্কাশন করতে হবে। তাহলেই কেবলমাত্র প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হবে।

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
পৌরসভার ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে পৌর নাগরিক সুবিধা বৃদ্ধি ও পরিবেশ উন্নয়ন ।	প্রাইমারী, সেকেন্ডারী ও টার্সিয়ারী ড্রেনের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন সম্ভব হয়েছে, ফুটপাত উন্নয়নের মাধ্যমে পথচারীদের পথচলাচলের সুবিধা হয়েছে। তবে মধুমতি নদীর পশ্চিমদিকেও এ ধরণের কার্যক্রম গ্রহণ করা গেলে মধুমতি নদীকে পুরোপুরি দূষণমুক্ত করা যেতো।উচ্ছেদজনিত জটিলতার কারণে খালের তীর বাঁধা ৫০০ মিটার কম হয়েছে।

১৭। **অডিট ঃ** এখনও কোন অডিট কার্যক্রম করা হয়নি।

১৮। **উপকার ভোগীদের মতামত ঃ** উপকারভোগীরা ড্রেন নির্মাণের ফলে এর সুফল পাচ্ছেন। বিনোদন হিসাবে মধুমতি নদীর প্রায় ৭০% দূষণমুক্ত হয়েছে।

১৯। **প্রকল্প পরিদর্শনঃ**

প্রকল্পের কার্যক্রম বিগত ২২/০৮/২০২০ তারিখ আইএমইডি'র পরিচালক, খলিল আহমেদ কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তারা এবং পৌরসভার নির্বাহী প্রকৌশলী অবিনাশ সরকার উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহযোগিতা করেন।

২০। প্রকল্প পর্যবেক্ষণঃ

২১.১ ঃ সরেজমিন পরিদর্শন ও উপকারভোগীদের জিজ্ঞাসাবাদে জানা যায় প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল গোপালগঞ্জ পৌরসভার ভিতর দিয়ে প্রবাহমান মধুমতি নদীকে পৌরসভার সোয়ারেজ লাইনের মাধ্যমে পতিত বর্জ্য থেকে দূষণমুক্ত করা।সে লক্ষ্যে ইছামতি নদীর পরিবেশ সুন্দর ও নান্দনিক রাখার জন্য বাসাবাড়ীর পরিত্যক্ত বর্জ্য ও সুয়ারেজ লাইনের আউটলেট পার্শ্ববর্তী পূর্বদিকের বৈরাগীর খালে দেয়া হয়েছে। সে লক্ষ্যে বৈরাগীর খালেই পতিত বর্জ্য পড়ে এবং জোয়ার ভাটার কারণে মূল নদীতে বর্জ্য মিশে যায়। কিন্তু মধুমতি নদীর পশ্চিম দিকের বাসা বাড়ির সোয়ারেজ লাইন এবং ড্রেনেজ থেকে পতিত বর্জ্য অন্য কোন সুযোগ না থাকার কারণে সেই মধুমতি নদীতেই এসে পড়ে। কাজেই প্রকল্পের পুরোপুরি উদ্দেশ্য অর্জন করতে হলে পৌরসভাকে আরেকটি প্রকল্পের মাধ্যমে কৃত্রিম খাল খনন করে ড্রেনেজের মাধ্যমে বাকী বাসা বাড়ীর বর্জ্য নিস্কাশন করা প্রয়োজন। নতুবা প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হবে।

২১.২ বৈরাগীর খালের দু'তীর পরিদর্শন করা হলো। খালের দু'তীরে যে সকল ব্লক ছিল সেগুলো মাঝে মাঝে বসে গেছে। বালু সিমেন্ট দিয়ে আস্তর করে দেয়া প্রয়োজন। ওয়াক ওয়ে সুন্দর হয়েছে। তবে বৈরাগী খালের শাহীন স্কুল এন্ড কলেজ , গোপালগঞ্জ শাখার ব্রীজের উত্তর-পূর্বদিকে প্রান্তে কিছু উচ্ছেদ কার্যক্রম বাকী রয়েছে। প্রকল্পের সুফল পাবার জন্য উচ্ছেদ কার্যক্রম পৌরসভার নিজ দায়িত্বে করা প্রয়োজন।

২১.৩ প্রকল্পের কোন অডিট কার্যক্রম করা হয়নি। শুধুমাত্র চালানের মাধ্যমে সোনালী ব্যাংক গোপালগঞ্জ শাখায় ৪২,৫৭,৫৩৩/- (বিয়াল্লিশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত তেত্রিশ) টাকা জমা প্রদান করা হয়েছে। প্রকল্পটির অডিট কার্যক্রম জরুরীভিত্তিতে করা দরকার।

২১.৪ গোপালগঞ্জ পৌরসভায় সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট না থাকার কারণে ময়লা আবর্জনা প্রায়ই মধুমতি নদী ও বৈরাগী খাল, পানশিঘাট খালে পড়ে। বিভিন্ন ধরনের প্লাষ্টিক বোতল, মানবসৃষ্ট বর্জ্য নদী ও খালের পানিতে পড়ে। মধুমতি নদীর নান্দনিক পরিবেশ সৃষ্টি করার জন্য সলিড ওয়েষ্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন জরুরী।

২১.৫ ই-জিপি রেজিষ্ট্রেশন দেরীতে করাতে শুধুমাত্র ০২টি দরপত্র ই-জিপিতে করা হয়েছে। বাকীগুলো উন্মুক্ত দরপদ্ধতিতে করা হয়েছে। ভবিষ্যতে সকল দরপত্র ই-জিপি এর মাধ্যমে সম্পাদন করা প্রয়োজন।

২২. সুপারিশসমূহঃ

২২.১ প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল গোপালগঞ্জ পৌরসভার ভিতর দিয়ে প্রবাহমান মধুমতি নদীকে পৌরসভার সোয়ারেজ লাইনের মাধ্যমে পতিত বর্জ্য থেকে দূষণমুক্ত করা। ইছামতি নদীর পরিবেশ সুন্দর ও নান্দনিক রাখার জন্য বাসাবাড়ীর পরিত্যক্ত বর্জ্য ও সুয়ারেজ লাইনের আউটলেট পার্শ্ববর্তী পূর্বদিকের বৈরাগীর খালে দেয়া হয়েছে। সে লক্ষ্যে বৈরাগীর খালেই পতিত বর্জ্য পড়ে এবং জোয়ার ভাটার কারণে মূল নদীতে বর্জ্য মিশে যায়। কিন্তু মধুমতি নদীর পশ্চিম দিকের বাসা বাড়ির সোয়ারেজ লাইন এবং ড্রেনেজ থেকে পতিত বর্জ্য অন্য কোন সুযোগ না থাকার কারণে সেই মধুমতি নদীতেই এখনও প্রায় ৩০% এর মত বর্জ্য এসে পড়ে। কাজেই প্রকল্পের পুরোপুরি উদ্দেশ্য অর্জন করতে হলে পৌরসভাকে আরেকটি প্রকল্পের মাধ্যমে কৃত্রিম খাল খনন করে সঠিক ডিজাইন ও ড্রেনেজের মাধ্যমে বাকী বাসা বাড়ীর বর্জ্য নিস্কাশন করতে হবে (অনুঃ ২১.১);

২২.২ বৈরাগীর খালের ওয়াক ওয়ে সুন্দর ও নান্দনিক হয়েছে তবে খালের দু'তীরে যে সকল ব্লক ছিল সেগুলো মাঝে মাঝে বসে গেছে। বালু সিমেন্ট দিয়ে আস্তর করে দিতে হবে। তবে বৈরাগী খালের শাহীন স্কুল এন্ড কলেজ , গোপালগঞ্জ শাখার ব্রীজের উত্তর-পূর্বদিকে প্রান্তে কিছু উচ্ছেদ কার্যক্রম বাকী রয়েছে। প্রকল্পের সুফল পাবার জন্য উচ্ছেদ কার্যক্রম পৌরসভার নিজ দায়িত্বে করে নিতে হবে (অনুঃ ২১.২);

২২.৩ প্রকল্পের কোন অডিট কার্যক্রম করা হয়নি। জরুরীভিত্তিতে অডিট কার্যক্রম সম্পাদন করতে হবে (অনুঃ ২১.৩);

২২.৪ গোপালগঞ্জ পৌরসভায় সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট না থাকার কারণে ময়লা আবর্জনা প্রায়ই মধুমতি নদী ও বৈরাগী খাল, পানশিঘাট খালে পড়ে। বিভিন্ন ধরনের প্লাষ্টিক বোতল, মানবসৃষ্ট বর্জ্য নদী ও খালের পানিতে পড়ে। মধুমতি নদীর নান্দনিক পরিবেশ সৃষ্টি করার জন্য জরুরীভিত্তিতে পৌরসভাকে সলিড ওয়েষ্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুঃ ২১.৪);

২২.৫ ভবিষ্যতে সকল ক্রয়প্রক্রিয়া ই-জিপি এর মাধ্যমে সম্পাদন করতে হবে (অনুঃ ২১.৫);

২০.প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্রঃ



গোপালগঞ্জ পৌরসভার কার্যক্রম সরেজমিন পরিদর্শন।



প্রকল্পের টাকায় নির্মিত পাইপ ড্রেইন।



প্রকল্পের টাকায় নির্মিত বৈরাগীর খাল



বৈরাগীর খালের দু'পার্শ্বের তীর বরাবর ব্লক যাহা প্রকল্পের টাকায় বসানো হয়েছে।



গোপালগঞ্জ শাহীন স্কুল এন্ড কলেজের ব্রীজ এর বিপরীত দিক যাহাতে কিছু অবৈধ স্থাপনা রয়ে গেছে।



বৈরাগীর খালে ময়লা আবর্জনা যাহা পরিষ্কার রাখা প্রয়োজন যাতে কোন দূর্গন্ধ সৃষ্টি না হয়।



প্রকল্পের টাকায় নির্মিত পৌরসভার রাস্তা যাহা ডিপিপি'র সাথে মিলিয়ে দেখা হচ্ছে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন নবসংযুক্ত শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

১। **প্রকল্পের নাম:** ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন নবসংযুক্ত শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ :** স্থানীয় সরকার বিভাগ ।

(খ) বাস্তবায়নকারী সংস্থা : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

৩। **প্রকল্পের অর্থায়ন:** জিওবি

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৭৩৪০১.৬৪	৭৭৩৯৮.৭৮	৭৬৩৪৩.১৮	জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮	জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯	জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯	২৯৪১.৫৪ (৪.০১%)	১২ মাস (৫০%)

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্রমিক	অনুমোদিত অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(ক) রাজস্ব ব্যয়						
১	পরামর্শক সেবা (রোড, রোড সাইড, ড্রেইন, ফুটপাত ও এলইডি স্ট্রিট	থোক	১০৬.০০	থোক	১০৫.০০	থোক
২	প্রশিক্ষণ	থোক	২০.০০	থোক	০	থোক
উপ-মোট (রাজস্ব ব্যয়):			**১২৬.০০**		**১০৫.০০**	
(খ) মূলধন ব্যয়						
৩	জীপ গাড়ী (৫ দরজা, নূন্যতম ২৫০০ সিসি, রেজিস্টেশন ফি ও	সংখ্যা	৭২.৩০	১	৭২.৩০	১

ক্রমিক	অনুমোদিত অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	বিমাসহ)					
৪	মোটর সাইকেল (১২৫ সিসি, রেজিস্টেশন ফি ও বিমাসহ)	সংখ্যা	৮.০০	৪	৮.০০	৪
৫	মাল্টিমিডিয়া এক্সেসরিজসহ ফটোকপিয়ার	সংখ্যা	৫.০০	১	৪.৬৮	১
৬	সার্ভে যন্ত্রপাতি, লেভেলিং যন্ত্রপাতি ও লেভেলিং স্টাফসহ-৩টি, থিওডোলাইট (টোটাল স্টেশন-২টি), হ্যান্ড জিপিএস-২টি এক্সেসরিজসহ)	সেট	১০.০০	১	২.৯২	১
৭	ডেস্কটপ কম্পিউটার (প্রিন্টার এবং এক্সেসরিজসহ)	সেট	২.৫০	৩	২.৪৭	৩
	নির্মাণ কাজ					
৮	রাস্তার উন্নয়ন	কিমি	৩২৯৯৪.৮৭	১৬৭.৮৮	৩২৬০৪.০৬	১৬৭.৮৮
৯	নর্দমার উন্নয়ন	কিমি	৩৫০৮৩.১৩	১৭১.৬৫	৩৪৮৪০.০৪	১৭১.৬৫
১০	ফুটপাতের উন্নয়ন	কিমি	৪২২.৭৭	৮.৮১	৪২১.৮৫	৮.৮১
১	বৃক্ষরোপণ	সংখ্যা	৬.৩৩	৭০৬৩	৬.০২	৭০৬৩
১২	এল,ই,ডি স্ট্রিট লাইট স্থাপন	কিমি	৬২৬৭.৮৮	১৪৮.৯৩	৬২৬৭.০০	১৪৮.৯৩
১৩	ইউটিলিটি লাইন স্থানান্তর (বৈদ্যুতিক খুটি)	থোক	২২০০.০০	থোক	২০০৮.৮৪	থোক
উপ-মোট (মূলধন ব্যয়):			**৭৭০৭২.৭৮৭**		**৭৬২৩৮.১৮**	
(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি			২০০.০০		০.০০	-
(ঘ) প্রাইস কন্টিনজেন্সি			০.০০		০.০০	-
সর্বমোট (ক+খ+গ+ঘ):			**৭৭৩৯৮.৭৮**	**১০০%**	**৭৬৩৪৩.১৮**	**১০০%**

তথ্যসূত্র: পিসিআর

৬। **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা/ইউনিয়ন/সিটি কর্পোরেশন
ঢাকা	ঢাকা	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (নবসংযুক্ত শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া ইউনিয়ন)

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:** সম্প্রতি আটটি ইউনিয়নকে ঢাকা দক্ষিণ সিটি (ডিএসসিসি) অন্তর্ভুক্ত করা হয়েছে। এগুলো হলো: শ্যামপুর, মাতুয়াইল, ধনিয়া, সারুলিয়া, নাসিরাবাদ, মান্দা, দক্ষিণগাও এবং ডেমরা। আলোচ্য প্রকল্পে ৪টি ইউনিয়ন (শ্যামপুর, মাতুয়াইল, ধনিয়া এবং সারুলিয়া) অন্তর্ভুক্ত। আয়তন প্রায় ২৮.৭০ বর্গ কি:মি:। ঘনবসতিপূর্ণ এ এলাকায় প্রায় ১০ লক্ষ বাসিন্দা রয়েছে। নতুন সংযোজিত ইউনিয়নের অধিবাসীদের পৌরসভার সুবিধার খুব প্রয়োজন, কারণ এই ইউনিয়নগুলি আধা শহরে অবস্থা রয়েছে। বর্ষা মৌসুমে বৃষ্টির পানি এলাকা প্লাবিত করে সঠিক জল নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়। অসংখ্য প্রাকৃতিক খাল (খাল) দিয়ে পনি যায়। উল্লেখ্য যে জলাবদ্ধতা থেকে মুক্তি পেতে এই প্রাকৃতিক খালগুলি অবাধ জল প্রবাহের জন্য অক্ষত রাখতে হবে। বর্ষা মৌসুমে বাসিন্দারা চলাচলে অনেক সমস্যায় পড়ে এবং তাদের চলাচল সীমিত হয়ে যায়। অধিকাংশ পাকা ও আধা পাকার রাস্তা জরাজীর্ণ। এগুলি পানিতে ডুবে যায় এবং কাদা হয় যায়। নাগরিকরা ন্যূনতম নগর/পৌর সুবিধা থেকে বঞ্চিত। জনগণ তাদের আর্থ-সামাজিক কার্যক্রম করতে পারে না। শিশুরা স্কুলে যেতে পারে না। সময়ের সাথে সাথে ঢাকা শহরে জমির দাম ক্রমাগত বৃদ্ধি পাওয়ায়, নতুন সংযোজিত ইউনিয়ন সহ পার্শ্ববর্তী এলাকায় জমিতে উন্নয়নের চাপ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলস্বরূপ, এলাকায় অপরিকল্পিত নগরায়ন দ্রুত ঘটছে। সবুজ মাঠ এবং খোলা জায়গাগুলি জনবহুল ভবনে পরিণত হয়েছে। পানি নিষ্কাশনের কোনো ব্যবস্থা না থাকায় রাস্তাগুলো সরু ও যানজটে পরিণত হয়েছে।

পৌর সুবিধা, রাস্তাঘাট এবং ড্রেনেজ নেটওয়ার্কের উন্নতির জন্য সৌন্দর্যবর্ধন করা, স্ট্রিট লাইট স্থাপন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বন্যার স্তরের নিচে পানি রাখার জন্য অতিরিক্ত পানি পাম্প করার প্রয়োজনীয়তা অত্যাবশ্যক হয়ে পড়ে। এপ্রেক্ষিতে, জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন, রাস্তাগুলি ব্যবহার উপযোগী করে তোলা এবং বিশেষ করে নতুন সংযোজিত ইউনিয়নের মানুষদের জন্য একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ **প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

* ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া এলাকার রাস্তা, নর্দমা এবং ফুটপাতের উন্নয়ন কাজ;
* সড়কবাতি স্থাপন;
* বৃক্ষরোপণ; এবং
* আর্থ-সামাজিক পরিবেশের উন্নয়ন করা।

৮.৩ **প্রকল্পের প্রধান কার্যক্রম:**

(১)	রাস্তার উন্নয়ন	১৬৭.৮৮ কি.মি.
(২)	নর্দমার উন্নয়ন	১৭১.৬৫ কি.মি.
(৩)	ফুটপাতের উন্নয়ন	৮.৮১ কি.মি.

৯। **প্রকল্পের অনুমোদন অবস্থা:** মূল প্রকল্পটি ৭৩৪০১.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১০/০১/২০১৭ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। অনুমোদিত সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৭৩৯৮.৭৮ লক্ষ টাকা এবং প্রকল্পটির মেয়াদকাল নির্ধারণ করা হয় ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।

১০। **প্রকল্পের সামগ্রিক ক্রয় পরিকল্পনা (পণ্য/কার্য্য/সেবা):** আরডিপিপিতে ০৭টি প্যাকেজে পণ্য ক্রয় বাবদ ৯৭.৮০ লক্ষ টাকা, ৭২টি প্যাকেজে কার্য ক্রয় বাবদ ৭৪৭৭৪.৯৮ লক্ষ টাকা এবং ০১টি প্যাকেজে সেবা ক্রয় বাবদ ১০৬.০০ লক্ষ টাকাসহ মোট ৭৪৯৭৮.৭৮ লক্ষ টাকার সংস্থান রয়েছে যা মোট প্রকল্প ব্যয়ের ৯৬.৮৭%।

১১। **<u>প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি (Methodology)</u>:** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;

(খ) পিসিআর পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং

(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২. **বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ছাড়, অর্থ ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্য:**

(লক্ষ টাকায়)

অর্থবছর	আরডিপিপি'র সংস্থান			সংশোধিত এডিপি বরাদ্দ			অর্থছাড় (জিওবি)	ব্যয়			সমর্পণ কৃত অর্থ
	মোট	টাকা	প্র: সা:	মোট	টাকা	প্র: সা:		মোট	টাকা	প্র: সা:	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)
২০১৬-২০১৭	১০০০.০০	১০০০.০০	-	১০০০.০০	১০০০.০০	-	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	-	-
২০১৭-২০১৮	৩৭৫০০.০০	৩৭৫০০.০০		৩৭৫০০.০০	৩৭৫০০.০০	-	৩৭৩৮০.০০	৩৭৩৮০.০০	৩৭৩৮০.০০	-	-
২০১৮-২০১৯	৩৮৮৯৮.৭৮	৩৮৮৯৮.৭৮		২৫০০০.০০	২৫০০০.০০	-	২৪৯৪৬.০০	২৪৯৪৬.০০	২৪৯৪৬.০০	-	-
২০১৯-২০২০	১৩৮৯৮.৭৮	১৩৮৯৮.৭৮		১৩৪৯৯.১৭৫	১৩৪৯৯.১৭৫	-	১৩৪৯৯.১৭৫	১৩০১৭.১৮	১৩০১৭.১৮	-	৪৮১.৯৯
মোট:	**৭৭৩৯৮.৭৮**	**৭৭৩৯৮.৭৮**		**৭৬৯৯৯.১৮**	**৭৬৯৯৯.১৮**		**৭৬৮২৫.১৮**	**৭৬৩৪৩.১৮**	**৭৬৩৪৩.১৮**		**৪৮১.৯৯**

তথ্যসূত্র: পিসিআর

১৩। **<u>প্রকল্প পরিদর্শন:</u>** প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মো: আজগর আলী গত ২১-০৮-২০২১ তারিখে করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন। পরিদর্শন বিবরণ ও পর্যবেক্ষণ নিম্নরূপ:

১৩.১ **প্যাকেজ নং-২৩:**

(ক) **প্যাকেজের বিবরণ:** Improvement Work of Road & Drain at Sontak, Shekhdi and Nayanogor kajla areas lane bylane নির্মাণ।

(খ) **কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:** ৩.৭৬৫ কি.মি সড়ক (প্রস্থ ৪.৩৫ মিটার এবং ৩.৭৬৫ কি.মি.ড্রেন নির্মাণ বাবদ ১১১৮.৫৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

(গ) **ক্রয় সংগ্রহ প্রক্রিয়া ও বাস্তবায়ন অগ্রগতি:** সড়কটি উন্নয়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ১১১৮.৮৬ লক্ষ টাকা যার বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ১১১৮.৫৭ লক্ষ টাকা। Notification of Award প্রদানের তারিখ ১১/০৩/২০১৮। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ১৮/০৩/২০১৮ এবং কাজ সমাপ্তির তারিখ ৩০/০৬/২০১৯। প্রকৃতপক্ষে কাজ সমাপ্তির তারিখ ১০/১২/২০১৯। চুক্তির মেয়াদ নবায়ন করা হয়েছে। নির্মাণ কাজ বাবদ ব্যয় করা হয়েছে ১১১৮.২৩ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** পরিদর্শনকালে দেখা যায় যে, কাজের প্রধান সড়কটি আরসিসি রাস্তা এবং গলি উপগলি সিসি রাস্তা। রাস্তার মাঝে আরসিসি পাইপ ড্রেন রয়েছে। রাস্তা উভয় পার্শ্বে গার্ডওয়াল করা আছে। রাস্তার টপ সারফেস ভাল অবস্থায় রয়েছে। বিভিন্ন রাস্তার নর্দমার ম্যানহোল কভার ও স্ল্যাব উঠিয়ে দেখা যায় পানি প্রবাহ সচল রয়েছে।




চিত্র: Improvement Work of Road & Drain at Sontak, Shekhdi and Nayanogor kajla areas lane bylane নির্মাণ।

১৩.২ **প্যাকেজ নং-৩১:**

(ক) **প্যাকেজের বিবরণ:** Improvement Work of Road & Drain at Matuail Shohar Polli areas main road & lane bylane নির্মাণ।

(খ) **কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:** ১.৩২৯ কি.মি সড়ক (প্রস্থ ৫.০০ মিটার) এবং ১.৩২৯ কি.মি.ড্রেন নির্মাণ বাবদ ৬৬৯.১৭ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

(গ) **ক্রয় সংগ্রহ প্রক্রিয়া ও বাস্তবায়ন অগ্রগতি:** সড়কটি উন্নয়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ৬৬৯.১৫ লক্ষ টাকা যার বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ৬৬৯.১৪ লক্ষ টাকা। Notification of Award প্রদানের তারিখ ১৩/০৯/২০১৮। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ২৬/১১/২০১৮ এবং কাজ সমাপ্তির তারিখ ৩০/০৬/২০১৯। নির্মাণ কাজ বাবদ ব্যয় করা হয়েছে ৬৬৮.৯৮ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** পরিদর্শনকালে দেখা যায় যে, রাস্তাটি আরসিসি রাস্তা। রাস্তার মাঝখানে আরসিসি পাইপ নর্দমা রয়েছে। রাস্তার দুইপাশে গার্ডওয়াল করা আছে। রাস্তার টপ সারফেস ভাল অবস্থায় রয়েছে। মূল সড়কটি নির্মাণের ফলে সংলগ্ন সড়ক ও কিছু কিছু বাড়ী সড়ক থেকে নীচু অবস্থায় রয়েছে। নীচু রাস্তাসমূহ ভবিষ্যতে উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে

হবে। কিছু রাস্তার পাশে নির্মাণাধীন বিল্ডিং এর মালিক কর্তৃক রাস্তায় নির্মাণ সামগ্রী রাখা হয়েছ যা অপসারণ করতে হবে।





চিত্র: Improvement Work of Road & Drain at Matuail Shohar Polli areas main road & lane bylane নির্মাণ।

১৩.৩ **প্যাকেজ নং-৪৩:**

(ক) **প্যাকেজের বিবরণ:** Improvement Work of Road & Drain from Rani mahol Cinema hall to Dogair Bazar and Construction of Ranimahol bridge.

(খ) **কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:** ২.১৮৫ কি.মি সড়ক (প্রস্থ ৮.০০ মিটার), ২.১৮৫ কি.মি.ড্রেন এবং ৩০.০৩ মিটার দৈর্ঘ্যের ১টি ব্রিজ নির্মাণ বাবদ ১৮৮৩.৪৬ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

(গ) **ক্রয় সংগ্রহ প্রক্রিয়া ও বাস্তবায়ন অগ্রগতি:** সড়কটি উন্নয়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ১৮৮৩.৪৬ লক্ষ টাকা যার বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ১৮৮৩.৩২ লক্ষ টাকা। Notification of Award প্রদানের তারিখ ০৮/০৩/২০১৮। ব্রিজের নির্মাণ ব্যয় বৃদ্ধি পাওয়ায় ক্রয়চুক্তি সংশোধন করা হয়। সংশোধিত চুক্তিমূল্য ২০৫৩.১২ লক্ষ টাকা। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ২৫/০৩/২০১৮ এবং কাজ সমাপ্তির তারিখ ৩০/০৬/২০১৯। প্রকৃতপক্ষে কাজ সমাপ্তির তারিখ ১০/১২/২০১৯। চুক্তির মেয়াদ নবায়ন করা হয়েছে। নির্মাণ কাজ বাবদ ব্যয় করা হয়েছে ২০৫৩.০৬ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** পরিদর্শনকালে দেখা যায় যে, রাস্তাটি আরসিসি রাস্তা। রাস্তার মাঝে আরসিসি পাইপ ড্রেন রয়েছে। রাস্তা উভয় পার্শ্বে গার্ডওয়াল করা আছে। রাস্তার টপ সারফেস ভাল অবস্থায় রয়েছে। তবে রাস্তার দুই পাশে ময়লা/আবর্জনা রয়েছে যা নিয়মিত পরিস্কার করতে হবে।





চিত্র: Improvement Work of Road & Drain from Rani mahol Cinema hall to Dogair Bazar and Construction of Ranimahol bridge.

১৩.৪ **প্যাকেজ নং-৫৭:**

(ক) **প্যাকেজের বিবরণ:** Improvement Work of Road & Drain from Dogair West Para Shahid Milon Road to Board mill via Khelar mathwith both side lane bylane নির্মাণ।

(খ) **কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:** ২.০৭০ কি.মি সড়ক (প্রস্থ ৪.০০ মিটার) এবং ২.১৮৫ কি.মি.ড্রেন নির্মাণ বাবদ ৭৬০.৩৮ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

(গ) **ক্রয় সংগ্রহ প্রক্রিয়া ও বাস্তবায়ন অগ্রগতি:** সড়কটি উন্নয়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ৭৬০.৩৮ লক্ষ টাকা যার বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ৭৬০.১০ লক্ষ টাকা। Notification of Award প্রদানের তারিখ ১৯/০৭/২০১৭। বাস্তবায়ন পর্যায়ে ক্রয়চুক্তি সংশোধন করা হয়। সংশোধিত চুক্তিমূল্য ৭৬০.১০ লক্ষ টাকা। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ২৭/০৭/২০১৭ এবং কাজ সমাপ্তির তারিখ ৩০.০৬.১৯। নির্মাণ কাজ বাবদ ব্যয় করা হয়েছে ৭৬০.০৩ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** পরিদর্শনকালে দেখা যায় রাস্তাটি আরসিসি রাস্তা। রাস্তার মাঝদিয়ে আরসিসি পাইপ স্থাপন করা হয়েছে। রাস্তার টপ সারফেস ভালো অবস্থায় রয়েছে।



চিত্র: Improvement Work of Road & Drain from Dogair West Para Shahid Milon Road to Board mill via Khelar mathwith both side lane bylane নির্মাণ।

১৩.৪ **প্যাকেজ নং-৭০:**

(ক) **প্যাকেজের বিবরণ:** Improvement Work of Road & Drain at Geridhara, new town area road and Boropit cleaning নির্মাণ।

(খ) **কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:** ১.৫৬১ কি.মি সড়ক (প্রস্থ ৫.০০ মিটার) এবং ১.৫৬১ কি.মি.ড্রেন নির্মাণ বাবদ ৮৬৪.৯৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

(গ) **ক্রয় সংগ্রহ প্রক্রিয়া ও বাস্তবায়ন অগ্রগতি:** সড়কটি উন্নয়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ৮৬৪.৯৩ লক্ষ টাকা যার বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ৮৬৪.৭২ লক্ষ টাকা। Notification of Award প্রদানের তারিখ ১৩/০৯/২০১৮। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ১৯/১১/২০১৮ এবং কাজ সমাপ্তির তারিখ ৩০/০৬/২০১৯। নির্মাণ কাজ বাবদ ব্যয় করা হয়েছে ৮৬৪.৭২ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** পরিদর্শনকালে দেখা যায় রাস্তাটি আসিসি রাস্তা। রাস্তার মাঝদিয়ে আরসিসি পাইপ স্থাপন করা হয়েছে। রাস্তার দুই পাশে গার্ডওয়াল করা আছে। রাস্তার টপ সারফেস ভালো অবস্থায় রয়েছে।




চিত্র: Improvement Work of Road & Drain at Geridhara, new town area road and Boropit cleaning নির্মাণ।

১৩.৫ **অন্যান্য পর্যবেক্ষণ:** শ্যামপুর এলাকার মোহাম্মদবাগ, ওয়াসা রোড, মেরাজ নগর, আব্দুল কাদের জিলানী রোড, হাজী খোরশেদ আলী সড়ক ও কমদতলী বাণিজ্যিক এলাকা, দনিয়া এলাকার মেডিহোপ হসপিটাল, শেখদি সনটেক, রায়েরবাগ মেইন রোড এবং মাতুয়াইল এলাকার মাতুয়াইল শহর পল্লী, মাতুয়াইল মেডিকেল রোড, গিরিধারা নিউ টাউন এলাকা পরিদর্শন করা হয়। বিভিন্ন রাস্তা ও নর্দমার পরিমাপ পরীক্ষা করা হয় এবং পরিমাপ বহি অনুযায়ী পরিমাপ সঠিক পাওয়া যায়। বিভিন্ন রাস্তার নর্দমার ম্যানহোল কভার ও স্ল্যাব উঠিয়ে দেখা যায় পানি প্রবাহ সচল রয়েছে।

সারুলিয়া এলাকার তালেব আলী রোড, সারুলিয়া বাঁশের পুল, রানী মহল হল প্রধান সড়ক, বক্স নগর, শহীদ মিলন রোড, ডগাইর বাজার হতে খান চত্তর সড়ক, স্টাফ কোয়ার্টার সড়ক, সখিনা খাতুন সড়ক পরিদর্শন করা হয়। বিভিন্ন রাস্তা ও নর্দমার পরিমাপ পরীক্ষা করা হয় এবং পরিমাপ বহি অনুযায়ী পরিমাপ সঠিক পাওয়া যায়। পরিদর্শনকালে স্টাফ কোয়ার্টার রাস্তা ও সখিনা খাতুন স্কুল রাস্তার ড্রেন দেখা যায়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান "রাস্তা সংলগ্ন খাল থাকায় ও রাস্তার ঢাল খালের দিকে থাকায় সরাসরি রাস্তার পানি খালে যাওয়ার কারণে ডিপিপিতে উক্ত রাস্তায় ড্রেনের সংস্থান রাখা হয়নি। এছাড়া ডিপিপিতে রাস্তা নির্মাণে পাইলের সংস্থান রাখা হয়নি এবং স্পেসিফিকেশন অনুযায়ী সকল প্যাকেজের কাজ সম্পন্ন করা হয়।" রুস্তম আলী স্কুল এবং মন্দিরের রাস্তারটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে রাস্তার সারফেস ভাল দেখা যায়। প্রকল্পের বিভিন্ন প্যাকেজ পরিদর্শনকালে স্থানীয় এলাকাবাসীর সাথে আলাপকালে জানা যায় যে, প্রকল্প বাস্তবায়নের ফলে জনসাধারণ উপকৃত হয়েছে এবং জীবনযাত্রার মান উন্নত হয়েছে। সর্বোপরি প্রকল্প এলাকার রাস্তা সমূহ জনসাধারণ ও যানবাহন চলাচলে সচল আছে।

১৪. **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:** প্রকল্পের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থবছরে ০২টি এবং ২০১৮-২০১৯ অর্থবছরে ০৩টি সাধারণ অডিট আপত্তি করা হয় যা ২০১৯-২০২০ অর্থবছরে নিষ্পত্তি করা হয়েছে।

১৫. **যানবাহন সংক্রান্ত:** প্রকল্পের আওতায় ১টি জীপ গাড়ী এবং ৪টি মোটর সাইলে ক্রয় করা হয়েছে। বাস্তবতার নিরিখে যানবাহনের প্রয়োজনীয়তা থাকায় উন্নয়ন প্রকল্পের যানবাহন ব্যবহার সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করা হয়েছে। বর্তমানে এসকল যানবাহন সিটি কর্পোরেশন ব্যবহার করছে।

১৬. **পরামর্শক সেবা:** প্রকল্প মেয়াদে ২ জন সিনিয়র সুপারভিশন ইঞ্জিনিয়ার এবং ৭ জন জুনিয়র সুপারভিশন ইঞ্জিনিয়ার পরামর্শ সেবা প্রদান করেছেন।

১৭. **অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত: প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে ছাড়কৃত অর্থের বিপরীতে ব্যয়িত অর্থ ব্যতিরেকে**

৪৮১.৯৯ লক্ষ টাকা অব্যয়িত থেকে যায়। এ অর্থ চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

১৮। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব কাজী মোঃ বোরহান উদ্দিন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন|	জুলাই ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।	নিয়মিত	না	-

১৯। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(ক)	১৬৭.৮৮ কিলোমিটার রাস্তার উন্নতির মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটির প্রকল্প এলাকায় ট্রাফিক ব্যবস্থা উন্নত করা।	এই অংশের অধীনে ১৬৭.৮৮ কিলোমিটার রাস্তা উন্নত করা হয়েছে, যার ফলে সংশ্লিষ্ট এলাকায় উল্লেখযোগ্য ট্রাফিক উন্নতি হয়েছে, যা বিদ্যমান যানজট থেকে মুক্তি দিবে। এটি ভবিষ্যতের আবাসিক ও বাণিজ্যিক উন্নয়নে সহযোগিতা প্রদান করবে, যা ঢাকা শহরের যান চলাচলে ইতিবাচক প্রভাব সৃষ্টি করবে।
(খ)	১৭১.৬৫ কিমি ড্রেনের উন্নতির মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটির প্রকল্প এলাকার ড্রেনেজ ব্যবস্থার উন্নতি করা।	এই অংশের অধীনে ১৭১.৬৫ কিমি ড্রেন উন্নত করা হয়েছে। ফলস্বরূপ প্রকল্প এলাকায় ড্রেনেজ সুবিধা উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে।
(গ)	৮.৮১ কিলোমিটার ফুটপাথের উন্নতির মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটির প্রকল্প এলাকার পথচারীদের সুবিধা বৃদ্ধি করা।	এই অংশের অধীনে ৮.৮১ কিমি ফুটপাথ উন্নত করা হয়েছে। ফলস্বরূপ, ঢাকা শহরের প্রকল্প এলাকায় পথচারীদের সুবিধা উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে।
(ঘ)	১৪৮.৯৩ কিমি স্ট্রিট লাইট স্থাপনের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটির প্রকল্প এলাকার পথচারীদের সুবিধা বৃদ্ধি করা।	এই অংশের অধীনে ১৪৩.৯৮ কিমি স্ট্রিট লাইট স্থাপন করা হয়েছিল। ফলস্বরূপ, ঢাকা শহরের প্রকল্প এলাকায় রাত্রিকালীন পথচারীদের চলাচলে সুবিধা উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে।

২০। **<u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:</u>** প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ শতভাগ বাস্তবায়ন হওয়ায় প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

২১। **সুপারিশ:**

২১.১ প্রকল্পটি সমাপ্ত হয়েছে ৩০-১২-২০১৯ তারিখে। পিসিআর প্রেরণ করা হয়েছে ১২-০৭-২০২১ তারিখে। প্রকল্প সমাপ্ত হওয়ার ০৩ মাসের মধ্যে পিসিআর আইএমইডি'তে প্রেরণ করার কথা। এ ক্ষেত্রে এতো দেরিতে পিসিআর প্রেরণ করার কারণ কী তা পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো;

২১.২ জিপ এবং মোটর সাইকেল ক্রয় অংশের ডান পাশে লেখা হয়েছে Purchase by Pragoti Industries Limited, Purchase by Atlas Bangladesh Limited লেখা হয়েছে, যা সঠিক হয়নি। এ বিষয়ে ব্যাখ্যা তলব করে পিসিআর এর ঐ অংশটুকু সংশোধন করার জন্য অনুরোধ জানানো হলো;

২১.৩ Monitoring And Auditing অংশের ছকের ৪টি কলামের Recommendntion অংশে হুবুহু একই বক্তব্য Cut & Past করে দেয়া হয়ছে যা অনভিপ্রেত। এই কলামে সঠিক বক্তব্য তুলে ধরার জন্য অনুরোধ জানানো হলো;

২১.৪ Internal Audit এবং External Audit এই দুই ক্ষেত্রে বলা হয়েছে Audit Completed। এই বক্তব্য থেকে অডিট সম্পর্কে কোন প্রকারের স্পষ্ট ধারনা পাওয়া যায়নি। এ বিষয়টি ব্যাখ্যা পূর্বক অর্থবছরভিত্তিক প্রকল্পের অর্থ ব্যয় সংক্রান্ত অডিট কার্যক্রমের বিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো;

২১.৫ পিসিআর এর ৮ নং অনুচ্ছেদে প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের কোন মতামত, সুপারিশ দেখা গেল না। এ বিষয়টির কারণ কি? তা জানানোর জন্য অনুরোধ জানানো হলো।

গুরুত্বপূর্ণ ১৯টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর ২০১৯ ইং)

পরিদর্শনকারীর নাম : মো: আমিনুল হক, পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, আইএমইডি

পরিদর্শনের তারিখ : ১৩-১৫/০৭/২০২০ ইং দু'টি পৌরসভা সরেজমিনে পর্যবেক্ষণ এবং ২১-২৩/০৭২০২০ইংতারিখে ৮টি পৌরসভায় জুম ভিডিও কনফারেন্সে ও স্থানীয় পৌর প্রকৌশলীর সাথে জুম ভিডিও দ্বারা বাস্তবায়িত কার্যাদি পর্যবেক্ষণে।

১। প্রকল্পের নাম : গুরুত্বপূর্ণ ১৯টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৩য় সংশোধিত)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৩। বাস্তবায়ন সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময়কাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় সর্বমোট টাকা	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কালিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৫১৯৪.৩১	৬১২১৩.০০	৫৯৯৫৯.২৯	জানুয়ারি ২০১১ ডিসেম্বর ২০১৩ ৩ (তিন বছর)	জানুয়ারি ২০১১-ডিসেম্বর, ২০১৯ ৯ (নয় বছর)	জানুয়ারি হতে ২০১১-২০১৯ ডিসেম্বর (৯বছর)	১৪৭৬৪.৯৮ (-) ৩৫.৪৪%	৬ বছর ২০০%

৫। প্রকল্পের অবস্থান : ১৯টি জেলায় ১৯টি পৌরসভায়।

ক্রমিক নং	বিভাগ	জেলা	পৌরসভা
১.	ঢাকা	গোপালগঞ্জ	টঙ্গীপাড়া
২.			কোটালীপাড়া
৩.		মাদারীপুর	শিবচর

ক্রামিক নং	বিভাগ	জেলা	পৌরসভা
৪.			কালকিনি
৫.		কিশোরগঞ্জ	হাসেনপুর
৬.			ভৈরব
৭.		ফরিদপুর	বোয়ালমারী
৮.		ময়মনসিংহ	ময়মনসিংহ
৯.		জামালপুর	মাদারগঞ্জ
১০.	রাজশাহী	পাবনা	বেড়া
১১.			সাথিয়া
১২.			সুজানগর
১৩.		পাবনা	উল্লাপাড়া
১৪.	রংপুর	সিরাজগঞ্জ	নীলফামারী
১৫.	সিলেট	নীলফামারী	কমলগঞ্জ
১৬.		মৌলভীবাজার	বিয়ানীবাজার
১৭.	চট্টগ্রাম	নোয়াখালী	সোনাইমুড়ী
১৮.	খুলনা	যশোর	নোয়াপাড়া
১৯.	বরিশাল	ভোলা	চরফ্যাশন

৬। প্রকল্পের অর্থায়ন: জিওবি

৭। অংগভিত্তিক ব্যয় বিবরণী:

(লক্ষ টাকায়)

কোড নং	প্রধান আইটেম /অংগভিত্তিক কার্যক্রম	পরিমাণ	লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		পার্থক্যের কারণ
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
	রাজস্ব						
৩১১১১০১	মূল বেতন (অফিসার)		১৫৫.০০	৭	১৫১.৩৩৭	৭	
৩১১১১২০১	মূল বেতন (কর্মচারী)		৭০.০০	৮	৬৯.৯৩৫	৮	

কোড নং	প্রধান আইটেম /অংগভিত্তিক কার্যক্রম	পরিমাণ	লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		পার্থক্যের কারণ
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
৩১১১৩	ভাতাদী		২০০.৫০	১০	১৯৯.০৯৫	১০	
উপ-মোট			৪২৫.৫০		৪২০.৩৬৭		
৩২	পণ্য ও সেবা		৫০৭.৪৬		৫০৭.৩৫৭		
৩২৫৭১০১	পরামর্শক		৬৯.০৩		৬৯.০২৩		
৩২৫৮১	রিপেয়ার এন্ড মেনটেইনেন্স		১৬০.০০		১৫৯.৯৮৯		
উপ-মোট			৭৩৬.৪৯		৭৩৬.৪৯		
মোট রাজস্ব			১১৩১.৯৯		১১৫৬.৭৩৬		
খ) মূলধন							
৪১১২	মেসিনারী এন্ড ইকুয়েপমেন্ট (কম্পিউপার-২৪, ল্যাপটপ-১, ফটোকপিয়ার-১, স্ক্যানার-৬,টোলফোন সেট-১,ফ্যাক্স মেশিন-১, লেবেল মেশিন-১ সেট)		৩৮.৫১	৪১	৩৮.৫১	৪১	
৪১৪১১০১	ভূমি অধিগ্রহণ		৬৩৭১.০০	৩৬.৭২	৫৫৬৯.০১	৩৪	
কনস্ট্রাকশন কার্যক্রম						৩৪.৭৯	
৪১১৪০	ভূমি অধিগ্রহণ	ঘন মিটার	১৫৮২.১৩	৪.৯৪৩	১৫৭৮.৭০৬	৪.৭৮৫	
৪১১১৩০২	রোড ডেভোলপমেন্ট	কি.মি.	২৫৮৮১.৩০	৪৭৮.৩৮	২৫৮৪৩.৩৪৯	৪৭৮.৩৫	
৪১১১৩১৭	ফুটপাথ ও ওয়াকওয়ে নির্মাণ	কি.মি.	১৪৮৭.৩৫	২৩.৩২	১৪৮৫.৮৮৫	২২.৯৬	
৪১১১৩০৩	ব্রীজ ও কালভার্ট নির্মাণ	মি.	৫৩০১.৩০	১৬৬৬.০০	৫১৬৮.৯৩৬	১৬০৭.৮০	

কোড নং	প্রধান আইটেম /অংগভিত্তিক কার্যক্রম	পরিমাণ	লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		পার্থক্যের কারণ
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
৪১১১৩১৭	ঘাট ও বোট ল্যান্ডিং নির্মাণ	সংখ্যা	১১১.০৩	১৫	১০১.৫৯৬	১৪	
৪১১১২০১	বাস টার্মিনাল নির্মাণ	সংখ্যা	১৫৯৩.৮৯	৯	১৫৭৩.২০৯	৯	
৪১১১২০১	কিচেন মার্কেট নির্মাণ	সংখ্যা	৩৮৫৫.৪৪	১০	১৮৩২.৬৫৩	১০	
৪১১১৩১৭	কবরস্থান নির্মাণ	সংখ্যা	৫৬০.৪০	১৮	৫৫৯.৬৫২	১৮	
৪১১১২০১	কসাইখানা নির্মাণ	সংখ্যা	১২৮.৭৯	৭	১২৭.৩০	৭	
৪১১১৩১৭	পার্ক নির্মাণ	সংখ্যা	১১৬৫.০৭	৪	১০১২.৭৯	৩	
৪১১১৩০৩	স্ট্রীট লাইটিং	সংখ্যা	২৩৩২.৪৮	২৬১.০০	২৩৩২.৪৫৫	২৬০.৯৯	
৪১১১৩১৭	বিউটিফিকেশন	থোক	৮০৭.৭৭	থোক	৭৭৪.১১০	থোক	
৪১১১৩০৭	ড্রেন নিমার্ণ	কি.মি.	৫৯৭৩.৬৩	৭৭.০০	৫৯৫০.৫৮৯	৭৫.৯২	
৪১১১৩১৭	খাল পূণ:খনন	কি.মি.	৮৮.০০	২.৩২	৮৭.৭৬	২.৩২	
৪১১১৩১৭	খাল প্রটকেশন	কি.মি.	২২৫৮.০০	২.২৯	২২৫৭.৯৭	২.২৮	
৪১১১২০১	পাবলিক টয়লেট নিমার্ণ	সংখ্যা	৪৭৯.১২	৩৪	৪৭৪.৪৯২	৩৪	
৪১১১৩১৭	বৃক্ষরোপণ ও ল্যাস্কেপিং	থোক	৩৫.৮০	থোক	৩৩.৫৮৮	থোক	
মোট মূলধন		-	৬০০৫১.০১		৫৮৮০২.৫৬		
মোট (ক+খ)		-	৬১২১৩.০০		৫৯৯৫৯.২৯		
গ. ফিজিক্যাল কন্টিনজেসন্সি		-	০.০০		০.০০		
ঘ. প্রাইস কন্ডিজেন্সি		-	০.০০		০.০০		
সর্বমোট (ক+খ)		-	৬১২১৩.০০		৫৯৯৫৯.২৯		

আলোচ্য প্রকল্পটি সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৬১২১৩.০০ লক্ষ টাকা এবং এর বাস্তবায়ন মেয়াদকাল জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। এই দীর্ঘ ৯ বছল মেয়াদে আর্থিক প্রকৃত খরচ হয় ৫৯৯৫৯.২৯ লক্ষ টাকা অর্থাৎ আর্থিক অগ্রগতি প্রায় ৯৮% এবং বাস্তব অগ্রগতি ৯৮.৫১%। কিন্তু প্রকল্পটি মূল প্রাক্কলিত ব্যয় ৪৫১৯৪.৩১ লক্ষ টাকা এবং মূল মেয়াদকাল ছিল জানুয়ারি ২০১১

হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত। ফলে প্রকল্পটির Cost over run হয়েছে ৩৫.৪৪% এবং Time over run হয়েছে ২০০%।

৭। প্রকল্পের আর্থিক অগ্রগতি প্রায় ৯৮% এবং বাস্তব ৯৮.৫১%।

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রকল্পের সকল অংগের কাজ ৯৮.৫১% বাস্তবায়ন হয়েছে।

৯। **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য**

৯.১। প্রকল্পের পটভূমি:

বাংলাদেশ বিশ্বের অন্যতম জনবহুল দেশ। এ দেশের প্রায় ২৫% লোক শহরে বাস করে। ১৯৭১ সনের হিসেব অনুযায়ী বাংলাদেশে ৫.৫০ মিলিয়ন লোক শহরে বাস করত, কিন্তু ২০০১ সনের আদমশুমারী অনুযায়ী এ সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২৯ মিলিয়ন। বর্তমানে শহরে জনসতির ধারা অব্যাহত থাকলে আগামী ২০৪০ সনে বাংলাদেশে শহরের জনসংখ্যা হবে মোট জনসংখ্যার ৪০%। বাংলাদেশে বর্তমানে জিডিপি'র ৬০% আসছে শহরের অ-কৃষি উৎস থেকে এবং ৭০% বৈদেশিক মুদ্রা আয় হচ্ছে শহরের কার্যক্রম থেকে। বাংলাদেশের প্রামীন কৃষিজ জমি নদী ভাঙ্গানের ফলে হ্রাস পাওয়ায়, কর্ম সংস্থানের অভাবে ও অন্যান্য কারণে গ্রাম ছেড়ে অধিকাংশ জনগোষ্টি শহরে অভিগমন করছে। কিন্তু শহরগুলোর অবকাঠামোগত, ও অন্যান্য নাগরিক সুবিধা না থাকায় ক্রমশ বর্ধিত জনগোষ্টির সেবা প্রদানে ব্যর্থ হচ্ছে। বর্তমানে বাংলাদেশে মোট ৩০৮ টি পৌরসভা রয়েছে। স্থানীয় সরকার বিভাগ ও মাননীয় প্রধানমন্ত্রীর দফতরের উদ্যোগে ১৯টি পুরাতন ও নতুন জরাজীর্ণ পৌরসবার উন্নয়নের জন্য একটি প্রকল্প প্রণয়ন করা হয়। ১৯টি পৌরসভার আয়তন ২৮২.০২ বর্গ কিলোমিটার এবং এর লোক সংখ্যা ১৩০১৫৭৬ জন। এই পৌরসভাগুলোতে বিভিন্ন ধরণের অর্থনৈতিক কর্মকান্ড হয়ে থাকে কিন্তু দ্রুত জনসংখ্যার বৃদ্ধির ফলে পৌরসভার নিজস্ব অর্থায়নে যথাযথ উন্নয়ন করার উদ্যোগ গ্রহণ করা সম্ভব হয়নি। বিশেষ করে পৌরসভাগুলোর সড়ক, ড্রেন, বাস টার্মিনাল, কিচেন মার্কেট, ইত্যাদি খুবই নাজুক অবস্থায় পড়ে। ফলে পৌরবাসির নাগরিক সেবা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করে এই প্রকল্পটি গ্রহণ করে।

১০। প্রকল্পের উদ্ধেশ্য

- পৌরসভার ভৌত অবকাঠামো এবং পরিশেরে উন্নয়নের মাধ্যমে মৌলিক পূরণ করা।
- পৌরসভার রাস্তা নির্মাণ ও পুন:নিমার্ণ এর মাধ্যমে পৌরবাসীর যোগাযেগের উন্নয়নকরণ;
- ১৯টি পৌর সভার স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

১১। প্রকল্পটির অনুমোদন:

প্রকল্পটির ৪৫১৯৪.৩১ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারী ২০১১ হতে ডিসেম্বর ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য পরিকল্পনা কমিশন কর্তৃক ২৮/১২/২০১০ খ্রিঃ অনুমোদন লাভ করে। পরবর্তীতে প্রকল্প ব্যয় ৬১২১৩.০০ লক্ষ টাকায় (৩৫.৪৪%) বৃদ্ধি করে ১ম সংশোধন করা হয়। গত ৩১/১২/২০১৩ ইং তারিখ প্রকল্পের মেয়াদে ২ বছর বৃদ্ধি অর্থাৎ জুন ২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরিবর্তীতে প্রকল্পের মেয়াদ ২য় সংশোধন করে প্রকল্প ব্যয় ৬১২১৩.০০ লক্ষ টাকায় নির্দ্ধারন করা হয়। সর্বশেষ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০৬ মাস অর্থাৎ জানুয়ারি ২০১১ হতে জুন ২০১৯ এর পরিবর্তে ২০১১ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১২। সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতি নিম্নরুপ:

অর্থবছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষমাত্রা				অর্থছাড়	ব্যয় ও ভৌত অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	ভৌত (%)		মোট	টাকা	পিএ	ভৌত(%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১০-১১	১৭৪.০০	১৭৪.০০	-	০.২৯	১৭৪.০০	১৭৩.৬৬	১৭৩.৬৬	-	০.২৯
২০১১-১২	২০০০.০০	২০০০.০০	-	৩.৩২	২০০.০০	১৯৯৬.৭০	১৯৯৬.৭০	-	৩.৩১
২০১২-১৩	৩৫৭৫.০০	৩৫৭৫.০০	-	৫.৯৩	৩৫৭৫.০০	৩৫৭৪.৭১	৩৫৭৪.৭১	-	৫.৯৩
২০১৩-১৪	৫৭১৩.০০	৫৭১৩.০০	-	৯.৪৭	৫৭১৩.০০	৫৭১২.৩৭	৫৭১২.৩৭	-	৯.৪৭
২০১৪-১৫	১১৮৪.০০	১১৮৪.০০	-	১৯.৬৪	১১৮৪৬.০০	১১৮৪৫.৯২	১১৮৪৫.৯২	-	১৯.৬৪
২০১৫-১৬	১২৩২৪.০০	১২৩২৪.০০	-	২০.৪৩	১২৩২৪.০০	১২৩২৩.৯২	১২৩২৩.৯২	-	২০.৪৩
২০১৬-১৭	৯০০০.০০	৯০০০.০০	-	১৪.৯২	৯০০০.০০	৪৯৯৮.৫৭	৪৯৯৮.৫৭	-	১৪.৯২
২০১৭-১৮	৮৩৭১.০০	৮৩৭১.০০	-	১৩.৮৮	৮৩৭১.০০	৮৩৬৭.৭০	৮৩৬৭.৭০	-	১৩.৮৭
২০১৮-১৯	৬২৫৭.০০	৬২৫৭.০০	-	১০.৩৭	৬২৫৭.০০	৫৯২২.৯৫	৫৯২২.৯৫	-	৯.৮২
২০১৯-২০	১০৫১.০০	১০৫১.০০	-	১.৭৪	১০৫১.০০	১০৪২.৭৯	১০৪২.৭৯	-	১.৭৩
মোট	৬০৩১১.০০	৬০৩১১.০০	-	১০০	৬০৩১১.০০	৫৯৯৫৯.২৯	৫৯৯৫৯.২৯	-	৯৯.৪২

৫ বছর ভিত্তিক মুভিং এভারেজ (moving average) গ্রাফ পর্যবেক্ষণ করলে দেখা যায় প্রকল্পটির সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে ব্যয় বরাদ্দ, অর্থ ছাড় ও প্রকৃত অর্থ ব্যয় নিয়মিত ধারায় করাতে সক্ষম হলেও ২০১৬-১৭ সময়ে প্রায় অর্ধেক টাকা ব্যয় করতে সক্ষম হন। মন্ত্রণালয় ও সংস্থা প্রকল্পের শুরু হতে শেষ পর্যন্ত অর্থ বরাদ্দ, অর্থছাড় পরিকল্পনায় ট্র্যাকচুত। তবে পরিকল্পিত কার্যক্রমগুলো সফলভাবে বাস্থবায়ন করা হয়েছে। এই পৌরসভা প্রকল্পটি পৌর-অবকাঠামো বিন্যাসের পুগন এবং নান্দনিকতা তৈরি করেছে এবং পাশাপাশি পৌরবাসীর আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন সাধন করেছে।

১৩। প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়া:

প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়ায় মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) উপর ভিত্তি করে এবং মূল আরডিপিপি অনুসরণ করে বাস্তবায়িত বিভিন্ন রাস্তা, ড্রেন, সাব-ড্রেন, ব্রীজ, কালভার্ট, কিচেন মার্কেট, পার্ক, ফুটপাথ স্ট্রীট লাইট, পৌয়ারা, রাস্তার ও খারের সৌন্দর্য্য বর্ধন পার্কস্থাপন, রাইডার, শিশুদের খেলাধুলার সামগ্রী স্থাপন, পাবলিক টয়লেট, নির্মাণ, পৌর বাস টার্মিণাল নির্মাণ ইত্যাদি প্রকল্প এলাকায় সরেজমিনে পর্যবেক্ষণ, ফিতা দ্বারা মাপ দেয়,

শাবল দিয়ে রাস্তার সার্পেজ লেয়ার, সাব সার্পেজ, বেজ গর্ত করে মেটেরিয়াল পর্যবেক্ষণ হন। এছাড়া জুম ভিডিও মিটিং করে সময় পৌর প্রকৌশলীগণ ৮টি পৌরসভায় অনেক স্থাপনা গাড়ি দ্বারা ঘুরে দেখান। এ ছাড়া মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর সাথে আরডিপিপির লজিক্যাল ফ্রেমের সাথে ও বার্ষিক কর্মপরিকল্পনা ক্রয় পরিকল্পনা সাথে নিরিক্ষণ করে দেখা হয়।

১৪। প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণ :

পরিকল্পনা মন্ত্রণালয় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের নিয়মিত পরিদর্শনের অংশ হিসেবে পরিচালক (উপসচিব) জনাব মো: আমিনুল হক গত ১৩-১৬/০৭/২০২০ ইং তারিখে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মূল্যায়নের জন্য এক প্রকল্পের ২'টি এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় পৌরসভার মেয়র, কাউন্সিলরগণ,প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্টগণ কর্মকরর্তা/কর্মচারীরা উপস্থিত থেকে প্রকল্পের বিভিন্ন কর্মকান্ড সর্ম্পকে অবহিত করেন। জুম ভিডিও মিটিং এ প্রকল্প পরিচালক, এলজিইডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, সংশ্লিষ্ট ৮টি পৌরসভার নির্বাহী প্রকৌশলী, সহকারি ও উপ-সহকারি প্রকোলশীগণ সংসুক্ত হয়ে পিসিআর মূল্যায়নে সহায়তা করেন।

১৪.১ পরিদর্শন ও পর্যবেক্ষণ

ক.ময়মনসিংহ পর্যবেক্ষণ:

ময়মসিংহ পৌরসভায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শনের সময় মেয়র জনাব ইকরামুল হক টিটু, প্রকল্প পরিচালক জরাব মহির উদ্দিন সেখ, সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী জনাব ফারুক হোসেন, সহকারি প্রকৌপলীগণ এবং বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগণ উপস্থিত থেকে সহায়তা করেন।

১.ময়মসিংহ পৌরসভায় মোট ২৭ কিলোমিটার সড়ক বিটুমিনাস কার্পেটিং ও আরসিসি দ্বারা উন্নয়ন করা হয়।

ক. প্যাকেজ-INPIDP/MYM/RD&DR 2010-11/28 এর আওতায় ১৯.৬১১ লক্ষ টাকা ব্যয় কেউআরখালি PDB রোড হতে ভায়া কদম ফকীরবাড়ী হয়ে ঈশা মুনসী বাড়ী পর্যন্ত ০.৯০০ কিলোমিটার BC ও RCC রোড উন্নয়ন করা হয় এবং ২০.৫১ লক্ষ টাকা ব্যয়ে ৫০০ মিটার RCC Drain নির্মাণ করা হয়। ২৬/০২/২০১২ তারিখে কাজটি সম্পন্ন হয়।

খ. প্যাকেজ- INPIDP/MYM/RD&DR 2010-11/27 এ আওতায় ১৯.৯৫৬ লক্ষ টাকা ব্যয়ে মাসকান্দা বাস টার্মিনাল হতে ময়মনসিংহ পলিটেকনিক পর্যন্ত ০.৪২৫ কিলোমিটার BC এবং ২২.০২৮ লক্ষ টাকা ব্যয়ে বোম্বাই রাইস মিলের পশ্চিম পাশের টাঙ্গাইল মেইন হতে গলোগান্দা মেইন রোড পর্যন্ত ০.৫৪৫ কিলোমিটার RCC রাস্তার উন্নয়ন করা হয়। ২৬/০২/২০১২ তারিখে কাজটি সম্পন্ন হয়।

গ.প্যাকেজ- INPIDP/MYM/RD&DR 2010-13/10 এ আওতায় ২২.৩৪৮ লক্ষ টাকা ব্যয়ে আর কে মিশন রোডের বায়তুল আক্রাম মসজিদ হতে আকনুস চৌরঙ্গী মোড় মনজিদ পর্যন্ত ০.৪০৬ কিলোমিটার RCC পেভমেন্ট এবং ৩৩.৬৯০ লক্ষ টাকা ব্যয়ে বোলাসপুর কাদির কসাই বাড়ী হতে শামীমের বাড়ী পর্যন্ত ০.৪৬২ কিলোমিটার RCC পেভমেন্টের উন্নয়ন করা হয়। ৩০/০৬//২০১৪ তারিখে কাজটি সম্পন্ন করা হয়।

২. বিভিন্ন আকারের ৮৪ মিটার আরসিসি বক্স কালভার্ট নির্মাণ করা হয়।

৩. পুরাতন বহ্মপুত্র নদীর তীরে ১ টি ট্রাক টার্মিনাল নির্মাণ করা হয়। ট্রাক টার্মিনালটি ট্রাকের চাকার সাথে নদীর পাড়ের কাঁদায় আরসিসি ঢালাই ঢেকে রয়েছে। ট্রাক টার্মিনালটিতে এলোমেলোভাবে ট্রাক ফেলা রাখা হয়েছে তা লক্ষণীয়।

৪. ১৭৪০.৭৮ বর্গমিটার ১ টি কিচেন মার্কেট, ২৭১২.৩৮ বর্গমিটার ১টি কবরস্থান নির্মান করা হয়।

৫. পুরাতন বহ্মপুত্র নদের পাড়ে পৌরপার্ক গেইট, বসার স্থান, বনায়ন, শিশুপার্ক , ও ১টি বৈশাখী মঞ্চ- ২ নির্মাণ করা হয়।

খ. সোনাইমুড়ী পৌরসভায়, নোয়াখালী:

সোনাইমুড়ী পৌরসভায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শনের সময় মেয়র জনাব মোতাহর হোসেন মানিক, প্রকল্প পরিচালক জনাব মহির উদ্দিন সেখ, পৌরসভার সহকারি প্রকৌশলীগণ এবং বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগণ উপস্থিত থেকে সহায়তা করেন।

১. সোনাইমুড়ী পৌরসভায় মোট ৩০ কিলোমিটার সড়ক বিটুমিনাস ও আরসিসি দ্বারা উন্নয়ন করা হয়।

ক. লালমাই-লাকসাম-সোনাইমুড়ী সড়কের রামপুর প্রাথমিক স্কুল হয়ে আক্কেলআলীর দোকান পর্যন্ত বিটুমিনাস কার্পেট ৩৪৬৫ মিটার রাস্তা উন্নয়ন করা হয়।

খ. বেগমগঞ্জ-সোনরাইমুড়ী-রামগঞ্জ হতে পশ্চিমপাড়া মসজিদ হয়ে বিমান টাওয়ার পর্যন্ত ১৯৪০ মিটার বিটুমিনাস কার্পেট সড়ক উন্নয়ন করা হয়।

গ. সোনাইমুড়ী-ছাতারপাইয়া সড়ক হতে নাওতলা মধ্যপাড়া জামে মসজিদ হয়ে সোনাইমুড়ী সড়ক সংযোগ পর্যন্ত ১৫২০ মিটার বিটুমিনাস কার্পেটিং সড়ক উন্নয়ন করা হয়।

ঘ. আলোকপাড়া হতে গোবিন্দপুর পর্যন্ত রেল লাইনের পাশ্ব উন্নয়ন ২৭০০ মিটার সড়ক।

২. বিভিন্ন আকারে ১৯৩ মিটার আরসিসি বক্স কালভার্ট নির্মাণ করা হয়।
৩. জমি অধিগ্রহণ করে ১.০৬ একর জমিতে বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ করা হয়।
৪. ২১০৫.১৩ বর্গমিটার ১ টি কিচেন মার্কেট, ২৬৩১.৪১ বর্গমিটার ১ টি কবরস্থান, ৪০৪৮.৩৩ বর্গমিটার ১ টি পৌর অডিটরিয়ায় নির্মাণ করা হয়।

১৪.২ জুম ভিডিও কনফরেন্সের মাধ্যমে মন্ত্রণালয়, আইএমইডি, স্থানীয় পৌরসভার মেয়র, ও নির্বাহী প্রকৌশলীগণ ও সহকারি প্রকৌশলীগণ সাথে মিটিং ও কাজের অগ্রগতি সরাসরি অবলোকন করা হয়।

টঙ্গীপাড়া পৌরসভা:

২১ জুলাই ২০২০ ইং তারিখে দুপুর ২.০০ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিন সেখ পরিচালক (আইএমইডি), এলজিইডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয়ের ডেস্ক অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, টঙ্গীপাড়া পৌরসভার মেয়র জনাব শেখ আহমেদ হোসেন মির্জা, উপ-সহকারি প্রকৌশলী মো. ইউসুফ আলী, ফোরম্যান জনাব আহমেদ হোসেন মির্জা'র সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যাবলীসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়

ক. রিক্রিয়েশন এর জন্য একটি পৌরপার্ক নির্মাণ ও পৌর শিশু পার্ক (রাইডার্সসহ) স্থাপন করা হয়;

খ. কিচেন মার্কেট (৪ তলা ফাউন্ডেশনসহ ১ তলা) ও কসাইখানা ১টা নির্মাণ করা হয়;

গ. কবরস্থান নির্মাণ (১.৪৫ একর);

ঘ. টঙ্গীপাড়া খালের দু'পাড় সংরক্ষণ ও সৌন্দর্য্য বর্ধন ও ফুটপাথ নির্মাণ (২ কি.মি + ২ কি.মি= ৪ কি.মি) কালপাড় রেলিংসহ ফুটপাথ নির্মাণ করা হয়;

ঙ. পাবলিক টয়লেট (২টি) ও একটি বাস টার্মিনাল নির্মাণ করা হয়;

চ. উপজেলা পরিষদ পুকুরে ঘাটলা নির্মাণসহ সৌন্দর্য্য বর্ধন (পৌরসভার সামনে পুকুরে ঘাটলা, পুলিশ স্টেশনের পাশ পুকুরে রেলিংসহ ঘাটলা নির্মাণ;

ছ. বিটুমিনাস কার্পেটিং দ্বারা ১১ কিলোমিটার রাস্থা নির্মাণ করা হয়। এবং ৫ কিলোমিটার ফুটপাথ ও ব্রীজ- ৪টাও কালভার্ট (৭টা) নির্মাণ করা হয়;

কোটালিপাড়া পৌরসভা:

২১ জুলাই ২০২০ ইং দুপু ২.২০ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিনর সেখ, পরিচালক (আইএমইডি), এলজিডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, কোটালিপাড়া পৌরসভার মেয়র জনাব কামাল হোসেন, উপ-সহকারি প্রকৌশলী রাজিব ভক্ত সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যবলিসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়

ক. পৌঁয়অরা নির্মাণ (৩মিটার রেডিয়াস) ও ১৭ কিলোমিটার স্ট্রীট লাইট লাগানো হয়;

খ. ৬ একর জমি অধিগ্রহণ করে ৩ ব্লকে কিচেন মার্কেট নির্মাণ করা হয় ১ টা ব্লক (৪ তলা ফাউন্ডেশনসহ ১ তলা নির্মাণ) ও ২টি ব্লক সেমি পাকা করা হয়।

গ. বিটুমিনাস কাপেটিং ও আরসিসি দ্বারা ২৮ কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয় এবং মনোষাখালের খালের দু'পাড়ে ৫ কিলোমিটার ফুটপাথ নির্মাণ করা হয়।

ঘ. পাবলিক টয়লেট (২টি) এ ৭ কিলোমিটার আরসিসি ড্রেন নির্মাণ করা হয়

ঙ. আরসিসি ব্রীজ সাইজ ৩২ মিটার দৈর্ঘ্য ও ৫ মিটার প্রস্থ-৩ টি নির্মাণ করা হয়;

চ. একটি বাস টার্মিটাল নির্মাণ করা হয় ১ টি ঘাটলা ও ১টি নৌকা বা বোট ঘাট নির্মাণ করা হয়।

ভৈরব পৌরসভা:

২২ জুলাই ২০২০ ইং দুপু ২.২০ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিনর সেখ, পরিচালক (আইএমইডি), এলজিডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, ভৈরব পৌরসভার মেয়র জনাব এডভোকেট ফকরুল আলমআক্কাছ,, সহকারি প্রকৌশলী আবদুল বাতেন, উপ-সহকারি পৌর প্রকৌশলী জনাব শাহ জাহান সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যবলিসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়

ক. বিটুমিনাস কাপেটিং ও আরসিসি দ্বারা ১১.৫৯ কিলোমিটার রাস্তা এবং আরসিসি কালভার্ট – সাইজ ৩ মিটার দৈর্ঘ্য ও ৩ মিটার প্রস্থ-২টি নিমাণ করা হয়;

খ. স্ট্রীট লাইট ১৭ কিলোমিটার লাগানো হয়;

গ. রাস্তার মাঝে আইল্যান্ডের বিউটিফিকেশন করা হয়, যদি ও কিছু স্থানে অযত্ন লক্ষ্য করা গেছে;

ঘ. পাবলিক টয়লেট (১টি) এবং ৯.৭২৭ কিলোমিটার আরসিসি ড্রেন নির্মাণ করা হয়।

হোসেনপুর পৌরসভা:

২২ জুলাই ২০২০ ইং দুপু ২.৪০ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিনর সেখ, পরিচালক (আইএমইডি), এলজিডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, হোসেনপুর পৌরসভার মেয়র জনাব আবদুল কাউয়ুম খোকন, সহকারি প্রকৌশলী ফারুক হোসেন সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যবলিসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়:

ক. বিটুমিনাস কাপেটিং ও আরসিসি দ্বারা ২৪ কিলোমিটার রাস্তা এবং আরসিসি কালভার্ট(৩ মিটার দৈর্ঘ্য ও ৩ মিটার প্রস্থ) ২টি নিমাণ করা হয়;

খ. স্ট্রীট লাইট ১৫ কিলোমিটার লাগানো হয়;

গ. রাস্তার মাঝে আইল্যান্ডের বিউটিফিকেশন করা হয়, যদি ও কিছু স্থানে অযত্ন লক্ষ্য করা গেছে;

ঘ. পাবলিক টয়লেট (৩টি), ১ টি কসাইখানা নির্মাণ এবং ৫ কিলোমিটার আরসিসি ড্রেন নির্মাণ করা হয়;

ঙ. একটি বাস টার্মিনাল ও একটি কিচেন মার্কেট নির্মাণ করা হয়।

উল্লাপাড়া পৌরসভা:

২৩ জুলাই ২০২০ ইং দুপু ২.০০ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিনর সেখ, পরিচালক (আইএমইডি), এলজিডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, উল্লাপাড়া পৌরসভার সহকারি প্রকৌশলী জহিরুল ইসলাম সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যবলিসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়:

ক. বিটুমিনাস কাপেটিং ও আরসিসি দ্বারা ১৪ কিলোমিটার রাস্তা এবং আরসিসি কালভার্ট ৩ মিটার দৈর্ঘ্য ও ৩ মিটার প্রস্থ) ৮৮টি নিমাণ করা হয়;

খ. স্ট্রীট লাইট ৩.৬ কিলোমিটার লাগানো হয়;

গ. রাস্তার মাঝে আইল্যান্ডের বিউটিফিকেশন করা হয়, যদি ও কিছু স্থানে অযত্ন লক্ষ্য করা গেছে;

ঘ. ৫ কিলোমিটার আরসিসি ড্রেন ও িএকটি কিচেন মার্কেট নির্মাণ করা হয় যেটিতে ৪ তলা ফাউন্ডেশন দিয়ে ১ তলা ৭৫০০ বর্গফুট নির্মাণ করা হয়;

ঙ. একটি বাস টার্মিনাল নির্মাণ করা হয় এর বাস দাঁড়ানো জায়গায় এইচবিবি দ্বারা নির্মাণ করা হয়।

বেড়া পৌরসভা:

২৩ জুলাই ২০২০ ইং দুপু ২.৩০ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিনর সেখ, পরিচালক (আইএমইডি), এলজিডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, বেড়া পৌরসভার নির্বাহী সহকারি প্রকৌশলী ফিরোজুল আলম সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যবলিসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়:

ক.আরসিসি দ্বারা ১৫ কিলোমিটার রাস্থা নির্মাণ করা হয়। এবং ১.১৩ কিলোমিটার ফুটপাথ এবং ব্রীজ/কালভার্ট (১৭মিটার) নির্মাণ করা হয়;

খ. কিচেন মার্কেট (৪তলা ফাউন্ডেশনসহ ১তলা) নির্মাণ

গ. একটি বাস টার্মিনাল নির্মাণ করা হয় ও পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাটরিন (১০টি) নির্মাণ করা হয়

ঘ. কসাইখানা ১টা নিমাণ করা হয়।

বোয়ালমারী পৌরসভা:

২৩ জুলাই ২০২০ ইং দুপু ২.৪৫ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিনর সেখ, পরিচালক (আইএমইডি), এলজিডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের

মহাপরিচালক, পরিচালক-১, বোয়ালমারী পৌরসভার সহকারি প্রকৌশলী সদানন্দ রায় সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যবলিসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়:

ক.আরসিসি দ্বারা ২৮ কিলোমিটার রাস্থা নির্মাণ করা হয় এবং ২ কিলোমিটার ফুটপাথ নির্মাণ করা হয়;

খ. কিচেন মার্কেট (৪তলা ফাউন্ডেশনসহ ১তলা) নির্মাণ;

গ.পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাটরিন (৩টি) নির্মাণ করা হয়;

ঘ. বারাশিয়া নদীর উপর ১ টি ব্রীজ নির্মাণ করা হয় ও / কালভার্ট (১০৬ মিটার) নিমাণ করা হয়;

ঙ. একটি বাস টার্মিনাল নির্মাণ করা হয়;

নোয়াপাড়া পৌরসভা:

২৩ জুলাই ২০২০ ইং দুপু ৩.০০ টায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মো. মহির উদ্দিনর সেখ, পরিচালক (আইএমইডি), এলজিডি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার সুপারেনডেন্ট ইঞ্জিনিয়ার, মন্ত্রণালয় ডেক্স অফিসার, আইএমইডি'র সেক্টরের মহাপরিচালক, পরিচালক-১, নোয়াপাড়া পৌরসভার সহকারি প্রকৌশলী অসীম সোম সমন্বয়ে ভিডিও কনফারেন্সে মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত জুম ভিডিও মাধ্যমে উক্ত পৌরসভার নিম্বের কার্যবলিসমূহের অগ্রগতি ও বাস্তব চিত্র অবলোকন করা হয়:

ক.আরসিসি দ্বারা ২৮ কিলোমিটার রাস্থা নির্মাণ করা হয় এবং ২ কিলোমিটার ফুটপাথ নির্মাণ করা হয়;

খ. কিচেন মার্কেট (৪তলা ফাউন্ডেশনসহ ১তলা) ও ৬ কিলোমিটার ড্রেন নির্মাণ করা হয়;

গ.পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাটরিন (২টি) নির্মাণ করা হয়;

ঘ. ব্রীজ / কালভার্ট (১৮০ মিটার) নিমাণ করা হয়;

ঙ. স্ট্রীট লাইট ৩০ কিলোমিটার লাগানো হয়;

সার্বিক পর্যবেক্ষণ:

প্রকল্প পরিচালকের কাছে কোটালিপাড়া ও টঙ্গীপাড়া পৌরসভায় উক্ত প্রকল্পের মাধ্যমে যে সমস্ত স্কীম বাস্তবায়ন করা হয়েছে তা ডিপিপির সংস্থার অনুযায়ী করা হয়েছে কিনা তা জানতে চাওয়া হয়। প্রকল্প পরিচালক জানান যে কোটালীপাড়া পৌরসভায় ১টি পার্ক নির্মাণ কাজ, টঙ্গীপাড়া পৌরসভায় ২টি ফুট ওভার ব্রিজ নির্মাণ কাজ এবং টঙ্গী পৌরসভায় ১.১২৪৯ একর জমি, অধিগ্রহণ বিভিন্ন কারণে করা যায়নি এক কারণে ভৌত অগ্রগতি কম হয়েছে।

১৪.৩ পরিদর্শিত ও জুম ভিডিও মিটিং এর মাধ্যমে প্রকল্প এলকার স্থিরচিত্র:

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকের প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১.	জনাব মোঃ আবুল হোসেন	প্রকল্প পরিচালক	ফুল টাইম	২৬/০১/২০১১হতে২৮/০৮/২০১৭
২.	জনাব মোঃ মহির উদ্দিন সেখ	প্রকল্প পরিচালক	ফুল টাইম	০১/০১/২০১৮ হতে৩১/১২/২০১৯

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন	মন্তব্য
১.পৌরসভার ভৌত অবকাঠামো এবং দেশের উন্নয়নের মাধ্যমে মৌলিক চাহিদা পূরণ;	পৌরসভার ভৌত অবকাঠামো এবং দেশের উন্নয়নের মাধ্যমে মৌলিক চাহিদা পূরণ করা হয়েছে;	শতাভাগ অর্জিত হয়েছে
২.পৌরসভার রাস্তা নির্মাণ ও পূন:নির্মাণ এর মাধ্যমে পৌরবাসীর যোগাযোগের উন্নয়নকরণ;	পৌরসভার রাস্তা নির্মাণ ও পূন:নির্মাণ এর মাধ্যমে পৌরবাসীর যোগাযোগের উন্নয়নকরণ করা হয়েছে;	শতাভাগ অর্জিত হয়েছে
৩.১৯টি পৌরসভার স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;	১৯টি পৌরসভার স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা করা হয়েছে;	শতাভাগ অর্জিত হয়েছে

১৭। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী):

আলোচ্য প্রকল্পের সকল পণ্য, পুর্ত ও সেবা ক্রয় কার্য বাংলাদেশের প্রচলিত ক্রয় আইন ও বিধি অর্থাৎ পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুযায়ী সম্পন্ন করা হয়েছে।

১৮। এক্সটারনাল ও ইন্টারনাল অডিট সংক্রান্ত:

ইন্টারনাল অডিটধ আলোচ্য প্রকল্পের কোন ইন্টারনাল অডিট করা হয়নি।

এক্সটারনাল অডিট: ২০১০-১১ থেকে ২০১৪-১৫ অর্থ বছেরে এক্সটারনালঅিডিট করা হয়। সে সময়ে প্রতি বছর অডিট আপত্তি হয়। েএবং অডিপট আপত্তিগুলো নিষ্পত্তি করা হয়েছে। (পিসিআর পাতা -১৬ সংযুক্ত)

১৯। প্রাপ্ত সমস্যাদি:

১৯.১। প্রকল্পটির পরিকল্পনার এবং প্রকল্প প্রণয়নে প্রকল্প এলাকার বাস্তবতার সাথে গ্যাপ প্রকল্পের কার্যাদি বাস্তবায়নে ব্যয় ও সময় দু'টি বৃদ্ধি ঘটেছে।

১৯.২ প্রকল্পের আওতায় সকল পৌরসভার সমাপ্ত বিভিন্ন কার্যক্রম যেমন রাস্তায় স্থাপিত স্ট্রিট লাইট, আরসিসি সড়ক, ফুটপাত, কালভার্ট, আরসিসি ড্রেন, পাবলিক টয়লেট ও কিচেন মার্কেট দীর্ঘ মেয়াদে নির্মাণ করা হয়। ফলে অনেক আগে নির্মিত আরসিসি সড়কে অনেক ছোট ছোট পরিমাণে ভেঙ্গেছে ও সড়কের স্ট্রিট লাইট কিছু পরিমাণে নষ্ট রয়েছে।

১৯.৩। পৌরসভার আরসিসি সড়কগুলো দিয়ে অনেক সময় বড় বড় যানবাহন চলাচল করে ফলে এটি নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে;

১৯.৪। প্রকল্পের আওতায় নির্মিত পাবলিক টয়লেট, ট্রাক স্টান্ড ও বাসস্টান্ডগুলো অনেক সময় অপরিষ্কার হওয়ার সম্ভাবনা থাকে;

১৯.৫। বর্ষাকালে অনেক পৌরসভায় নির্মিত অবকাঠামোগুলো বিশেষ করে ড্রেন, আরসিসি সড়ক, ফুট পাতে ময়লা আর্বজনার স্তুপ তৈরি হয় জলাবদ্ধতা সুষ্টি করেছে;

১৯.৬ পৌরসভার নান্দনিকতা রক্ষার জন্য নির্মিত ফুটপাথ, সড়ক আল্যান্ড, ঘাটলা, পৌরপার্ক, পৌরশিশুপার্ক, দোলনা, রাইডসসমূহ পৌরবাসীর দীর্ঘমেয়াদে সেবা প্রদানের লক্ষ্য প্রতিনিয়ত পরিষ্কার, পরিচ্ছন্ন ও রক্ষাবেক্ষণ না করা হলে নষ্ট হবার সম্ভাবনা আছে।

২০. সুপারিশ/মতামত:

২০.১ প্রকল্পের সার-সংক্ষেপ নিম্নরূপ প্রদান করা হলোঃ

প্রকল্পের নাম (সংশোধিত)	: গুরুত্বপূর্ণ ১৯টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প
উদ্যোগী মন্ত্রণালয় সরকার বিভাগ	: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয়
বাস্তবায়নকারী সংস্থা	: স্থানীয় সরকার বিভাগ প্রকৌশলী অধিদপ্তর
প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	:
মূল অনুমোদিত	: ৪৫১৯৪.৩১৫ লক্ষ টাকা
১ম সংশোদিত	: ৫২৩২৯.০০ লক্ষ টাকা
২য় সংশোধিত	: ৬১২১৪.০০ লক্ষ টাকা
অর্থায়নের উৎস	: সম্পূর্ণ জিওবি
প্রকল্পের বাস্তবায়নকাল	:
মুল অনুমোদিত	: জানুয়ারী ২০১১ হতে ডিসেম্বর ২০১৩
১ম সংশোধিত	: জানুয়ারী ২০১১ হতে ডিসেম্বর ২০১৫
২য় সংশোধিত	: জানুয়ারী ২০১১ হতে জুন ২০১৮
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম)	: জানুয়ারী ২০১১ হতে জুন ২০১৯
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য়)	: জানুয়ারী ২০১১ হতে ডিসেম্বর ২০১৯
অতিরিক্ত ব্যয় বৃদ্ধি	: ১৪৭৬৪.৯৮ লক্ষ টাকা
অতিরিক্ত সময় বৃদ্ধি	: ৬ বছর
প্রকল্পের প্রকৃত ব্যয় ডিসেম্বর, ২০১৪৯ পর্যন্ত	: ব্যয় ৫৯৯৫৯.২৯ লক্ষ টাকা
আর্থিক অগ্রগতি	: ৯৭.৯৫%
বাস্তব	: ৯৮.৫১%

২০.২। সুপারিশ:

(ক) প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৬১২১৩.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল ছিল জানুয়ারী ২০১১ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। অর্থাৎ প্রকল্পের আর্থিক ব্যয় (cost overrun) বেড়েছে ৩৫.৪৪% এবং সময় বৃদ্ধি পেয়েছে (Time Overrun) ২০০%। প্রকল্পটি সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তব দিক থেকে ৯৮.৫১% অগ্রগতি অর্জন করেছে এবং আর্থিক অগ্রগতি ৯৭.৯৫%।

(খ) ভবিষ্যতে দেশের নবসৃষ্ট ও পুরাতন পৌরসভার সেবারমান বৃদ্ধির লক্ষ্যে এই রকম আর ও প্রকল্প নেয়া যেতে পারে তবে সে ক্ষেত্রে পূর্ব থেকে পৌর এলাকার সঠিক আয়তন নির্ধারণ, পৌর কঠিন, বর্জ্য ব্যবস্থাপনা জমি অধিগ্রহণের বিষয়টি সমাপ্তের পর প্রকল্প প্রণয়ণ করে বাস্তবায়ন করতে হবে যাতে Cost Overrunএবং Time Overrun না ঘটে;

(গ) প্রকল্পের আওতায় সকল পৌরসবার সমাপ্ত বিভিন্ন কার্যক্রম যেমন রাস্তায় স্থাপিত স্ট্রিট লাইট, আরসিসি সড়ক, ফুটপাথ, কালভার্ট, আরসিসি ড্রেন, পাবলিক টয়লেট, ও কিচেন মার্কেট দীর্ঘ মেয়াদে নির্মাণ করা হয়। ফলে অনেক আগে নির্মিত আরসিসি সড়ক ভেঙ্গেছে ও এর স্ট্রিট লাইট নষ্ট রয়েছে।এ সকল লাইট পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় নিয়মিত মেরামত/রক্ষণাবেক্ষণ করতে হবে;

(ঘ) ভবিষ্যতে দেশে অবশিষ্ট পৌরসভাগুলোর এই ধরণের অবকাঠামো নির্মাণকালে পৌরসভার জলাবদ্ধতা থেকে রক্ষা জন্য বিদ্যমান কাঁচা নালায় আরসিসি ড্রেন নির্মাণ করে পাশে খালের সাথে সংযোগ প্রদান করা হলে পৌরসভার জলাবদ্ধতা ও পানি নিষ্কাশন সহজ হবে মর্মে আশা করা যায়। তবে এর যথাযথ সুফল পাওয়ার জন্য নিয়মিত পরিষ্কার করতে হবে;

(ঙ) পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের নির্মিত রাস্তাকে আরসিসি ঢালাই দিয়ে পুন:নির্মাণ করা হয়েছে। এ পাকা সড়কে ভারী যানবাহন চলাচলের ফলো নষ্ট হওয়ার আংশকা রয়েছে। সে ক্ষেত্রে এগুলোর পৌরসভা নিয়মিত মেরামত করতে হবে;

(চ) প্রকল্পের আওতায় নির্মিত পাবলিক টয়লেট, ট্রাক স্টান্ড ও বাসস্টান্ডগুলো ইজারা দিয়ে পৌরসভার নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে;

(ছ) পৌরসভার নান্দনিকতা রক্ষার জন্য নির্মিত ফুটপাথ, সড়ক আইল্যান্ড, ঘাটলা, পৌরপার্ক, পৌর শিশুপার্ক, দোলনা, রাইডসসমূহ পৌরবাসির দীর্ঘমেয়াদে সেবা প্রদানের লক্ষ্যে প্রতিনিয়ত পরিষ্কার, পরিচ্ছন্ন ও রক্ষণাবেক্ষণ করার জন্য পৌরসভাকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

৪।	Laying of 200mm dia Water supply pipe line extension road at Rani Bazar to Sagor Para Botola mour Part-1.	২৭ এপ্রিল, ১৬	২৪ মে, ১৬ ৯.৯৫	১২ জুন, ১৬	১২ জুন, ১৬	–	–
৫।	Laying of 200mm dia Water supply pipe line extension road at Rani Bazar to Sagor Para Botola mour Part-2.	০৯ জুন, ১৬	২৩ জুন, ১৬ ৯.৯২	২৩ জুলাই, ১৬	২৩ জুলাই, ১৬	–	–
৬।	টেলিফোন পোল অপসারন ও নতুন করে স্থাপন কাজ।	১৯ মে, ১৬	– ১.৪৯	২০ জুলাই, ১৬	২০ জুলাই, ১৬	–	–

৭।	Construction of Ashphalt Carpeting Road, Road Marking, Drain and Footpath at Dorikhorbona more to Upashahor more (Part-A), Rani Bazar more to Sagorpara Bottola more (Part-D).	১২ মার্চ, ১৮	১৫ এপ্রিল, ১৮ ২৮৯.৭৬	৩০ মার্চ, ১৯	৩০ মার্চ, ১৯	–	–
৮।	Laying of 200mm dia Water supply pipe line extension road at Dorikhorbona more to Upashahor more (Part-A), Greater Road South side to Anurag Community Center's south side house (Part-B), Anurag Community Center's south side house to Sonadhighi mour and from Malopara mour to Batar mour Prince Tower (Part-C).	২০ মার্চ, ২০	১০ এপ্রিল, ২০ ১৯৫.৪৬	২৫ এপ্রিল, ২০	২৫ এপ্রিল, ২০	–	–
৯।	বৈদুত্যিক পোল অপসারন ও নতুন করে স্থাপন কাজ (পাট-এ, পাট-বি ও পার্ট -সি অংশে) ।	২০ মার্চ, ২০	১০ এপ্রিল, ২০ ৩২.২০	২৫ এপ্রিল, ২০	২৫ এপ্রিল, ২০	–	–
১০।	টেলিফোন পোল অপসারন ও নতুন করে স্থাপন কাজ (পাট-এ, পাট-বি ও পার্ট -সি অংশে) ।	২০ মার্চ, ২০	১০ এপ্রিল, ২০ ৫.৮৭	২৫ এপ্রিল, ২০	২৫ এপ্রিল, ২০	–	–
১১।	Construction of Ashphalt Carpeting Road, Road Marking, Drain and Footpath at Greater Road South side to Anurag Community Center's south side house (Part-B).	১৫ আগষ্ট, ১৯	১৫ অক্টোবর, ১৯ ৩২৩.৩৪	৩০ জুন, ২০	৩০ জুন, ২০	–	–

১২।	Construction of Ashphalt Carpeting Road, Road Marking, Drain and Footpath at Anurag Community Center's south side house to Sonadhighi mour and from Malopara mour to Batar mour Prince Tower (Part-C).	১৫ আগষ্ট, ১৯	১৫ অক্টোবর, ১৯ ৭৩০.৩১	৩০ জুন, ২০	৩০ জুন, ২০	–	–
১৩।	Supplying fitting, Fixing & Commissioning of 12 Meter, 9 Meter GI Poles and HT & LT Line at Dorikhorbona more to Upashahor more (Part-A), Greater Road South side to Anurag Community Center's south side house (Part-B) and from Anurag Community Center's south side house to Sonadhighi mour and from Malopara mour to Batar mour Prince Tower (Part-C).	০৯ আগষ্ট, ১৯	২৩ অক্টোবর, ১৯ ২৩৭.৯৫	২২ মার্চ, ২০	২২ মার্চ, ২০	–	–
১৪।	Road marking for part-A,B,C & D	১৫ এপ্রিল, ২০	১৫ মে, ২০ ১৩.১৩	৩০ জুন, ২০	৩০ জুন, ২০	–	–

<u>প্রকল্প পরিদর্শন সংক্রান্ত বিশ্লেষণ ও পর্যবেক্ষণ:</u>

১৭। পরিদর্শনকৃত এলাকা ভিজিটের বর্ণনা: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক, জনাব মো. আমিনুর রহমান কর্তৃক প্রকল্পটি গত ২২/০৯/২০২৩ ও ২৩/০৯/২০২৩ পর্যন্ত পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেন। পরিদর্শনকালে রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় নির্মিত কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শিত এলাকায় প্রকল্পের অঙ্গ ভিত্তিক অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

পরিদর্শনকৃত কাজের নাম ও অগ্রগতির তথ্য:

প্যাকেজ নং: WD-005 কাজের অগ্রগতি:

প্যাকেজ নং: WD-005-এর আওতাভুক্ত Construction of Ashphalt Carpeting Road, Drain & Footpath at Dorikhobona, more to Upashahor more (Part -A), Rani Bazar more to Sagorpara Bottola (Part -D) নির্মাণের জন্য Rithin Enterprise,Kohinoor Enterprise & Rab Pvt. Ltd (JV), Dorikhorbona, Rajshahi'কে ২৬০৭৮৯৪৯.০০ টাকা চুক্তিমূল্যে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী ২৮.০৬.২০১৮ তারিখের মধ্যে প্যাকেজের কাজ সমাপ্ত করার কথা ছিল। ঠিকাদার প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে এই প্যাকেজের কাজ সমাপ্ত করেছেন বলে পরিদর্শনকালে জানানো হয়। এই প্যাকেজের আওতায় ০.৩১ কিলোমিটার কার্পেটিং রাস্তা, ০.৩১ কিলোমিটার রোড মার্কিং, ০.৬৩ কিঃমিঃ আরসিসি ড্রেন এবং ০.৬৩ কিঃমি আরসিসি ফুটপাথ নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে কাজের মান ভালো হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। তবে বটতলা এলাকায় ফুটপাথের উপর স্থানীয় জনসাধারণের নির্মাণ সামগ্রি পড়ে থাকা অবস্থায় পাওয়া গিয়েছে। এই অংশে কয়েকটি জায়গায় ফুটপাথ ভাংগা অবস্থায় পাওয়া গিয়েছে। পরিদর্শনকালে ক্ষতিগ্রস্থ ফুটপাথটি সিটি কর্পোরেশনের নিয়মিত মেইনটেনেন্স পোগ্রামের মাধ্যমে মেরামতের নির্দেশনা প্রদান করা হয়েছে।

প্যাকেজ নং: WD-06/2019-20 কাজের অগ্রগতি:

প্যাকেজ নং: WD-06/2019-20 এর আওতায় Construction of Ashphalt Carpeting Road, Road Marking, Drain & Footpath at Dorikhobona, more to Upashahor more (Part -A), Rani Bazar more to Sagorpara Bottola (Part -D) নির্মাণের জন্য Rithin Enterprise 542 Dohikharbona Boalia, Rajshhi কে ৬৮৬৯১৪৪৫.০৪৭ টাকা চুক্তিমূল্যে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী ৩০/০৬/২০২০ তারিখের মধ্যে প্যাকেজের কাজ সমাপ্ত করার কথা ছিল। ঠিকাদার প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে এই প্যাকেজের কাজ সমাপ্ত করেছেন বলে পরিদর্শনকালে জানানো হয়। এই প্যাকেজের আওতায় ০.৬২ কিলোমিটার কার্পেটিং রাস্তা, ০.৬২ কিলোমিটার রোড মার্কিং, ১.২৬ কিঃমিঃ আরসিসি ড্রেন এবং ১.২৬ কিঃমি আরসিসি ফুটপাথ নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে কাজের মান ভালো হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। এই অংশে ফুটপাথের উপর স্থানীয় জনসাধারণ নির্মাণ সামগ্রী রেখে তাদের বাড়ি নির্মাণ কাজ করছে এমন অবস্থায় পাওয়া গিয়েছে। পরিদর্শনকালে ফুটপাথের উপর থেকে ব্যক্তিগত মালামাল অপসারণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

প্যাকেজ নং: WD-07/2019-20 কাজের অগ্রগতি:

প্যাকেজ নং: WD-07/2019-20 এর আওতায় Construction of Ashphalt Carpeting Road, Road Marking, Drain and Footpath at Anurag Community Center's south side house to Sonadhighi mour and from Malopara mour to Batar mour Prince Tower (Part-C) নির্মাণের জন্য Rithin Enterprise & A. R Construction (J.V) 542 Dohikharbona, GPO, Boalia, Rajshhi কে ৭২১১২৩৬৩.৭৮৩ টাকা চুক্তিমূল্যে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী ৩০/০৬/২০২০ তারিখের মধ্যে প্যাকেজের কাজ সমাপ্ত করার কথা ছিল। ঠিকাদার প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে এই প্যাকেজের কাজ সমাপ্ত করেছেন বলে পরিদর্শনকালে জানানো হয়। এই প্যাকেজের আওতায় ১.৩০ কিলোমিটার কার্পেটিং রাস্তা, ১.৩০ কিলোমিটার রোড মার্কিং, ২.৬০ কিঃমিঃ আরসিসি ড্রেন এবং ২.৬০ কিঃমি আরসিসি ফুটপাথ নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে কাজের মান ভালো হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। এই অংশে ফুটপাথের কিছু অংশ জনসাধারণ নির্মাণ সামগ্রী রাখার কারণে ক্ষতিগ্রস্থ হয়েছে এমন অবস্থায় পাওয়া গিয়েছে। পরিদর্শনকালে ফুটপাথের উপর থেকে ব্যক্তিগত মালামাল অপসারণ এবং ভাংগা অংশ মেরামতের নির্দেশনা প্রদান করা হয়েছে।

১৮। **প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য:** প্রকল্পে কোনো গাড়ি ব্যবহৃত হয়নি এবং গাড়ি ক্রয় সংক্রান্ত কোন অংগ ছিল না।

১৯। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তর/ প্রকল্পের সমাপ্তিকরণের তারিখ
জনাব মোঃ আশরাফুল হক প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন	পূর্ণকালীন	-	০১/০২/১৯৮৭	০১/০৭/২০১১ - ০৩/০৬/২০২০
জনাব কে এইচ. খায়রুল বাশার	পূর্ণকালীন	-	১৯/০২/১৯৮৯	০৪/০৬/২০২০ -

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তর/ প্রকল্পের সমাপ্তিকরণের তারিখ
প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন				৩০/০৬/২০২০

২০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) সড়ক প্রশস্তকরণ ও উন্নয়নের মাধ্যমে সুষম যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা; (খ) যানবাহন চলাচলে সৃষ্ট যানজট হ্রাস করা; (গ) নগর দারিদ্র হ্রাস করণ ও পরিবেশ পরিস্থিতির উন্নয়ন।	প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে রাজশাহী সিটি কর্পোরেশনের ভূমির ক্ষতিপূরণ ও কাঠামোর ক্ষতিপূরণ বাবদ ২৬৭০.৬৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ৭১৫.৪৩ লক্ষ টাকা ব্যয়ে ২.৮২ কিঃমিঃ সড়ক ও মহাসড়ক নির্মাণ/সংস্কার করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ৫৮৪.৮৪ লক্ষ টাকা ব্যয়ে ৫.৫৭ কিঃমিঃ ড্রেন নির্মাণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ৮৫.৫৩ লক্ষ টাকা ব্যয়ে ১৭৯.২০ মিটার কালভার্ট নির্মাণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ২১৫.৩৩ লক্ষ টাকা ব্যয়ে ৫.৪৫ কিঃমিঃ পানি সরবরাহ লাইন স্থানান্তর করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ১৯২.৬৬ লক্ষ টাকা ব্যয়ে ৫.৬৭ কিঃমিঃ ফুটপাথ নির্মাণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ১৩.১৩ লক্ষ টাকা ব্যয়ে ২.৮৩ কিঃমিঃ রোড মার্কিং করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ২৬৭.৩৩ লক্ষ টাকা ব্যয়ে ২.৮২ কিঃমিঃ সড়ক আলোকায়ন করা হয়েছে। ৪০.১৫ লক্ষ টাকা ব্যয়ে ১১৫টি বৈদ্যুতিক খুঁটি স্থাপন করা হয়েছে। ৭.৩৬ লক্ষ টাকা ব্যয়ে ৬৫টি টেলিফোন পোল অপসারণ ও নতুন করে স্থাপন করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। সার্বিকভাবে প্রকল্পটি বাস্তবায়নের ফলে আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ১১৬৬৮.২৬ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৯২.৩১ %। বাস্তব অগ্রগতি ১০০%।

২১। **অডিট:**

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
২০১১-১২ অর্থবছর হতে ২০১৯-২০২০ পর্যন্ত অডিট	০১	০	০১	যথাসময়ে কাজ বাস্তবায়নে ব্যর্থ হওয়া সত্ত্বেও ঠিকাদারের বিল হতে Liquidate Damage কর্তন না করায় সিটি কর্পোরেশনের ২৮,৯৭,৫৩৫/- টাকা আর্থিক ক্ষতি।

প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম ২০১১-১২ অর্থবছর হতে ২০১৯-২০২০ পর্যন্ত সম্পন্ন হয়েছে এবং ০১ টি অডিট আপত্তি আছে যা নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে।

২২। **পিআইসি এবং পিএসসি সভা সংক্রান্ত:** প্রকল্পের শুরু থেকে প্রকল্প সমাপ্তি পর্যন্ত কতটি স্টিয়ারিং/পিএসসি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে তা প্রকল্প কর্তৃপক্ষ তাৎক্ষনিকভাবে বলতে পারেনি। কারণ হিসেবে বলেন প্রকল্পটির প্রকল্প পরিচালক অনেক পূর্বেই চাকুরী থেকে অবসরে গিয়েছেন। এ সম্পর্কিত রেকর্ডপত্র পুরাতন ফাইল থেকে খুজে বের করা খুবই দুরুহ ব্যাপার।

ক্র. নং	সভার ধরণ	সভার তারিখ	মন্তব্য
১	পিআইসি	১২/১১/২০১৩	
২	পিএসসি	১৯/১১/২০১৩	

২৩। **প্রকল্পের সার্বিক অগ্রগতি:**

স্থানীয় সরকার বিভাগের অধীন রাজশাহী সিটি কর্পোরেশনের আওতায় বাস্তবায়িত "রাজশাহী মহানগরীর উপশহর মোড় হতে সোনাদিঘী মোড় এবং মালোপাড়া মোড় হতে সাগরপাড়া মোড় পর্যন্ত সড়ক প্রশস্তাকরণ ও উন্নয়ন" শীর্ষক সমাপ্ত প্রকল্পটি ৭২১৬.১৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পটি ৩ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয় এবং দুইবার সংশোধন করা হয়। সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ১২৩৯.৯৯ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ নির্ধারণ করা হয় জুলাই ২০১১ হতে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পের শুরু থেকে জুন ২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ১১৬৬৮.২৬ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৯২.৩১ %। বাস্তব অগ্রগতি ৯৫ %।

প্রকল্পটি বাস্তবায়নের ফলে রাজশাহী সিটি কর্পোরেশনের ভূমির ক্ষতিপূরণ ও কাঠামোর ক্ষতিপূরণ বাবদ ২৬৭০.৬৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ৭১৫.৪৩ লক্ষ টাকা ব্যয়ে ২.৮২ কিঃমিঃ সড়ক ও মহাসড়ক নির্মাণ/সংস্কার করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ৫৮৪.৮৪ লক্ষ টাকা ব্যয়ে ৫.৫৭ কিঃমিঃ ড্রেন নির্মাণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ৮৫.৫৩ লক্ষ টাকা ব্যয়ে ১৭৯.২০ মিটার কালভার্ট নির্মাণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ২১৫.৩৩ লক্ষ টাকা ব্যয়ে ৫.৪৫ কিঃমিঃ পানি সরবরাহ লাইন স্থানান্তর করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ১৯২.৬৬ লক্ষ টাকা ব্যয়ে ৫.৬৭ কিঃমিঃ ফুটপাথ নির্মাণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ১৩.১৩ লক্ষ টাকা ব্যয়ে ২.৮৩ কিঃমিঃ রোড মার্কিং করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%। ২৬৭.৩৩ লক্ষ টাকা ব্যয়ে ২.৮২ কিঃমিঃ সড়ক আলোকায়ন করা হয়েছে। ৪০.১৫ লক্ষ টাকা ব্যয়ে ১১৫টি বৈদ্যুতিক খুঁটি স্থাপন করা হয়েছে। ৭.৩৬ লক্ষ টাকা ব্যয়ে ৬৫টি টেলিফোন পোল অপসারণ ও নতুন করে স্থাপন করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%।

২৪। **প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:**

প্রকল্পের স্থির চিত্র	**প্রকল্পের স্থির চিত্র**
	
প্রধান প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী সিটি কর্পোরেশন	প্রকল্পের আওতায় Dorikhobona, more to Upashahor more (Part -A), নির্মিত রাস্তা
	
প্রকল্পের আওতায় Anurag Community Center's south side house to Sonadhighi mour and from Malopara mour to Batar mour Prince Tower (Part-C) নির্মিত রাস্তা	

২৫। **সুপারিশ/মতামতঃ**

২৫.১। প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনা সমূহের বিশেষ করে ফুটপাথসমূহ নিয়মিত মেইনটেন্সে করা হচ্ছেনা। বেশ কিছু সমস্যা চিহ্নিত হয়েছে, যা রাজশাহী সিটি কর্পোরেশনের অর্থায়নে দ্রুত সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৫.২। প্রকল্পটির অনুকূলে উত্থাপিত অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি করে প্রমাণক আইএমইডিতে প্রেরণ করতে হবে;

২৫.৩। প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা সম্পর্কিত তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভার সুপারিশ এবং সে আলোকে গৃহীত ব্যবস্থাদি আইএমইডি'কে অবহিত করতে হবে;

২৫.৪। প্রতিবেদনের আলোকে গৃহীত ব্যবস্থা একমাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

ঢাকা ওয়াসার সায়েদাবাদ ফেজ-৩ প্রকল্পের ফ্রেমওয়ার্কের আওতায় ঢাকা মহানগরীর স্বল্প আয়ের এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক পানি সরবরাহ সেবার মান উন্নয়ন এবং ঢাকা ওয়াসার ফাইনেন্সিয়াল মডেলিং ও কারিগরী সক্ষমতার উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন, ২০২০)

১। প্রকল্পের নাম : ঢাকা ওয়াসার সায়েদাবাদ ফেজ-৩ প্রকল্পের ফ্রেমওয়ার্কের আওতায় ঢাকা মহানগরীর স্বল্প আয়ের এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক পানি সরবরাহ সেবার মান উন্নয়ন এবং ঢাকা ওয়াসার ফাইনেন্সিয়াল মডেলিং ও কারিগরী সক্ষমতার উন্নয়ন (১ম সংশোধিত)।

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আমিনুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, আইএমইডি।

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ১৬/১১/২০২৩।

৪। প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন
ঢাকা	ঢাকা	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

৫। বাস্তবায়নকারী সংস্থা : ঢাকা ওয়াসা

৬। অর্থায়নের উৎস : জিওবি ও প্রকল্প সাহায্য (বৈদেশিক অনুদান)

৭। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৮। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল : ৬০০০.০০ লক্ষ টাকা (মে ২০১৬ - জুন ২০২০)

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্তব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা প্রঃসাঃ	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ	মোট টাকা প্রকল্প সাহায্য	মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৬০০০.০০ ১৬০০.০০ ৪৪০০.০০	৬০০০.০০ ১৬০০.০০ ৪৪০০.০০	৩১৬৮.৮৯ ৭৪৬.২৭ ২৪২২.৬২	মে ২০১৬ – জুন ২০১৮	মে ২০১৬ – জুন ২০২০	২১/০৭/২০১৬ - ৩০/০৬/২০২০	৩১৬৮.৮৯ (৫২.৮২)	২১/০৭/২০১৬- ৩০/০৬/২০

■ উন্নয়ন সহযোগী সংস্থা AFD এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত।

ক) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধির হার (%): ব্যয় হ্রাস পেয়েছে, মূল প্রাক্কলনের ৫২.৮২% মাত্র ব্যয়িত হয়েছে।
খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত মেয়াদ বৃদ্ধির হার (%): প্রকল্পের মেয়াদ জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে।

৫.০ প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ

৫.১ পটভূমি: ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ ঢাকা মহানগর ও এর আশেপাশের এলাকায় বসবাসকারী জনসাধারণের জন্য সুপেয় পানি সরবরাহে বদ্ধ পরিকর। জন্মলগ্ন হতেই সম্পদের সীমাবদ্ধতার কারণে ঢাকা ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানির প্রায় অধিকাংশই ভূ-গর্ভস্থ উৎস হতে উত্তোলন করা হচ্ছে। সম্পদের অপ্রতুলতা হেতু বিভিন্ন সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও ঢাকা ওয়াসা বর্তমানে ঢাকা মহানগর ও এর আশেপাশের প্রায় ৩৬০ বর্গকিলোমিটার এলাকায় বসবাসকারী প্রায় ১৫ মিলিয়ন জনসাধারণের জন্য পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থাসহ স্টর্ম ওয়াটার ড্রেইনেজ ব্যবস্থার মতো এক বিশাল কর্মযজ্ঞ পরিচালনা করে অসছে। নিরাপদ পানি প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার এবং Low Income Community (LIC) অর্থাৎ বস্তি এলাকায় বসবাসকারী জনগণেরও মৌলিক অধিকার। ঢাকা শহরের প্রায় সকল বস্তিতেই ঢাকা ওয়াসার প্রানি

সরবরাহ সেবা বিদ্যমান; যা অধিকাংশ ক্ষেত্রেই বৈধ নয়। কারণ, কিছু সংখ্যক অসাধু প্রভাবশালী ব্যবসায়ীরা অবৈধ উপায়ে নিকস্থ ঢাকা ওয়াসার পারি লাইন হতে পানির সংযোগ নিয়ে থাকে এবং সেই পানি বস্তি এলাকায় বসবাসকারী জনগণকে সরবরাহ করে। ফলে পানি সংগ্রহের জন্য বস্তি এলাকায় বসবাসকারী জনগণকে ঐ সকল অসাধু প্রভাবশালী ব্যবসায়ীদের উপর নির্ভর করতে হয়। এ সকল পানির সংযোগের সময় সাধারণত খুবই নিম্নমানের মালামাল ব্যবহার করা হয়। যার ফলশ্রুতিতে পানির লাইনে লিকেজের সংখ্যা বৃদ্ধি পায় এবং সঙ্গত কারণেই পানিও দূষিত হয়। পরিণামে বস্তির জনগণ এই দূষিত পানি ব্যবহারে বাধ্য হয় এবং পানিবাহিত রোগের প্রকোপও বৃদ্ধি পায়। অপরদিকে, ঐ সকল অসাধু প্রভাবশালী ব্যবসায়ীরা বস্তিবাসীর নিকট হতে অবৈধ উপায়ে পানি সরবরাহের বিনিময়ে ঢাকা ওয়াসার নির্ধারিত মূল্যের ৪/৫ গুন বেশী অর্থ আদায় করে। কিন্তু এই পানি সরবরাহ বাবদ ঢাকা ওয়াসা কোন রাজস্ব পায় না। বর্তমানে ঢাকা ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানির প্রায় ২০ শতাংশেরও বেশী Non Revenue Water; যার উল্লেখযোগ্য পরিমাণ ঐ সকল অবৈধ সংযোগেরই ফল।

এই পরিস্থিতি থেকে উত্তোরণের জন্য ঢাকা ওয়াসা বস্তি এলাকায় বৈধ পানি সংযোগের জন্য সুপরিকল্পিত কর্মসূচি গ্রহণ করেছে। এই কর্মসূচির আওতায় কিছু সংখ্যক উন্নয়ন সহযোগী যেমন ইউনিসেফ, WSUP Bangladesh, Water Aid Bangladesh, Vitens and Evides ইত্যাদির সহায়তায় ঢাকা ওয়াসা ঢাকা শহরের বিভিন্ন বস্তি এলাকাকে তার রাজস্ব এলাকার আওতায় নিয়ে আসার জন্য ঐ সকল বস্তিসমূহে বৈধ পানি সরবরাহ ব্যবস্থা প্রতিষ্ঠা করছে। এ পর্যন্ত বিভিন্ন বস্তিতে প্রায় ২৩০০টি বৈধ Water Point নির্মাণ করা হয়েছে; যার সুফল বস্তিবাসী পাচ্ছে। পাশাপাশি, ঢাকা ওয়াসার রাজস্ব আয় বৃদ্ধি পাচ্ছে এবং Non Revenue Water এর পরিমাণ দিন দিন কমে আসছে। উল্লেখ্য যে, National Policy for Water Supply and Sanitation তে বস্তি এলাকাসহ ঢাকা শহরে বসবাসকারী জনসাধারণকে পর্যাপ্ত পরিমাণ পানি সরবরাহ সেবা প্রদানের ব্যাপারে ঢাকা ওয়াসাকে নির্দেশনা দেয়া হয়েছে। আরও উল্লেখ করা প্রয়োজন, একটি সুসংগঠিত ও কার্যকর আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্যে ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাদ করা প্রয়োজন। এছাড়াও, সুপেয় পানি প্রাপ্তির মতো একটি মৌলিক অধিকারকে নিশ্চিত করার উদ্দেশ্যে সন্তোষজনক ও সুষ্ঠুভাবে নগরবাসীর দোঁরগোড়ায় পানি সরবরাহ সেবা পৌছে দেয়ার জন্য ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরী সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন।

French Development Agency (AFD) তাদের ১৮-২৩ অক্টোবর, ২০১৪ তারিখের মিশন প্রতিবেদনে এই মর্মে উল্লেখ করেছে যে, ঢাকা শহরের বস্তি এলাকায় পানি সরবরাহ সেবার মান উন্নয়ন, ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাদকরণ ও ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরী সক্ষমতা বৃদ্ধি করার জন্য ইউরোপীয় ইউনিয়ন AFD কে অনুদান হিসাবে ৫ মিলিয়ন ইউরো প্রদান করেছে। তদপ্রেক্ষিতে, উল্লিখিত কাজসমূহ সম্পাদনের জন্য ঢাকা ওয়াসাকে প্রকল্প গ্রহণের ব্যাপারে AFD'র পক্ষ হতে প্রস্তাব করা হয়। উপরিউক্ত বিষয়াদির বিবেচনায় জনস্বার্থে বস্তি এলাকায় পানি সরবরাহ সেবার মান উন্নয়ন, ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাদকরণ ও ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরী সক্ষমতা বৃদ্ধি করার জন্য ঢাকা ওয়াসা কর্তৃক ডিপিপি প্রণয়নকরতঃ অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়।

৫.২ প্রকল্পের উদ্দেশ্য:

- ঢাকা শহরের বস্তিতে প্রায় ৪০০০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা;
- বস্তি এলাকায় বসবাসকারী জনগনকে নির্মিত ওয়াটার পয়েন্ট সমূহের পরিচালনা ও রক্ষনাবেক্ষণের ব্যাপারে সক্ষম করে তোলা;
- ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাতকরণ; এবং
- ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরি সক্ষমতা বৃদ্ধি করা।

৬.০ <u>প্রকল্পের মূল কার্যক্রমঃ</u>

প্রকল্পের আওতায় ঢাকা শহরের বস্তিতে প্রায় ৪০০০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা। ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাতকরণ এবং ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরি সক্ষমতা বৃদ্ধি করা।

০৭। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন:**

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	মূল/ পূর্ববর্তী আর ডিপিপি'র সাপেক্ষে পরিবর্তন	
	মোট	জিওবি	প্রকল্প সাহায্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৬০০০.০০	১৬০০.০০	৪৪০০.০০	মে ২০১৬ হতে জুন ২০১৮	২২/০৮/২০১৬	-	-
১ম সংশোধিত	৬০০০.০০	১৬০০.০০	৪৪০০.০০	মে ২০১৬ হতে জুন ২০১৯	০৪/০৬/২০১৮	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে (১ম) মেয়াদ বৃদ্ধি	৬০০০.০০	১৬০০.০০	৪৪০০.০০	মে ২০১৬ হতে জুন ২০২০	৩০/০৬/২০১৯		

৮.০ <u>প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে) :</u>

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি		কম/বেশির কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	
১	২	৩	৪	৫	১২	১৩	
(ক)	**রাজস্ব ব্যয়ঃ**						
১	কর্মকর্তাদের বেতন	জন	৪ জন	১.০০	০.০০%	০.০০	-১
২	কর্মচারীদের বেতন	জন	১ জন	১.০০	০.০০%	০.০০	-১
৩	ভাতাদি	জন	৫ জন	১.০০	০.০০%	০.০০	-১
৪	টেলিফোন	মাস	২৪ মাস	০.৫০	০.০০%	০.০০	-০.৫
৫	যানবাহনের জন্য ফুয়েল, মেইনটেনেন্স ইত্যাদি	থোক	থোক	০.৫০	০.০০%	০.০০	-০.৫
৬	স্টেশনারি	থোক	থোক	১০.০০	০.০০%	১০	০
৭	সক্ষমতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ কর্মসূচি	থোক	থোক	২৬৪.০০	১০০%	৫৩.০৪	-২১০.৯৬
৮	প্রকল্পের সহায়তা ও মূল্যায়নকারীদের সম্মানী ভাতা (PEC, POC, TEC, TOC) ও স্টিয়ারিং কমিটি এবং অন্যান্য কমিটি ইত্যাদি	থোক	থোক	১০.০০	১০০%	৭.৫৮	-২.৪২
৯	NGOs কার্যক্রম সুপারভিশনের জন্য পরামর্শক	থোক	থোক	১৫০.০০	১০০%	৯৯.৫	-৫০.৫
১০	ফাইনান্সিয়াল মডেল এর জন্য কারিগরী সহায়তা	থোক	থোক	২৬৪.০০	১০০%	২৭৬.৯৮	১২.৯৮
১১	ভ্যাট ও আইটি	থোক	থোক	১৪০৪.০০	১০০%	৬৮৪.৭৮	-৭১৯.২২
	উপমোট (রাজস্ব ব্যয়)ঃ			**২১০৬.০০**		**১১৩১.৮৮**	**-৯৭৪.১২**
(খ)	**মূলধন ব্যয়**						

১২	স্ক্যানার, ডিজিটাল ক্যামেরা, এসি, স্ক্রিনসহ প্রজেক্টও, ফ্যাক্স ও টেলিকনফারেন্স ইক্যুইপমেন্ট, প্রিন্টারসহ কম্পিউটার, ফিল্টার, জিপিএস মেশিন	থোক	থোক	১৫.০০	১০০%	৮.৭৫	-৬.২৫
১৩	অফিস ফার্ণিচার	থোক	থোক	১০.০০	১০০%	৮.৮৪	-১.১৬
১৪	অফিস এস্টাবলিসমেন্ট	থোক	থোক	৩০.০০	১০০%	২৬.৩২	-৩.৬৮
১৫	মাইক্রোবাস	টি	১ টি	৬০.০০	০.০০%	০.০০	-৬০
১৬	ওয়াটার পয়েন্ট, ওয়াটার চেম্বার, ষ্ট্যান্ড পোষ্ট ইত্যাদি স্থাপন (সচেতনতা ক্যাম্পেইনিং, CBO ফরমেশন এবং হাইজিন প্রমোশন এক্টিভিটিস ইন LIC থ্রু NGOs)	টি	৪০০০ ওয়াটার পয়েন্টস	৩৫৮৯.০০	২২৩৬ (৫৫.৯০%)	১৯৯৩.১০	-১৫৯৫.৯
১৭	কাষ্টম ডিউটি, ডেভেলপমেন্ট ইমপোর্ট ডিউটি, ভ্যাট ও আইটি ইত্যাদি	টি	১০০%	৩০.০০	০.০০%	০.০০	-৩০
১৮	বিবিধ (কাজের স্মুথ এক্সিকিউশনের জন্য)	থোক	থোক	৬০.০০	০.০০%	০.০০	-৬০
	উপ মোট (মূলধন ব্যয়)ঃ			**৩৭৯৪.০০**		**২০৩৭.০১**	**-১৭৫৬.৯৯**
(গ)	ফিজিক্যাল কন্টিনজেন্সি			৪০.০০	০.০০%	০.০০	-৪০
(ঘ)	প্রাইস কন্টিনজেন্সি			৬০.০০	০.০০%	০.০০	-৬০
	সর্বমোট (ক+খ+গ+ঘ)			**৬০০০.০০**		**৩১৬৮.৮৯**	**-২৮৩১.১১**

''ঢাকা ওয়াসার সায়েদাবাদ ফেজ-৩ প্রকল্পের ফ্রেমওয়ার্কের আওতায় ঢাকা মহানগরীর স্বল্প আয়ের এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক পানি সরবরাহ সেবার মান উন্নয়ন এবং ঢাকা ওয়াসার ফাইনেন্সিয়াল মডেলিং ও কারিগরী সক্ষমতার উন্নয়ন (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পটি ৬০০০.০০ লক্ষ (জিওবি ১৬০০.০০ লক্ষ প্রকল্প সাহায্য ৪৪০০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং বাস্তবায়ন মেয়াদ মে ২০১৬ হতে জুন ২০১৮ পর্যন্ত নির্ধারিত করে ২২/০৮/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি একবার সংশোধন করা হয়। ১ম সংশোধেন অনুযায়ী প্রাক্কলিত ব্যয় নির্ধারিত হয় ৬০০০.০০ লক্ষ (জিওবি ১৬০০.০০ লক্ষ প্রকল্প সাহায্য ৪৪০০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং বাস্তবায়ন মেয়াদ মে ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত । সর্বশেষ প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বার এক বছর অর্থাৎ মে ২০১৬ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রকল্পের শুরু থেকে জুন ২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ৩১৬৮.৮৯ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৫২.৮১%। বাস্তব অগ্রগতি ৬৫.৬৮%।

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের সাহায্য অংশে ৪৪০০.০০ লক্ষ টাকা এবং জিওবি অংশে ১৬০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ধরা রয়েছে। প্রকল্প চলাকালীন সময়ে ৩টি কিস্তিতে প্রকল্পের সাহায্য অংশে ২৮৯০.০০ লক্ষ টাকা এবং জিওবি অংশে ৮০০.০০ লক্ষ টাকা ছাড় করানো হয়েছে। উক্ত ছাড়কৃত অর্থ হতে প্রকল্পের সাহায্য অংশে ২৪২২.৬২ লক্ষ টাকা এবং জিওবি অংশে ৭৪৬.২৭ লক্ষ টাকা অর্থাৎ মোট ৩১৬৮.৮৯ লক্ষ টাকা বিভিন্ন খাতে ব্যয় হয়েছে। প্রকল্পের সকল কার্যক্রম শেষে অব্যয়িত প্রকল্পের সাহায্য অংশে ৪৬৭.৩৮ লক্ষ টাকা এবং জিওবি অংশে ৫৩.৭৩ লক্ষ টাকা সোনালী ব্যাংক লিঃ, কাওরান বাজার শাখায় ০২টি একাউন্টে জমা রয়েছে। ইতিমধ্যে জিওবি অংশে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদানসহ একাউন্টটি বন্ধ করার জন্য ঢাকা ওয়াসার হিসাব বিভাগকে পত্র দেয়া হয়েছে; যা প্রক্রিয়াধীন রয়েছে মর্মে পরিদর্শনকালে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন।

৯.০ প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা/উপজেলা/থানা
ঢাকা	ঢাকা	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকা

১০.০ প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ ঢাকা ওয়াসা বস্তি এলাকায় বৈধ পানি সংযোগের জন্য সুপরিকল্পিত কর্মসূচি গ্রহণ করেছে। এই কর্মসূচির আওতায় কিছু সংখ্যক উন্নয়ন সহযোগী যেমন ইউনিসেফ, WSUP Bangladesh, Water Aid Bangladesh, Vitens and Evides ইত্যাদির সহায়তায় ঢাকা ওয়াসা ঢাকা শহরের বিভিন্ন বস্তি এলাকাকে তার রাজস্ব এলাকার আওতায় নিয়ে আসার জন্য ঐ সকল বস্তিসমূহে বৈধ পানি সরবরাহ ব্যবস্থা প্রতিষ্ঠা করছে। এ পর্যন্ত বিভিন্ন বস্তিতে প্রায় ২৩০০টি বৈধ Water Point নির্মাণ করা হয়েছে; যার সুফল বস্তিবাসী পাচ্ছে। পাশাপাশি, ঢাকা ওয়াসার রাজস্ব আয় বৃদ্ধি পাচ্ছে এবং Non Revenue Water এর পরিমাণ দিন দিন কমে আসছে। উল্লেখ্য যে, National Policy for Water Supply and Sanitation তে বস্তি এলাকাসহ ঢাকা শহরে বসবাসকারী জনসাধারণকে পর্যাপ্ত পরিমাণ পানি সরবরাহ সেবা প্রদানের ব্যাপারে ঢাকা ওয়াসাকে নির্দেশনা দেয়া হয়েছে। আরও উল্লেখ করা প্রয়োজন, একটি সুসংগঠিত ও কার্যকর আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্যে ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাদ করা প্রয়োজন। এছাড়াও, সুপেয় পানি প্রাপ্তির মতো একটি মৌলিক অধিকারকে নিশ্চিত করার উদ্দেশ্যে সন্তোষজনক ও সুষ্ঠুভাবে নগরবাসীর দোঁরগোড়ায় পানি সরবরাহ সেবা পৌছে দেয়ার জন্য ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরী সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে গত ২১/০৭/১০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের মেয়াদ ছিল মে, ২০১৬ হতে জুন, ২০১৮ পর্যন্ত। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়।

১১.০ বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	এডিপি/সংশোধিত এডিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়			অবমুক্তি (টাকা)	ব্যয়			অব্যয়িত অর্থ	
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ	টাকা	প্রঃসাঃ
২০১৬-২০১৭	*০.০০*	*০.০০*	*০.০০*	*০.০০*	*০.০০*	*০.০০*	*০.০০*		
২০১৭-২০১৮	২৭০০.০০	৭০০.০০	২০০০.০০	৪০০.০০	১৩৪৫.১০	৩৪৫.৫৪	৯৯৯.৫৬		
২০১৮-২০১৯	৩৩০০.০০	৯০০.০০	২৪০০.০০	২৫০.০০	১২১১.৪৭	২৩৪.৪১	৯৭৭.০৬		
২০১৯-২০২০	*০.০০*	*০.০০*	*০.০০*	১৫০.০০	৬১২.৩২	১৬৬.৩২	৪৪৬.০০		
মোটঃ	**৬০০০.০০**	**১৬০০.০০**	**৪৪০০.০০**	**৮০০.০০**	**৩১৬৮.৮৯**	**৭৪৬.২৭**	**২৪২২.৬২**	**৫৩.৭৩**	**৪৬৭.৩৮**

*** প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আর্থিক ব্যয়ের হিসাব অনুযায়ী**

১২.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
০১।	প্রকৌশলী কামরুন নাহার লায়লী	অতিরিক্ত	২০১৬-২০২০ ইং (প্রকল্পটির মেয়াদ পর্যন্ত)

১৩.০ প্রকল্পের প্রধান প্রধান অংগের বিশ্লেষণঃ

ওয়াটার পয়েন্টঃ

- ফ্রান্স সরকারের অর্থায়নকারী সংস্থা AFD, স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা ওয়াসা কর্তৃক প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে ৭টি লটের বিপরীতে ৭টি NGO'র সাথে চুক্তি হয়। উক্ত চুক্তি মোতাবেক ৬টি লটের বিপরীতে বিভিন্ন বস্তিতে CBO মডেলে ১৯৪১টি Water Point নির্মাণ করা হয়েছে।
- লট-৭ এর চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ০৩টি বস্তি যথা:- ফুটবল গ্রাউন্ড ক্যাম্প, রিলিফ ক্যাম্প এবং পোস্ট অফিস ক্যাম্প বস্তিতে CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৩৫০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ১৬৪ টি

ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উল্লেখিত এলাকায় পর্যাপ্ত জায়গা না থাকায় ১৮৬টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা সম্ভব হয় নাই।

❖ এছাড়া অবশিষ্ট লট-৮ এর আওতায় মিরপুরস্থ ভাষানটেক বস্তিতে Water Point এর কার্যক্রম ৭০% শেষ হলে অর্থাৎ ০২ টি রিজার্ভার এর মাধ্যমে ১৬৫০টি ওয়াটার পয়েন্ট সংযোগের মধ্যে এ লটের আওতায় ২৯৫টি সংযোগ দেয়া হলে বাংলাদেশ তাঁত বোর্ড থেকে ভাষানটেক বস্তি তাদের নিজস্ব জমি বলে মৌখিকভাবে সকল কার্যক্রম বন্ধ করে দেয়। বিষয়টি চুক্তিবদ্ধকৃত সংশ্লিষ্ট এনজিও ঢাকা ওয়াসাকে অবহিত করে। পরবর্তীতে ঢাকা ওয়াসা হতে বাংলাদেশ তাঁত বোর্ড কে লিখিতভাবে জানানো হয় যে, SDG এর লক্ষমাত্রা পূরণে সরকারের অঙ্গিকার অনুযায়ী ঢাকা শহরের সকল জনসাধারনকে সুপেয় পানি সরবরাহ করতে ঢাকা ওয়াসা বদ্ধপরিকর। তবে, সংশ্লিষ্ট সংস্থার প্রয়োজন অনুযায়ী বস্তি উচ্ছেদ করলে এক্ষেত্রে ঢাকা ওয়াসা কর্তৃক স্থাপিত স্থাপনার ব্যাপারে কোন প্রকার আপত্তি থাকবে না। বাংলাদেশ তাত বোর্ড হতে জানানো হয় তারা অত্র এলাকায় বিভিন্ন ধরনের স্থাপনা নির্মাণ করবে এবং ঢাকা ওয়াসা কে অত্র এলাকায় বস্তিবাসীদের জন্য বহনযোগ্য/ভ্রাম্যমান ট্যাংকের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা গ্রহনের পরামর্শ দেয়। ফলে ঢাকা ওয়াসার LIC প্রকল্পের আওতায় শুধুমাত্র ভাষানটেক বস্তিতে পানির লাইনের কাজসমূহ শেষ করা সম্ভব হয়নি। সর্বশেষ ২১/০৮/২০১৯ তারিখে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষে স্থানীয় সরকার বিভাগ (LGD) এর সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা ওয়াসাসহ স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

"ঢাকা মহানগরীর বস্তিবাসীর জন্য স্থানীয় সরকার বিভাগের অধীন ঢাকা ওয়াসার "সায়েদাবাদ ফেজ-৩ প্রকল্পের ফ্রেমওয়ার্কের আওতায় Low Income Community (LIC) প্রকল্প" এর মাধ্যমে ভাষানটেক বস্তি ও আশেপাশের অন্যান্য এলাকায় সুপেয় পানি সরবরাহ কার্যক্রম অব্যহত রাখতে হবে। এক্ষেত্রে মহানগরীর বস্তি এলাকায় কোন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বস্তি অপসারণ করা হলে সেক্ষেত্রে ঢাকা ওয়াসার পানি সরবরাহের স্থাপনা অপসারণ করা যেতে পারে। সভায় উপস্থিত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ সভার আলোচনা সিদ্ধান্তের বিষয়টি তাদের কর্তৃপক্ষকে যথাযথভাবে অবহিত করবেন"।

উল্লিখিত বিষয়ে উন্নয়ন সহযোগি সংস্থাকে মিটিং এর সিদ্ধান্ত জানানো হয় এবং কপি প্রেরণ করা হয়। ফলে অবশিষ্ট কাজসমূহ শেষ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। কিন্তু বাংলাদেশ তাঁত বোর্ড হতে অবশিষ্ট কার্যক্রম করার অনুমতি না দেয়ায় সে অবস্থায় উক্ত লটের সমাপ্ত হয়।

❖ উল্লেখ্য যে, প্রকল্পে বেশকিছু অর্থ অব্যয়িত থেকে যায় উক্ত অব্যয়িত অর্থ দিয়ে আরও ১২০০টি Water Point নির্মাণ করার উদ্দেশ্যে ০৫টি প্যাকেজে দরপত্র আহবান করা হয়। উক্ত ০৫টি প্যাকেজের দরপত্র মূল্যায়ণ শেষে ২২/০৯/২০১৯ইং তারিখে AFD'র নিকট অনাপত্তি পত্রের (NOC) জন্য প্রেরণ করা হয়। কিন্তু তৎকালীন সময়ে AFD'র নিকট হতে অনাপত্তি পত্র (NOC) পাওয়া যায়নি। ফলশ্রুতিতে, ০৫টি প্যাকেজের কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। অন্যদিকে প্রকল্পের মেয়াদও শেষ হয়ে যায়। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ (LGD), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD) এবং ঢাকা ওয়াসার সমন্বয়ে উক্ত প্রকল্পটি সমাপ্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ফিনান্সিয়াল মডেলঃ

❖ প্রকল্পের আওতায় ০৪ টি Component এর মধ্যে একটটি Component হলো Financial Model উক্ত Model এর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উক্ত মডেল দ্বারা ঢাকা ওয়াসার Financial Sustainability Assesment analysis করা হয়। উক্ত Model এর Operation and Maintains মেয়াদ ০২(দুই) বছর (১ লা জুলাই ২০২০ হতে জুন ২০২২) পর্যন্ত। Financial Model হস্তান্তর এবং Operation and Maintains মেয়াদের জন্য Coordination Team গঠন করা হয়েছে। উক্ত Coordination Team এর আহবায়ক এর পরামর্শ অনুযায়ী ০৭ (সাত) সদস্য বিশিষ্ট Nodal Officer নিয়োগ করা হয়েছে। উক্ত Nodal Officerগণ Financial Model এর কার্যক্রম পরিচালনা করেন।

ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরী সক্ষমতা বৃদ্ধিঃ

❖ প্রকল্পের আওতায় ০৪ টি Component এর মধ্যে একটটি Component হলো ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরী সক্ষমতা বৃদ্ধি করা। উক্ত Component এর আওতায় ০৪ (চার) কর্মকর্তা ০৪ সপ্তাহের জন্য সিঙ্গাপুর ও কম্বোডিয়া ট্রেনিং করেছেন। পরবর্তীতে বিভিন্ন ট্রেনিং মডিউল উন্নয়ন সহযোগি বরাবরে প্রেরণ করা হয় কিন্তু উন্নয়ন সহযোগি কর্তৃক কোন প্রোগ্রাম না পাওয়ায় আর কোন ট্রেনিং করা সম্ভব হয় নাই। অন্যদিকে উক্ত Component এর আওতায় ঢাকা ওয়াসার ০৪ জন কর্মকর্তাকে 'National Academy for Planning and Development

(NAPD)' তে ০১/০১/২০১৭ইং তারিখ হতে চলমান 'Post Graduate Diploma in Development Planning' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনের জন্য মনোনয়ন দেয়া হয়। সে মোতাবেক উক্ত কর্মকর্তাগণ NAPD তে প্রশিক্ষণ গ্রহন করেন। উক্ত প্রশিক্ষণ কোর্সের ফি বাবদ ০৪ জনের ভ্যাট ও আয়কর ব্যতিত মোট ৪০,০০০ X ৪ = ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকার চেক/নগদে "মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি" এর অনুকূলে প্রেরণের জন্য উন্নয়ন সহযোগি নিকট উক্ত অর্থ চাওয়া হয়। কিন্তু উন্নয়ন সহযোগি প্রশিক্ষণ কোর্সের ফি দিতে অপরাগতা প্রকাশ করেন। ফলশ্রুতিতে উক্ত Component এর আওতায় আর কোন প্রশিক্ষণ গ্রহণ করা সম্ভব হয় নাই।

- Component: 1 (Support to LIC)
- Component: 2 (Capacity Building)
- Component: 3 (Financial Model)
- Component: 4 (Water Point)

Component: 1 (Support to LIC) এর আওতায় ০৪ জন Individual Consultants নিয়োগ করা হয়েছে। উক্ত ০৪ জন Individual Consultants মাঠ পর্যায়ে সার্বক্ষণিক মনিটর করছেন। তাছাড়া প্রকল্পের প্রকল্প পরিচালকসহ PMU এর ব্যবহারের জন্য কম্পিউটার, স্ক্যানার, প্রিন্টার, অফিস ফার্নিচার, অ
ফিস এস্টাবিলিশমেন্ট এবং প্রকল্প সাহায্য অংশের সমুদয় ভ্যাট ও আইটি জিওবি অংশ হতে বহন করা হয়েছে। Component: 2 (Capacity Building) এর আওতায় ০৪ জন কর্মকর্তা সিঙ্গাপুর ও কম্বোডিয়ায় ট্রেনিং এ অংশ গ্রহন করেছেন। Component: 3 (Financial Model) এর আওতায় ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাদকরণ করা হয়। Component: 4 (Water Point) এর আওতায় ছয়টি লটে CBO মডেলে ১৯৪১টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। এছাড়াও, লট-৮ এর আওতায় সোস্যাল বিজনেস পদ্ধতিতে ০২ টি রিজারর্ভার এর মাধ্যমে ২৯৫টি সংযোগ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় সর্বমোট (১৯৪১+২৯৫)=২২৩৬টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উক্ত লট-১, লট-২, লট-৩, লট-৪, লট-৬ ও লট-৭ এর আওতায় সর্বমোট ৮৮,৯২২ জন লোক উপকৃত হয়েছে।

১৪.০ স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত :

সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা এবং পিআইসি এরসভার সিদ্ধান্তসমূহ ও বায়বায়ন অগ্রগতির বিবরণঃ

ক্রমিক	স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১।	ক) প্রকল্পটির সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। খ) প্রকল্পের উদ্ধৃত অর্থে অতিরিক্ত কার্যক্রম গ্রহনের প্রস্তাবে বিষয়ে স্টিয়ারিং কমিটি নীতিগতভাবে সম্মত আছে। তবে বিষয়ে অবশ্যই ঢাকা ওয়াসা থেকে পূণাঙ্গ প্রস্তাব প্রেরণ করতে হবে। গ) চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপিতে প্রাপ্ত বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।	সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন।

ক	পিআইসি কমিটির সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১।	ক) প্রথম পর্যায়ের কাজগুলোর মধ্যে লট-৮ এর আওতায় ভাষানটেক বস্তির অসমাপ্ত কাজ শেষ করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ও বাংলাদেশ তাতঁ বোর্ডেও উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে পুনরায় আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) দ্বিতীয় পর্যায়ের কাজগুলো বাস্তবায়িতব্য লট-১ হতে লট-৭ এর CBO মডেলের আদলে করা হবে এবং প্রকল্পের মেয়াদকাল জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। উক্ত মেয়াদের মধ্যে দ্বিতীয় পর্যায়ের কাজের পরিধি বৃদ্দি করতে হবে যেন অব্যয়িত অর্থ সম্পন্ন শেষ করা সম্ভব হয়।	সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন।

১৫.০ সর্বশেষ আইএমইডি'র পরিদর্শনের সুপারিশ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি:

ক্রঃ নং	IMED এর মতামত/ সুপারিশ	ঢাকা ওয়াসার গৃহীত কার্যক্রম
১.	প্রকল্পের আওতায় যেসব CSP ও SSP ওয়াটার পয়েন্টের প্লাটফরম নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে সেসব ওয়াটার পয়েন্টে অতি দ্রুত হ্যান্ড টিউবওয়েল এবং পানির সংযোগ স্থাপন করতে হবে;	ইতিমধ্যে টিউবওয়েল এবং পানি সরবরাহ সকল কার্যক্রম সমাপ্ত হয়েছে।
২.	কালাপানি বস্তির জনাব আলী আকবরের বাড়িতে স্থাপনাধীন CSP ওয়াটার পয়েন্টে ঘেষে একটি টয়লেট রয়েছে। টয়লেটের বর্জ্যের ট্যাংক এবং ওয়াটার পয়েন্টের পানির হাউজ পাশাপাশি অবস্থান করায় হাউজের পানি দূষিত হবে কিনা তা পরীক্ষা করে দেখতে হবে;	সকল ওয়াটার পয়েন্ট এর পানির টেস্ট করা হয়েছে। উল্লেখিত ব্যক্তির পানির টেস্ট রিপোর্ট এসাথে সংযুক্ত করা হল।
৩.	প্রকল্পের আওতায় ওয়াটার পয়েন্টগুলোর স্থান এমন ভাবে নির্বাচন করতে হবে যেন অধিক সংখ্যক জনগন উপকৃত হয় এবং সকলের সার্বক্ষণিক access নিশ্চিত হয়;	অধিক সংখ্যক জনগন যাতে উপকৃত হতে পারে তা বিবেচনা করে ওয়াটার পয়েন্ট স্থাপন করা হয়েছে।
৪.	বেগুনটিলা বস্তির নুসরাত জাহান নাসিমা বেগমের বাড়িতে স্থাপনাধীন CSP ওয়াটার পয়েন্টের পানির হাউজসহ প্রকল্পের আওতায় স্থাপনাধীন/স্থাপিতব্য সকল ওয়াটার পয়েন্টের পানির হাউজ ভূমির সমতল হতে কিছুটা উচুঁ করে নির্মাণ করতে হবে;	সকল ওয়াটার পয়েন্ট সমতল হতে বেশ উচুঁতে করা হয়েছে। যা নক্শাতে উল্লেখ আছে (নক্শা সংযুক্ত)।
৫.	CSP ওয়াটার পয়েন্টের পানির হাউজ চুইয়ে বাইরে থেকে হাউজে পানি ঢুকে কিনা তা প্রতিটি ওয়াটার পয়েন্ট পরীক্ষা করে দেখতে হবে এবং সে অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	CSP ওয়াটার পয়েন্টের পানির হাউজে যাতে বাহির থেকে পানি ঢুকতে না পারে; সে বিষয়ে পরীক্ষা করে সকল ওয়াটার পয়েন্ট এর পানির টেস্ট করা হয়েছে।
৬.	প্রকল্পের আওতায় নির্মাণাধীন কাজের তথ্যসম্বলিত (কাজের নাম, ব্যয়, শুরু ও সমাপ্তির সময় উল্লেখপূর্বক কাজের মেয়াদ, বাস্তবায়নকারী সংস্থা, ঠিকাদার প্রতিষ্ঠানের নাম ইত্যাদি উল্লেখপূর্বক) সাইনবোর্ড় দৃশ্যমান জায়গায় স্থাপন করতে হবে;	সকল ওয়াটার পয়েন্টের পাশের ওয়ালে তথ্য সম্বলিত সাইবোর্ড লাগানো হয়েছে।
৭.	প্রতিটি কাজের সাইটে সাইট পরিদর্শন বই সংরক্ষণ করতে হবে;	সকল NGO সমূহকে বলা হয়েছে এবং সংরক্ষণ করছে।
৮.	প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত করার জন্য প্রকল্প পরিচালককে আরো তৎপর হতে হবে এবং অবশিষ্ট সময়ের জন্য একটি বাস্তব ভিত্তিক কর্মপরিকল্পনা প্রনয়ণ করে তা অনুসরণ করতে হবে;	১ম পর্যায়ের কাজ শেষ হয়েছে এবং একটি বাস্তব ভিত্তিক কর্মপরিকল্পনা প্রনয়ণ করে ২য় পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে।
৯.	নির্মাণ কাজের গুনগত মান বজায় রেখে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এতদুদ্দেশ্যে প্রকল্প পরিচালককে নিয়মিতভাবে বাস্তবায়নাধীন কার্যক্রম মনিটর করতে হবে;	প্রকল্পে ০৪ জন Individual Consultants নিয়োগ করা আছে; যারা সার্বক্ষণিক মনিটর করছে। তাছাড়া প্রকল্প পরিচালকসহ PMU মনিটর করা করেন।
১০.	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের পূর্বে CPM, PERT পদ্ধতি প্রয়োগে প্রকল্পের মেয়াদ যথাযথভাবে নির্ধারণ করতে হবে যাতে Time ও Cost overrun না হয়।	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের পূর্বে CPM, PERT পদ্ধতি যথাযথ অনুসরণ করা হবে।

১৬.০ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

উদ্দেশ্য	অর্জন
১. ঢাকা শহরের বস্তিতে প্রায় ৪০০০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা;	➢ অনুমোদিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা শহরের বস্তিতে প্রায় ৪০০০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার কাজটি করার জন্য ঢাকা মহানগরীর বিভিন্ন বস্তি (লট-১, লট-২, লট-৩, লট-৪, লট-৬, লট-৭ এবং লট-৮) মোট ৭টি লটে সম্পাদন করা হয়েছে। উক্ত লটগুলোর মধ্যে লট-১, লট-২, লট-৩, লট-৪, লট-৬ ও লট-৭ CBO মডেলে বাস্তবায়িত হয়েছে। এছাড়া লট-৮ সোস্যাল বিজনেস পদ্ধতিতে বাস্তবায়িত হয়েছে। মোট ছয়টি লটে CBO মডেলে ২১২৭টি ওয়াটার পয়েন্ট এর মধ্যে ১৯৪১টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। লট-৭ এ পর্যাপ্ত জায়গা না থাকায় ১৮৬টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা সম্ভব হয় নাই। লট-৮ এর আওতায় সোস্যাল বিজনেস পদ্ধতিতে ০২ টি রিজারর্ভার এর মাধ্যমে ১৬৫০টি ওয়াটার পয়েন্ট সংযোগের মধ্যে এ প্রকল্পের আওতায় ২৯৫টি সংযোগ দেয়া হয়েছে। অবশিষ্ট এলাকা বাংলাদেশ তাঁত বোর্ডের জমি হওয়ায় তাদের আপত্তির কারণে সংযোগ দেয়া সম্ভব হয় নাই। উক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, পাট ও বস্ত্র মন্ত্রণালয়, বাংলাদেশ তাঁত বোর্ড ও ঢাকা ওয়াসা একাধিক মিটিং করেন। কিন্তু পাট ও বস্ত্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ তাঁত বোর্ডের আপত্তির কারনে অবশিষ্ট সংযোগ দেয়া সম্ভব হয় নাই। প্রকল্পের শুরু থেকে সমাপ্তি পর্যন্ত প্রকল্পের আওতায় সর্বমোট (১৯৪১+২৯৫)=২২৩৬টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৫৫.৯০%। সুতরাং এই উদ্দেশ্যটি আংশিক অর্জিত হয়েছে।
২. বস্তি এলাকায় বসবাসকারী জনগণকে নির্মিত ওয়াটার পয়েন্ট সমূহের পরিচালনা ও রক্ষনাবেক্ষণের ব্যাপারে সক্ষম করে তোলা;	➢ বস্তি এলাকায় বসবাসকারী জনগণকে নির্মিত ওয়াটার পয়েন্ট সমূহের পরিচালনা ও রক্ষনাবেক্ষণের ব্যাপারে সক্ষম করে তোলা এবং স্বাস্থ্য সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যা চুক্তি অনুযায়ী প্রতিটি লটের মধ্যেই অন্তর্ভুক্ত ছিল।
৩. ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাতকরণ; এবং	➢ প্রকল্পের আওতায় ০৪ টি Component এর মধ্যে একটটি Component হলো Financial Model যার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উক্ত মডেল দ্বারা ঢাকা ওয়াসার Financial Sustainability Assesment analysis করা হয়। উক্ত Model এর Operation and Maintains মেয়াদ ০২(দুই) বছর (১ লা জুলাই ২০২০ হতে জুন ২০২২) পর্যন্ত। Financial Model হস্তান্তর এবং Operation and Maintains মেয়াদের জন্য Coordination Team গঠন করা হয়েছে। উক্ত Coordination Team এর আহবায়ক এর পরামর্শ অনুযায়ী ০৭ (সাত) সদস্য বিশিষ্ট Nodal Officer নিয়োগ করা হয়েছে। উক্ত Nodal Officerগণ Financial Model এর কার্যক্রম পরিচালনা করেন।
৪. ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরি সক্ষমতা বৃদ্ধি করা।	➢ ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরি সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে ডিপিপি অনুযায়ী মোট ১৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। এ অংঙ্গের থোক হিসেবে সংস্থান ছিল ২৬৪.০০ লক্ষ টাকা। এর বিপরীতে মাত্র ৫৩.০০ লক্ষ টাকা ব্যয়ে ৪জন কর্মকর্তাকে ৪ সপ্তাহ ব্যাপি সিঙ্গাপুর এবং কম্বোডিয়ায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অর্থাৎ এই উদ্দেশ্যটি আংশিক অর্জিত হয়েছে। প্রকল্পটির শুরু থেকে জুন ২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ৩১৬৮.৮৯ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৫২.৮১%। বাস্তব অগ্রগতি ৬৫.৬৮%।

১৭.০ **প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব:**

১৭.১ প্রত্যক্ষ প্রভাব: বিশুদ্ধ ও নিরাপদ পানি ব্যবস্থার মাধ্যমে স্বল্প আয়ের সাধারণ জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ।

১৭.২ পরোক্ষ প্রভাব: ঢাকা শহরের বস্তি এলাকায় পানি সরবরাহ সেবার মান উন্নয়নের ফলে একদিকে পানিবাহিত স্বাস্থ্য ঝুঁকি লাঘব হয়েছে অন্যদিকে অবৈধভাবে পানি সরবরাহ বন্ধ হওয়ায় ঢাকা ওয়াসার রাজস্ব বৃদ্ধি পেয়েছে । ঢাকা ওয়াসার ফাইনান্সিয়াল মডেল হালনাগাদকরণ ও ঢাকা ওয়াসার কর্মকর্তাদের কারিগরী সক্ষমতা বৃদ্ধি পেয়েছে ।

১৮.০। **মনিটরিং :** প্রকল্পটি (আইএমইডি'র) নিম্নবর্নিত টেবিল মোতাবেক বিভিন্ন কর্মকর্তা পরিদর্শন তথ্যাদি:

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবি	দপ্তর	পরিদর্শনের তারিখ	পরিদর্শনকৃত এলাকা
১	২	৩	৪	৫
০১।	জনাব ফজলুর রহমান সহকারী-পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২৪/০৩/২০১৮	
০২।	জনাব সাইফুল ইসলাম উপ-পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২৯/০৫/২০১৯	

১৯.০ অডিট সম্পর্কিত তথ্য :

এক্সটার্নাল অডিট :

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
২০১৭-২০১৮	০৬	০৩	০৩	03 objections solved out of 06 objections
২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০	১৩	-	১৩	Part-A: 06 objections & Part-B: 07 objections not solved.

*প্রকল্পটি জিওবি এবং বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত হওয়ায় ফাপাড কর্তৃপক্ষ কর্তৃক অডিট কার্যাদি সম্পন্ন করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে ৬টি আপত্তির মধ্যে ০৩টি নিষ্পত্তি করা হয়েছে এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ মোট ১৩টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। যা এখন পর্যন্ত নিষ্পত্তি হয়নি। অডিট আপত্তির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলা হলেও পরিদর্শনকালে এ বিষয়ে কোন অগ্রগতি বা অডিট আপত্তিসমূহের কোন প্রকার তথ্যাদি সরবরাহ করা হয়নি।

২০.০ <u>ক্রয় সংক্রান্ত তথ্যাদি:</u> (Procurement of goods, Works and Consultancy Services): প্রকল্পের ক্রয়পরিকল্পনা অনুযায়ী ১০টি কার্য এবং ৪টি সেবাসহ মোট ১৪টি প্যাকেজে ক্রয়কার্য সম্পন্ন করা হয়।

Description of procurement (goods/ works /Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka) **(Excluding VAT/IT)**		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract signing/I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Design and installation of Water Systems in LIC of Dhaka City, including awareness campaigning, formation of CBO, monitoring of water distribution and hygiene	680.00	397.65	23/05/2017	19/12/2017	30/06/2018	30/09/2018

Description of procurement (goods/ works /Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka) **(Excluding VAT/IT)**		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract signing/I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
promotion activities (Lot-01)						
Design and installation of Water Systems in LIC of Dhaka City, including awareness campaigning, formation of CBO, monitoring of water distribution and hygiene promotion activities (Lot-02)	400.00	390.04	23/05/2017	19/12/2017	30/06/2018	30/09/2018
Design and installation of Water Systems in LIC of Dhaka City, including awareness campaigning, formation of CBO, monitoring of water distribution and hygiene promotion activities (Lot-03)	579.00	448.95	23/05/2017	19/12/2017	30/06/2018	30/09/2018
Design and installation of Water Systems in LIC of Dhaka City, including awareness campaigning, formation of CBO, monitoring of water distribution and hygiene promotion activities (Lot-04)	500.00	477.80	23/05/2017	19/12/2017	30/06/2018	30/09/2018
Design and installation of Water Systems in LIC of Dhaka City, including awareness campaigning, formation of CBO, monitoring of water distribution and hygiene promotion activities (Lot-06)	580.00	398.24	23/05/2017	19/12/2017	30/06/2018	30/09/2018

Description of procurement (goods/ works /Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka) **(Excluding VAT/IT)**		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract signing/I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Design and installation of Water Systems in LIC of Dhaka City, including awareness campaigning, formation of CBO, monitoring of water distribution and hygiene promotion activities (Lot-07)	550.00	473.04	23/05/2017	19/12/2017	30/06/2018	30/09/2018
Design and installation of Water Systems in Bhashantek Bosti in Dhaka City, including awareness campaigning, monitoring of water distribution and hygiene promotion activities (L-8)	300.00	290.67	20/08/2017	19/12/2017	30/06/2018	30/04/2020
Scanar, Digital camara, AC, Projector with Screen, Fax & Tele conference Equipment, Color Phatocopy Machine, Computer set with Printer, Filter, GPS Machine.	11.00	10.84	09/10/2018	13/11/2018	12/12/2018	12/12/2018
Office Furniture	10.00	9.82	19/06/2019	16/06/2019	27/06/2019	27/06/2019
Office Establishment	30.00	29.57	09/04/2019	13/05/2019	12/06/2019	12/06/2019
Technical assistance for financial model	264.00	278.38	18/09/2017	23/07/2018	30/06/2019	30/06/2020
Indiviual Consultants (04 Persons)	100	99.50	17/08/2017	18/12/2017	30/06/2018	30/10/2019

২১.০ **প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য:** অনুমোদিত ডিপিপি অনুযায়ী ১টি মাইক্রোবাস ক্রয়ের জন্য ৬০.০০ লক্ষ টাকা প্রাক্কলন ধরা থাকলেও উন্নয়ন সহযোগী কর্তৃক অর্থ অবমুক্ত না করায় গাড়ি ক্রয় করা সম্ভব হয়নি।

প্রকল্প পরিদর্শন সংক্রান্ত বিশ্লেষণ ও পর্যবেক্ষণ:

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক, জনাব মো. আমিনুর রহমান কর্তৃক প্রকল্পটি গত ১৬/১১/২০২৩ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক (অঃদঃ) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ নুরুজ্জামান, কমিউনিটি অর্গানাইজার মোসাম্মদ আফরিন আক্তার, উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ মাসুদ হোসেনসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেন। পরিদর্শনকালে ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়িত সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় নির্মিত কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করা হয়।

পরিদর্শনকৃত কাজের নাম ও অগ্রগতির তথ্য:

প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ৭টি লটে বিভক্ত করে ধারাবাহিকভাবে সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনের আলোকে লটভিত্তিক বাস্তবায় কাজের অগ্রগতি ধারাবাহিকভাবে নিম্নে তুলে ধরা হলোঃ

লট নং-০১ কাজের অগ্রগতিঃ

প্রকল্পের লট নং-০১ বাস্তবায়নের উদ্দেশ্যে গত ২৩/০৫/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়; যার প্রাক্কলিত মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৪৮০.৭০ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়ন শেষে এনজিও DSK- NSF- NDBUS এর সাথে ১৯/১২/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়; যার চুক্তি মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৩৯৭.৬৫ লক্ষ টাকা। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে; যা পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি মেয়াদ ৩০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ০১/০১/২০১৯ তারিখে চুড়ান্ত বিল প্রদান করা হয়। উক্ত চুড়ান্ত বিলের পরিমান ভ্যাট ও আইটি ব্যতিত ৩৬০.৫৯ লক্ষ টাকা। চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ০৫টি বস্তি যথা:- কালাপানি বস্তি, বেগুনটিলা বস্তি, কুর্মিটোলা ক্যাম্প, বালুরমাঠ এবং রাজুর বস্তিতে CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৪২২ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৪২২ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উক্ত লট-০১ এর আওতায় মোট ১৮৯৯০ জন লোক উপকৃত হয়েছে। উক্ত কাজসমূহ ১৬/১১/২০২৩ তারিখে যৌথ পরিদর্শনে সঠিক পাওয়া গেছে। এই লটের আওতায় স্থাপিত বেগুনটিলা বস্তি এলাকা পরিদর্শনকালে বেশ কয়েকটি স্থানে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প CSP এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) সমূহের বেশ কয়েকটিতে পর্যাপ্ত পরিমাণে পানি আসছেনা এবং কয়েকটি টিউবওয়েলে পানি অল্প পরিমাণে আসছে, দৈনিক দুবার কিছু সময়ের জন্য আসছে এমন অবস্থায় পাওয়া গিয়েছে। স্থানীয় জনসাধারণ বিকল্প পদ্ধতিতে অবৈধভাবে অল্প টাকার বিনিময়ে পানি সরবরাহের ব্যবস্থা করছে। বস্তির জনসাধারণ সরকারিভাবে পদত্ত এই সুবিধা গ্রহণ করতে চাইছেন না। অনেকেই নামে মাত্র ব্যবহার করছেন যার ফলে সরকারের এই খাতে যে পরিমাণ রাজস্ব পাওয়ার কথাছিল তা পাচ্ছেনা। অবিলম্বে বস্তি এলাকাসমূহে অবৈধ পানি সরবরাহ ব্যবস্থা বন্ধ করার উদ্যেগ গ্রহণ করা প্রয়োজন।

লট নং-০২ কাজের অগ্রগতিঃ

প্রকল্পের লট নং-০২ বাস্তবায়নের উদ্দেশ্যে গত ২৩/০৫/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়; যার প্রাক্কলিত মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৩৩২.৫৫ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়ন শেষে এনজিও DSK- BASA- IPD এর সাথে ১৯/১২/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়; যার চুক্তি মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ২৮৪.৭৩ লক্ষ টাকা। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে; যা পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি মেয়াদ ৩০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ১৭/১২/২০১৮ তারিখে চুড়ান্ত বিল প্রদান করা হয়। উক্ত চুড়ান্ত বিলের পরিমান ভ্যাট ও আইটি ব্যতিত ২৫৬.০৯ লক্ষ টাকা। চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ০১টি বস্তি যথা:- মুক্তিযোদ্ধা কমপ্লেক্স বস্তিতে CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৩০০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৩০০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উক্ত লট-০২ এর আওতায় মোট ১৩৫০০ জন লোক উপকৃত হয়েছে। উক্ত কাজসমূহ ১৬/১১/২০২৩ তারিখে যৌথ পরিদর্শনে সঠিক পাওয়া গেছে।

লট নং-০৩ কাজের অগ্রগতিঃ

প্রকল্পের লট নং-০৩ বাস্তবায়নের উদ্দেশ্যে গত ২৩/০৫/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়; যার প্রাক্কলিত মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৩৮১.২৬ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়ন শেষে এনজিও BASA- IPD- CGS এর সাথে ১৯/১২/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়; যার চুক্তি মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৩২৭.৭৩ লক্ষ টাকা। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮

তারিখের মধ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে; যা পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি মেয়াদ ৩০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ১৪/০৩/২০১৯ তারিখে চুড়ান্ত বিল প্রদান করা হয়। উক্ত চুড়ান্ত বিলের পরিমান ভ্যাট ও আইটি ব্যতিত ৩০৫.৩১ লক্ষ টাকা। চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ০৪টি বস্তি যথা:- থার্টিনাস ক্যাম্প, এম সি সি ক্যাম্প, রহমত ক্যাম্প এবং বাগানবাড়ী বস্তিতে CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৩৩২ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৩৩২ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উক্ত লট-০৩ এর আওতায় মোট ১১৯৫২ জন লোক উপকৃত হয়েছে। উক্ত কাজসমূহ ১৬/১১/২০২৩ তারিখে যৌথ পরিদর্শনে সঠিক পাওয়া গেছে।

লট নং-০৪ কাজের অগ্রগতি:

প্রকল্পের লট নং-০৪ বাস্তবায়নের উদ্দেশ্যে গত ২৩/০৫/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়; যার প্রাক্কলিত মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৫৫৭.৩৬ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়ন শেষে এনজিও DSK এর সাথে ১৯/১২/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়; যার চুক্তি মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৪৭৭.৮১ লক্ষ টাকা। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে; যা পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি মেয়াদ ৩০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ২০/০৬/২০১৯ তারিখে চুড়ান্ত বিল প্রদান করা হয়। উক্ত চুড়ান্ত বিলের পরিমান ভ্যাট ও আইটি ব্যতিত ৪৩৬.০০ লক্ষ টাকা। চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ০৫টি বস্তি যথা:- এরশাদনগর বস্তি, ভাংঙ্গা দেয়াল বস্তি, গোডাউন বস্তি, বেদের বস্তি এবং স্যাটেলাইট বস্তিতে CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৪৯৩ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৪৯৩ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উক্ত লট-০৪ এর আওতায় মোট ২৬৬২২ জন লোক উপকৃত হয়েছে। উক্ত কাজসমূহ ১৬/১১/২০২৩ তারিখে যৌথ পরিদর্শনে সঠিক পাওয়া গেছে।

লট নং-০৬ কাজের অগ্রগতি:

প্রকল্পের লট নং-০৬ বাস্তবায়নের উদ্দেশ্যে গত ২৩/০৫/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়; যার প্রাক্কলিত মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ২৬৯.৭৬ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়ন শেষে এনজিও SPACE-SOF-KE এর সাথে ১৯/১২/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়; যার চুক্তি মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ২৯০.৭২ লক্ষ টাকা। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে; যা পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি মেয়াদ ৩০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ২৭/১১/২০১৮ তারিখে চুড়ান্ত বিল প্রদান করা হয়। উক্ত চুড়ান্ত বিলের পরিমান ভ্যাট ও আইটি ব্যতিত ২৮৮.৯১ লক্ষ টাকা। চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ০৪টি বস্তি যথা:- সাততলা চৌধুরিপাড়া বস্তি, সাততলা বাউন্ডারী বস্তি, সাততলা পোড়া বস্তি এবং সাততলা স্টাফ মহল্লা বস্তিতে CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ২৩০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ২৩০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উক্ত লট-০৬ এর আওতায় মোট ১২৬৯২ জন লোক উপকৃত হয়েছে। উক্ত কাজসমূহ ১৬/১১/২০২৩ তারিখে যৌথ পরিদর্শনে সঠিক পাওয়া গেছে।

লট নং-০৭ কাজের অগ্রগতি:

প্রকল্পের লট নং-০৭ বাস্তবায়নের উদ্দেশ্যে গত ২৩/০৫/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়; যার প্রাক্কলিত মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৩৯০.৮৫ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়ন শেষে এনজিও BASA এর সাথে ১৯/১২/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়; যার চুক্তি মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ৩৪৫.৩২ লক্ষ টাকা। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে; যা পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি মেয়াদ ৩০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ২০/০৬/২০১৯ তারিখে চুড়ান্ত বিল প্রদান করা হয়। উক্ত চুড়ান্ত বিলের পরিমান ভ্যাট ও আইটি ব্যতিত ১৬০.৮৯ লক্ষ টাকা। চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ০৩টি বস্তি যথা:- ফুটবল গ্রাউন্ড ক্যাম্প, রিলিফ ক্যাম্প এবং পোস্ট অফিস ক্যাম্প বস্তিতে CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ৩৫০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী CBO মডেলে আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প (CSP) এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) পদ্ধতিতে মোট ১৬৪ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উল্লেখিত এলাকায় পর্যাপ্ত জায়গা না থাকায় ১৮৬টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা সম্ভব হয় নাই। উক্ত লট-০৭ এর আওতায় মোট ৫১৬৬ জন লোক উপকৃত হয়েছে। উক্ত কাজসমূহ ১৬/১১/২০২৩ তারিখে যৌথ পরিদর্শনে সঠিক পাওয়া গেছে।

লট নং-০৮ কাজের অগ্রগতিঃ

প্রকল্পের লট নং-০৮ বাস্তবায়নের উদ্দেশ্যে গত ২০/০৮/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়; যার প্রাক্কলিত মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ২৮২.১৭ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়ন শেষে এনজিও W&L- SJP এর সাথে ১৯/১২/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়; যার চুক্তি মূল্য ছিল ভ্যাট ও আইটি ব্যতিত ২৯০.৬৭ লক্ষ টাকা। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে; যা পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি মেয়াদ ৩০/০৪/২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ৩০/০৬/২০২০ তারিখে চুড়ান্ত বিল প্রদান করা হয়। উক্ত চুড়ান্ত বিলের পরিমান ভ্যাট ও আইটি ব্যতিত ১৮৫.৩২ লক্ষ টাকা। চুক্তি অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ভাষানটেক বস্তিতে মোট ১৬৫০টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। চুক্তি অনুযায়ী সোস্যাল বিজনেস পদ্ধতিতে ০২ টি রিজারর্ভার এর মাধ্যমে ১৬৫০টি ওয়াটার পয়েন্ট সংযোগের মধ্যে এ লটের আওতায় ২৯৫টি সংযোগ দেয়া হয়েছে। অবশিষ্ট এলাকা বাংলাদেশ তাঁত বোর্ডের জমি হওয়ায় তাঁহাদের বাঁধার কারণে সংযোগ দেয়া সম্ভব হয় নাই। উক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, পাট ও বস্ত্র মন্ত্রণালয়, বাংলাদেশ তাঁত বোর্ড ও ঢাকা ওয়াসা একাধিক মিটিং করেন। কিন্তু পাট ও বস্ত্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ তাঁত বোর্ডের আপত্তির কারনে অবশিষ্ট সংযোগ দেয়া সম্ভব হয় নাই। উক্ত কাজসমূহ ১৬/১১/২০২৩ তারিখে যৌথ পরিদর্শনে সঠিক পাওয়া গেছে।

২১। **সার্বিক পর্যবেক্ষণঃ**

ঢাকা মহানগরীর বিভিন্ন বস্তি (লট-১, লট-২, লট-৩, লট-৪, লট-৬, লট-৭ এবং লট-৮) সরেজমিনে পরিদর্শন করা হয়। উক্ত লটগুলোর মধ্যে লট-১, লট-২, লট-৩, লট-৪, লট-৬ ও লট-৭ CBO মডেলে বাস্তবায়িত হয়েছে। এছাড়া লট-৮ সোস্যাল বিজনেস পদ্ধতিতে বাস্তবায়িত হয়েছে। মোট ছয়টি লটে CBO মডেলে ২১২৭টি ওয়াটার পয়েন্ট এর মধ্যে ১৯৪১টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। লট-৭ এ পর্যাপ্ত জায়গা না থাকায় ১৮৬টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা সম্ভব হয় নাই। লট-৮ এর আওতায় সোস্যাল বিজনেস পদ্ধতিতে ০২ টি রিজারর্ভার এর মাধ্যমে ১৬৫০টি ওয়াটার পয়েন্ট সংযোগের মধ্যে এ প্রকল্পের আওতায় ২৯৫টি সংযোগ দেয়া হয়েছে। অবশিষ্ট এলাকা বাংলাদেশ তাঁত বোর্ডের জমি হওয়ায় তাঁহাদের বাঁধার কারণে সংযোগ দেয়া সম্ভব হয় নাই। উক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, পাট ও বস্ত্র মন্ত্রণালয়, বাংলাদেশ তাঁত বোর্ড ও ঢাকা ওয়াসা একাধিক মিটিং করেন। কিন্তু পাট ও বস্ত্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ তাঁত বোর্ডের আপত্তির কারনে অবশিষ্ট সংযোগ দেয়া সম্ভব হয় নাই। অতএব, উক্ত প্রকল্পের আওতায় সর্বমোট (১৯৪১+২৯৫)=২২৩৬টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করা হয়েছে। উক্ত লট-১, লট-২, লট-৩, লট-৪, লট-৬ ও লট-৭ এর আওতায় সর্বমোট ৮৮,৯২২ জন লোক উপকৃত হয়েছে। প্রকল্পের শুরু থেকে জুন ২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ৩১৬৮.৮৯ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৫২.৮১%। বাস্তব অগ্রগতি ৬৫.৬৮%। আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে দেখা যায়, প্রকল্পটির প্রধান অংগের কাজ সম্পূর্ণভাবে শেষ হয়নি। ৪০০০ টি ওয়াটার পয়েন্টস এর স্থলে ২২৩৬ টি অর্থাৎ ৫৫.৯০% ওয়াটার পয়েন্ট স্থাপন করা হয়েছে। এর ফলে প্রকল্পের উদ্দেশ্যও শতভাগ অর্জিত হয়নি। বৈদেশিক প্রশিক্ষণখাতে ২৬৪.০০ লক্ষ টাকায় ১৫ জন কর্মকর্তার প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৩.০০ লক্ষ টাকা ব্যয়ে ৪ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ সম্পন্ন করা হয়। অর্থাৎ এই উদ্দেশ্যটিও শতভাগ অর্জিত হয়নি। প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প শেষ করতে হলে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, জুন ২০২২ পরিপত্রের বিধি ১৮.২.১ পদ্ধতি অনুসরণ করা আবশ্যক হলেও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি।

২১.১। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে জিওবি অংশে প্রাক্কলিত ব্যয় ধরা রয়েছে ১৬০০.০০ লক্ষ টাকা। তন্মধ্যে প্রকল্প চলাকালীন সময়ে বিভিন্ন কিস্তিতে ৮০০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। উক্ত ছাড়কৃত অর্থ হতে প্রকল্পে শুরু হতে জুন ২০২০ পর্যন্ত ৭৪৬.২৭ লক্ষ টাকা বিভিন্ন খাতে ব্যয় হয়েছে। প্রকল্পের অনুকূলে জিওবি খাতের এবং বৈদেশিক খাতের টাকা দুটি পৃথক একাউন্টে সোনালী ব্যাংক লিঃ, কাওরান বাজার শাখার মাধ্যমে পরিচালিত হয়েছে। জিওবি খাতে প্রকল্পের সকল কার্যক্রম শেষে অব্যয়িত অর্থের পরিমাণ ৫৩.৭৩ লক্ষ টাকা। পরিদর্শনকালে প্রকল্প কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত তথ্যে দেখা যায় জিওবি খাতের আর্থিক ব্যয়সমূহ সোনালী ব্যাংক লিঃ, কাওরান বাজার শাখার একাউন্ট নং- ০১১৭২০৩০০০২৩১ এর মাধ্যমে পরিচালিত হয়েছে। ব্যাংকের সর্বশেষ স্টেটমেন্ট অনুযায়ী সুদসহ এখাতে ৫৭২০৭০৪.০০ টাকা জমা রয়েছে যা এখন পর্যন্ত সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। অব্যয়িত অর্থ জমা না দেয়ার বিষয়ে জানতে চাইলে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন ইতিমধ্যে অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানসহ একাউন্টটি বন্ধ করার জন্য ঢাকা ওয়াসার হিসাব বিভাগকে পত্র দেয়া হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে।

২১.২। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের সাহায্য অংশে ৪৪০০.০০ লক্ষ উল্লেখ রয়েছে। প্রকল্প চলাকালীন সময়ে ৩টি কিস্তিতে প্রকল্পের সাহায্য অংশে ২৮৯০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। উক্ত ছাড়কৃত অর্থ হতে প্রকল্পের সাহায্য অংশে ২৪২২.৬২ লক্ষ টাকা বিভিন্ন খাতে ব্যয় হয়েছে। প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক আর্থিক অগ্রগতির তথ্য অনুযায়ী বৈদেশিক অর্থ

২৪২২.৬২ লক্ষ টাকা ব্যয় হয়েছে বলা হলেও সোনালী ব্যাংক লিঃ, কাওরান বাজার শাখার একাউন্ট নং ০১১৭২০৩০০০২১৯ এর সর্বশেষ স্টেটমেন্টে দেখা যায় সুদসহ এ খাতে
৪৭৫৯৫২০০.০৮ টাকা জমা রয়েছে যা এখন পর্যন্ত দাতা সংস্থার কাছে ফেরত প্রদান করা হয়নি। বৈদেশিক অর্থ ফেরত প্রদানের বিষয়ে অগ্রগতি জানতে চাইলে প্রকল্প কর্তৃপক্ষ জানান ইতিমধ্যে অব্যয়িত অর্থ ফেরত প্রদানের বিষয়টি জানিয়ে স্থানীয় সরকার বিভাগ বরাবরে পত্র দেয়া হয়েছে ।

২১.৩। সংশোধিত ডিপিপি অনুযায়ী ফাইনান্সিয়াল মডেল এর জন্য কারিগরী সহায়তা খাতে ২৬৪.০০ লক্ষ টাকার বিপরীতে ২৭৬.৯৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে অর্থাৎ অতিরিক্ত ১২.৯৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। অতিরিক্ত ব্যয়ের কারণ হিসেবে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয় ডিপিপি তৈরি করার সময় উক্ত খাতে ৩০০০০০ ইউরো বা (৩০০০০০*৮৮) বা ২,৬৪,০০,০০০/- টাকা ধরা হয়েছে । যেহেতু চুক্তিটি ইউরোতে করা হয় সেক্ষেত্রে ইউরোর রেট বৃদ্ধি পাওয়ায় চুক্তি মূল্য ২,৭৮,৩৭,৬৩২/- টাকা হয়েছে । তবে বিভিন্ন সময়ে বিল পরিশোধ করায় ইউরোর রেট কম/বেশী হওয়ায় উক্ত পরামর্শক প্রতিষ্ঠান ২,৭৬,৯৭,৫৫২/- টাকা বিল পেয়েছে । অতিরিক্ত ব্যয়ের বিষয়টি আন্তঃঅংগ সমন্বয়ের মাধ্যমে নিয়মিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

২১.৪। প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিসিআর প্রতিবেদনে প্রকল্পের শুরু থেকে সমাপ্তিকাল পর্যন্ত অর্থাৎ জুন ২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৩১৬৯.৩১ লক্ষ টাকা দেখানো হলেও পরিদর্শনকালে প্রদত্ত তথ্যে প্রকৃত ব্যয় দেখানো হয়েছে ৩১৬৮.৮৯ লক্ষ টাকা যা ০.৪২ লক্ষ টাকা কম। ব্যয়ের স্বপক্ষে প্রকল্প কর্তৃপক্ষ আইএমইডি'র ০৫ ছক এবং ব্যাংক স্টেটমেন্ট প্রদান করেছেন।

২১.৫। প্রকল্পের আওতায় স্থাপিত আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প CSP এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) সমূহের বেশ কয়েকটিতে পর্যাপ্ত পরিমাণে পানি আসছেনা এবং কয়েকটি টিউবওয়েলে পানি অল্প পরিমাণে আসছে, দৈনিক দুবার কিছু সময়ের জন্য আসছে এমন অবস্থায় পাওয়া গিয়েছে। স্থানীয় জনসাধারণ অবৈধভাবে অল্প টাকার বিনিময়ে পানি সরবরাহের ব্যবস্থা করছে। বস্তির জনসাধারণ সরকারিভাবে পদত্ত এই সুবিধা গ্রহণ করতে চাইছেন না। অনেকেই নামে মাত্র ব্যবহার করছেন যার ফলে সরকারের এই খাতে যে পরিমাণ রাজস্ব পাওয়ার কথাছিল তা পাচ্ছেনা। অবিলম্বে বস্তি এলাকাসমূহে অবৈধ পানি সরবরাহ ব্যবস্থা বন্ধ করার উদ্যেগ গ্রহণ করা প্রয়োজন। বস্তি এলাকার জনসাধারণকে ওয়াসা কর্তৃক সরবরাহকৃত বিশুদ্ধ পানি ব্যবহারে উৎসাহিত করা এবং নিয়মিত রাজস্ব প্রদানে বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং জোরদার করার বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

২১.৬। প্রকল্পটির মূলধন খাতের অন্যতম প্রধান খাত ওয়াটার পয়েন্ট, ওয়াটার চেম্বার, ষ্ট্যান্ড পোষ্ট ইত্যাদি স্থাপন (সচেতনতা ক্যাম্পেইনিং, CBO ফরমেশন এবং হাইজিন প্রমোশন এক্টিভিটিস ইন LIC থ্রু NGOs) করা । সংশোধিত ডিপিপিতে এই অংগে ৪০০০ টি ওয়াটার পয়েন্ট নির্মাণ করার জন্য ৩৫৮৯.০০ লক্ষ টাকা ধরা ছিল। প্রকল্প কর্তৃপক্ষ বৈদেশিক অর্থের ছাড়করণ, দাতা সংস্থার শর্ত প্রতিপাল, স্থান প্রাপ্তিতে জটিলতা তৈরী ইত্যাদি কারণে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। এই অংগে ১৯৯৩.১০ লক্ষ টাকা ব্যয়ে ২২৩৬ টি আন্ডার গ্রাউন্ড রির্জারভারসহ হ্যান্ড পাম্প CSP এবং প্লাটফর্মসহ হ্যান্ড পাম্প (SSP) স্থাপন করতে সক্ষম হয়েছেন। যা এই অংগের মোট কাজের ৫৫.৯০%। প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণার ক্ষেত্রে সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সম্পর্কিত গাইড লাইনের অনুচ্ছেদে ১৮.২.১ – ১৮.২.৫ পর্যন্ত সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। যেহেতু আলোচ্য প্রকল্পটি'র বাস্তব অগ্রগতি (৫৫.৯০%) বিবেচনায় সমাপ্ত করার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিপত্রের বর্ণিত ধারা অনুসরণ করা হয়নি সেহেতু উক্ত পরিপত্রের ১৮.২.৬ অনুচ্ছেদ মোতাবেক বিষয়টি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা যুক্তিযুক্ত ও সমীচিন হবে।

২২। **প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:**

প্রকল্পের স্থির চিত্র	**প্রকল্পের স্থির চিত্র**	
		
মিরপুরস্থ মুক্তিযুদ্ধ কমপ্লেক্স এলাকা		
		
		
ভাষাণটেক বস্তি এলাকায় স্থাপিত পানির লাইন	স্থাপিত পানির ট্যাংকি	এরশাদ নগর, বনানী স্থাপিত টিউবওয়েল

২৩। **সুপারিশ/মতামতঃ**

২৩.১। বিনিয়োগ প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত করতে হলে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, জুন ২০২২ পরিপত্রের বিধি ১৮.২.১ অনুসরণ করা আবশ্যক হলেও আলোচ্য প্রকল্পটির ক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি। এক্ষেত্রে প্রকল্পটির পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত পরিপত্রের ১৮.২.৬ বিধি অনুযায়ী প্রতিবেদনটি ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন এ প্রেরণ করা আবশ্যক;

২৩.২। জিওবি খাতে অব্যয়িত ৫৭২০৭০৪.০০ টাকা প্রকল্প সমাপ্তির পরেও কেন এতোদিন সরকারি কোষাগারে জমা প্রদান করা হলো না সে বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ ব্যাখা প্রদান করাসহ অবিলম্বে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে এবং বৈদেশিক অনুদানের ৪৭৫৯৫২০০.০৮ টাকা বিধি মোতাবেক দাতা সংস্থা AFD কে ফেরৎ প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রমাণকসমূহ আএমইডি'কে অবহিত করতে হবে;

২৩.৩। ফাপাড কর্তৃপক্ষ কর্তৃক অনিষ্পন্ন ২০১৭-১৮ অর্থবছরে ০৩টি এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ এই দুই অর্থবছরে ১৩টি অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করে প্রমাণকসমূহ আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

২৩.৪। জরুরী ভিত্তিতে অবৈধভাবে বস্তি এলাকাসমূহে পানি সরবরাহ ব্যবস্থা বন্ধ করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বস্তি এলাকার জনসাধারণকে ওয়াসা কর্তৃক সরবরাহকৃত বিশুদ্ধ পানি পানে উৎসাহিত করা এবং নিয়মিত রাজস্ব আদায়ের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২৩.৫। পরিদর্শনকালে বস্তি এলাকাসমূহে চিহ্নিত সমস্যাসমূহ দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং ভবিষ্যতে ওয়াসা কর্তৃক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে যথাযথ ফিজিবিলিটির মাধ্যমে সংযোগ প্রদানের স্থান নিশ্চিত করতে হবে;

২৩.৬। সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনের অনুচ্ছেদ ২৩.১ হতে ২৩.৫ এ প্রদত্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগারের জন্য জমি অধিগ্রহণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

১। প্রকল্পের নাম : রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগারের জন্য জমি অধিগ্রহণ (১ম সংশোধিত) প্রকল্প।

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আমিনুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন, সেক্টর-৩।

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ০৭/০২/২০২৪।

৪। প্রকল্পের অবস্থান : রাজশাহী জেলার গোদাগাড়ী ও পব উপজেলা ।

৫। বাস্তবায়নকারী সংস্থা : রাজশাহী ওয়াসা, রাজশাহী

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার বিভাগ (এলজিডি)।

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈ.মু.)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন-কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৭৮৬৯.১৮	৮৯৯৬.০০	৮৭৬৫.২০ (০.০০)	জলাই ২০১৮-জুন ২০১৯	জলাই ২০১৮-জুন ২০২০	জলাই ২০১৮-জুন ২০২০	৮৯৬.০২ (১১.৩৯%)	১২ মাস (১০০%)

৮। **প্রকল্পের পটভূমি:**
প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার মাধ্যমে জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।

৯। **প্রকল্প এলাকা:** রাজশাহী জেলার গোদাগাড়ী ও পবা উপজেলা।

১০। **প্রকল্পের উদ্দেশ্যসমূহ:**
রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার নির্মাণের জন্য ৫৩.৩১ একর জমি অধিগ্রহণ করা, যা পানি সরবরাহ ব্যবস্থায় নিম্নবর্ণিত অর্জন সমূহ নিশ্চিত করবে।

১১। **প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলো হলো:**

১) ২০৩৫ সালের চাহিদা অনুযায়ী গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করার লক্ষ্যে ২০০ MLD (দৈনিক ২০ কোটি লিটার) পানি উৎপাদনের মাধ্যমে জনসংখ্যার ভিত্তিতে পানির কাভারেজ ৭১% হতে ১০০% উন্নীতকরণ, জন প্রতি দৈনিক পানি ব্যবহার ৬৫ লিটার হতে ১৪০ লিটার-এ উন্নীতকরণ এবং পানির গুণগত মান উন্নীতকরণ;

২) পানির উৎস ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পানি উৎস হিসেবে ১০০% ভূ-উপরিস্থিত পানি ব্যবহার করা।

১২। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন:**

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	মূল/ পূর্ববর্তী আরডিপিপি'র সাপেক্ষে পরিবর্তন	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৭৮৬৯.১৮	০০	৭৮৬৯.১৮	-	জলাই ২০১৮-জুন ২০১৯	১১/০৯/২০১৮		
সংশোধিত (১ম)	৮৯৯৬.০০	০০	৮৯৯৬.০০	-	জলাই ২০১৮-জুন ২০২০	২১/১০/২০১৯	৮৯৬.০২ (১১.৩৯%)	১ বছর (১০০%)

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধির হার (%): ১১.৩৯%
(গ) মূল মেয়াদের সাথে ক্রমপুঞ্জিভূত মেয়াদ বৃদ্ধির হার (%): ৫০%

১৩। প্রকল্প সংশোধনের প্রধান কারণ:
১ম সংশোধনীর কারণ: জমির মূল্য বৃদ্ধি পাওয়ার কারনে সময় বৃদ্ধির প্রয়োজন হয়।

১৪। আর্থিক অগ্রগতি:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	প্রাক্কলিত ব্যয়			আরএডিপি বরাদ্দ			জিওবি অর্থ ছাড়	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
২০১৮-২০১৯	৭৮৪৯.৭৫	৭৮৪৯.৭৫	০.০০	৭৮৪৯.৭৫	৭৮৪৯.৭৫	০.০০	৭৮৪৯.৭৫	৭৮৪৯.৭৫	৭৮৪৯.৭৫	০.০০	০.০০
২০১৯-২০২০	১১৪৬.২৫	১১৪৬.২৫	০.০০	১১৪৬.২৫	১১৪৬.২৫	০.০০	১১৪৬.২৫	৯১৫.৪৫	৯১৫.৪৫	০.০০	২৩০.৮০
মোট	**৮৯৯৬.০**	**৮৯৯৬.০০**	**০.০০**	**৮৯৯৬.০০**	**৮৯৯৬.০০**	**০.০০**	**৮৯৯৬.০০**	**৮৭৬৫.২০**	**৮৭৬৫.২০**	**০.০**	**২৩০.৮০**

*** ২০১৯-২০২০ অর্থবছরে ১১৪৬.২৫ লক্ষ টাকা অবমুক্ত । উক্ত অর্থ হতে ৯১৫.৪৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। অবশিষ্ট ২৩০.৮০ লক্ষ টাকা চালানের মাধ্যমে ফেরত প্রদান করা হয়েছে।**

১৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি (লক্ষ টাকায়)

কোড	অঙ্গের বিবরণ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০.০৬.২০২০)		হ্রাস/বৃদ্ধি +/(-)
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত (%)	
১	২	৩	৪	৫	৬	৭	
ক)	**রাজস্ব ব্যয়**						
৩২৪৩১০১	পেট্রোল, জ্বালানী ও লুব্রিকেন্ট	২০০০০ লিটার	১.৭৩	২০০০০ লিটার	০.২৫	২৮৯.০০ লিটার (১৪.৪৫%)	
৩১১১৩৩২	কমিটির মিটিং/কমিশন	থোক	১.০০	থোক	১.০০	থোক (১০০%)	
৩২৫৫১০৪	ষ্টেশনারী,সীল ও ষ্ট্যাম্প	থোক	০.২৫	থোক	০.২৫	থোক (১০০%)	
৩২৫৬১০১	অন্যান্য ব্যয়	থোক	৫.০০	থোক	২.৮৫	থোক (১০০%)	
খ)	**মূলধন ব্যয়**						
৪১১২১০১	মটর সাইকেল	০২টি	৫.৭০	০২টি	৫.৭০	০২টি (১০০%)	
৪১৪১১০১	ভূমি অধিগ্রহণ	৫২.০০৪৮ একর	৮৯৬৭.৩২	একর	৮৭৪৭.১৭	৫২.০০৪৮ একর (১০০%)	
	জমির সীমানা নির্ধারণ পিলার নির্মাণ	থোক	১৫.০০	থোক	৭.৯৮	থোক (১০০%)	

কোড	অঙ্গের বিবরণ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০.০৬.২০২০)		হ্রাস/বৃদ্ধি +/(-)
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত (%)	
১	২	৩	৪	৫	৬	৭	
	মোট মূলধন ব্যয়ঃ		**৮৯৮৮.০২**		**৮৭৬০.৮৫**		
	মোট ব্যয়ঃ (ক+খ)		**৮৯৯৬.০০**		**৮৭৬৫.২০**	**(৯৭.৯৩%)**	

প্রকল্পটি ৭৮৬৯.১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ - জুন ২০১৯ পর্যন্ত বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পটি ১ বার সংশোধন করা হয়। সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ৮৯৯৬.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ নির্ধারণ করা হয় জুলাই ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পের শুরু থেকে জুন ২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ৮৭৬৫.২০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৯৭.৪৩%। বাস্তব অগ্রগতি ৯৭.৯৩ %।

১৬। প্রকল্পের প্রধান প্রধান ক্রয়/কাজ সংক্রান্ত তথ্য (আরডিপিপি'র তথ্যানুযায়ী):
অনুমোদিত ডিপিপি'র মোট প্যাকেজ সংখ্যা: ৪টি (পণ্য ৩টি, কার্য ১টি, সেবা ০টি)

ক্রঃ	প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ ও দাপ্তরিক প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (দাপ্তরিক মূল্যের কত % কম/বেশি)	চুক্তি সমাপ্তির তারিখ		সমাপ্ত না হলে এ প্যাকেজের কতটুকু ক) আর্থিক অগ্রগতি খ) বাস্তব অগ্রগতি	বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী কবে হওয়ার কথা	কবে সমাপ্ত হয়েছে?		
	পণ্য						প্রকল্পের আওতায় পণ্য খাতে ৩টি প্যাকেজ ছিল যা ডিপিএম পদ্ধতিতে সংগ্রহ করা হয়েছে এবং পূর্ত খাতে ১টি প্যাকেজ ছিল যা আরএফকিউ পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে।
১.	RWASA/Dev/GD-01 স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	০.২৫	১৯/০৭/২০১৯ ০.২৫ (১০০%)	২৪/০৭/২০১৯	২৪/০৭/২০১৯	ক) ০.২৫ লক্ষ টাকা ১০০% খ) ১০০%	
২.	RWASA/Dev/GDD-02 পেট্রোল, জ্বালানী ও বুব্রিকেট	৪.৩৩	২৩/০৬/২০১৯ ৪.৩৩ (১০০%)	৩০/০৬/২০২০	৩০/০৬/২০২০	ক) ১.৭৩ লক্ষ টাকা ১০০% ক) ৩৯.৯৫%	
৩.	RWASA/Dev/GD-03 মটর সাইকেল	৫.৭০	১৭/০৬/২০১৯ ৫.৭০ লক্ষ টাকা (১০০%)	২৩/০৬/২০১৯	২৩/০৬/২০১৯	ক) ৫.৭০ লক্ষ টাকা ১০০% খ) ১০০%	
৪.	RWASA/Dev/WD-01 জমির সীমানা নির্ধারণের জন্য পিলার নির্মাণ	১৫.০০	২৬/০২/২০২০ ৭.৯৮৩৭ লক্ষ টাকা (৫৩.১৬%)	২৭/০৩/২০২০	২৫/০৩/২০২০	ক) ৪৬.৮৪% খ) ১০০%	

২১। প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য:

যানবাহনের ধরন	ডিপিপি /টিএপিপি অনুযায়ী সংখ্যা	ক্রয়ের তারিখ	সরকারী পরিবহন পুলে গাড়ী জমা প্রদানের তারিখ	ও এন্ড এম ভুক্তির তারিখ	অকেজো ঘোষণার তারিখ	মন্তব্য
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.
মটর সাইকেল	০২টি	২৩/০৬/২০২০	প্রযোজ্য নহে	প্রযোজ্য নহে	প্রযোজ্য নহে	

২২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তর/ প্রকল্পের সমাপ্তিকরণের তারিখ
জনাব মোঃ এস.এম.তুহিনুর আলম, উপব্যবস্থাপনা পরিচাল (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা, রাজশাহী		খন্ডকালীন	১০/০৪/২০১৯	৩০/০৬/২০২০

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
<u>প্রকল্পের উদ্দেশ্যসমূহ</u> রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার নির্মাণের জন্য ৫২.০০৪৮ একর জমি অধিগ্রহণ করা, যা পানি সরবরাহ ব্যবস্থায় নিম্নবর্ণিত অর্জন সমূহ নিশ্চিত করবে	✓ ৫২.০০৪৮ একর জমি অধিগ্রহণ করা হয়েছে।
প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলো হলো: ১) ২০৩৫ সালের চাহিদা অনুযায়ী গ্রাহক সন্তোষ্টি নিশ্চিত করার লক্ষ্যে ২০০ MLD (দৈনিক ২০ কোটি লিটার) পানি উৎপাদনের মাধ্যমে জনসংখ্যার ভিত্তিতে পানির কাভারেজ ৭১% হতে ১০০% উন্নীতকরণ, জন প্রতি দৈনিক পানি ব্যবহার ৬৫ লিটার হতে ১৪০ লিটার-এ উন্নীতকরণ এবং পানির গুণগত মান উন্নীতকরণ।	✓ প্রকল্প বাস্তবায়নের ফলে সুনিদিষ্ট উদ্দেশ্যগুলো বাস্তবায়ন করা সম্ভব হবে।
২) পানির উৎস ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পানি উৎস হিসেবে ১০০% ভূ-উপরিস্থিত পানি ব্যবহার করা।	✓ পানির উৎস ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পানি উৎস হিসেবে ১০০% ভূ-উপরিস্থিত পানি ব্যবহার সম্ভব হবে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ৮৭৬৫.২০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৯৭.৪৩% এবং বাস্তব অগ্রগতি ৯৭.৯৩ %।

২০। **অডিট:** প্রকল্প পরিদর্শনকালে প্রকল্প কর্তৃপক্ষের সাথে আলোচনা এবং প্রাপ্ত তথ্যে দেখা যায় স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক রাজশাহী ওয়াসা কার্যালয় ২০১৮ হতে ২০২১ অর্থবছর পর্যন্ত অডিট করে ৫টি আপত্তি দেয়। উক্ত আপত্তিসমূহের মধ্যে এই প্রকল্পের কোন আপত্তি নেই। তবে প্রতিবেদন থেকে বোঝা যাচ্ছে না এই প্রকল্পটি সুনির্দিষ্টভাবে অডিট করা হয়েছে কিনা। সমাপ্ত প্রকল্প বিধায় প্রকল্পটি বছর-ভিত্তিক অডিট সম্পন্ন করা আবশ্যক।

২১। পিআইসি এবং পিএসসি সভা সংক্রান্ত:

সভার নাম	সময়ের ধরন		এই সময় পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	২০১৮-১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা	চলতি বছরে প্রকৃত অর্জন (অর্থবছর: ২০১৯-২০)
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী			
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	প্রযোজ্য নয়	প্রাতি ৩ মাসে ১টি	প্রযোজ্য নয়	১২টি		৪টি	০টি
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	প্রযোজ্য নয়	প্রতি ৩ মাসে ১টি	প্রযোজ্য নয়	১২টি		৪টি	০টি

২২। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ আমিনুর রহমান কর্তৃক ০৭/০২/২০২৪ তারিখে ''রাজশাহী ওয়াসার ভূপরিস্থিত পানি শোধনাগারের জন্য জমি অধিগ্রহণ (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের অধিগ্রহণকৃত এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেন। পরিদর্শনকালে প্রকল্পের বিভিন্ন নথিপত্র যাচাই-বাছাই করা হয় এবং প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত স্থানসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শিত এলাকায় প্রকল্পের অঙ্গ ভিত্তিক অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

ভূমি অধিগ্রহণ কাজের অগ্রগতিঃ

সংশোধিত ডিপিপি অনুযায়ী রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার নির্মাণের জন্য ৫২.০০৪৮ একর জমি অধিগ্রহণ করার লক্ষ্যমাত্রার বিপরীতে কিছু কিছু আর,এস দাগে ডিপিপিতে প্রাক্কলনকৃত জমির পরিমাণ অপেক্ষা রেকর্ডীয় সম্পূর্ণ জমি কম/বেশী হওয়ায় ২০/১১/২০১৮ তারিখে ৫২.০৩৫৬ একর জমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে ২৭/০১/২০১৯ তারিখে জেলা ভূমি বরাদ্দ কমিটির সভার কার্যবিবরণী মোতাবেক ৫০.৪৯৩৯ একর জমি অধিগ্রহণ ও ১.৫১০৯ একর আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সরকারি সংস্থার নিকট হতে হস্তান্তর করা হয়। মোট এ প্রকল্পের মাধ্যমে অধিগ্রহণকৃত জমির পরিমাণ ৫২.০০৪৮ একর যা এই প্রকল্পের লক্ষ্যমাত্রার ১০০%। পরিদর্শনকালে দেখা যায় জমি অধিগ্রহণ প্রক্রিয়া যথাযথ ভাবে সম্পন্ন করা হয়েছে অধিগ্রহণকৃত জায়গার চারপাশে সীমানা নির্ধারণী পিলার দিয়ে ঘেরে রাখা হয়েছে। অধিগ্রহণকৃত জায়গায় এই প্রকল্পের পরবর্তী ধাপের প্রকল্প ''রাজশাহী ওয়াসার ভু-উপরিস্থিত পানি শোধনাগার নির্মাণ'' প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে এবং তা চলমান রয়েছে। মৌজা ভিত্তিক অধিগ্রহণকৃত জমির তালিকা নিম্নের সারণীতে উল্লেখ করা হলোঃ

ক্র	অধিগ্রহণকৃত জমির বিবরণ	পরিমাণ (একর)	আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে হস্তান্তরকৃত জমির পরিমাণ (একর)	মন্তব্য
১.	ইনটেক (জোতগোসাইদাস)	৫.০৯০৬	১.৫১০৯	
২.	ইনটেক অভিমুখ (জোতগোসাইদাস)			
৩.	পানি শোধনাগার (সারঙ্গাপুর)	৩৮.০০১০		
৪.	পানি শোধনাগার অভিমুখ (সারঙ্গাপুর)			
৫.	বুস্টারপাম্প পাম্প স্টেশন (বালিয়া)	৭.৪০২৩		
৬.	বুস্টারপাম্প পাম্প স্টেশন অভিমুখ (বালিয়া)			
৭.	মোট	৫০.৪৯৩৯	১.৫১০৯	
৮.	সর্বমোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ	৫০.৪৯৩৯ +১.৫১০৯ = ৫২০০৪৮ একর		






রাজশাহী ওয়াসার ভূপরিস্থিত পানি শোধনাগারের জন্য জমি অধিগ্রহণ (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত জমি

প্রকল্পের গাড়ি পরিবহন পুলে জমা না দেয়াঃ

প্রকল্পের আওতায় ৫.৭০ লক্ষ টাকা ব্যয়ে ২টি মটর সাইকেল সংগ্রহ করা হয়েছিল যা রাজশাহী ওয়াসা সরকারি কাজে ব্যবহার করা হচ্ছে বলে পরিদর্শনকালে জানা যায়। উন্নয়ন প্রকল্পের ক্রয়কৃত যানবাহন প্রকল্প শেষে সরকারি পরিবহণ পুলে জমা দেয়ার বিধান থাকলেও এই প্রকল্পের ক্ষেত্রে তা জমা প্রদান করা হয়নি। পরিদর্শনকালে প্রকল্পের আওতায় সংগৃহীত মটর সাইকেল দু'টি পরিবহন পুলে জমা দেয়ার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে।

২৪। সার্বিক পর্যবেক্ষণ:

প্রকল্পটি ৭৮৬৯.১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ - জুন ২০১৯ পর্যন্ত বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পটি ১ বার সংশোধন করা হয়। সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ৮৯৯৬.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ নির্ধারণ করা হয় জুলাই ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার নির্মাণের জন্য ৫২.০০৪৮ একর জমি অধিগ্রহণ করা। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সে উদ্দেশ্য শতভাগ অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। রাজশাহী ওয়ার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার নির্মাণ প্রকল্পের মাধ্যমে এই প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত জমিতে নির্মাণ কাজ চলমান রয়েছে। প্রকল্পের শুরু থেকে জুন ২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে ৮৭৬৫.২০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৯৭.৪৩%। বাস্তব অগ্রগতি ৯৭.৯৩ %।

২৫। সুপারিশ/মতামত:

২৫.১। প্রকল্পটির সুনির্দিষ্টভাবে ২০১৮-২০১৯ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছরের অডিট কার্যাদি সম্পাদন করতে হবে। অডিটে যদি কোনরূপ আপত্তি উত্থাপিত হয় তা নিষ্পত্তি করে প্রমাণক আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে;

২৫.২। প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন পরিবহণ পুলে জমা প্রদান করে প্রতিবেদন আইএমইডি'কে অবহিত করতে হবে;

২৫.৩। প্রকল্পটির পিআইসি এবং পিএসসি সভা সম্পর্কিত তথ্যাদি পাওয়া যায়নি ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এবং রাজশাহী ওয়াসার চলমান অন্যান্য প্রকল্প সমূহের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াকরণ ও অনুমোদন সংক্রান্ত বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে;

২৫.৪। প্রতিবেদনের অনুচ্ছেদ ২৫.১ হতে ২৫.৩ এর আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ১(এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

সিরাজগঞ্জ পৌরসভা অবকাঠামো উন্নয়ন ও পুনর্বাসন শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত:ডিসেম্বর, ২০১৯)

১. **প্রকল্পের নাম** : "সিরাজগঞ্জ পৌরসভা অবকাঠামো উন্নয়ন ও পুনর্বাসন" প্রকল্প।

২. **প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ** : স্থানীয় সরকার বিভাগ।

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল	প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি'র চেয়ে %)	অতিক্রান্ত সময় (মূল ডিপিপি'র চেয়ে %)
মূল	সংশোধিত		মূল			
১	২	৩	৩	৪	৫	৬
৪১৮৬.০০	৪১৮৬.০০	৩৮৭৭.০০	জুলাই/২০১৭.০০ হতে জুন/২০১৯	জুলাই/২০১৭ হতে ডিসেম্বর/১৯	৭.৩৮% কম	৬ মাস ২৫%

৫.০ প্রকল্পের পটভুমি:

১৯৭১ সালে স্বাধীনতার অব্যবহিত পর নগরবাসীর সংখ্যা ছিল ৫৫ লক্ষ অথচ ৩০ বৎসর পর ২০০১ সালে সে সংখ্যা দঁড়ায় প্রায় ৩ কোটিতে নগরায়নের এ প্রবৃদ্ধি অব্যাহত থাকলে ২০২০ সালে বাংলাদেশের মোট জনসংখ্যার ৪০%ই বাস করবে শহর অঞ্চলে। অথনৈতিক প্রবৃদ্ধির বিবেচনায় দেশজ প্রবৃদ্ধি (GDP) এর ৮০% ভাগই আসে শিল্প ও সেবা খাত থেকে যার ভৌগলিক অবস্থান নগর এলাকায় আর বৈদেশিক মুদ্রার ৭০%ই আসে রপ্তানী থেকে যার অধিকাংশই উৎপাদিত হয় শহর বা শহর সংলগ্ন জায়গা থেকে। এ ধরনের নগরায়নের কারণে পল্লী অঞ্চলের বাসিন্দাগণ প্রতিনিয়ত নগর এলাকায় ধাবিত হচ্ছে। সিরাজগঞ্জ পৌরসভা ১৮৬৯ সালে প্রতিষ্ঠিত 'এ' ক্যাটাগরির পৌরসভা। এই শহরের পূব পাশ দিয়ে যমুনা নদী প্রবাহিত। এই শহরের বহুবিদ অর্থনৈতিক কর্মকান্ড চালু আছে বিশেষত: কৃষি ভিত্তিক ব্যবসা বানিজ্য ,ছোট কলকারখানা, চাউলের মিল , তেলের মিল, হস্তশিল্প, কুটির শিল্প প্রভৃতি। এখানে বিভিন্ন রকমের সরকারী, আধাসরকারী ও বেসরকারী অফিস অবস্থিত। তাছাড়াও এ শহরে অনেক ধর্মীয়, সামাজিক সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠান আছে। এসব কারণে এই শহরে জনসংখ্যা প্রতিনিয়তি বাড়ছে। সীমিত সম্পদের দ্বারা বাড়তি জনসংখ্যার নিত্য প্রয়োজনীয় নাগরিক সেবা প্রদান পৌরসভাটির জন্য দুরহ হয়ে পড়েছে। বর্ণিত প্রেক্ষাপটে সিরাগঞ্জ পৌরসভার ভৌত অবকাঠামোর চাহিদা পূরনের লক্ষে এই প্রকল্পটি প্রস্তাবিত হয়েছে। পৌরসভার যে ব্যাপক ভৌত অবকাঠামো ঘাটতি রয়েছে প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়িত হলে তার অনেকটাই পূরন হবে। উক্ত পৌরসভার বাসিন্দাদের দৈনন্দিন জীবনের প্রতিবন্ধকতা দূর করে অথনৈতিক ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে প্রকল্পটি ইতিবাচক অবদান রাখবে।

০৬. প্রকল্পের উদ্দেশ্য :

ক. দেশের বৃহৎ নগরীর উপর জনসংখ্যার চাপ হ্রাসের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ের পৌরসভার অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি।

খ. কমসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র দূরীকরণ।

গ. অপরিহার্য অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পৌরসভার পরিবেশ উন্নয়ন।

০৭. প্রকল্পের প্রধান কার্যসমূহ :

- বিসি রাস্তা ২০.৭৯৯ কি.মি
- আরসিসি রাস্তা নির্মাণ ৯.৮১৭ কিঃমিঃ
- আরসিসি ড্রেন নির্মাণ ৭৮০০.০০ মিটার
- ফুটপাত সহ ড্রেন নির্মাণ ২০৩৫.০০ মিটার
- পাইপ ড্রেন নির্মাণ ১৬৭৫.০০ মিঃ
- বাস টার্মিনাল নির্মাণ ১১০৯২.৮২ বঃমিঃ
- কাঁচা বাজার উন্নয়ন ১২১৪.৪৯ বঃমিঃ
- ভেহিকেল সেড নির্মাণ ৩৭১.৭৪ বঃমিঃ
- সড়ক বাতি স্থাপন ৬৪৬.৭৪ টি
- ব্রীজ/কালর্ভাট নির্মান ১০.০০ মিটার

০৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	*বাস্তব*	*আর্থিক*
১.	রাজস্ব ব্যয়	থোক	থোক	৭.০০	থোক	৬.০০
	মূলধন ব্যয়					
২	সম্পদ সংগ্রহ	থোক	থোক	০০	থোক	০০
৩	বিসি রাস্তা	কিঃমিঃ	২০.৭৯৯	১৩৫৮.১০	২০.৭৫৫	১৩১৭.৯৫
৪	আরসিসি রাস্তা নির্মাণ	কিঃমিঃ	৯.৮১৭	৭৭২.৮২	৯.৫২০	৭০৩.০১
৫	আরসিসি ড্রেন নির্মাণ	মিঃ	৭৮০০.০০	৫৯৯.০০	৮০৬৫.০০	৬৭৩.০৯
৬	ফুটপাত সহ ড্রেন নির্মাণ	মিঃ	২০৩৫.০০	২৫৫.০০	২০৩৫.০০	২৪৭.২৪
৭	পাইপ ড্রেন নির্মাণ	মিঃ	১৬৭৫.০০	২৯০.৬০	১১২০.০০	১৮৪.৩৫
৮	বাস টার্মিনাল নির্মাণ	বঃমিঃ	১১০৯২.৮২	৪৫১.২৩	১০৬৬৪.০০	৪৪২.০২
৯	কাঁচা বাজার উন্নয়ন	বঃমিঃ	১২১৪.৪৯	১৫০.৬০	৭২০.০০	১০৯.২৮
১০	ভেহিকেল সেড নির্মাণ	বঃমিঃ	৩৭১.৭৪	৭৫.১০	৩৪০.০০	৫৪.৮১
১১	সড়ক বাতি স্থাপন	টি	৬৪৬.০০	১০৬.৬৫	৪২২.০০	১০১.৩১

১২	ব্রীজ/কালর্ভাট নির্মান	মিটার	১০.০০	৪০.০০	১০.০০	৩৭.৯৪
১৩	ফিজিক্যাল ও প্রাইস কন্টিজেন্সি			৭৯.৯০		
সর্বমোট =				৪১৮৬.০০		৩৮৭৭.০০

০৯. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবি	নিয়মিত দায়িত্ব	অতিরিক্ত দায়িত্ব	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
জনাব প্রভাস চন্দ্র বিশ্বাস প্রকল্প পরিচালক	×	হ্যাঁ	১৯/০৭/২০১৭ হতে ৩১/১২/২০১৯	১৯/০৭/২০১৭ হতে ৩১/১২/২০১৯

১০. ক্রয় সংক্রান্ত তথ্য : -

প্রকল্পের ডিপিপি'তে পৌরসভা উন্নয়নের জন্য ১৪টি প্যাকেজ সন্নিবেশ করা হয়েছে এবং ১৪টি প্যাকেজেই বাস্তবায়ন করা হয়েছে। প্যাকেজসমূহের ক্রয় কার্যক্রম পরিশিষ্ট-ক এ দেখানো হল।

১১. অনুমোদিত ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংস্থান	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
২০১৭-১৮	২০৫৩.০৫	২০১৮.০০	২০১৮.০০	২০১৮.০০	
২০১৮-১৯	২১৩২.৯৫	১৭২৩.০০	১৭২২.০০	১৭২২.০০	
২০১০-২০		৪৪৫.০০	১৩৭.০০	১৩৭.০০	
মোট	৪১৮৬.০০	৪১৮৬..০০	৩৮৭৭.০০	৩৮৭৭.০০	

১২. প্রকল্পের অনুমোদন ও সংশোধন :

প্রকল্পটি জুলাই/২০১৭ হতে জুন/২০১৯ মেয়াদে ৪১৮৬.০০ লক্ষ টাকা অনুমোদিত ব্যয়ে বাস্তবায়নের জন্য বিগত ২০/০৬/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ পরিকল্পনা-১ শাখা-১ স্মারক নং-৩৩৯, তারিখঃ ১৩/০৬/২০১৯ পত্র মূলে ১ম সংশোধিত ডিপিপি ৪১৮৬.০০ লক্ষ টাকা ব্যয় বাস্তবায়নকাল মেয়াদকাল জুলাই/২০১৭ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত অনুমোদিত হয়।

১৩. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ :

পিসিআর ও প্রকল্প পরিচালকের তথ্য অনুযায়ী কোন কাজ অসম্পূর্ণ নেই মর্মে জানানো হয়।

১৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
ক. দেশের বৃহৎ নগরীর উপর জনসংখ্যার চাপ হ্রাসের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ের পৌরসভার অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি।	প্রলম্বিত বর্ষার কারণে নির্মাণ কাজ যথাসময়ে শুরু করা সম্ভব হয়নি। তাছাড়া বাস টার্মিনাল ও কাঁচাবাজার নির্মাণের নির্ধারিত স্থানে বিদ্যমান জরাজীর্ন অবকাঠামো অপসারণের জন্য অতিরিক্ত সময় ব্যয়ের কারণে সময় বর্ধনের প্রয়োজন হয়। তবে প্রকল্পাধীন সড়ক, ড্রেন, বাস টার্মিনাল ও কাঁচাবাজার নির্মাণের ফলে সিরাজগঞ্জ পৌরসভাধীন বাসিন্দাদের জীবন যাত্রায় ইতিবাচক প্রভাব পড়েছে এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছ।
খ. কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র দূরীকরণ।	
গ. অপরিহার্য অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পৌরসভার পরিবেশ উন্নয়ন।	

১৫. অডিট সংক্রান্ত:

পিসিআরের তথ্য অনুযায়ী দেখা যায় যে, প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্ন করা হয়নি।

১৬. প্রকল্প পরিদর্শন:

সিরাজগঞ্জ পৌরসভা অবকাঠামো উন্নয়ন ও পূনর্বাসন প্রকল্পটি পৌরসভার যোগাযোগ নেটওয়ার্ক উন্নততর করা এবং পন্য বাজারজাত সহজতরকরণের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের কার্যক্রম জুলাই ২০১৭ হতে শুরু হয়ে ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত হয়। সমাপ্ত প্রকল্পটির পিসিআর স্থানীয় বিভাগ হতে ২৫-০৩-২০২০ তারিখে আইএমইডি'তে প্রেরণ করা হয়। উক্ত পিসিআরের আলোকে আইএমডি'র উপ-পরিচালক সাইফুল ইসলাম গত ২১-০৮-২০২০ হতে ২২-০৮-২০২০ তারিখ পর্যন্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। সিরাজগঞ্জ পৌরসভার নির্বাহী প্রেকৌশলী সংশ্লিষ্ট কর্মকর্তা পরিদর্শনে সহযোগিতা করেন। প্রকল্পের আওতায় পরিদর্শিত কার্যক্রমের বিবরণ নিম্নরূপঃ

১৬.১ ক) প্রফেসর এম এ মতিন পৌর বাস টার্মিনাল নির্মাণ কাজ (প্যাকেজ নম্বর SPIDRP/W1)

প্রকল্পের অনুমোদিত ডিপিপি বর্ণিত প্যাকেজের আওতায় ১১০৯২.৮২ বঃমিঃ বাস টার্মিনাল নির্মাণের জন্য ৪৫১.২৩ লক্ষ টাকা ডিপিপিতে নির্ধারিত ছিল। বাস টার্মিনালটি ১০৬৬৪ বঃমিঃ ৪৪৭.৪৭ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। কাজের গুনগত মান মোটামুটি সন্তোষজনক তবে বাস টার্মিনালটি অপরিষ্কার দেখা গেছে এবং রেইন ওয়াটার পাইপ ফেটে গেছে। বাস টার্মিনালটি পরিস্কারসহ রেইন ওয়াটার পাইপ মেরামত করা প্রয়োজন।



চিত্র: প্রফেসর এম এ মতিন পৌর বাস টার্মিনাল



চিত্র: প্রফেসর এম এ মতিন পৌর বাস টার্মিনাল

১৬.২ সিরাজগঞ্জ পৌরসভার পৌর কাঁচাবাজার ও ভেহিকেল সেড নির্মাণ কাজ **(প্যাকেজ নম্বর SPIDRP/W-2):**

প্রকল্পের অনুমোদিত ডিপিপি বর্ণিত প্যাকেজের আওতায় ১৫৮৬.২৩ বঃমিঃ কাঁচাবাজার ও ভেহিকেল সেড নির্মাণের জন্য ২২৫.৭০ লক্ষ টাকা ডিপিপিতে নির্ধারিত ছিল। উক্ত কাঁচাবাজার ও ভেহিকেল সেডটি ১৬৪.০৯ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ভেহিকেল সেড নির্মাণ কাজটির গুনগত মান মোটামুটি সন্তোষজনক তবে কাঁচাবাজারের জলাবদ্ধতার পানি ঠিকভাবে অপসারন করা প্রয়োজন।



চিত্রঃ সিরাজগঞ্জ পৌরসভার পৌর কাঁচাবাজার



চিত্রঃ সিরাজগঞ্জ পৌরসভা ভেহিকেল সেড

১৬.৩ **সিরাজগঞ্জ পৌরসভার বীর মুক্তিযোদ্ধা সোলেমান মিয়ার নতুন বাগানবাড়ির পার্শ্বে ব্রীজ নির্মাণ কাজ (প্যাকেজ নম্বর SPIDRP/W-9):**


প্রকল্পের অনুমোদিত ডিপিপি বর্ণিত প্যাকেজের আওতায় ১০মিঃ ব্রীজ/কালভাট নির্মাণের জন্য ৪০.০০ লক্ষ টাকা ডিপিপিতে নির্ধারিত ছিল। উক্ত ব্রীজ/কালভাটটি ৩৭.৯৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। কালভাটটির দুই পার্শ্বে এ্যাপ্রোচে মাটি চেপে যাওয়ার কারণে পুনরায় মাটি দিয়ে মেরামত করা দরকার।



চিত্রঃ সিরাজগঞ্জ পৌরসভার বীর মুক্তিযোদ্ধা সোলেমান মিয়ার নতুন বাগানবাড়ির পার্শ্বে ব্রীজ

১৬.৪ সিরাজগঞ্জ পৌরসভার বাজার ষ্টেশন হতে ইলিয়াট ব্রীজ পর্যন্ত ড্রেন ও ফুটপাত নির্মাণ এবং বাজার ষ্টেশন থেকে ভিক্টোরিয়া স্কুল পযন্ত ২৬৭৫.০০ মিটার ড্রেন ও ফুটপাত নির্মাণ কাজ **(প্যাকেজ নম্বর SPIDRP/W-3):**

প্রকল্পের অনুমোদিত ডিপিপি বর্ণিত প্যাকেজের আওতায় ২৬৭৫.০০মিঃ ড্রেন/ফুটপাত নির্মাণের জন্য ২৭৫.০০ লক্ষ টাকা ডিপিপিতে নির্ধারিত ছিল। উক্ত ড্রেন/ফুটপাত ২৬৭.১২ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। উক্ত ফুটপাত ও ড্রেনের উপর অনেক হকারগন দোকানপাট বসে ব্যবসা করতেছে যা অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা দরকার।





চিত্রঃ সিরাজগঞ্জ পৌরসভার বাজার ষ্টেশন হতে ইলিয়াট ব্রীজ পর্যন্ত ড্রেন ও ফুটপাত নির্মাণ এবং বাজার ষ্টেশন থেকে ভিক্টোরিয়া স্কুল পযন্ত ২৬৭৫.০০ মিটার ড্রেন ও ফুটপাত নির্মাণ কাজ

১৭.০ পর্যবেক্ষণ:

১৭.১ ভৌত কাজ বাস্তবায়নের জন্য ৬ মাস সময় বৃদ্ধি করা হলেও প্রকল্পটি নির্ধারিত ব্যয়ের মধ্যেই সমাপ্ত হয়েছে;

১৭.২ নির্মিত সড়কের দু'পার্শ্বে সোল্ডারে প্রয়োজনীয় মাটি না থাকায় সড়ক ক্রমান্বয়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় এ সড়কসমূহের সোল্ডার নিয়মিত রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন; এবং

১৭.৩ প্রকল্পটির ডিপিপি'তে মোট অনুমোদিত ব্যয় ছিল ৪১৮৬.০০ লক্ষ টাকা। অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৩৮৭৭.০০ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় হয় ৩৮৭৭.০০ লক্ষ টাকা। প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ৩০৯.০০ লক্ষ টাকা কম হয়েছে। এর কারণ হিসেবে প্রকল্প পরিচালক জানান যে, সরেজমিন স্কীম বাস্তবায়নে প্রকৃত ব্যয় অনুযায়ী ব্যয় কিছুটা হ্রাস পেয়েছে;

১৮.০ **<u>মতামত/সুপারিশ:</u>**

১৮.১ বাসর্টামিনাল নির্মাণ কাজের স্থানে অপরিস্কার এবং ফেটে যাওয়া রেইন ওয়াটার পাইপ মেরামত করতে হবে (অনুচ্ছেদ-১৬.১);

১৮.২ পৌরসভার কাঁচাবাজার ও ভেহিকেল সেড নির্মাণ কাজের কাঁচাবাজারের জলাবদ্ধতার পানি অপসারনের ব্যবস্থা গ্রহন করতে হবে (অনুচ্ছেদ-১৬.২);

১৮.৩ পৌরসভার বীর মুক্তিযোদ্ধা সোলেমান মিয়ার নতুন বাগানবাড়ির পার্শ্বে ব্রীজ/কালভাট নির্মাণ কাজের দুই পার্শ্বে এ্যাপ্রোচে মাটি দিয়ে ভরাট করতে হবে (অনুচ্ছেদ-১৬.৩);

১৮.৪ পৌরসভার বাজার ষ্টেশন হতে ইলিয়াট ব্রীজ পর্যন্ত ড্রেন ও ফুটপাত নির্মাণ এবং বাজার ষ্টেশন থেকে ভিক্টোরিয়া স্কুল পর্যন্ত ড্রেন ও ফুটপাত নির্মাণ প্রকল্পস্থলে হকারসহ দোকান পাট অপসারন করতে হবে (অনুচ্ছেদ-১৬.৪); এবং

১৮.৫ এ প্রকল্প হতে যে সমস্ত স্কীম বাস্তবায়ন করা হয়েছে তা রক্ষনাবেক্ষনণের প্রয়োজনীয় ব্যবস্থা সিরাজগঞ্জ পৌরসভার নিজস্ব তহবিহল থেকে গ্রহন করতে হবে।

১৯.০ প্রতিবেদনের পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে স্থানীয় সরকার বিভাগ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং সুপারিশ প্রতিপালন সম্পর্কিত প্রতিবেদন আগামী ২ (দুই) মাসের মধ্যে আইএমইডি-তে অবহিত করতে হবে।